উপহার-পত্র

....কে

"অনামী" উপহার দিলাম

ইতি।

তারিখ........

আশীর্ব্বাদ

নিম্নে সরোবর স্তব্ধ হিমাদ্রির উপত্যকাতলে;
ঊর্ধ্বে গিরিশৃঙ্গ হতে শ্রান্তিহীন সাধনার বলে
তরুণ নির্ঝর ধায় সিন্ধুসাথে মিলনের লাগি
অরুণোদয়ের পথে। সে কহিল, "আশীর্ব্বাদ মাগি,
হে প্রাচীন সরোবর।" সরোবর কহিল হাসিয়া,
"আশিস তোমার তরে নীলাম্বরে উঠে উদ্ভাসিয়া
প্রভাতসূর্যের করে; ধ্যানমগ্ন গিরি-তপস্বীর
নিরন্তর করুণায় বিগলিত আশীর্ব্বাদ নীর
তোমারে দিতেছে প্রাণধারা। আমি বনচ্ছায়া হতে,
নির্জনে একান্তে বসি, দেখি তুমি নির্ব্বাধিত স্রোতে
সংগীত-উদ্বেল নৃত্যে প্রতিক্ষণে করিতেছ জয়
মসীকৃষ্ণ বিঘ্নপুঞ্জ পথরোধী পাষাণসঞ্চয়
গূঢ় জড় শত্রুদল। এই তব যাত্রার প্রবাহ
আপনার গতিবেগে আপনাতে জাগায় উৎসাহ।"

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

উৎসর্গ

বাংলার কথাসাহিত্যের মুকুটমণি শরৎচন্দ্রকে

চির দরদি ওগো! উজাড়ি' পদে কেমনে দিব ভকতি?
সহ দরদে বুঝি' প্রাণের পূজা—প্রকাশে কোথা শকতি?
ভবে বাণীর বরে জনমে কভু—প্রেমিক, কবি, স্বপনী;
রহে অবনী সদা তাহারি তরে তৃষিত দিবারজনী।

যবে রিক্ত দুখে চিত্ত লুটে—হারাই সব রাধনা:
তব স্পর্শমণি স্বর্ণ করে মৌন ব্যথা-সাধনা;
কবি! তোমারি কাছে শিখিনু—হেথা কিছুই বৃথা নহে গো
যবে সুরেলা গুণী বাজায় বীণা বেসুর কবে রহে গো?

তব ইন্দ্রজালে সুপ্ত দ্যুতি মরমে তোলো জাগায়ে,
দাও রূপ-অলকনন্দাধারে দৈন্য যত ভাসায়ে;
হের' লাঞ্ছিতেও দেবতা—তাই কারে না করো অপমান,
ওগো জন্ম-নীলকণ্ঠ! লভ' গরলে সুধা-বরদান।

আলো আবিলে যবে সমীপ-ধূমে গুণ্ঠি' দূর স্বপনে—
তুমি ব্যাপ্তি-পটভূমিকা 'পরে রাখো জীবনে মরণে;—
পড়ে বেদন মায়া অমনি খসি'—লভি নয়ন তৃতীয়ে,
দেখি নিরর্থকে অর্থ, শুনি ঝন্‌ঝনায় গীতি হে।

গুরু! শিখালে তুমি কেমনে ম্লান পরাণতরুমূলে গো,
যত পঙ্ক মাটি প্রবাহে রস, ধরণী ধূলি ভুলে গো;—
তুমি শরত-মধুচন্দ্র—ঝরে অমৃত তব যেখানে—
উঠে তুচ্ছতম জীবনকণা দীপিয়া মর খেয়ানে।

স্নেহধন্য—
দিলীপ

ভূমিকা

মস্ত বই, আমিও বহু দূরে তাই ছাপ্‌তে এত দেরি হ'ল, মুদ্রাপ্রমাদও অনেক র'য়ে গেল। সহৃদয় পাঠক নিজগুণে ক্ষমা করবেন।

অনামী বস্তুতঃ চারটি বই একখণ্ডে গ্রথিত—(কল্পনাকুমারকে লেখা পত্র দ্রষ্টব্য—পত্রগুচ্ছে)—ওদের মধ্যে একটি সহজ যোগসূত্র আছে ব'লে। তাই এ চারটি বই—অনামী, রূপান্তর, পত্রগুচ্ছ ও অঞ্জলি—আলাদা আলাদা উৎসর্গ করা হ'ল।

বইখানির নামকরণ ক'রে দিয়েছেন স্বয়ং রবীন্দ্রনাথ—আমার অধুনাতন কবিতাকে স্নেহের চোখে দেখে। তাঁর কাছে এজন্য সকৃতজ্ঞে ঋণ স্বীকার করছি। বোধহয় বইখানির নাম "রূপান্তর" হ'লে ঠিক্ হ'ত, কিন্তু কবিতাগুলি নূতন ধরণের ও নূতন ভাবে বইগুলি গ্রথিত ব'লে সমগ্র বইটির নাম "অনামী" হওয়ার একটা সার্থকতা আছে মনে হ'ল।

এর প্রচ্ছদপটটি এঁকে দিতে অনুরোধ ক'রেছিলাম চিত্রিগুরু অবনীন্দ্রনাথকে। তিনি আমার প্রেরিত আকার বা 'সাইজের' অনুসারে সুশিল্পী শ্রীপ্রশান্তকুমার রায় মহাশয়কে দিয়ে প্রচ্ছদপটটি আঁকিয়ে পাঠাবার সময়ে আমাকে লেখেন :

"অনামীর প্রচ্ছদপটের একখানা নক্সা পাঠালেম। রুল কম্পাস ধ'রে ছবি আঁকা অনেকদিন ছেড়ে দিয়েছি, কাজেই আমার মৎলব আমার এক পাকাহাতের ছাত্র শ্রীমান্ প্রশান্তকুমার রায়কে দিয়ে করিয়ে পাঠালেম ; আশা করি এটা তোমার কাজে লাগবে। তোমার কবিতার বইখানি দেখ্‌বার আশায় রইলেম। তোমারি শ্রীঅবনীন্দ্রনাথ ঠাকুর।"

এজন্য চিত্রিগুরু তথা শ্রীপ্রশান্তকুমার রায় মহাশয়ের কাছে আমার আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

চিত্রি-যাদুকর নন্দলালের কাছেও আমার ঋণ সানন্দে স্বীকার করছি। তিনি "রূপান্তরের" ভাবটি তাঁর অনুপম তুলি দিয়ে এঁকে আমার বইখানিকে গৌরবান্বিত ক'রেছেন।

কবি-শিল্পী অসিতকুমার স্বতঃপ্রবৃত্ত হ'য়ে তাঁর "খেয়ালিয়া" নামে স্বরচিত গানের স্বরলিপি পুস্তকে যে-ধরণের ছবি এঁকেছেন সেই ধরণের একটি ছবি "অনামী"-র জন্যে উপহার দিয়ে আমাকে কৃতজ্ঞতাপাশে আবদ্ধ ক'রেছেন। ছবির পাশে তাঁর স্বরচিত অনামী অভিনন্দনের জন্য তাঁকে বিশেষ ক'রেই আমার ধন্যবাদ জানাচ্ছি কারণ এটা ছিল আমার সম্পূর্ণ অপ্রত্যাশিত।

পিতৃবন্ধু শ্রীহরিদাস চট্টোপাধ্যায় মহাশয়ের কাছেও আমার ঋণ অশেষ। তিনি "অনামী" মুদ্রণে বিশেষ উৎসাহ না দিলে ও নূতন টাইপ প্রভৃতি না আনালে যে কী মুস্কিলে পড়তে হ'ত আমাকে! এ ছাড়া শ্রীশচীন্দ্রলাল রায়, শ্রীনীরেন্দ্রনাথ রায়চৌধুরী, শ্রীপ্যারীমোহন সেনগুপ্ত ও শ্রীনলিনীকান্ত সরকারও আমাকে সহায়তা ক'রেছেন। বিশেষ ক'রে শ্রীমান্ হীরেন্দ্র বন্দ্যোপাধ্যায় পত্রগুচ্ছের শেষের দিকে প্রুফ্ দেখার কাজে অত্যন্ত উৎসাহভরে সহায়তা ক'রে আমাকে বাধিত ক'রেছেন। হীরেন এতখানি উৎসাহী না হ'লে বইটি বেরুতে ঢের দেরি হ'ত।

জীবনে সবচেয়ে বড় যে ঋণ তা ঋণ নয়—সম্পদ। কাজেই শ্রীঅরবিন্দ ও শ্রীমার কাছে আমার অনামীর জন্যে ঋণ স্বীকার করতেও বাধে। শুধু এইটুকু বলা যে আমার কাব্যের ভাবে ও ছন্দে যে রূপান্তর ঘটেছে তার জন্যে আমার নিজের

কোনো কৃতিত্বই নেই, এ অঘটন ঘটেছে শ্রীঅরবিন্দ ও শ্রীমার যোগশক্তির স্পর্শে। একথা বিনয় নয়—আমার উপলব্ধিগত সত্য। এ ধরণের কথা বলা এ-সংশয়াচ্ছন্ন "বৈজ্ঞানিক" যুগে বিপজ্জনক—জানি; কিন্তু যেহেতু হাল আমলে বিজ্ঞানও স্বীকার করতে সুরু ক'রেছে যে বহু অদৃশ্য অতীন্দ্রিয় শক্তি মানুষকে নানান্ অলৌকিক ক্ষমতায় ভূষিত করতে পারে সেহেতু একথা লিখে ফেলে খুব অস্বস্তি বোধ করছি না। বিখ্যাত নোবেল লরিয়েট বৈজ্ঞানিক Charles Richet (যিনি স্পিরিচুয়ালিষ্ট্ নন্—নিছক বৈজ্ঞানিক) তাঁর Sixth Sense নামক বিখ্যাত বইটিতে বহু বৈজ্ঞানিক-উপায়ে-পরীক্ষিত দৃষ্টান্ত দিয়ে এ-কথা প্রমাণ ক'রেছেন। জগদ্বিখ্যাত মেটারলিঙ্কের L'Hôte Inconnu নামক পুস্তকেও এ ধরণের বহু দৃষ্টান্ত আছে। আরও কতশত য়ুরোপীয় গবেষণাপূর্ণ বইয়ে যে আছে তার ইয়ত্তা নেই। সেদিনও বিশ্ববিশ্রুত যোগী-কবি A. E. তাঁর Song and its Fountain নামক গভীর বইটিতে তাঁর নিজের নানা ছন্দ ও ভাবের যৌগিক প্রেরণা সম্বন্ধে অত্যন্ত চিত্তাকর্ষক কথা লিখেছেন।

প্রথম খণ্ড—"অনামী"—পূজনীয় শরৎচন্দ্রকে উৎসর্গ করলাম যে কত আনন্দে তা প্রকাশ ক'রে বলা কঠিন। যে-সময়ে তিনি আমার উপন্যাসাদি রচনার আদর ক'রেছিলেন সে-সময়ে আর কেউই করেন নি বললেই হয়। কিন্তু শরৎচন্দ্রের কাছে ঋণ শুধু আমার এজন্যে নয়। তাঁর কাছে যত স্নেহ পেয়েছি—এবং এমন স্নেহ যা আমার জীবনের নানা বিপর্যায়ের মধ্যেও একটুও শিথিল হয় নি—যে ভাবতে গেলেও কৃতজ্ঞতায় হৃদয় আর্দ্র হ'য়ে ওঠে। এমন স্নেহ জগতে দুর্লভ।

"অঞ্জলি" বইটি সম্বন্ধে কিছু বলবার আছে। এগুলি "শ্রীমা"-র প্রার্থনা। সাধারণ্যে প্রকাশের জন্য নয়। তবে এ-ধরণের প্রার্থনা এ-অবিশ্বাসের সিনিসিস্‌মের যুগে যত প্রচার হয় ততই ভালো। তাই আমার অনুবাদগুলি ছাপাতে সাহসী হ'য়েছি। নইলে "শ্রীমা"-র দিব্যভাবদীপ্ত প্রার্থনার অনুবাদ করি এমন সাধ্য আমার কোথায়? যাতে সহৃদয় পাঠক সাধারণের কাছে অনুবাদগুলির অসম্পূর্ণতা হৃদয়ঙ্গম হয় সেজন্য "শ্রীমা"-র ফরাসী প্রার্থনা কয়টির ইংরাজী অনুবাদও পাশে সন্নিবিষ্ট হ'ল। (এ-অনুবাদগুলি শ্রীঅরবিন্দ কর্তৃক সংশোধিত)—কারণ ফরাসী খুব কম পাঠকেই জানে।

আমার সামান্য কবিতাগুলি যাঁদের কাছে সমাদর পেয়েছে—শরৎচন্দ্র, মোহিতলাল, নলিনীকান্ত, ক্ষিতীশচন্দ্র, বুদ্ধদেব, হারীন্দ্রনাথ, আশালতা, অনিলবরণ, সেঠনা, বিজয়চন্দ্র, কৃষ্ণপ্রেম, জসীমউদ্দীন, সুফী মোতাহের, অর্দ্ধেন্দুকুমার, প্রবোধচন্দ্র, অসিতকুমার আরও অনেক বন্ধুবান্ধবী যোগপন্থী ভক্ত সন্ধানী তাঁদের সকলের কাছেই আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। কেবল একটি নিবেদন আছে কবিতাগুলির রস সম্পর্কে। সেটা এই যে "রূপান্তরের" অনেক কবিতার অনুপ্রেরণা নিছক সাহিত্যিক—literary—নয়: অর্থাৎ লৌকিক অভিজ্ঞতা-ভিত্তি নয় পুরোপুরি। তাই হয়ত তাদের রস সম্পূর্ণরূপে উপলব্ধ হবার কথা নয়—তাদেরকে শুধু সাহিত্যের দৃষ্টি দিয়ে দেখলে। অর্থাৎ অনেক কবিতাই এ-বইটিতে রইল যারা শুধু সাহিত্যিকদের জন্যেই লেখা নয়—সন্ধানী, সাধক, ভক্ত, যোগপন্থীদের জন্যও বটে। একথাটি মনে না রাখলে "রূপান্তরের" অনেক কবিতাকেই হয়ত ঠিক্ পরিপ্রেক্ষিতে দেখা হবে না। সেইজন্যই সসঙ্কোচে একথাটা ব'লে রাখতে বাধ্য হলাম। এ-ও আমি জানি যে এযুগে কল্পনাপন্থী বা গল্পপন্থী বা প্রেমপন্থী কাব্যের তুলনায় যোগপন্থী কবিতার রসগ্রাহী সংখ্যায়

অনেক কম হ'তে বাধ্য। তবে সত্যিকার আধ্যাত্মিকতা ব্যাপক হবার যুগ আসন্ন। এ-বিশ্বাস না থাকলে এ-কবিতাগুলি পুস্তকাকারে ছাপাতে যেতাম না।

ইয়েট্‌স্‌, এ-ই, সুরহ্বর্দ্দি, ভকীল প্রভৃতি যাঁদের কবিতা অনুবাদ করবার অনুমতি পেয়েছি তাঁদের কাছেও আমার কৃতজ্ঞতা জানাচ্ছি। Allen and Unwin, Secker প্রভৃতি প্রকাশকগণ রাসেল লরেন্স প্রমুখ মনীষীর রচনার অনুবাদের যদি অন্য কোনো রচনা অনুবাদের সময়ে ভ্রমক্রমে তার স্বত্বাধিকারীর কপি রাইট লঙ্ঘিত হ'য়ে থাকে (অনুবাদ প্রকাশ করার অনুমতি না পাওয়ার দরুণ) তাহ'লে তাঁদের বিনীত অনুরোধ এ অনবধানতা যেন তাঁরা এই কথা ভেবে ক্ষমা করেন যে এ বইখানির বিক্রয়লব্ধ অর্থের এক পয়সাও গ্রন্থকারের পকেটে যাবে না—সবই উৎসর্গ হবে শ্রীঅরবিন্দের পূত আশ্রমের সেবায়—তাঁর মহাবাণীর যৎসামান্য কাজে লাগবার অভীপ্সায়, যদিও জানি—এ-সেবার অর্থমূল্য হবে খুবই কম।

আমার নানা শব্দের সংক্ষেপে তর্জ্জমা দেওয়া ভেবেচিন্তে বাঞ্ছনীয় মনে করলাম—নইলে অনেক সময় পাঠকের বুঝতে অসুবিধা হয় ব'লে—কোন্ শব্দ ঠিক্ কী অর্থে ব্যবহৃত হ'য়েছে। সব সময়ে অভিধান দেখাও সম্ভব হয় না তো। তাই।

"বৈষ্ণব" কবিতায় 'অনুগা' ও 'প্রত্যক্ষ' রতির কথা লিখেছি; বৈষ্ণব সাধনায় ভজন দু রকম আছে: অনুগা = যখন ভক্ত নিজে মধ্যস্থ হ'য়ে ভগবানের সঙ্গে প্রকৃতিরূপিণী গোপী ভক্তের প্রীতি সম্পাদন করিয়ে ভগবৎপ্রেমের সাধনা করেন;—এক কথায় অনুগা ভজনের গোড়াকার কথা—কল্পনায় বর্ণিত ভক্তের সঙ্গে এক হওয়া—vicarious enjoyment of an ideal devotee বলা যায়। প্রত্যক্ষ ভজন = direct পূজা—কল্পনা-নিরপেক্ষ।

অর = চাকার পাখী। অভীপ্সা = ঊর্দ্ধকামনা, aspiration; এ সুন্দর কথাটির জন্য বন্ধুবর সতীর্থ এ বি পুরাণী আমার ধন্যবাদার্হ। অবতারণী = যে-সিঁড়ি দিয়ে নামা হয়। অধিরোহিণী, আরোহিণী = যে-সিঁড়ি দিয়ে ওঠা হয়। অর্য্যমা = সূর্য্য। অহনা = ঊষা। অনম্বর = আকাশ। অর্চি = অগ্নিশিখা। অনিকেত = বাসহীন। অনচ্ছ = অস্বচ্ছ, opaque। ঘন = মেঘ —যেখানে বিশেষ্য। অপিহিত = অনাবৃত। অরাল = বঙ্কিম, তা থেকে আমি ব্যবহার ক'রেছি 'শোভাময়' অর্থে। অরণী = ইন্ধনের কাঠ। আহিম = ঈষৎ ঠাণ্ডা। আর্জব = সরলতা। আকূতি = ইচ্ছা, longing। আসঙ্গ = আসক্তি। আর্ত্তি = শঙ্কিত নিরাশা। আপ্তকাম = সফলকাম। আশ্লেষ-শীৎকার = আলিঙ্গন-শিহরণ। উৎসঙ্গ = কোল। উল্লোল = দোল, wave-motion। উন্মুখর = ঊর্দ্ধদিকে মুখর। উপপ্লব = মহা বিপদ, গ্রাস, cataclysm। উদন্যা = তৃষ্ণা। ঊর্ণায়ু, ঊর্ণনাভ = মাকড়সা। ঋত্বিক্ = পুরোহিত। এস্তেমাল = অভ্যস্ত। এষণা = প্রবল ইচ্ছা, will। ঐতিহ্য = tradition। কুবলয় = পদ্ম। কুসুমাকর = বসন্তকাল। কন্দুক = খেলনা, ball। কুঞ্চিকা = চাবি। কুট্মল = ফুলের কুঁড়ি। কটাক্ষ ঈক্ষণ = making glad eyes, "নয়না হানা"। ক্রন্দসী = এর আভিধানিক অর্থ—আকাশ, কিন্তু আমি একে ক্রন্দিতা অর্থেই ব্যবহার করেছি, শব্দসাদৃশ্যের জোরে। (যেমন রবীন্দ্রনাথ উষসীকে ঊষা অর্থে ব্যবহার ক'রেছেন, যদিও উষসীর আভিধানিক অর্থ হচ্ছে সন্ধ্যা) ক্ষণদা = রাত্রি। ক্ষণিকা = বিদ্যুৎ, ক্ষণিক বস্তু। ক্ষেপণী = দাঁড়। খধূপ = হাউই, rockets। খর্পর = খাঁড়া। গৃধ্নু = লোভী। গাজি' = গুঞ্জন করিয়া। জ্যোতিষ্পথ = আকাশ। জিগীষা = জয়ের ইচ্ছা। ডম্বর = সমূহ। ডম্বরু

=আমি ডমরু অর্থে-ই ব্যবহার করেছি ঐ শব্দ-সাদৃশ্যের ভরসায়। ত্রিপথগা=গঙ্গা। তনিমা=কৃশতা। তৃষ্ণিকা=তৃষ্ণা অর্থেই ব্যবহার করেছি। তারকাঙ্কিত=তারা-খচিত। তৃণাঙ্কিত=তৃণ-আচ্ছাদিত, bristling with grass। ত্রিযামা =রাত্রি ; এ ছাড়া আমি ত্রিযামাকে SILENCE নৈঃশব্দ্য অর্থেও ব্যবহার করেছি, অক্ষর সৃষ্টি-উৎস হিসেবে, বিশেষ ক'রে "ত্রিযামার দিগ্বিজয়" কবিতাটিতে ; এখানে ত্রিযামা মানে আলো-আঁধারের অতীত সত্য, যা অচঞ্চল। তুরীয়=চেতনার ঊর্দ্ধতম অবস্থা, Superconsciousness। ত্রিদশ=চিরযৌবন দেবতা। তিগ্ম=তীক্ষ্ণ। তির্য্যক্=বাঁকা। তমস্বী= অন্ধকার। ত্বিষাম্পতি=সূর্য্য। তনুমধ্যা=কৃশাঙ্গী, delicate। দিগ্ধ=সিক্ত। দ্যুমণি=সূর্য্য। দম্ভোলি=বজ্র। দহ =হ্রদ। ধূলিকা=আমি একে ধূলি অর্থেও ব্যবহার করেছি, যদিও এর আভিধানিক অর্থ—কুয়াশা। ধ্বান্ত=অন্ধকার। ধরাধর=মেঘ। নবী=দ্রষ্টা, prophet। নীলাব্জনেত্র=নীলপদ্ম নেত্র। নিষণ্ণ=শয়ান। নিষেবণ=সুখচর্চ্চা। ন্যুব্জ= কুব্জ। নির্ম্মোক=খোলস, slough। নিরঞ্জন=নির্ম্মল। নিরয়=নরক। নেমি=চক্রপরিধি। নির্ব্বিতি=স্বাচ্ছন্দ্য, comfort। পতত্রী=পাখী। পর্ণ=পাখা। পীবর=স্থূল, পূর্ণায়ত। প্রতিভাস=প্রতিফলিত রশ্মি, reflected light। প্রচ্ছায়=সুন্দর ছায়ায়। প্রাবৃট্=বর্ষা। প্রোল্লোল=নির্ঘোষ, rumble। প্রপঞ্চ=মায়া। পাতা=পালনকর্ত্তা। পরিপ্লব= প্লাবন। পিধান=তরোয়ালের খাপ। প্রোষিত-ভর্ত্তৃকা=যে-বিরহিণীর স্বামী বিদেশগত। বিতান=চাঁদোয়া। বুঝাউ= মিটাই, এটি ব্রজভাষা। বাসকসজ্জা=নায়কের জন্য সজ্জা। বারুণী=মদ্য। বর্হ=পালক। বিক্লব=নিস্তেজ ভাব। বিসর্পী, বিসর্পিণী=এঁকা বেঁকা। বিশ্রব্ধ=বিশ্বাস পরায়ণ, trustful। ব্যুত্থান=উত্থান, upsurge। বিবুধ=দেবতা। বৃন্দ=অর্ব্বুদের দশ গুণ অর্থে কোথাও কোথাও ব্যবহার ক'রেছি যেমন "বৃন্দ বিভাবসু"। বিশ্ববারা=বিশ্বের প্রিয়া, the world-beloved, এ কথাটি ঋগ্বেদ হ'তে গৃহীত। ভীষ্ম=ভীষণ। ভূতি=বিভূতি, ঐশ্বর্য্য। ময়ূখ=কিরণ। মঞ্জুষা=পেটিকা, casket। মন্বন্তর=মহাযুগ। মাধ্বী=রসের সার, sap—এটিও বৈদিক শব্দ। মন্দুরা=আস্তাবল। যাযাবর=ভ্রাম্যমান্। রূপায়ণ=রূপের বিকীরণ। রলরোল=গম্ভীর ধ্বনি, roar। লুলিত=কম্পিত। লূতাতন্তু=মাকড়সার জাল। লেহ=লেহন। শিরোরুহ=চুল। শয়দা=পাগল। শিথান=বালিশ। শুল্ক=মূল্য, tax। স্বপিয়া, স্বপিসু= 'স্বপ্ন-দেখা' ক্রিয়াপদ থেকে গৃহীত, এ কথাটির জন্য মোহিতলালের কাছে আমার ঋণ রইল। সৈকত=বালুতট। স্রগ্ধর, স্রগ্ধরা—মাল্যধারী। স্বর্লোক=স্বর্গ। স্থপতি=গৃহনির্ম্মাণ-শিল্পী, architect। সহস্রকিরণ=সূর্য্য। সূনৃত=সত্য ও প্রিয় বাক্য। স্তোম=স্তব—এ কথাটির জন্য করুণানিধানের কাছে আমার ঋণ স্বীকার্য্য। সান্দ্র=সুন্দর, স্নিগ্ধ, মৃদু। সদ্ম= বাড়ী। সরণী=রাস্তা। সমর্থা ভক্তি=অহৈতুকী ভক্তি। স্বিন্ন=স্বেদযুক্ত (মোহিতলাল ব্যবহৃত)। সর্ব্বকর্ম্মন্যাস=সর্ব্ব-কর্ম্মত্যাগ। সৃক্কণী=ওষ্ঠপ্রান্ত। সন্ধুক্ষিত=প্রজ্জ্বলিত, aflame। হিরণ্যগর্ভ=আমি সূর্য্য অর্থে ব্যবহার করেছি, যদিও এর আভিধানিক অর্থ ব্রহ্মা বা বিষ্ণু। হর্ষামর্ষ=হর্ষ-বিষাদ—গীতা হইতে গৃহীত। হুতাবহ=অগ্নি। হ্লাদিনী=হৃদয়ানন্দ-দায়িনী, charming। ২১৪ পৃষ্ঠায় "অপাবৃণু"-র স্থলে "হে অরূপ" পাঠ্য। ইতি।—শ্রীদিলীপকুমার রায়

শ্রীঅরবিন্দ আশ্রম, পণ্ডিচেরি। আষাঢ়স্য প্রথম দিবসে, ১৩৪০

সূচীপত্র

অনামী

রূপান্তর

পত্রগুচ্ছ

অঞ্জলি

কেন ?

যদি দিন না দেবে তবে
ব্যথা কেন এত সওয়াও ?
যদি আশা নাহি রবে
বৃথা বোঝা কেন বওয়াও ?

যদি মেঘের নানা খেলা
শুধুই মিথ্যে রঙের মেলা,
তবে হৃদয়-তন্ত্রী বাজে কেন
সকাল-সন্ধ্যে-বেলা ?

যদি সৃষ্টি মিছে মায়া
মিছে লক্ষ রূপ-কায়া,
কেন নাচে পরাণ গানে—ধরায়
ছন্দে আলো ছায়া ?

যদি বিফলতাই ভবে
চির অমর হ'য়ে র'বে,
কেন ধরার ধূলি-বুকে তারার
বাঁশি উছল স্তবে ? *

ছলনা

হে পরাণপ্রিয়, কেন এ ছলনে
বিরহ বাজাও মিলন-লগনে ?
কেন—যাহা গণি পরম জীবনে
লভি' দেখি বৃথা—তোমার বিহনে ?

নাহি যদি দেখা দিবে বসুধায়
অজানার বেশে আকুলি' ক্ষুধায়,—
স'রে যাও কোথা চপল চরণে
পেলব মোহন অস্ত-বরণে ?

প্রভাতে মোদের মাতাও খেলায়
লুটাতে হৃদয় সাঁঝের বেলায় !
উছসিয়া বুক বাঁশির স্বপনে
ধূলি চিরজীবী করো জাগরণে !

---

* এ-গানটি শুনে পরে অতুলপ্রসাদ তাঁর বিখ্যাত "কত গান তো হ'ল গাওয়া" রচনা করেন এরই সুরে।

অনামী

যৌবন

কোন্ সৌরভ তরে আজি লুব্ধ চিত ?—
মধু কৌমুদী গৌরবে উচ্ছ্বসিত ?

কার মন্থর গন্ধে এ চিত্ত ভরে ?
কার শিঞ্জিনী গুঞ্জরে দীপ্ত স্বরে ?
কার রঞ্জিত সম্ভাষে নৃত্য ক্ষরে
করি' কম্পিত যৌবন—উচ্ছলিত ?

ঐ অম্বুদ-হিল্লোলে কুন্তল কার ?
কার ফুলঝুরি নির্ঝরে ঝরে শতধার ?
কার বিস্মৃত মাল্যটি কণ্ঠে আমার
দুলি' মর্ম্ম-অতলে রচে স্বপ্ন স্মৃত।

আভাষ

একি ! আজ বাদরে অরূপ ঝরে
তোমার স্মৃতি-ধারা !
উঠে জলদ ফুলে পাতায় দুলে
তোমার আঁখি-তারা !

প্রিয় নাই যদি আজ তুমি কাছে
অন্তরে উদ্ভাসি'
রাজে তোমার আনন সজল, বাজে
তোমার গীতি-বাণী।

সেদিন সাঁঝ-পূরবীর আলোয় কাজল
আঁখির বিদায়-বাণী
যেন আবছা ব্যথার ছায়া-আঁচল
দিয়েছিল টানি',—

তখন গোপন দানে করলে উতল
আমার নিখিল সা[illegible]
বুঝি তোমার পরশ গন্ধে [illegible]দল
তাই কি মাতোয়ারা ?

অনামী

The poet writes from a real experience, the amateur feigns one. Talent amuses, but if your verse has not a necessary and autobiographical basis, though under whatever gay poetic veils, it shall not waste any time.

......EMERSON.

প্রতি রক্ত বিন্দু দিয়া
লভিয়াছে যারে তিন্না—
আঁকে তারে কবি.
কবি—চিত্রী নহে যারা
আবেগের ভাণে তারা
রচে কাব্য—ছবি।
চঞ্চল মনীষা—হায়,
শুধু সে রঞ্জন চায়—
কোথা বলো তার
শোণিত-সাধনা দীপ্তি—
অচঞ্চল সত্য-ভিত্তি—
গৌরবী, ঝঙ্কার?
তব সৃষ্টি-তলে যদি
তোমার জীবন-নদী
না বহে উচ্ছল—
তবে শুধু রঙ্গ-গানে
মঞ্জরিবে কার প্রাণে
পল্লব পুষ্পল?

কোথায় ছুটে গ্রহ তারা
কোথায় ছুটে রবি
অনাদীতে অসীমের
খোঁজে কোন্ ছবি?

তাহারি সন্ধানে চলে
কত লোক দলে দলে
যুগে যুগে কালে কালে
জ্বালিয়ে আরতী!

শান্ত এক বিস্ময়ের
বুকের মাঝারে
চলে স্রোত ঢেউ তুলে
হাজারে হাজারে

জীবনের আগে পিছে
খোঁজা তায় কেন মিছে
জীবনে জীবন দিয়ে
তারে খুঁজে পাবি ॥

শ্রীঅসিতকুমার হালদার

অনামিকা *

নামটি তোমার জানিনে ভাই, জানি শুধুই হাতের লেখা
অচিন পরবাসীর সনে দেশবাসিনীর কোথায় দেখা ?
"দেখাশোনার অতীত লোকে আছেই তবু জানাশোনা"—
তোমার হস্তলিপির পাতে এই কথাটি আনাগোনা
করছে আমার মর্ম্ম-মাঝে, বুক ঠুকে তাই তোমার তরে
সেই ভরসায় ছবিটি ভাই আজ পাঠালাম হর্ষভরে।

মাথায় মুকুট দাঁড়িয়ে যিনি—তিনিই মোদের মা জননী ;
বাঁ দিকের ঐ ঘরটিতে আজ তপোমগ্ন দীপ্ত-মণি
যোগীর-রাজা,—যাঁর সুরভি-লুব্ধ মোরা ঘর ছেড়েছি ;—
সেই সুবাসের একটুখানি এই ছবিতে পাঠাতেছি।

---

* বন্ধুবর শ্রীনীরেন্দ্রনাথ রায়ের একটি বালিকা আত্মীয়া আমার কোনো দীর্ঘ কবিতার নকল ক'রে আমাকে পাঠান। তাঁকে ধন্যবাদ দেবার উপলক্ষে শ্রীঅরবিন্দের ঘরের সামনে দাঁড়িয়ে তোলা "মা'র" একটি স্ন্যাপ-শট্ ছবির সাথে এই কবিতাটি পাঠাই। তাঁর নামটি আমাকে পাঠানো হয় নি।

অনামী

প্রার্থী

যেন ঝরে মা তৃষিত চিতে তব গীত
মলয়-নিঝরাসার ;
মোর মেলুক্ জীবন করিয়া বরণ
তোমারি কিরণধার।
নিতি উদয়-অস্তে গিরি-বন-ছায়
রবি শশী নদী গ্রহ তারকায়
যে-গীতি উথলে—হায়, মোর গলে
শোভে কি সে-জয়হার ?
যদি তবু তার দুটি রেশ উঠে ফুটি'
দীন কণ্ঠে আমার,—
যেন কভু কোনো ছলে গরব না বলে :
"স্রষ্টা আমি তাহার।"
মিলে পাথেয় মা মোর কাটে মোহ-ঘোর
তুমি ধরো বলি' আলো ;
রবি সুন্দর, ক্ষেম, সঙ্গীত, প্রেম—
তুমি বাসো বলি' ভালো।
তুমি না-খুঁজিতে দিলে হাতে তুলি' তারে
প্রাণ বৈরাগী যার অভিসারে,
চাওয়ার-অতীত ধন না-চাহিতে
দিলে—করি' মরু-পার ;
কভু ভুলি না মা যেন তব কৃপা হেন,—
কম মূরছন যার
হৃদি রাখে সদা ভরি' যেন না পাসরি—
সকলি দান তোমার।

আলোছায়া

জীবন-ছবি আলোকছায়া-সম্পাতে কী সঙ্গীতে
গাহিলে বল কুজ্ঝটিকা-ছন্দে গো !
সুখের-ভানু যখন ভাতে তাহার কর-ইঙ্গিতে
দুখের-নিশা পাসরি মহানন্দে গো !
আবার যবে বিষাদ-রাহু গ্রাসে হরষ-ভাস্করে
সকল আশা সেদিন হয় স্বপ্ন যে,
সুদূর কোন বাঁশরী-স্মৃতি-নিভৃ সে বাজে অন্তরে,
বেসুরা হাটে রহে বা সুর-মগ্ন কে ?
মুঞ্জরণে ঝরার-ব্যথা নিয়ত হই বিস্মৃত,
মধু-বাসরে—বিরহ ঘন শঙ্কারে ;
নামিলে পরে তিমির-পাখা নীল-বিতান-বঞ্চিত
শুধুই শুনি মৃত্যু-জয়-ডঙ্কারে।

জীবন বুঝি দ্বৈত বিনা নিহিত রূপ সৌরভ
নারে ভুলিতে ফুটায়ে কম-ভঙ্গীতে ?
নির্জিতের পতন-বিনা দিগ্বিজয়ী-গৌরব
বাজায়ে তব শঙ্খ নারে বন্দিতে ?
তাই কি আজি দূর বিদেশে সহসা জয়-যাত্রারে
মরণাভাযে মধ্যপথে থামিলে—
বুঝালে মোরে—চিরন্তন জানি যে-আশা-বার্তারে
বালুকা-বাঁধ সম সে ?—তাই বসিলে
সঙ্কটের আসার হেন ?—না মা, বৃথা এ-প্রশ্ন না
করিব কোনো ; তোমার লীলা ছন্দিমা
উঠুক দীপি',—আলেয়া দিয়া ফুটাও তারা-ব্যঞ্জনা,
নিরাশা-ছলে নির্ভরেরি ভঙ্গিমা।

নিহিত

কুসুমের বুকে ঝুরে যে সুবাস কুসুম তারে না দেখিতে পায় ;
অসীমের ছায়া প্রতিফলি' নিধি অসীমেরি বাণী শ্বসি' সুধায় ।
কার লাগি' অলি ফাগুনে উছসি'
উতলা গোপন সুরভি পরশি' ?
নিয়ত আকুল বাসনা বরষি' গাহে কার স্মৃতি মলয় বায় ?
কম্প্র নিশীথে অম্বর-তলে
চাঁদিমা তারায় কার দীপ জ্বলে ?
উষালোকে কার শুভ্রতা ঝলে— কাহারে বা সবে বরিতে চায় ?
যুগ যুগ ধরি' নভোনীলে বল
কার মহিমার স্তব উচ্ছল ?
নদ নদী গিরি-নির্ঝর কল- তানে কাহার বা মিলনে ধায় ?
তরু লতা তৃণে কার পরিমল
অণুতে অণুতে চির-চঞ্চল ?
লুটায়ে কাহার ছায়া অঞ্চল ধূসরিমা প্রিয়-ব্যথা জাগায় ?
ফুটিবে না যদি শূন্যতা-মাঝে
কেন নিতি নব সুন্দর সাজে
নিখিলে তোমার কিঙ্কিণী বাজে— আলেয়ার মোহমায়া বিছায় ?
অন্তরে রাজো,—তবু অন্তর চাহে সে-বারতা ভুলিতে হায় !

অনামী

কে ?

বাতাস কেঁদে মরে সেধে
কারে ঘুরে ?
ঘুঘু ডাকে বটের শাখে
কাহার সুরে ?
নীল আকাশে কে ঐ ভাসে
মেঘের কোলে ?
কাহার আনন থম্‌কে এমন
তরু-তলে ?

তৃণে লতায় ফুলে পাতায়
কাহার বাণী ?
আবছা তানে অসীম পানে
লয় কে টানি' ?
কাহার দিঠি পাঠায় চিঠি
গন্ধ বহে ?
উদাস আমার পরাণ কাহার
পরাণ-মোহে ?

জ্বলে কেন আশা হেন
কারে চেয়ে ?
চল্‌তে চাহি তরী বাহি'
কোথায় নেয়ে ?

স্বপ্ন-ভঙ্গ

যবে মদির চোখে আলিঙ্গনি'
তোমারে চাহি ধরিতে,
হায়, রিক্ত বাহু শূন্য বুকে
ফিরিয়া আসে চকিতে !
ধায় কামনা-তরী উজানে—
গাহি' মিলন-গীতি পরাণে,
তরী ভিড়িলে পারে খুঁজি যাহারে
পাই না কেন লখিতে ?

মোর নেশার খনে হয় যে মনে—
রঙ্গ নাহি ফুরাবে,
যবে ফাগুনে তরু মঞ্জে—ভাবি :
মরু সে বুঝি ঘুচাবে !
পরে শীতের পাখা সহসা
রোধে শ্যামল গতি সরসা
কেন বিশ্ব কথা দিয়ে না রাখে
স্বপনীরে কে ব[illegible]বে ?

আবাহন *

(হ্রস্বগুরু ছন্দ)

গিরি গোবর্দ্ধন কুঞ্জনচারী !
হৃদি-বৃন্দাবন বসো মুরারি !

দেবাকাঙ্ক্ষিত অতুলিত-শোভা !
হে চির বাঞ্ছিত জগমন-লোভা !

প্রকট সোই তব নর ঘন মূর্ত্তি,
মম প্রার্থন অব কীয়ো পূর্ত্তি !

রূপ পিয়াসে চিত্ত উদাসী,
আবো প্রাণে প্রেম বিলাসী

আশা জগাউঁ তব পদ মাগি'
পিয়াস বুঝাউঁ সব সুখ ত্যাগি'।

তরসত তনমন জাত হুঁ বারি
হৃদি বৃন্দাবন বসো মুরারী।

হোলি *

(হ্রস্বগুরু ছন্দ)

(হোলি) খেলত আজু কন্হই।
বৃন্দাবন ব্রজ ঘাট বাট রজ
রঞ্জিত আজু বন্হই ॥
ব্রজবালক সব হসত করত রব
পুরজন প্রীত বঢ়ই।
সাঁবল খেলত ইত উত নিরখত,
নাচত তা তত থই ॥

সখা সখীগণ গাবত সুস্বন
তাল নিরন্তর দই।
বাজত নূপুর বাঁসুলি সুমধুর
গোপী-চিত মুরছই ॥

যমুনা-তট-পর অরুণ কিরণ ভর
দেত নীর উজলই।
মন্দ সমীরণ বহত তান-সন
চিত্ত উচাটন ভই ॥

বরকত ফাগ-জল ভীঁগত অঞ্চল
ব্রজপথ রঙ্গিল ভই।
পুলকিত সবজন দেখত মোহন
তনমনধন বিসরই ॥

---

* ব = সংস্কৃত অন্তঃস্থ ব ইংরাজী "w" উচ্চারণ—ব্রজভাষায় লিখিত।

দোটানা

হৃদয় মোর জীবন-ভোর
মেলিয়া পাখা উড়িতে চায় ;—
নীল বিতানে পিয়াসী প্রাণে
ধরণী পানে ফিরি তাকায়।
দেশে বিদেশে কেবল ভেসে
অকূল চাহে যাচিতে সে ;—
'অকূলে আসি' কূলের বাঁশি-
নীড়টি তরে সদা সুধায়।
গৃহ ত্যজি' সে ভাবে—বরিষে
গৃহাঙ্গনে মুক্তি ধার ;—
বাহিরে ভিড় দেখিলে—নীড়
মাঝারে ফিরি' পাখা গুঠায়।
ডানা তাহার রুদ্ধ-দ্বার
আশ্রয়েরি পিঞ্জরে
ঝাপটি' মরে' নিজ নিগড়ে—
অসীমে উচ্ছ্বসি' লুটায়।
মানব-হৃদি এমনি বিধি,
রচেছ অপরূপ রসে,—
যা তার নাহি তারে সে চাহি'
যা আছে তারে বৃথা হারায়!

চঞ্চল

ওগো মিলে যারে বহু আঁখি
বারি-সাধনে,
বল নিমেষে নিগড় সে-ও
কাটে কেমনে ?
নিতি আসীন যে রহে হৃদি-
সিংহাসনে,
সে-ও ধূলি-তরে কেন লুটে
সঙ্গোপনে ?

যারে ফুলদলে পূজি' সাধ
মিটে না মনে,
লভে কোন্ সুখ সে-অতিথি
কাঁটার বনে ?
হায় অন্তর তার বুঝি
ডরে বাঁধনে ?
তাই প্রেমেরে সে নাগপাশ-
সমান গণে ?

সিন্ধুপারে

তোমায় আমায় বারে বারে
চেনাশোনা সিন্ধু-পারে
হয় নি'—শুধু মুহূর্ত্তেরি দেখা,

জীবনের এই অশেষ বোঝা
ব'য়ে ব'য়ে, শেষের খোঁজা
হয় নি'—যবে তোমার ইন্দুলেখা

আঁকল ছবি প্রাণের পটে,
বিস্ময়েরি স্মরণ-তটে
চিহ্ন অমর রেখে গেল হেন !—

নয় সে-আঁকা মিথ্যা মায়া
যৌবনেরি চপল কায়া,—
আজো তো তায় তেম্‌নি হেরি যেন !

ডাক দিয়ে হায়, তোমার বাঁশি
কর্‌ল আমার মন উদাসী,
তারপরে—কই ! নেই তো আচম্বিতে !

চোখের জলও শুকিয়ে গেল,
ধূলায় ধরা ছেয়ে এল,—
মৃদুল আলোর কমল সশঙ্কিতে !

কোথায় তুমি—কোথায় আমি !
নিজের নিজের পথগামী
চ'লেছিলাম নিজের-নিজের রথে,

তখন তোমার পায়ের নূপুর
নয়নদিঠি স্বপ্নবিধুর
ফোটায় নি' ফুল হিয়ায় শুভব্রতে।

তখন কে বা জান্‌ত বল
একটি হৃদয়-শতদল
দেয় ভরি' এই ভুবন বাসে তার ?

জান্‌ত কি কেউ—বরণ-গীতি
যায় রেখে হায়, এমন স্মৃতি—
ঢেউ তুফানে ডুবে না রেশ যার ?

জান্‌ত কি কেউ—একটি হাসি
নিখিল হাসির গরব নাশি'
মিলায়—রেখে চিরজীবী তান ?

দু'টি সুনীল আঁখির তারা
কর্‌তে পারে মাতোয়ারা
এম্‌নি চিরতরে মনপ্রাণ ?

অনামী

বৃথাই স্মৃতি ?—নিরবধি
অতীত-চারণ ব্যথাই যদি,
না-পাওয়া হায়, শূন্যগর্ভ হবে,—

কেন তবে মিল্‌ল দেখা ?
সকল সখী ছাপিয়ে একা
জন্মপারের চেনা হ'য়ে র'বে ?

তোমার আমার ভিন্ন গতি,—
ভিন্ন তালে পরিণতি
ভিন্ন দেশের ভিন্ন আলাপ-লয়ে ?

এক লহমায় তবু কেন
চিরদিনের সাথী-হেন
উঠ্‌লে দুলে পলক-পরিচয়ে !

তোমার চরণ-ছন্দে তবে
রক্ত আমার মাদল-রবে
উঠ্‌ল কেন ঝঙ্ক' তালে তালে ?

চাউনি তোমার আদর-রীতি
হাস্য, পরশ, লাস্য, প্রীতি
অমর তিলক পরাল মোর ভালে ?

তুমিও কি ভেবেছিলে
তোমায় আমায় এ-নিখিলে
হ'য়েছিল কোথাও দেখা আগে ?

তুমিও কি মনে ভাবো
আমি তোমার সঙ্গে যাবো
নূতন কোনো উদয়-পুরোভাগে ?

তোমার পানে চেয়েছিলাম
তোমায় ভালোবেসেছিলাম
নিতল প্রাণের গহন ধ্যানের লোকে,

নইলে সখি, তোমায় বুঝি
মিল্‌ত না আর বাইরে খুঁজি',—
রিক্ত হ'তাম অর্ঘ্যহারা ভোগে ?

তাই বুঝি মোর তোমায় পাওয়া
হয় নি হেথায়—তোমায় চাওয়া
অসমাপ্ত রইল এ জীবনে !

কাছে তোমায় পাই নি বলি'
ওঠে না তাই যেন জ্বলি'
ক্ষোভ আমার এই গোপন প্রাণের কোণে।

বাঁধ-ভাঙ্গ

গানটি আমার সুমধুরে !
প্রাণ-মুকুরে
অচিন্ সুরে
ছন্দে অচিন্ উঠ্‌ল প্রতিধ্বনি' ।

প্রেমের পটে সমুচ্ছলে !
মর্ম্ম-তলে
উঠ্‌ল জ্ব'লে
তোমার হিয়ার মালার মধ্যমণি ।

চ'লেছিলাম গানের ভেলায়
অবহেলায়
যখন বেলায়
ডাক্‌ল তোমার নিবিড় আঁখিলোর ;

বল্‌ল এমন : "প্রেম ক্ষণিকের,
তায় পথিকের
চারি দিকের
উর্ম্মি-নেশার কাটে রঙীন ঘোর ?"

জীবন উষার কনক-রাগে
পুলক জাগে
পুরোভাগে
কীর্ত্তি-জোয়ার টানে—কেবল টানে ;

ভেবেছিলাম তখন তোমার
বেদন-হিয়ার
একটু ছোঁয়ার
স্বাদ লভিয়া চল্‌ব উধাও গানে ।

অনামী

তখন কি গো ছিল জানা
হৃদয় মানা
এই অজানা
অভিসারে মান্‌তে নাহি জানে ?

জান্‌ত বলো কে গো তখন
সিন্ধু-স্বপন
মনের মতন
হয় না কভু—চায় না স্নিগ্ধ কুটীর ?

পীযূষ নিধির একটু পিয়ে
লুব্ধ হিয়ে
ঝাঁপ না দিয়ে
সেই সায়রে চলে কি সাবধানে ?

চিত্ত-নদী যখন দুলে
ধায় অকূলে,—
বারেক ভুলে
নদীর বাণী—চায় নীরধির স্বাদ,

তখন কি মোর জান্‌ত পরাণ
প্রেমের তুফান
নয়ক সোপান
বাসক-সজ্জা-জাগা রতন পুরীর ?

স্রোত কি তখন বাধা মানে
অসীম পানে
উছল টানে
যায় যে ভেসে পাহাড়-সম বাঁধ।

দূরে ও কাছে

সখি, দূর প্রবাসে কল্পনাতে
সান্ধ্যবাতে
তোমার আঁখির
দৃষ্টি গভীর
একতারাতে বাজে ;
তুমি রইতে যদি কাছে আমার,—
অস্ত-আঁধার
উঠ্‌ত ভাতি'—
বিশ্বে সাথী
পেতাম হিয়া মাঝে।

তুমি যেদিন প্রিয় পাশে ছিলে
মন্দানিলে
তারায় নভে
সরিৎ-স্তবে
আস্‌ত আবেশ ছেয়ে ;—
শুধু আজ্‌কে তোমার অদর্শনে
মন-কাননে
বসন্ত-বায়
কেঁদে' লুটায়
তোমায় চেয়ে চেয়ে।

তুমি আজ দূরে—তাই তোমার কায়া
বিছায় মায়া
মোর বিরহের
বিসর্জ্জনের
দিগন্তে—বিধুর !
যদি রইতে কাছে— তোমার নয়ন
করত বয়ন
অস্ত-বনে
মোহন স্বনে
নবোদয়ের সুর।

তুমি রইলে পাশে নিখিল-মাঝে
প্রভাত-সাঁঝে
কতই না সুর
ফুটত মধুর
ছল্‌ত ধরা প্রেমে !
তুমি আজ্‌কে পাশে নেই ব'লে হায়
ঐ মুরছায়
কান্ত উছল
আলোর কমল
দোল্‌দোলা যায় থেমে !

তোমায় পেতাম যেদিন হাত বাড়ালে—
তালে তালে
বনস্থলী
ফুলাঞ্জলি
ঢাল্‌ত মুঠি ভ'রে,
শুধু নেই ক' বলি' কাছে তুমি
আজ কুসুমি'
ওঠে না দিন,
বাজে না বীণ
ধরার কলস্বরে।

না না কে বলে ?—ঐ সবুজ শাখে
মাঠের ডাকে
কুঞ্জবাশির
হাস্যরাশির
আস্‌ছে ভেসে রোল,
তারি মর্ম্মে তোমার সৌরভবায়
যে-ঢেউ জাগায়
সন্নিকটে
স্মৃতির তটে
বয় তারি হিল্লোল।

জয়-পরাজয়

প্রিয়, তোমার কাছে যে-হার মানি
সেই তো মোর জয় !
হেথা জয়-বিভব-দাবীতে প্রেম
জয়ী কি কভু হয় ?
নিতি তোমারি পাশে যে-পরাভব,
তাহেই মোর জয়-গরব,—
অপর মুখে বিজয়-রব
চিত্তে বিঁধি' রয়—
শুধু তোমার সাথে আমার নহে
নহে সে পরিচয়।

প্রিয় তুমি যে দান-গৌরবে গো
ভ'রেছ এ হৃদয়
তার প্রতিদানেতে নোয়াতে মাথা
রহে কি দ্বিধা ভয় ?
আমি তোমার কাছে পেয়েছি যত,
তাহার পাশে লক্ষ শত
দর্প মাথা ক'রেছে নত—
হীনতা সে তো নয় ;—
জানি— তোমার কাছে জিতিলে হারি
হারিলে লভি জয়।

দ্বিতীয়া

একি খেলা বল খেলিলে আজিকে হিয়ার মাঝে
ছলময়ী ?—যেথা দিবস-যামিনী লুকায়ে রাজে
অপরা প্রতিমা প্রেম-বিহ্বলা
সুনীল-তারকা-নয়ন-উছলা,
এসেছিল ভেসে যে দূর বিদেশে
অশ্রুরথে ;
যার পরে ভেবেছিনু বরমালা
দিব না অপরে—মম প্রেম-ডালা
রহিবে রিক্ত, চলিব নিত্য
একেলা পথে ;—
স্মৃতিরে জপিয়া রহিব ডুবিয়া
ধ্যান-জগতে।

চলেছিনু মোর নিরালা জীবন-তরীটি বেয়ে,
ছিল সে-প্রভাতী শুকতারা মোর গগন ছেয়ে :
বাড়িলেও বেলা তাহার অমল
সুদূর-কিরণ ছিল অচপল,
হাটের মাঝার হয় নি তাহার
জ্যোতি আহত ;—
হেন ক্ষণে তুমি কোথা হ'তে আসি'
নব আহ্বান-মালা গাথি' হাসি'
সুরে প্রাণ ভ'রে এলে কাছে স'রে
ভাঙিতে ব্রত।

চাহিনু প্রথমে লো দ্বিতীয়া, ছবি সরাতে তব,
কহি'—"আন ছবি তার পট পাশে কভু না সব" ;
শুনিলে না তুমি, কানে কানে মোর
ঝঙ্কলে তাল—নবীন, অঝোর !
কী মলয় তালে নূপুর বাজালে
বাসন্তিকা !
ছিনু উদ্ধত—আত্মমগন
লো স্বয়ম্বরা ! গাহিলে তখন :
"অতীত তেয়াগি' হের' আজি জাগি'
নূতন শিখা ;
বৃথা-বঞ্চিত ! দেব-বাঞ্ছিত
লহ মালিকা।"

অনামী

প্রথমার দান-উচ্ছ্বাসে কত গরবী গীতি
গেয়েছিনু, ঘোষি'—"তারেই সঁপিব বিজনে নিতি" ;
চল-জলধনু হায়, মর মন !
আজি যা জাগর—কালি তা স্বপন !
তব অমলিন চাহনি যেদিন
হৃদয়-কূলে
উর্ম্মি-ছন্দে প্রথমার বাঁধ
ভাঙি' চুরি' হায়, ঘটালো প্রমাদ,
মরু-চর হ'তে প্লাবনের স্রোতে
উঠিনু দুলে,
সম্পদ যাহা আজি—হিয়া তাহা
কালি যে ভুলে !

বিদূরিল মোর দর্প-কুহেলি তোমার আলো,
বঙ্কিম গ্রীবা হ'ল নত তব পরশি' মালা !
কোন্ যাদুজালে মুহূর্ত্তে ঠুলি
আঁখি-পাশ হ'তে লইলে গো খুলি ?
নেহারিনু প্রেম বিষ নহে—ক্ষেম
ছদ্মবেশে
দেখালে প্রাণের গহন অতলে
নব নব প্রেম-মণি আঁধা ঝলে
কহে রতি—"তার নব নব ধার
পিয়ো গো এসে,
বহুমুখী প্রীতি সার্থকে নিতি-
নূতন রেশে।"

ব্যর্থ প্রেম

দেখা তবে কেন দিলে মোরে
দু'দণ্ডের তরে ?
উদ্ভাসিল মরীচিকা নয়ন-বেলায়
মিলাইতে এক লহমায় ?

এ জীবনে ভালো নাহি বেসে—
কেঁদে হেসে—
সৈকতা-শুভ্রতা-বর যাচি' প্রেমহীন,
মন্দাক্রান্তা কেটে যেত দিন।

দিন-শেষে প্রদোষ আসিয়া
যাইত কহিয়া
কানে কানে মোর : "চলো দেবালয়-পথে
লক্ষ্যহীন প্রার্থনার রথে।"

তাহে ভুলি'—একটানা সুরে
নদী রাখি দূরে
চলিতাম, জপি—"বারিহারা মরুতলে
নহে বিষ—অমৃত উথলে।"

অবোধ পরাণ তবু হায়,
বাসক-সজ্জায়
দয়িতের পথ চাহি' যাপিত রজনী,—
নিত্য শুনি' নব আগমনী।

হেন লগ্নে কেন দিলে দেখা ?
তব ইন্দুলেখা
কেন বিভাসিল মোর বুভুক্ষু অম্বরে ?—
পলকে তিমির গেল ম'রে ?

কে কহিল—নিশানাথ চায়
তৃষিতা নিশায় ?
গন্ধবহ গন্ধ বহে—তারে চাহে বলি' ?
বারিদেরে যাচে কি বিজলী ?

সিতাংশু আকুলি' শর্ব্বরীরে
লুকায় অচিরে ;
বায়ু ?—সে তো নির্লিপ্ত বৈরাগী ; সদা হায়,
বিদ্যুদ্দাম চমকি' মিলায়।

অনামী

অনুরাগ হেথা কভু মিলে
আশ্রয় মাগিলে ?
আশ্রিতা ?—ছি ! নাগরের ক্ষণিক খেলনা
মনোলোভা—রঙ্গ-আলিম্পনা !

কেন জ্বালো সান্ত্বনা-দীপালি ?
রাখো এ-মিতালি।
প্রেম-তৃষা মিটে কভু প্রীতি-পশলায় ?
সখ্য ?—যেথা যাও পাবে তায়।

দিও না প্রবোধ।—অভিমান ?
হায় রে, সম্মান
কোথা তার অনুকম্পা পাশে ? শুধু পুছি—
চুমি' কেন অশ্রু নিলে মুছি' ?

সুধাই : না যদি মালা ল'বে
কেন এলে তবে ?
চাহো নি অন্তরে যদি মোর শ্রেষ্ঠ দান,—
কেন বা গাহিলে প্রেম-গান ?

ব্যর্থ সখ্য

কে জানিত বালা, তব পানে চেয়ে
হেসেছিনু যবে সাদরে,—
তখন রক্তিম তব অধরে
হাসি নাহি ফুটি' প্রেমের উষসী
উদিবে অরুণ আশায় উলসি',
কাঁপিবে সহসা কর দু'টি মোর
পরশি' আবেশে পরশি' ?
প্রেমের ঊর্ম্মি উঠিবে উথলি'
তোমার নয়ন-সায়রে—
জানিত কে বল —তব পানে চেয়ে
হেসেছিনু যবে সাদরে !

তব পাশে সখি, এসেছিনু শুধু
করি' সখিত্ব কামনা
অমল স্নিগধ নীলিম-বরণা ;
দয়িতার রূপে চাহি নি' তোমায়
এসেছিনু শুধু প্রীতি-কামনায়,
হেসেছিনু হাসি—নাহি যাচি' তব
মালিকায় প্রেম-মালিকায় ;
স্বপনেও আমি ভাবি নাই—হেন
ঝলকিবে প্রেম-দাহনা
সহসা ও-হৃদে, —এসেছিনু যবে
করি' সখিত্ব-যাচনা।

পরবাসে আন মঞ্জীর ভরি'
ছিল মোর চিত বিধুর
আকুলি' শুনিতাম সেই নূপুর ;
যারে পাই নাই স্বপি' তারে মোর
ছিল প্রাণমন স্বপন-বিভোর,
বরষিত তারি নীলাব্জ-আঁখি
অঝোর ম্লানিমা অঝোর,
সেদিন সহসা তব আঁখি কালো
উঠিল দীপিয়া মধুর ;
তারি পল্লব-ছায়া-আশ্রয়
চেয়েছিল চিত বিধুর।

রেখেছিনু প্রাণপুটে তব প্রীতি
যখন বড়ই তিয়াসী
ছিলাম কোমল-সঙ্গ-পিয়াসী ;
এমনিই হয় !—যখন একেলা,—
ভিড় ক'রে আসে অশ্রুর মেলা
শূন্য বেদনে মেঘ ছেয়ে আসে
অবেলা গরজি' অবেলা,—
সে খনে পরাণ যাচে সখীস্নেহ
দয়িতা-মিলন নিরাশী,
সেই খনে চেয়েছিনু তব প্রীতি
যখন বড়ই তিয়াসী !

অনামী

পরে — একদিন এক লহমায়
ফুটিল তোমার আননে
প্রেমের — ঝলক নিরালা লগনে !
অপরায় স্মরি' যে-প্রেমের গীতি
তব পাশে গাহি' উপজিত প্রীতি
তুমি দিলে সাড়া তাহাতে !—প্রেমের
কী রীতি ! — বল এ কী রীতি !
হরষ-বিষাদ-ধূপছায়া মোর
খেলিল হৃদয়-গগনে—
যেদিন — বিজলী-পাতে প্রেমভাতি
স্ফুরিল গো তব আননে ।

মানি—চুমেছিনু — তোমারে বারেক
আপনা পাসরি' উছাসে
জানি না — সে কোন্ নিহিত পিয়াসে !
ক'রেছিনু ভ্রম—মানি প্রেমলতা !
এ নহে জানানো সখ্য-বারতা,
তাহে ভুল বোঝে বান্ধবী—জানি
সেকথা — মানি লো সে-কথা ।
ক্ষম' করুণায় — —হয় দিগ্‌ভ্রম
সুহৃদেরও নেশা-কুয়াশে,
তাহারি — আবেশে চুমেছিনু বালা,
আপনা পাসরি' উছাসে ।

এ-পথ চলায় কবে বল হায়,
তাহা পাই—চাই যাহারে ?
পথের — বাঁকে বাঁকে ঘন আঁধারে ?
এসেছিনু সখি, যবে তব পাশে
আসি নি নাগর-বেশে খেলা-আশে
চেয়েছিনু প্রীতি আদর তোমার
আকাশে — শুভ্র আকাশে ;
দুখ এই— — পেনু যাহা তব পাশে
চাহি নি সজনি তাহারে,
তাহে ক্ষোভ নাই— কবে বল হায়,
তাহা পাই—চাই যাহারে ?

শুধু পরিতাপ — মর্ম্ম-অতলে
উঠে লো, উপছি' বেদনে
আমার — বঞ্চিত প্রাণ গহনে :
চাহি' তব পাশে সখিত্ব-বাণী
লভিনু যখন তব মালাখানি,
চ'লে এনু হায়, প্রতিদান নাহি
প্রদানি',— — কেমনে প্রদানি ?
প্রীতির অর্ঘ্যে নিলাজ অতনু
দিল হায়, সাড়া গোপনে !
ফিরানু আনন— — প্রেম সাথে প্রীতি
লুকাল আহত চরণে

শুধু এক বেরসিকেরি তরে *

ছুটিল মন্ত্রী : মহারাজ নীলকণ্ঠের গান শুনিতে চা'ন
যত টাকা লাগে দিবেন দান।
করজোড়ে নীলকণ্ঠ কহিল : "করুণা তাঁহার অশেষ প্রভু,
শুধু—সভাগীতি গাহি না কভু।"
মানিল মন্ত্রী বিস্ময় : "সে কি! প্রচুর অর্থ মিলিবে তোর!"
—"অপরাধ প্রভু ক্ষম' হে মোর,—
কৃষ্ণ-কৃপায় আজো জুটে যায় দু'বেলা দু'মুঠো তাঁহার স্তবে,
প্রচুর অর্থে কী মোর হবে?"
তরজে মন্ত্রী : "স্পর্দ্ধা! যাবি না?—পাঠালেন যবে ডাকিতে রাজা!!
জানিস্ মিলিবে মৃত্যু-সাজা?"
হাসিল ভক্ত : "হরিগুণগান বেচি' কি রাখিব এ-ছার প্রাণ?
গানেরো যে তাহে অসম্মান।"
পড়িল মন্ত্রী ফাঁপরে : "লভিবি যশ—" "হায় প্রভু, যশের লাগি'
করে গান কভু গানানুরাগী?"
কহিল মন্ত্রী সহসা : "রাজা যে বৈষ্ণব।" কহে গায়ক তবে :
"চল—গান মম ধন্য হবে।"

---

* নীলকণ্ঠের জীবনে সত্য ঘটনা। ভক্তরাজ শ্রীরামকৃষ্ণ বলিতেন "নীলকণ্ঠের গান ঠিক্ ঠিক্।"

অনামী

প্রহ্লাদ-কথা কীর্ত্তনে গুণী ; সভাসদ যত তুণ্ড নাড়ে ;
বারেকো না চাহি' তাদের ধারে
গাহে গান গুণী আপনা-বিভোর—মহারাজও হায়, বাহবাস্বরে
বরষে স্বর্ণ দর্পভরে।
থাকি' থাকি' শুধু এক কোণে এক দীনবেশী শ্রোতা উঠে কাঁদিয়া—
'আহা আহা'—রবে উচ্ছ্বসিয়া।
কহে রাজা রুষি' : "কে রে বেরসিক ? রাখিতে না শিখি' গুণীর মান
আসে এ-সভায় শুনিতে গান ?
বেতালা ফুকারে রহি' রহি' ! চাষা ! নিষ্কাশি' মূঢ়ে কেহ দে তো রে।"
দিল "মূঢ়ে" দ্বারী বাহির ক'রে।
কহে গুণী : "প্রভু, স্বর্ণ তোমার দয়া ক'রে লহ' ফিরায়ে পায়,
কিঙ্করো এবে মাগে বিদায়।"
"সে কি গুণী ! ! মোরা সকলেই হেথা র'য়েছি তো—শুধু হয়েছে দূর
এক অতি বেরসিক—বেসুর।"
"ক্ষম প্রভু, নহে সকলের লাগি'—গাহিতেছিলাম পরাণ ভ'রে
ওই এক বেরসিকেরি তরে।"

কালিদাস

সহস্র বৎসর পূর্ব্বে লভেছিলে জন্ম তুমি আমাদের মাঝ
একথা স্মরিয়া মোরা ভক্ত তব উচ্ছ্বসিয়া উঠি কবি, আজ।

মনে হয় কত কথা হে বিরহী প্রেমী! নবরত্ন মধ্যমণি!
নিখিল ভারত লভি' তোমারে সে-ধন্য দিনে উঠেছিল ধ্বনি'
ছন্দে গানে মূর্চ্ছনায় তব মধু আলাপনে অপূর্ব্ব উজ্জ্বল
তোমার লেখনীভাতি হেরি' নবরত্ন ছিল বিস্ময়-বিহ্বল!...

সেদিন মোদের প্রাণ-সঙ্গতে মায়াবী, তুমি গান গেয়েছিলে
অফুরন্ত রাগালাপে আলোছায়াকান্ত সুরে, ভালোবেসেছিলে
আমাদেরি বসুন্ধরা—মিলন-বিরহ তানে, হর্ষে, বেদনায়,
দরদে, প্রীতিতে, স্নেহে, করুণায়, হাসি-ফুলে, আঁখি-মুকুতায়;
সেদিন হে যাদুকর, তব মঞ্জু হৃদয়ের স্ফটিক-মুকুরে
কত না পেলব বর্ণ উঠিত ফলিয়া মিলি' মধুর মধুরে!
সুন্দরী প্রকৃতি তব সুন্দর প্রাণের কণ্ঠে দানিলেন মালা,
বাণীর স্রগ্ধরা গীতি উৎসারিল সে-মিলনে—স্বর্গগন্ধ-ঢালা;
পুষ্পিল বিদগ্ধ হৃদি, সেই সুকুমার মুগ্ধ বাসর-সুতান
বাঁধিল জাগ্রতে-স্বপ্নে সে পুণ্যাহে, ছন্দস্রোত বহিল উজান
ত্রিপথগা যমুনার রঞ্জিত সঙ্গমে, ওগো স্বর্লোক-স্বপনী,
তোমার বৈদূর্য্য-রশ্মি বাস্তবের বন্ধ্যা ধূলি ক'রেছিল মণি।
হে কাব্যগাণ্ডীবী, তুমি নিরম্বু উষর ক্ষুব্ধ ভূমি করি' ভেদ
উৎসারিলে গাঙ্গবারি কল্পনা-শায়কে তব পাষাণের খেদ
মিটাইয়া নিত্য-নব সৃষ্টিধারে, তরঙ্গিলে অলকার জ্যোতি
স্নিগ্ধ ধরাবুকে—লক্ষ সূক্ষ্মবর্ণে জ্বালাইয়া শাশ্বত আরতি;

অনামী

যা কিছু আঁকিতে তার সমুদ্বেল মধুরিমা হে ইচ্ছা-ফল্গুনী,
ফাটিত ফাল্গুনবর্ণে বহাইয়া মরুভূমে রস-সুরধুনী।

এই দুঃখ শুধু কবি জাগে মনে—মোরা তব কাব্য-নন্দনের
ক'টি ফুল্ল ইন্দীবর পেরেছি ধরিয়া বল রাখিতে মোদের
ধূমাবিল নাগরিক সভ্যতার গতি-উগ্র দীপালি-উদ্যানে,
কোথা বা মোদের হায়, সেই স্নিগ্ধ অবসন্ন কর্ম্মক্লান্ত প্রাণে ?
এসেছিলে দেবতার আশীর্ব্বাদী রশ্মিকণা-নিভ তুমি কবি !
পারিনি রাখিতে মোরা—নিরুদ্যোগ আত্মমগ্ন—সে নির্ম্মল রবি
নির্মলিন ; পদে পদে হারায়েছি তোমারেই,—তব যাত্রা পথে
প্রতি পদক্ষেপে যত পেলব সুগন্ধ বর্ণ-আসার মরতে
গিয়াছিলে প্রবাহিয়া তার ক'টি ঢেউ দশ শতাব্দীর পারে
আমাদের মর্ম্মতটে ভাঙে আজো ?—কতটুক চিনি বা তোমারে ?
কল্পনাবামন মোরা—হেরি শুধু রূপায়েছ যাহা রেখা ভায় ;
কিন্তু যাহা ফুটে নাই ? মূর্ত্তে নাই ? উদাসীন কালের হেলায়
স্থূল হস্ত-অবলেপে নিশ্চিহ্ন মুছিয়া গেছে ? আধ-গাওয়া গীতি
অঙ্কুরে যে ঝ'রে গেছে ? যে-মিড় মিলায়ে গেছে ?—কোথা তার স্মৃতি ?
যেই প্রাণধার তব কালের নির্ম্মম বাঁকে সেদিন নীরবে
মরুপথে পথহারা হ'য়েছিল বিস্মৃতির দীন পরাভবে,—
তাহাদের নাহি গণি' অধীর গণ্ডূষে চাহি করিতে যে পান
বারিধি-অগাধ তব সুকুমার হৃদয়ের সাঙ্গহারা গান।
অস্থির চঞ্চল মন আমাদের কতিপয় পৃষ্ঠামাঝে চায়
ভরি' দিতে মন্বন্তর-গাথা, বাণী আমাদের : "সময় কোথায় ?"
শিল্প-কারু দিয়ে তাই গুণি মোরা জীবনের বিপুল বাহিনী
বিন্দুমাঝে সিন্ধু চাহি করিতে বিচার, তাহার নিস্তল কাহিনী

অনামী

শুষি' ল'তে চাই চূর্ণ তরঙ্গের অসমাপ্ত দীর্ণ ইতিহাসে
অনন্ত অখণ্ড যাহা—খুঁজি তারে খণ্ড সান্ত অপূর্ণ বিকাশে।
বিজ্ঞান-বীক্ষণে চাই নিরূপিতে কোটি নীহারিকা-মহিমায়,
নিকষে কষিয়া পলে ল'তে চাই কুবলয় কান্তি-সুষমায়।
কবির অলকনন্দা ধূলিধরা-মাঝে দিনে দিনে আবিলায়,
গর্ব্বে হাসি' কহে কাল : "মোর হস্তে চলাচলে কেবা রক্ষা পায় ?"

পরিভূ স্বয়ম্ভূ কবি সে-ও নহে কালজয়ী ? না না— মিথ্যাকথা।
কবি-অবদান—সে যে বিধাতার অবিধ্বংসী অমৃত-বারতা !
কালস্রোতে ভেসে গেছে শুধু তব চঞ্চলতা—শুধু নামরূপ,
নক্ষত্র-বিভাস তব চিরঞ্জীবী—সে তো নহে স্বপন-খধূপ।
গান্ধর্ব্বী বীণাটি হাতে এসেছিলে চিরতরে ওগো অমলিন,
সে-বীণার মৃত্যুপারে স্বরিত ঝঙ্কার তার কাঁপে মৃত্যুহীন।
ফুলদল ঝ'রে যায় পরাগ অমর তার সৃজে নিত্য সে-ই
অনাগত ফুল-সম্ভাবনা, নহে ইন্দ্রধনু লুপ্ত নিভিলেই।
দিগন্তে সে হয় লীন দেখা দিতে দিগন্তরে, এক মেঘ যায়—
অন্য মেঘ আসি' দেয় কোল তারে—যুগে যুগে বিম্বি' সে-বিভায়।
কবির পার্থিব তৃপ্তি, প্রমত্ত বিজয়-দর্প—অশান্ত ভঙ্গুর—
উল্কাসম খসে সদা ; তাহার অমর আত্মা শান্ত পরিপূর
জ্যোতিষ্পথ-দীপ্তি ল'য়ে স্বপ্নে তার ছন্দে তার জাগে মহীয়ান্,
যে-শিখা মোদের হৃদে ফুৎকারে নিভিয়া যায় তারে অনির্ব্বাণ
রাখে কবি কল্পলোকে ; তাই যুগ-পারাবার লঙ্ঘিয়া হেথায়
তব মেঘ-দৌত্য-তরী আজো কবি আমাদের বেলায় ভিড়ায়—
ঊর্দ্ধে যার জাগে আজো কবি-স্বয়ম্বরা তারা স্বাগতি' তোমারে,
হে তারকা-স্বয়ম্বৃত ! কালব্যাপ্তি তব কাল স্পর্শিতে না পারে।

তিরোধানে *

গুণী, গাইলে হেথায় যে-গান সে কি গাও নি চিরতরে
দিয়ে বিস্মৃতিরে লাজ ?
তুমি যে কিঙ্কিণী বাজিয়ে হৃদয় সুধায় দেছ ভ'রে
সেকি লুটবে ধূলামাঝ ?
দূরে ঐ যে তারা পড়্‌ল খসি',—স্পন্দটি তার সারা
আকাশ লয় না কি বুক পেতে ?
হেথা কলস্বনা একটিও ঢেউ হয় কি সাগরহারা—
পামে মধ্য পথে যেতে ?
তোমার কান্ত প্রাণের শান্ত গানে করলে যে-আরতি
তাহে অলখ এল নেমে,
তোমার সেই পূজারই পায় পূজারী আমরা করি নতি
উছল ভক্তি প্রীতি প্রেমে।
তোমার ঝঙ্কারে এই উষর ভূঁয়ে জাগ্‌ল লাখো ফুল,
তাহে আঁধার হ'ল আলা,
বাণী গন্ধে তারি অবতরি'—দুলিয়ে তারা-দুল
নিলেন তোমার বরণ-মালা।

---

* বাংলার অনুপম গুণী সঙ্গীতশিল্পী রায় বাহাদুর সুরেন্দ্রনাথ মজুমদারের স্মৃতির তর্পণে।

অন্তর্যামী

তোমার নিত্য-নূতন সৃষ্টি-জালে বাঁধলে এ-অন্তর
সে কি বিচিত্র বাঁধন !
সে-সুর যতই বাঁধে ততই ভাঙে বেসুরা পিঞ্জর
রচি' জাগ্রতে স্বপন !
তোমার তানের আরাধনে দ্যুলোক নাম্‌ল ভূলোকে
পরি' বাসর-মিলন হার,
তুমি রচ্‌লে গুণী, সে-সঙ্গমের চুম্বন-পুলকে
সে কোন্ সুদূর অভিসার !
হেথা আন্‌লে বাহি' কোন্ অলকার দীপ্র সুরধুনি
যাহে পৃথ্বী উতরোল ?
সে কোন্ চির-চেনায় ডাক দিলে হে মূর্চ্ছনা-ফাল্গুনী !—
বুকে জাগিয়ে অচিন দোল ?
তুমি মোদের মাঝে চিরজীবন রইলে ছদ্মবেশী,
তোমার নয়ত হেথায় ধাম !
দিয়ে সেই ধামেরি একটু পরশ হ'লে নিরুদ্দেশী,
মোদের লও গুরু, প্রণাম ।

বন্ধুবর শ্রীগিরিজাপতি ভট্টাচার্য্য সমালোচকীভূতেষু*

সখে) কঠিন কথা বলা সরল ক'রে,
নিন্দা-করা সত্যি দরদ ভরে,
সমালোচন—নিজের ত্রুটি বুঝে,
সাঁচ্চা মেকির প্রভেদ খুঁজে খুঁজে
এর প্রয়োজন হয়ত আজও আছে,—
তাই রূঢ়ভাষ চাই হে তোমার কাছে ;
অন্ততঃ হে সুহৃদ, তোমায় জানি
তাই তোমারে দরদী বাখানি।

শুধু) একটি কথা কেবল চুপি চুপি
ফেল্‌ব ব'লে ?—(নয়কো গুরুরূপী)
যদ্যপি নয় একটুও সে নূতন
সইবে তবু বারেক পুনর্বদন :
(পুরোনো চাল—জান্‌বে—ভাতে বাড়ে,
না জান্‌লে হায়, লক্ষ্মী ছাড়েই ছাড়ে)
রটিয়ে গেছেন বা কালিদাস কবে—
"ভিন্নরুচি লোকে হবেই ভবে।"

জানো) তবু (কিমাশ্চর্য্যমতঃপরম্ ?)
নিজের রুচির রায়গুলিরেই চরম
সবাই ভাবে ; নয় কি ? বারেক মিতা,
চিন্তি' দেখ,—সত্য নহে কি তা ?
লাখ কথারি এক কথা যে কবি
গেছেন ব'লে—তাই না তিনি 'নবী' !
সত্যি,—যতই সমালোচন ধারা
পড়ছি—ততই হচ্ছি দিশেহারা।

ক্রমে) বিন্দুও হয় সিন্ধুসমান গুরু
দিন হয় রাত—বুক যে দুরু দুরু !
না-ভাব্‌লে যা জলের মতন সাফ্‌
ভাব্‌লে যেন পাহাড়—লাগে হাঁফ !
কোনো নীতিই রয় না আর অচলা,
চরণ থেকেও হই যেন অথলা।
এ যেন ষাট্‌ বছর শাস্ত্র শুনে
সবে-হওয়া মূর্খ শ্লোকের গুণে।

* "পরিচয়" পত্রিকায় গিরিজাপতির দুতিনটি সমালোচনা-পাঠে।

অনামী

বুড়ো) সেই যে রুগী বিশটি চিকিৎসকে
দেখিয়েছিল রোগটি—(পাছে ঠকে !)
বিশটি নিদান—আকাশ পাতাল তফাৎ
বিশটি ওষুধ—মিল্‌ল—কী জোর বরাৎ !
তেম্‌নি যদি একটি কবি যাচাই
করতে সুধাও বিশটি ক্রিটিক বাছাই,
ফির্‌বে যখন—বাক্য যাবে হ'রে,
হয় বা না হয়—এসো পরখ ক'রে।

আরো) শুধু কি তাই ? ভেল কবিরা নিতি
রসজ্ঞেরো পাচ্ছে না কি প্রীতি ?
মিছ্‌রি-মুড়ির একদর তো কী !
না কর্‌লে এক—তাঁরাই বলেন "ছি !"
দুঃখে বড়ই বল্‌ল কবি : "বাঁচি—
নিরবধি কালের প্রসাদ যাচি' !"
কঠিন কথার উজান-পরমাদে
পাল তুলে তাই একান্ত আহ্লাদে—

পরের টুকু উহ্য দিলাম রেখে,—
দেখো, যেন গায় নিয়ো না মেখে।

প্রীতিবদ্ধ দিলীপ।

নিরুদ্দেশ

শ্রীমান দিলীপকুমারের উদ্দেশে —

বহুদিন কেন তব সহাস্য
দেখিনি অমল কমল আস্য,
তব মুখ হোতে সুরসুধা স্রোতে
শুনিনি সরস ভাবের ভাষ্য?

কেন যে তোমার এ ঔদাস্য
অবশ্য ক'রে লিখো লিখো মোরে
কারণটা যদি হয় প্রকাশ্য।
দুইজনেরে বিস্মরণের —
— মন হতে তার নিঃসারণের —
চর্চায় আজি হ'লে তুমি কাজি
একথা নেহাৎ অবিশ্বাস্য॥

ইতি ৫ মাঘ
১৩৩৪
শান্তিনিকেতন

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

কী-কারণ ?

কবি—

"ঔদাস্যের" চার্জ নিরীহ স্কন্ধে আমার সানন্দে
কেমন ক'রে চাপালে ঐ স্বচ্ছন্দে ?
পত্র তোমার পিয়ন যবে আন্‌ল—খুলেই থাম সোজা
বুঝনু তোমার চিরকেলে ভুল বোঝা।

শুন্‌বে বহুদিন ভেটিনি কেন তোমায় "সহাস্য"?—
যদিও কবি, জান্‌ত বা কে—এ-আস্য
"অমল কমল"—নিভ ঠেকে তোমার দিঠির অঙ্গনে
(ভাগ্যে নারী নও !—তবু হয় রক্ত বুকের চন্‌চনে !)
নয়ক টু' লেট—তৃপ্তি পাই এ-সান্ত্বনে।

মার্জ্জনীয় ডাইভ্যাগেশন্, তোমার কাছেই শিক্ষা তো !
মন্দকবিযশঃপ্রার্থী-দীক্ষা গো !
নিরঙ্কুশা জল্পনাতে নিতুই কর "বকবকম্" !
"অবান্তরের" চার্জ্জে কবি নয় জখম।

কিন্তু দেখো—ভুল বুঝো না ফের যেন এ-দুর্ভাগায়
যশঃপ্রার্থী নও তুমি,—সে—দিলীপ রায়।
অমল কমল যশও তোমার নিন্দি না। কী ? "বক্‌বকম্ !"
যার কথা তায় পাল্টে ট্রিবুট দেই চরম।
(গঙ্গা জলেই গঙ্গাপূজা হয় না ?—এ-ও সেই রকম।)

ভুল বুঝিবার রাজা তুমি—তাই ত পড়ি ফ্যাসাদে !
ব্যাখ্যা "সরস" করতে গেলেই গোল বাধে !
তার ওপরে তর্কে গানের স্বয়ং বাণী যান উড়ে
গানের স্থলে কচ্‌কচি নেয় স্থান জুড়ে।

বলছিনু কী ? ওহো—মনে পড়ছে—কেন তোমার পাশ
যাইনি "বহুদিন" ? শোনো নি ? সর্ব্বনাশ
আমার যে আজ ফের এক গুণীর পালোয়ানিতে ! সব ছেড়ে
—(ভরসা পেয়ে)—বল্‌ল এ মন : "ধর্ তেড়ে"।

ধরব কি হায় ? বল্‌ল গুণী মুখেই শুধু—প্রাণপণে
"বাৎলাবে" তার ঝোড়ো তানের শন্‌শনে
কেমনে হয় কণ্ঠে সরব নীরব সাঁঝের অস্তিমা
("গড়েন নিতুই বিপদ জালে" !—কী সে গ্রীবা ভঙ্গিমা !)
তবু গুণীর গুণপণার নেই সীমা।

সুর ও অসুর একসাথে ঠাঁই—বুঝি না এর রহস্য !
সিংহনাদই যার কাছে রয় নমস্য—
তারই কাছে দিয়েছে ধরা সুরের দরদ প্রাণকাড়া !
তাই তো নিতুই সই বেদম এর তান-ঝাড়া।

অন্বামী

দিন-পিছু হায় অনেকগুলি পিতার্জ্জিত আশ্‌রফি
দিই পায়ে তাঁর রাগরাগিণীর শাস্তবী
খেয়াই মায়া, এই দুরাশায়—"কোন্ সে-সুদূর দিগন্তে
এ সুর মনে ফুল ফোটাবে বসন্তে।"

বল্‌বে তুমি: কেনই বা মোর কাঁদুনি আজ উচ্ছ্বসে?
শুনবে—কেন? লিখ্‌ব তবে খুব ক'যে?
কতই জীবন ট্রাজিডি-রে আঁক্‌ল তোমার আলিম্পন
বুঝবে না কি "শাগ্‌রেদেরো" বিড়ম্বন?"

বিড়ম্বনা নয়? ভাবো তো—যার ফাঁদে আজ বন্ধ হায়!
সুযোগ পেয়েও মন তব না সঙ্গ পায়!!
কী সে "বিয়োগ গাথা"—(বলো তো "ট্রাজিডি"র বাংলা কি?)—
পড়্‌ল বাঁধা যায় উড়ো এ-প্রাণপাখী!!!

দোহাই কবি বিশ্বাস কোরো—নয়ক অতিরঞ্জন এ,
গানের তালিম নেওয়ার ক্ষতি গঞ্জনে
পিতৃদেবের গানের চরণ হয় মনে—"কে জান্‌ত গো
গান শিখিতে হবে এ-প্রাণান্ত গো?"

দূর বরোদায় কেউ কোথা নাই—যদ্যপি রাজ-অতিথি
এন্তেমাল কই হ'চ্ছে বল রাজরীতি?
মরু এ যে! আছে কি ছাই কোথাও কোনো কান্ত মুখ?
আছে যারা—কথা ক'য়েও নেই কো সুখ।

লক্ষ্ণৌয়ে গীত-সম্মেলনে (যেথায় তুমি এইছিলে)
কালোয়াৎবর মোরে শপথ যেই দিলে
"তশ্‌রিফ সাব্‌ লাইয়ে বরোদামে তালিম দুঙ্গা ম্যায়"—
এক লাফে হায় নিলাম শরণ তাঁহার পায়।

সভাগায়ক খাঁ-সাহেবে মন্ত্রী-প্রবর দেন খবর;
কোথায় বা খাঁ? দিলেন ঢাকা গা জবর!
দিনের পরে দিন কেটে যায় তালিমদাতার নেই দেখা,
ভবিতব্য! খণ্ডে কি ললাট-রেখা?

এই ত সেদিন আর এক গুণী গায় দিন্থ প্রায় দেড় হাজার
জল্‌শাদিতে—দেড়মাসেরই জলখাবার,—
"মোটে?" ব'লে চ'টে—ক্ষোভে আরও দু'শো ধার নিয়ে—
নাঃ কবি, আর ফিরিস্তিতে কাজ কি এ?
এঁর কাহিনীই বলি—কী ফল যত ঠকার ঠিক্ দিয়ে?

মন্ত্রী দিলে চাপ—খাঁ-সাহেব এলেন বিরাট পাগ বেঁধে।
সুধা হেসেই জানালেন যে যায় বেধে
তালিম দেবার "তাকত্‌টি" তাঁর না দেই যদি দিন-পিছু
বিশ রূপেয়া মাত্র—"এমন নয় কিছু।"

বিশ রূপেয়া দিন!! কিছু!!! হায়, নয় কবি এ বাড়ানো;
যুক্তি? অহো, তায় কি কভু বোঝানো
যায় নারী আর ওস্তাদে? হায়, জানো নারীর রীত্‌নীতি
নিশ্চয়ই—নয় অজস্র কি গীত বিধি

অনামী

বর্ষাতেন ঐ কলম-মুখে—তাই উপমায়, কল্পনায়
এক হ'তে লও অঙ্কে বুঝে—বর্ণনায়
জানই তো···না যায় গো কভু কীর্ত্তি গুরুর ফোটানো !
('নারী'—'গুণী'—দুই যে গুরু তাও জানো)
বর্ণনাও নয় এ—কেবল একটু কাঁদন ফেনানো।

কিন্তু না—আর নয় ফেনানো—জেনে রাখো ওস্তাদে
(নারীর মতই) দেয় না ধরা মোটেই—শুধুই বাদ সাধে
বক্ষে তুলে মই কেড়ে নে' বিনিয়ে কেঁদে ছল-প্রলাপ
(যেন ওঁদের) বক্তিমেতেই হয় বা চতুর্ব্বর্গ-লাভ।

তিনটি দিনে "উন্‌চাল্লিশ্‌" মুদ্রা নিয়ে এ-স্বজন
আধ্‌খানি হায় করেন "তোড়ী" নিঃসারণ।
অবশ্য তাঁর পদ্মমুখে "বা-রে-আমি"-র নেই কমি
হাম্‌বড়াইয়ের সুরু হ'লেই প্রভু আমার নেন জমি
(নামে বাখান—কোথায় কারে কোন্‌ "গমকে" দেন দমি')

ওস্তাদের এই বঞ্চনে আজ উঠ্‌ছে বড়ই মন মথি'
হয় তো তোমার নেই কো এতে সম্মতি !
হয় তো তুমি রাগ্‌বে—"কেন শিখ্‌তে বা যাই কোন্‌ টানে ?"
হায় কবি, ফের তর্ক বাধে ঐখানে।
(গরু রোগেই ঘোড়া মরে—যখন না এ মন মানে !)

রাগরাগিণী যায় না শেখা শুধুই বিমল প্রতিভায়
সুক্ষ্মঢঙের তান আলাপের সুষমায়
"শয়দা" যে হয়—সে ক্ষেপা যায় ঐ সোমেরই সন্ধানে
ঐ সু-রসের ভাণ্ডারীরই আহ্বানে।

নয় ট্রাজিডি ?   লো দরদী, দোহাই, কাঁদো একটি বার
সুরের পিয়াস তরে যখন দুর্ভাগার
পোড়ে কপাল ফন্দীবাজের বঞ্চনা আর ভঙ্গীতে—
অর্থ হারাই তায় দুখ নাই—কতই ত হায় সঙ্গীতে
দিইছি ঢেলে ওঁদের পায়ে—ইঙ্গিতে !

দুঃখ শুধু—আজ ভারতে এই পেশাদার বঞ্চকই
রেখেছে ঐতিহ্য মোদের বন্ধকী
তাদের সাথেই লুপ্ত হবে (হ'য়েছেও তো অগণ্য)
সুরের কুমুদ—নীল রাঙা পীত সুবর্ণ।

থাক্‌গে করা ত্যক্ত তোমায় ভগ্নহৃদয়-সংবাদে
আজকে আমি চল্‌তি—ছেড়ে ওস্তাদে—
গুর্জ্জরেতে জুড়্‌তে ভাঙা বুক বন্ধুর আতিথ্যে
মিট্‌লনা ফের পাওয়ার তৃষা এ-তীর্থে।
("কঠ্‌" যাঁহাদের আছে পড়া "তর্পে" তাঁদের কে "বিত্তে ?")

৫

অন্যামী

সেখান থেকে ফেরার পথে—তোমার হোথা দেবই টুঁ
টুটিয়ে "সরস ভাবের ভাষ্য"—সু ও কু—
করব আবার হও অবধান! তোমার সাথেই জমাবো
তর্ক-আসর ফের—তোমারে দমাবো
(একান্ত অদম্য হ'লে একটুও তো চটাবো!)

'অতুল' 'শরৎ' 'রবি' হেথায় রয় ব'লেই না—সংসারীর
রইছি টিঁকে আজও!—নইলে 'কংসারীর'
কবে নিতাম শরণ কবি, "বিস্মরণি' সুহৃজ্জন!"
তাই তো তোমায় করি এতই আকিঞ্চন।

রাগ কোরোনা চ্যালেঞ্জে এ—বড্ড তুমি মিষ্ট যে!
তাই তো মোরা হই সদা অশিষ্ট হে!
প্রাণ তব যে আজও তরুণ—তাইতো তোমায় গরিষ্ঠ
ভাবতে নারি—আমরা বয়ঃ-কনিষ্ঠ!

গুরু-হারা পাগলপারা হয় তো হে তাই তোমার পাশ
তূর্ণ যাবে দীপ্ত তোমার হাসির আশ;
সাবধান হে তাই সত্বরই ধাই' হব তোমার সম্মুখীন!
(পুষিয়ে নেব তর্কে গানে গল্পে! আমি—দরদহীন!
বড্ড তোমায় দিইছি রেহাই বহুদিন!

সান্ত্বনা মোর এইটুকু যে ওস্তাদই তো নেই ধরায়
এক আধারে মোদের মাঝেই আজকে ভায়
চন্দ্রিমার ঐ স্বর্ণিমা সাথ তর্ক-রবি দুরন্ত
যার পরাণের উছল-রস—অফুরন্ত!

শোধবোধ *

রেস্তরাঁ। সহসা কী রে!—পাশে কান্তা ব'সে!
তবু কে-ও বঙ্গবীর করিতেছে ক'ষে
কলহ গার্সঁ'র সাথে?—কহিছে সরবে:—
"আপেল খাইনি' তবু দাম দিতে হবে!!"
গার্সঁ কহে:—"মোর প্রভু অপরাধ ক্ষম,
তাব্‌ল্ দোংত্ এ যে নিতান্ত নির্মম।
আপেল রয়েছে পাশে অতি দেলখোষ,
তুমি নাহি খেলে বল মোর কী বা দোষ?"

* * *

ক্ষণপরে ও কী! ফের বাদ বিসম্বাদ?
রুষে গার্সঁ:—"ন' ফ্রাঁ। কোন্ অপরাধে বাদ?"
—"চুমা খাওয়া অপরাধে আমার ইঁহারে।"
—"মিথ্যাবাদী! চুমা! আমি কক্ষনো উঁহারে—"
—"উনি র'য়েছেন পাশে অতি দেল্‌খোষ
তুমি নাহি খেলে বল মোর কী বা দোষ?"

—অথ প্যারিস

* গার্সঁ=garcon=হোটেল রেষ্টরান্টের পরিবেষক। তাব্‌ল্ দোংত্=table d'hote=যাতে সব কয়টি ডিশ্ বা ব্যঞ্জনাদির জন্যে একজোটেই দাম দিতে হয়—খেলেও, না খেলেও। ফ্রাঁ=franc=ফরাসী টাকা।

ভবের গতি

কী জ্বালা! আঃ, গলা কে গো জড়ায় রাস্তায়?
—"রাস্তার ওপার কোথা, দোহাই আমায়
দাও ব'লে!"—অতি কষ্টে বারুণী-নন্দিতে
ছাড়ায়ে কহিনু: "ওই—ওই তো—দেখিতে
পাও নাকি অন্ধ? সোজা পেরুলেই—ও-ই—"
কাঁদে পান্থ: "হায় হায় ভবে মিথ্যা বই
কিছু কি শেখেনি কেউ? এইমাত্র দেখি'
ওপারে আরেক জনে এই প্রশ্ন একই
শুধাতে দেখায়ে দিল—রাস্তার এপার।
সেই একই প্রশ্নে—তুমি দেখাও ওধার!!"

—অথ ভিয়েনা

পাবেই চাহিলে

সারাদিন গিরিপথে বরফে গড়ায়ে
সন্ধ্যাকালে শ্রান্তদেহে সহরে পৌছায়ে
সুধানু পথিকে এক: "জানেন ম'শায়
ফ্রীদ্ হোটেল কোথা?" পান্থ তখনি দাঁড়ায়:
"ফ্রীদ্-হোটেল কিম্বা ফ্রীদ্ রেষ্টরাণ্ট চা'ন?"
দিশা মিলে অবশেষে! রোমাঞ্চে পরাণ!!
(দিশারীর ছদ্মবেশে প্রভু নিত্য ফিরে!
সাধে ব'লেছেন খৃষ্ট—'চাহিলে পাবি রে!')
—"কিছু খাদ্য,—যে-কোনোটি হইলেই হয়।"
কহিল দিশারী: "আমি জানি না ম'শয়।

—অথ ড্রেসডেন

ব্রহ্মাস্ত্র

"তুমি—তুমি—তুমিই তো"—"হায়! যত দোষ—
জানো তো ভারতে বলে—দায়ী নন্দঘোষ?"
—"ফের ঠাট্টা? লোকে জানে বড় শান্ত ছেলে!"
—"নহিলে নীলাঞ্জনেত্রে, কভু ভাগ্যে মেলে
তব সমা শান্তিময়ী?"—"ফের!!"—"রুষ্টে! ঠিক্
বলো তো কে আগে"—"আহা কে—ন করো দিক্?
সাক্ষী চাও যদি—ছায়াময়ে ডেকে আনো।"
—"ছায়াময় যে গো তব ছায়া—বেশ জানো"—
—"ফের? জানো 'শান্তিময়ী' ও-ঠাট্টা কখনো
করে না পছন্দ? ছি ছি।"—"আহা আগে শোনো
কী আমার চার্জ্জ!! তুমি কেবলি যে চ'টে
সত্যকে বেঁকিয়ে মিথ্যা কাঁদুনি-দাপটে"—
—"কী!! আমি কাঁদুনে!!!"—না না—কে ব'লেছে—তবে"—
নামে বর্ষা। কে জিতিল?—বলিতে কি হবে?"

—অথ বার্লিন

কলহান্তরিতা

কলহ? তোমার সাথে? তা কি সখী হয়?
যত ও-নয়ন রাঙে—প্রাণও যে সে-তালে
রাঙে নিত্য। প্রতি পদে নব পরিচয়
লভিতেই ঠোকাঠুকি লাগে ডালে ডালে।
কি জানো?—বিরহ-বিষ যবে নাহি মিলে,
সতত মিলন-মধু ক্ষরে শতধারে,—
প্রাণ চায় নীলকণ্ঠ হ'তে। না পুরিলে
সে-গরলসাধ—খোঁজে কলহেই তারে।
উপল মসৃণ হয় নদীর কলহে
শোণিতে উত্তাপ দেয় শীতের কাঁপন,
যত খাদ—বিয়াত্রিচে! পাবকই না দহে!
স্ফুরিত অধরে কে না আকাঙ্ক্ষে চুম্বন?
—"ভুলবোঝা?" অবুঝ না হ'ত প্রেম যদি,
নর কভু খুঁজিত কি নারী নিরবধি?

—অথ ভেনিস

প্রশ্ন *

প্রিয়বরেষু,—

হায়) একি হ'ল মতি ? একি অবনতি ? শোচনীয় অতি !
শেষে) তানসেন হ'তে হ'লে শূর্পণখা ?
শুনি) জার্ম্মাণ ভাষায় দন্ত ক্ষয়ে যায় ! তব নাসিকায়
আজি) অস্ত্রাঘাত হায় কেন শুনি সখা ?
হ'য়ে) ভিয়েনা-আসীন হ'লে দন্তহীন হ'ত সমীচীন ;
জানি) বৃথা কিন্তু এবে সে-বিষয়ে বকা ;
তবু) ফরাসী-দেশেতে ভিষক্-হস্তেতে যদি রেখে যেতে
ওই) নাসিকাংশ তব—হ'ত নাকো ঠকা ।
জানো) শাস্ত্রের বচন, গতের শোচন কোরো না কখন ;
বলি) তবু বিবেচনা কোরো না খামকা !
হায়) নাসিকার দাদা, জানো না মর্য্যাদা ! হ'য়ে জন্ম খাঁদা
আমি) মাঝে মাঝে শ্বাস ফেলি যে দমকা !
তুমি) বুঝিবে গো কালে—কি ধন হারালে !—হায় তব ভালে
লেখা) এ-ও ছিল শেষে পরিবে বোরখা ?
হায়) দেখি সবে প্রায় সহজে যা পায় হেলায় হারায়,
তাই) ছিন্ন মন্দারেরে শোচেনা অলকা !
জানি) আছে তব আশ 'পারিসে'তে বাস—ওরা উপহাস
কভু) করিবে কি বাণী 'অনঙ্গনাসকা' !
তুমি) "না" বলিছ বটে প্রাণপণে চটে',—মোর শ্রুতিপটে
যেন) দা হ'য়ে ভীতির মারে তা ঝটকা !
জানো) শ্রীরাম-জীবনে বাল্মীকি যতনে কৈলা রামায়ণে
আমি) লিখি "নাসায়নে"—নাসা গেলে সখা !
শোনো) তথাপি যে-জন প্রাতে 'নাসায়ন' করিবে পঠন
দেখি) কার সাধ্য তারে করে শূর্পণখা !

ইতি । প্রীতিমুগ্ধ শ্রীক্ষিতীশচন্দ্র সেন

---

* ভিয়েনা হাঁসপাতালে ১৯২৭এ নাসিকায় অস্ত্রোপচার উপলক্ষে বন্ধুবর ক্ষিতীশ সেন নীস থেকে এ-চিঠিটি পাঠান। উত্তর ঐ হাঁসপাতালেই লেখা।

উত্তর

প্রিয়বরেষু,—

এত মতভেদ মাঝে হেথা কেন
সমন্বয়ে খেদ করে সবে হেন নরে ?
প্রতিপদে জ্বলে পুড়ে তবুও সে
নাসা তরে কেন মাথা খুঁড়ে ক'সে মরে ?
চোখ থেকে চোখ হারায়ে সান্ত্বনা
পতি তরে সতী গান্ধারী পেল না ভবে,
গুরু উরুহীন দুর্য্যোধন মরে
আগুনে হনুর লেজ লয় হ'রে যবে,—
তখন ত স্মরি' কল্পনা বা ত্রাসে
অথবা বেদনা গদ্‌গদ-ভাষে নরে
ধায় না কো করি অশ্রু বিমোচন
এ-সকল অঙ্গহীনের তর্পণ তরে !!
কিম্বা যবে জড়ো অঢেল প্রসাদ
মধ্যে ফ্যাল্‌ফেলি চাহে জগন্নাথ ঠুঁটো,
তখন কবে বা ভকত-প্রবর
চেয়েছে দানিতে কর্ম্মক্ষম কর দু'টো ?
তবে কেন শুধু শূর্পণখা লাগি'
গালে হাত দিয়া বালা নিশি জাগি' ভাবে ?
সান্ত্বনা ?—কিন্তু তা সর্ব্ব-অঙ্গ মাঝে
কেন নাসা সম সৃষ্টি অতি বাজে পাবে ?
শুধু বালা হ'লেও বা কথা ছিল
কিন্তু যবে আই সি-এস কাঁদিল হায়,
উপেক্ষিয়া যত অঙ্গহীন জনা—
তখন কে-ই বা না ঠেকে বল না দায় !
শুধাতে তখন হই যে বাধ্য :
"উত্তমাঙ্গ মাঝে কে বল অবাধ্য এত ?"
দাও তো উত্তর এই জিজ্ঞাসার !
নাসা কাজ করে ?—কর্ত্তব্য তাহার সে তো।
সর্ব্ব ইন্দ্রিয়ের মতো সে-ও তার
কর্ত্তব্যটি সাধে বলি' কি তাহার পায়
মাথা কুটি হবে মরিতে ?—যখন
তারে ল'য়ে মোরা এত জ্বালাতন হায় !
তাই—শোনো সখা—আজিকে হে মোর
অতীব ভীষণ সঙ্কল্প কঠোর ! আমি
নাসিকার শোচনীয় প্রকৃতির
দিবই প্রমাণ সুচিন্তিত, ধীর, দামী :—
সর্দ্দিতে ? এজন নহে কুটমতি ?
শুধু কি নিজের ?—চক্ষু কর্ণ ক্ষতি সাধে ;
একধার হ'লে বন্ধ—অন্য ধার
খোলে—হ'লে বন্ধ দুই রন্ধ্র তার বাধে
মহা গোলযোগ !! অথচ আবার এ
দুই রন্ধ্র প্রতি পক্ষপাতাচারে নিতি
বিদ্বৎ সমাজে নাকী বলি কেন
হাসে সবে ?—কোথা কে শুনেছ হেন রীতি ?
ভেবে কি দেখেছ ভো ভো লক্ষ্মীমন্ত,

অনাম্নী

প্রায়ই মতি ওর কী ঘোর দুরন্ত   হেয় ?
যদি ওরে প্রাণ ভরিয়া হাঁচাও
তবুও কি তার মন কভু পাও   কেহ ?
ঘৃতাহুতিহবিঃ পেয়ে অর্চি সম
হাঁচি লভি' লোভী জ্বলি'—নিরমম   ওঠে !
করি মনপ্রাণ আকুলিত শীতে
শীৎকার-চরণে কাঁপিয়া লুণ্ঠিতে   ছোটে !
তাছাড়া—নিদ্রায় তার আচরণ
নিত্য বেরসিক সম অশোভন   নয় ?
যদি প্রণয়ীর শোনে কোনো সতী
মাকাল নাসার হেন মতিগতি,   ভয়
পাবে না অবলা ?   বাসিবে কি ভালো
সে বল্লভে ?—হোক্ রূপে ঘর আলো—   তবু
প্রেম কাব্যরাজ্যে দেন দুরারোগ্য
গন্ধরব কি গো সমর্থন-যোগ্য   কভু ?
সবার উপরে উদ্যমী মানব
দেখায়েছে তার শকতি-বিভব,   শুদ্ধ
নাসিকার হেন বেসুরো সঙ্গীতে
শত চেষ্টায়ও পারে নি করিতে   রুদ্ধ ।
সর্ব্বোপরি কেনা জানে ?   দম্পতীর
গূঢ় সম্ভাষণে সে কী সুগভীর   বাধা !
যেন ধোপ্‌দস্ত পিরানের গায়ে
বেরসিক 'বাস্' গেছে গো ছিটায়ে   কাদা !!
নাসারে কাদারে সদা সন্তর্পণে
তোষামোদ ক'রে চলি ত্রস্ত মনে   বটে,
কিন্তু তাই ব'লে হেন আচরণে
কোন্ সুধী নাহি থাকে মনে মনে   চ'টে ?
তবে কেন সখে, হেন নাসিকায়
দণ্ডিলে পরাণ উচ্ছসে ব্যথায়   তব ?
কেন—যাহা বিষকুম্ভ পয়োমুখ
তার দণ্ডে আর্য্য !   এ অসহ দুখ   লভ' ?

ইতি ।   প্রীতিবদ্ধ   শ্রীদিলীপ কুমার রায় ।

Warning

Pure at heart we wander now :
Comrade on the quest divine,
Turn not from the stars your brow
That your eyes may rest on mine.

Pure at heart we wander now :
We have hopes beyond to-day ;
And our quest does not allow
Rest or dreams along the way.

We are in our distant hope,
One with all the great and wise :
Comrade, do not turn or grope
For a lesser light that dies.

We must rise, or we must fall,
Love can know no middle way :
If the great life do not call
Then is sadness and decay.

A. E. (GEORGE RUSSELL)

সম্মুখে...

শুভ্র প্রাণে চল বন্ধু, অভিসার-রথে :
মোরা স্বপ্ন-সাথী—স্বপি স্বর্লোক বাসর ,
ফিরায়ো না আঁখি তব উর্দ্ধ তারা হ'তে
মিলিতে পার্থিব আশে মোর দিঠি'পর।

শুভ্র প্রাণে চল বন্ধু, অভিসার রথে :
অনাগত আবাহনে—সমীপ লঙ্ঘিয়া ;
মূর্ত্তে কি আরাধ্যলোক—যদি পদে পদে
প্রার্থি ভাবোচ্ছ্বাস—চলি থামিয়া থামিয়া ?

ঋষি-ধ্যানে মহতের দূর অভীপ্সায়
মিলে বন্ধু, মোদের দুরাশা অমলিন :
ফিরিবে কি যাচি' মুগ্ধ অনামা তৃষ্ণায়
যে-ক্ষুণ্ণ আলোক নাহি দীপ্তে মৃত্যুহীন ?

পাতিব আসন ব্যোমে,—অথবা ধূলায়,
থামে কভু মধ্যপথে প্রেমের স্পন্দন ?
বিপুল বাঁশরী যদি নাহি ডাকে হায়,
বৃথা তবে বহি এই নিঃস্বপ্ন জীবন।

The Rose in the Heart

All things uncomely and broken
    all things worn out and old,
The cry of a child by the road-way,
    the creak of a lumbering cart,
The heavy steps of the ploughman,
    splashing the wintry mould,
Are wronging your image that blossoms
    a rose in the deeps of my heart

The wrong of unshapely things,
    is a wrong too great to be told ;
I hunger to build them anew,
    and sit on a green knoll apart,
With the earth and the sky and the water,
    remade like a casket of gold
For my dreams of your image that blossoms
    a rose in the deeps of my heart.

YEATS.

হৃদয়-নীলোৎপল

যা কিছু ভাঙাচোরা, রাজে অসুন্দর,
    জীর্ণ-জর্জ্জর—মরণছায় ;—
ক্লিষ্ট শকটের বেসুরা ঘর্ঘর
    শিশুর ক্রন্দন—পথে উছল ;—
হলীর মন্থর চরণ-উথলিত
    ক্ষেত্র-কর্দ্দম—তুহিনকায় ;—
সকলি আবিলায় মূরতি তব—যাহা
    গহন প্রাণে ফুটে—নীলোৎপল ।

শ্রীহীন যত কিছু দারুণ গ্লানি তার
    ভাষায় বর্ণিতে—বাণী কোথায় ?
শ্বসি গো তারে নব- ছন্দে নির্ম্মিয়া
    হেরিতে বসি' দূর ব্রজে শ্যামল ;
বসুধা বারি-ব্যোম রচিত হ'লে পুন
    নিখিল সেই হেম-মঞ্জুষায়
রাখিয়া মূরতিটি স্বপিব তব—যাহা
    গহন প্রাণে ফুটে-নীলোৎপল ।

Krishna

I paused beside the cabin door and saw the King of Kings at play,
Tumbled upon the grass I spied the little heavenly runaway.
The mother laughed upon the child made gay by its ecstatic morn,
And yet the sages spake of it as of the Ancient and Unborn.
I heard the passion breathed amid the honey-suckle scented glade,
And saw the King pass lightly from the beauty that he had betrayed ;
I saw him pass from love to love ; and yet the pure allowed His claim
To be the purest of pure, thrice holy, stainless, without blame.
I saw the open tavern door flash on the dusk a ruddy glare,
And saw the King of Kings outcast reel brawling through the starlit air ;
And yet He is the prince of peace of whom the ancient wisdom tells,
And by their silence men adore the lovely silence where He dwells.
I saw the King of Kings again a thing to shudder at and fear,
A form so darkened and so marred that childhood fled if it drew near ;—
And yet He is the Light of Lights whose blossoming is paradise,
That Beauty of the King which dawns upon the seers' enraptured eyes.
I saw the King of Kings again, a miser with a heart grown cold,
And yet He is the Prodigal, the Spendthrift of the Heavenly Gold,
The largesse of whose glory crowns the blazing brows of cherubim,
And sun and moon and stars and flowers are jewels scattered forth by Him
I saw the King of Kings descend the narrow doorway to the dust
With all his fires of morning still, the beauty, bravery and lust.
And yet He is the life within the Ever-living Living Ones,
The ancient with eternal youth,.the cradle of the infant suns,
The fiery fountain of the stars, and He the golden urn where all
The glittering spray of planets in their myriad beauty fall.

A. E. (GEORGE RUSSEL).

কৃষ্ণ

কুটীরের পাশে থমকি' হেরিনু খেলায় বিভোর রাজাধিরাজ—
আসীন স্বর্গ-পলাতক ভোলা তৃণ 'পরে ধূলি-ধূসর-সাজ।
দুলালের পানে হাসে মাতা—তার পুলক-অরুণে মুগ্ধ প্রীত,
যোগীঋষি তবু গাহিল: "সে চির-অনাদি অশেষ জনমাতীত।"
মাধবী-বাসিত কুঞ্জে শুনিনু উছাস প্রেমের নিশাস বায়,—
পরে শঠরাজ চপল চরণে চলিল ভাসায়ে বঞ্চিতায়।
লখিনু তাহার ফুল হ'তে ফুলে কেলি,—তবু যত শুভ্র প্রাণ
গাহিল: "স্বরগশুভ্র সে—পূত—অপাপবিদ্ধ—জ্যোতিষ্মান্।"
বারুণী-বিপণি হ'তে দ্বার খুলি' ঝলকি' গোধূলি রক্তিমায়
দেখিনু সে গৃহহারা রাজরাজে মত্ত মুখর তারকাভায়;—
তথাপি ত্রিকালদর্শী করিল রটনা: "শান্তি ভৃত্য তার";—
নীরব অর্ঘ্যে করি পূজা—তারি অতুল দেউল—নীরবতার।
রাজরাজেন্দ্রে নিরখিনু পুন করাল-কম্প, ভয়াল-ভীম,
ভীম্ম কুটিল ছায়ায় যাহার শিশুরা পলায় শঙ্কাহিম;—
তথাপি আলোর-আলো সে—যাহার উন্মীলে মেলে দ্যুলোক দল
রাজরূপ যার উদিলে নয়ন শিহর-চমকে হয় বিভল।
কৃপণ নিঠুর সম হেরিয়াছি তুহিন-কঠিন হৃদয় তার;—
বিলায় তবু সে যাহা আছে তার ত্রিদিব-স্বর্ণ অঝোরধার।
লভি' জ্যোতিকণাদান তার—দীপে দেবকুমারের দীপ্র ভাল;
রবি শশী তারা ফুল—মণি তার, হেলায় ঝরায় সে চিরকাল।
নেহারিনু রাজরাজে অন্তিমে, শ্মশানে-শয়ান—ধূলায় লীন—
স্তব্ধ জীবন-প্রভাত-মরীচি, শৌর্য্য সুষমা প্রেম—মলিন।
তবু অখিলের চিরঞ্জীবীর হৃদে জ্বলে তারি অমর প্রাণ,
সেই সনাতন—সে চিরনূতন—সৌর জগৎ-দোলা মহান্—
অর্ব্বুদ তারা বহ্নি-গোমুখী—হিরণ্যনীড়—ফিরে যেথায়
স্ফুরৎ-রঙ্গ গ্রহ-তরঙ্গ কোটি বিভঙ্গ দীপ্তিমায়।

To see a world in a grain of sand
And a heaven in a wild flower ;
Hold infinity in the palm of your hand
And eternity in an hour.

BLAKE

প্রতি বালুকায় মূর্ত্ত—ভুবন সারা,
অমরা দীপ্ত—প্রতি বনফুলদলে,
প্রতি করতলে বিম্বিত—সীমাহারা,
অনাদি অশেষ ঝঙ্কৃত প্রতিপলে।

বালুকা-কণায় হেরিনু নিখিল সারা,
দ্যুলোক দীপিল কাননকুসুমদলে,
বন্দী করিনু করতলে সীমাহারা,
অনাদি অশেষ ঝঙ্কল প্রতিপলে।

This Errant Life

This errant life is dear although it dies ;
And human lips are sweet though they but sing
Of stars estranged from us ; and youth's emprise
Is wondrous, although an unsure thing.
Sky-lucent Bliss untouched by earthiness !
I fear to soar lest tender bonds grow less.
If thou desirest my weak self to outgrow
Its mortal longings, lean down from above,
Temper the unborn light no thought can trace,
Suffuse my mood with a familiar glow !
For it is with mouth of clay I supplicate :
Speak to me heart to heart words intimate,
And all Thy formless glory turn to love,
And mould thy love into a human face !

AMALKIRAN (ALIAS C. D. SETHNA).

অসহায়

লক্ষ্যহীন ক্ষণধ্বংসী এ জীবন—তবুও সে প্রিয় ;
মর কণ্ঠ গাহে যদি শুধু হৃদয়ের অতিদূর
হারানো তারকা-গীতি—তবুও সে বরষে অমিয় ;
চঞ্চল যৌবন—তবু বিস্ময়ে বিহ্বলে হৃদিপুর
দৃপ্তবীর্য্যে। নাহি চাহি ধরাতীত নীল রমণীয়
আনন্দ-বিহার—পাছে শ্লথ হয় বন্ধন মধুর।
পার্থিব বাসনা জালে বাঁধা মোর অক্ষম জীবন
ঊর্দ্ধে মা তুলিবে যদি—এসো নেমে উরধ হইতে ;
স্নিগ্ধ করো—মানস-অতীত তব অজাত কিরণ
উদ্ভাসিত করো মম চিত্ত—কম দীপ্তি পরিচিতে।
তৃষিত পার্থিব মোর অধর উছসি' আজি যাচে :
"প্রাণে প্রাণে কহ কথা আসি' মাগো মধুর গোপনে ;
অকায়া দ্যুতিরে তব দাও প্রেম-কায়া—এসো কাছে,
কুসুমি' সে দিব্য প্রেম কান্ত এক মানবী-আননে।

Canzonet

So passing sweet
To adore her heaven-remembering feet,
For she disdains not earthly grace!
And strangely hued
With love's impassioned sanctitude
Lures the dream-shadowy silence of her gaze!

O hers the ecstatic mood
Of an eternal dawn-pure sky
Where blends in deepest amity
The awakening loveliness
Of voiceful day
With night's unchangeable mystery
Past human words...

Poor fleeting words
In vain endeavouring to express
What aeons of constellate calm can scarce convey!

AMALKIRAN

কান্তিময়ী

অবর্ণ্য সে-মধুরিমা—যবে দেই উজাড়ি' মা মোর
অন্তরের প্রেম-অর্ঘ্য স্বরগের স্মৃতি-রাঙা পদাম্বুজে তোর!
ধরার সুষমা-ডালি যে-জননী ঠেলে না চরণে···
যার স্বপ্নচ্ছায়াভরা
নয়ন-নৈঃশব্দ্য ডাকে···ডাকে···চিত্তহরা
উচ্ছ্বসিত প্রেমারক্ত পূজাপূত বিচিত্র বরণে!···

কান্তি যার পুলক-নির্ঝরা···
অনাদি অশেষ নীল আকাশের উষোজ্জ্বল শুভ্রতার সম···
যেথায় গভীর সুরে বাসর-মিলনে নিরুপম
মিলে কলোচ্ছল দিবসের
বিকচ-উন্মুখ লাবণ্যের
জেগে-ওঠা সাথে স্তব্ধ শর্ব্বরীর চিরন্তন রহস্য পরম
নর ভাষা-পারে!···'

চঞ্চল বচন বৃথা তারে
চাহে হায় প্রকাশিতে—বার্ত্তা যার যুগযুগান্তের
নক্ষত্রের গাঢ় শান্তি প্রস্ফুটিতে নারে দীপ্ত পটে অম্বরের।

অনামী

The delight of victory is sometimes less than the attraction of struggle and suffering; nevertheless, the laurel and not the cross should be the aim of the conquering human soul.

SRI AUROBINDO

জয়ের দীপ্র   পুলক তীব্র
ছাড়ি' হৃদি চির-দিগ্বিজয়ী
কভু তারি পাকে   পড়ে, যেথা ডাকে
দ্বন্দ্ব বেদনা কুহকময়ী ;
তবু বাঞ্ছিত   নহে লাঞ্ছিত
তপ্ত জীবন—দুঃখ শিখা,
বিঘ্ন বিনাশী   পরাণ দুরাশী
পরিবে পরিবে বিজয় টীকা।

God and Nature are like a boy and a girl at play and in love. They hide and run from each other when glimpsed, so that they may be sought after and chased and captured.

SRI AUROBINDO

লীলাময় ধাতা লীলাময়ী এই প্রকৃতি দু'জনে
লুকোচুরি যেন খেলে
প্রেমিক-যুগল— কিশোর-কিশোরী-সাধে,
এ উহারে খুঁজে, দু'জনার দেখা হয় ক্ষণে ক্ষণে
পলায় এ—ওরে ফেলে,
শেষে দোঁহে দোঁহা ছুটি বাহুপাশে বাঁধে।

In the Moonlight

If   now must pause the bullock's jingling tune,
Here let it be beneath the dreaming trees
Supine and huge, that hang upon the breeze,
Here in the wide eye of the silent moon.

How living a stillness reigns ! the night's hushed rules
All things obey but three, the slow wind's sigh
Among the leaves, the cricket's ceaseless cry,
The frog's harsh discord in the ringing pools.

Yet they but seem the silence to increase
And dreadful wideness of the inhuman night.
The whole hushed world immeasurable might
Be watching round this single spot of peace.

So boundless is the darkness and so rife
With thoughts of infinite reach that it creates
A dangerous sense of space and abrogates
The wholesome littleness of human life.

The common round that each of us must tread
Now seems a thing unreal, ; we forget
The heavy yoke the world on us has set,
The slave's vain labour earning tasteless bread.

SIR AUROBINDO

চন্দ্রালোকে…

ধেনুকণ্ঠে ঘণ্টাধ্বনি এ-গগনে যদি বা মিলায়
ধীরে হোক্ লীন এই স্বপ্নালস মহীরুহ-তলে,
শান্ত সমীরণে যার দীর্ঘছন্দা শ্লথকায়া দোলে,
বিনিস্তব্ধ হিমাংশুর স্নিগ্ধায়ত নয়ন-প্রচ্ছায় ।

রোমাঞ্চিত নীরবতা ! নিথর ছন্দিমা যামিনীর
ভঙ্গ শুধ্ করে ত্রয়ী : পত্রমাঝে মলয়-মর্ম্মর
দীর্ঘশ্বাস তালে তালে, ঝিল্লীরব অশ্রান্ত মুখর,
ধ্বনিত তড়াগবক্ষে রূঢ় রুক্ষস্বর দাদুরীর ।

সেই ঐক্যতানে তারা গাঢ়তর করে স্তব্ধতায়,
ব্যাপ্ততর করি' ধরে ত্রস্ত ছায়াব্যাপ্তি শর্ব্বরীর ;
অমেয় নিখিল যেন চেয়ে আছে এই ধ্যানস্থির
শান্ত বনস্থলী-পানে থমকিয়া—নিশুতি নিশায় ।

সীমাহারা এ-আঁধার, রন্ধ্রে রন্ধ্রে ছেয়ে আছে তার
অনন্ত-প্রসারী চিন্তা ;—আজি যেন চাহে সে সৃজিতে
করাল ব্যোমের ব্যাপ্তি সীমাহারা—চাহে বিধ্বংসিতে
মর জীবনের স্বস্তি শান্তিঘেরা তুচ্ছতা অসার ।

যে-সরণী চিরন্তন বাহি' সবে চলে দিনরাত
আজি যেন মনে হয় মরীচিকা-সম,—ভুলি আজ
জীবনের লক্ষশত গুরুভার অর্থহীন কাজ,
ভুলি—মুষ্টিভিক্ষা তরে দাসের নিষ্ফল প্রাণপাত ।

ঘুমপাড়ানি

আয়রে আমার সুধার কণা,
আয়রে ননীর ছবি !
আয়রে নিশার সোণার চাঁদ
আয়রে উষার রবি !
উড়ে উড়ে বনে বনে
বেড়াস্ বনের পাখী !
যাস্‌নে ওরে, আয়রে তোরে
বুকে ক'রে রাখি ।
উঠায়ে তোর হাসির লহর
যাস্ রে কোথা চ'লে ?—
পাষাণ ভাঙা নির্ঝরিণী
ভাঙা ভাঙা বোলে ?
বুকের কাছে আসিস্ শিশু,
জড়িয়ে আমার গলে,
রচিস্ তাহে ইন্দ্রধনু
আমার অশ্রু জলে ।
তুই যাদু তো দুষ্টু বড়
আসিস্ না কো কাছে,
ভাবিস্ কি রে অশ্রু-নীরে
যাস্ রে ভিজে পাছে ?
না যাদু তোর হাসিতে মোর
দুঃখ যাবে দূরে,
ফুটবে মধুর চাঁদের আলো
এ-আঁধার পুরে ।

(দ্বিজেন্দ্রলাল)

বালগোপাল

চম্‌কে তিমির থির বিজলীর
বিভায়—মনোচোরা !
আয় রে মধুর বাজিয়ে নূপুর
স্বর্গ স্বপন-ঝোরা !
তোর বাঁশিতে নিখিল-চিতে
অলখ্ এলো বেয়ে
তোর শুনি' তান বইল উজান
যমুনা গান গেয়ে !
কোন্ মাণিকের রশ্মি পথের
হিম বিরহ নাশি'
দীপ্‌ল রাতি ?— মিল্‌ল সাথী—
উঠ্‌ল ধূলি হাসি' ?
ইন্দ্রজালে পক্ক-তালে
রচ্‌লি কমল-সুর,—
উষর ভূমে রসের ধুমে
কর্‌লি মরু দূর !
মরম-কূলে জাগিয়ে তুলে
নীল-বিবাগী ক্ষুধা—
লুটিয়ে হিয়ায় লাস্য লীলায়
আজ কে বিলায় সুধা ?
নয়ন-তারায় মিলন-গাথায়
ফল্‌ল রে প্রাণভরা
মূর্ত্তি শ্যামল— জাল্‌ল উছল
প্রেম-দীপালি ধরা !

(অনুকরণে)

Who

In the blue of the sky, in the
green of the forest,
Whose is the hand that has
painted the glow ?
When the winds were asleep in the
womb of the ether,
Who was it roused them and
bade them to blow ?

He is lost in the heart, in the
cavern of Nature,
He is found in the brain where He
builds up the thought :
In the pattern and bloom of the
flowers He is woven,
In the luminous net of the
stars He is caught.

In the strength of a man, in the
beauty of a woman,
In the laugh of a boy, in the
blush of a girl ;
The hand that sent Jupiter
spinning through heaven
Spends all his cunning to
fashion a curl.

কে ?

ঐ গগন-নীলে বনের হরিৎ
বর্ণে বিমোহন
বলো কার তুলিটি দীপ্তিখানি
আঁকল অমলিন ?
ছিল সুপ্ত যবে মহাব্যোমের
গর্ভে সমীরণ—
দিল ঘুম ভাঙিয়ে আদেশ কে তায়
বইতে গো সেদিন ?

রাজেন অখিল-হৃদি-কেন্দ্রে গোপন,
গহন গুহাছায়,
রহি' শির-মাঝারে গাঁথেন নিতি
চিন্তামালারে ;
ফুলের বিন্যাসে আর রক্তিমাতে
বুনেন আপনায়,
আবার পড়েন ধরা উজল তারা-
জালের বাহারে।

রাজেন শৌর্য্যে বীরের, কমশ্রীতে
লাবণ্যময়ীর,
দীপেন বালক কল-হাস্যে ব্রীড়া-
রঞ্জনে বালার,
যে-কর ঘুরিয়ে ক্ষেপে বজ্র ভয়াল
সে-কর ঢালি' ধীর
তার নিপুণ কারু—চূর্ণালকের
একটি রচে হার।

অন্তর্যামী

These are His works and His
veils and His shadows,
But where is He then ? by what
name is He known ?
Is He Brahma or Vishnu ? a
man or a woman ?
Bodied or bodiless ?
twin or alone ?

We have love for a boy who is
dark and resplendent,
A woman is lord of us,
naked and fierce,
We have seen Him a-muse on the
snow of the mountains,
We have watched Him at work in the
heart of the spheres.

We will tell the whole world of His
ways and His cunning,
He has rapture of torture, and
passion and pain ;
He delights in our sorrow and
drives us to weeping ;
Then lures with His joy and His
beauty again.

এসব লীলা তাঁহার, আড়াল ছায়া—
তাও সে তাঁহারি ;
শুধু কোথায় বা তাঁর ধাম ? কী নামে
জান্‌বে তাঁরে নর ?
তিনি স্বয়ম্ভু—না বিষ্ণু ? তিনি
পুরুষ—বা নারী ?
তিনি দেহী—না বৈদেহী ? যুগ্ম—
কিম্বা একেশ্বর ?

মোরা দিয়েছি মালা একটি শ্যামল
দীপ্ত কিশোরে,
মোদের ঈশ্বরী যে—উলঙ্গিনী
রৌদ্রা সে-নারী,
লখি তাঁরেই ধ্যানমগ্ন তুষার-
মৌলি ভূধরে,
গ্রহের মর্ম্মকোষে কর্ম্ম তাঁহার
নিত্য নেহারি।

সারা বিশ্বে মোরা কর্‌ব রটন
ছল-চাতুরী তাঁর—
হ'ন্ উল্লসিত মোদের উচ্ছাস
বেদন যাতনায়,
মোদের দুখ্ দিয়ে হ'ন্ পুলকিত—
ঝরিয়ে আঁখিধার—
পরে ভুলান হাসি' তাঁর সুষমায়
হর্ষে পুনরায়।

অনামী

All music is only the
sound of his laughter,
All beauty the smile of His
passionate bliss ;
Our lives are His heart-beats ; our
rapture the bridal
Of Radha and Krishna, our
love is their kiss.

He is strength that is loud in the
blare of the trumpets,
And He rides in the car and He
strikes in the spears ;
He slays without stint, and is
full of compassion ;
And He wars for the world and its
ultimate years.

In the sweep of the worlds, in the
surge of the ages,
Ineffable, mighty, majestic and pure,
Beyond the last pinnacle
seized by the thinker
He is throned in His seats that for
ever endure.

বাজে যেথায় যত গান সবই তাঁর
হাস্য-তান উচ্ছল,
সকল মাধুরী—তাঁর আনন্দেরি
স্মিত সম্ভাষণ ;
মোদের জীবন—হৃদি-স্পন্দন তাঁর
পুলক—সে কেবল
বাসর রাধাশ্যামের,—প্রেম আমাদের
—তাঁদেরি চুম্বন।

স্বনে শক্তি তাঁরি সঘন-স্বনে
তূর্য্য-ভেরীর 'পর,
রথে ভ্রমেন তিনিই রথী,—বিঁধেন
ভল্লে সুভীষণ ;
করাল শমনরূপে নাশেন—আবার
তিনিই কৃপাকর,
ধরার চরম কল্পলোকের তরে
যোঝেন তিনি রণ।

শোভেন ভরি' নিখিল-ব্যাপ্তি যুগ-
কল্লোল-মাঝার
চির অনির্ব্বচনীয়, বিরাট্,
শুভ্র, বলীয়ান্,
জ্ঞানীর দৃষ্টিশ্রুতির সর্ব্বশেষের
অভ্রশিখর-পার
আপন চিরন্তন সিংহাসনে
করেন অধিষ্ঠান।

অনামী

The Master of man and his
infinite Lover,
He is close to our hearts, had we
vision to see ;
We are blind with our pride and the
pomp of our passions,
We are bound in our thoughts where we
hold ourselves free.

It is He in the sun, who is
ageless and deathless,
And into the midnight His
shadow is thrown,
When darkness was blind and
engulfed within darkness
He was seated within it
immense and alone.

তিনি প্রভু মোদের,—অসীম চির-
প্রেমিক সুমহান্
প্রাণের এতই কাছে,—শুধু মোদের
নেই সে-দিঠি হায় !
মোদের মত্ত গরব-আড়ম্বরে
মুগ্ধ দু'নয়ান
বাঁধি চিন্তা সসীম দিয়ে মোরা
মুক্ত আপনায় ।

নাহি সৌরজগৎ মাঝে মিলে
অন্ত আদি তাঁর,
ছায়া পড়ে তাঁহার স্তব্ধ নিভৃত্
নিশীথিনীর গায়,
ছিল অমা যেদিন অন্ধ—অতল
গহ্বরে অমার—
আসীন ছিলেন তিনি তাহার মাঝে
একক—মহাকায় ।

Revelation

Someone leaping from the rocks
Past me ran with wind-blown locks,
Like a startled bright surmise
Visible to mortal eyes,—
Just a cheek of frightened rose
That with sudden beauty glows,
Just a footstep like the wind
And a hurried glance behind,
And then nothing, as a thought
Escapes ere the mind is caught ;
Someone of the heavenly rout
From behind the veil ran out.

SRI AUROBINDO.

পলাতকা

পাশ দিয়ে কে   পাহাড় থেকে
ঝাঁপিয়ে এলো-চুলে
দীপ্তিময়ী যায় গো ছুটে চ'লে ?
সান্দ্র উছল   কম্প্র অমল
কার গো আভাষ দুলে
উঠ্‌ল যেন মর্ত্ত্য আঁখি ঝ'লে ?
কপোল দু'টি   বারেক ফুটি'
ত্রস্ত গোলাপ রাগে
রাঙ্‌ল চকিত মঞ্জু ব্রীড়াভায়,
পবন সম   চরণ কম
ফেলেই পুরোভাগে
পিছন পানে ত্বরিৎ ফিরে চায়,—
তার পরেতেই   কই—কিছু নেই !
লাজুক চিন্তা হেন
ধর্‌তে যেতেই এড়িয়ে স'রে যায়,
অমর্ত্ত্যেরি   মণ্ডলেরি
একটি জ্যোতি যেন
ঘোম্‌টা খুলেই মুহূর্ত্তে মিলায়।

We may seek after him passionately and pursue the unseen beloved ; but the lover whom we think not of, may pursue us, may come upon us in the midst of the world and seize on us for his own whether at first we will or no. Even he may come to us at first as an enemy with the wrath of love, and our earliest relations with him may be those of battle and struggle.

SRI AUROBINDO.

শুভদৃষ্টি

অলথ বল্লভে তার
পান্থ বার বার
খুঁজে কভু আকণ্ঠ তৃষায়
যারে নাহি চেনে···তারি···
তারি নিরুদ্দেশ-যাত্রা-পথে বাহিরায়।
কভু বা অচেনা প্রিয় একান্ত বিজনে
আনমনা পথিকের পিছু লয় গোপন চরণে ;
লক্ষ নর্ম্ম কর্ম্ম মাঝে তার
প্রবল দুর্ব্বার
ঝঞ্ঝাস্বনে সে-অতিথি অকস্মাৎ উড়ি' আসি হায়,
ছিন্ন বল্লরীর সম ছিনিয়া তাহারে ল'য়ে যায়
তার চির-আপন বলিয়া।
ত্রস্ত হিয়া
সে প্রথম বাসরের সন্ধিলগ্নে কান্ত গোধূলিতে
সুনিভৃতে
অনাহূত হৃদয়েশে চিনিতে নাহিও যদি পারে
চিরসখা তবু নাহি ছাড়ি' যায় তারে
অরিরূপী আসে অরিন্দম···
প্রেমের স্ফুরিত রোষে পথ কাটি' লয় সে-নির্ম্মম ;
দোঁহার প্রথম শুভদৃষ্টি-পরিচয়
বিমুখতা দ্বন্দ্ব বেদনার মাঝে হয়।

Sleeping Beauty *

Do not defy the hidden power,
Nor trifle with the voiceless deep ;
Within the coud and stone and flower
The Ancient Beauty is asleep.

Nay do not seek her overmuch,
Not strive to see behind her veil ;
Remember that a single touch
Would snap for you her faery tale.

Let sleeping Beauty lie asleep
Unconscious of the day and date ;
While loyal to your vow, you keep
Incessant vigil at her gate.

And if through accident, perchance,
She does away one hidden day,
The first Self-Knowledge in her glance
Will burn the universe away.

HAREEN CHATTOPADDHYAY

---

* This poem I dedicate
In deep affection
To Dilip,
A friend And Traveller on the Path
HAREEN

সুপ্তিময়ী

যে-শক্তিরূপিনী রাজে ছায়াচ্ছন্না—তাহারে স্পর্দ্ধিতে
চাহিয়ো না,—কল্লোল-অতীতা সনে করিয়ো না খেলা ;
পাষাণ মঞ্জরী মেঘ-মর্ম্মে সুপ্তিলীনা অলক্ষিতে
চিরন্তনী যে-সুন্দরী ভায়—তারে করিয়ো না হেলা।

কেন চাহো তার পূর্ণভাস ?   অবগুণ্ঠন তাহার
রেখেছে নেপথ্যে যারে কেন তার এ উগ্র সন্ধান ?
জেনো—তার পরশে পলকে এই ব্যর্থ বর্ণসার
সৃষ্টিমায়া পরী-রূপকথা সম হবে অন্তর্ধান।

নিষণ্ণা সুষমাময়ী,—ঘুমাক্ সে নীহারিকা-তীরে,
চাহে যদি—রহুক্ সে কল্পকল্পান্তেরে বিস্মরণি' ;
শুধু তুমি—ওগো ধ্যানব্রতী, তার তোরণ-বাহিরে
সাঙ্গহীন প্রতীক্ষায় নির্ণিমেষ রহিয়ো প্রেক্ষণি'।

যদি অতর্কিত লগ্নে কোন্ - ঘন গুণ্ঠন তাহার
পড়ে খসি',—দীপ্তিময়ী বারেকও নয়ন মেলি' চাহে,—
সে দিঠি-দর্পণে বিশ্ব লভি' পরিচয় আপনার
ভস্ম হ'য়ে যাবে সেই লেলিহান্ জ্বলদর্চ্চি-দাহে।

I was thinking the
day most splendid till I
saw what the not-day
exhibited.

I was thinking this
globe enough, till there
sprang out so noiseless
around me myriads of
other globes.

WALT WHITMAN.

I can give not what men call love.
But wilt thou accept not
The worship the heart lifts above
And the Heavens reject not,—
The desire of the moth for the star,
Of the night for the morrow,—
The devotion to something afar
From the sphere of our sorrow ?

SHELLEY.

অতীন্দ্রিয়

আলো অপরূপ কান্ত, অনুপ
ভেবেছিনু ততদিন—
যতদিন চিত দিবস-অতীত
শোনেনি যামিনী-বীণ।
লভি' এ জগৎ অসীম মহৎ—
ভেবেছিনু বুঝি আর
অপর ধরায় প্রাণ নাহি চায়
ধরাই নিখিল-সার।
লখিনু যাহারে বরিনু তাহারে
সহসা ভাঙিল ভ্রম—
চারিধারে যবে ফাটিল নীরবে
কোটি ধরা নিরুপম।

পূজা

যারে কহে নর প্রেম—তোমারে সঁপিতে
না চাহিলে—লইবে না তারে
যে-পূজারে যাচে প্রাণ ঊর্দ্ধে নিবেদিতে—
দেবতাও ফিরায় না যারে ?
যে-তারা-দুরাশা পতঙ্গের হৃদিপুরে,
নিশাবুকে যে-ঊষাকামনা,
বেদনার ধরা হ'তে দূরে···বহুদূরে
জলে যাহা তাহার সাধনা ?

Ode on a Grecian Urn

Heard melodies are sweet,
but those unheard
Are sweeter, therefore ye soft
pipes, play on,—
Not to the sensual ear, but,
more endear'd,
Pipe to the spirit
ditties of no tone.

KEATS.

But who am I?
An infant crying in the night,
An infant crying for the light,
With no language but a cry.

TENNYSON.

কে আমি গো পথহারা?
শিশু এক—কাঁদি নিশা-তরাসী,
শিশু এক—কাঁদি আলো-পিয়াসী,
ভাষা কোথা—শুধু কান্না ছাড়া!

স্ফুট ও অস্ফুট

সুর কুসুমিতে যবে চাহে
মরত গানে,
মধু ক্ষরে শিহরি';—
গূঢ় অফুট রাগিণী বাহে
সুধা-উজানে
তার অরূপ তরী।
তাই লো মুরলী ছায়াসনা!
চলো গাহিয়া,—
শুধু কামনা-কানে
তব ঝরায়ো না মূরছনা—
গহন হিয়া
ভরো নীরব তানে।

গান ঝঙ্কৃতে যবে চাহে
মরত সুরে,
মধু শিহরি' ক্ষরে;—
শুধু অরূপ রাগিণী গাহে
আরো মধুরে
আরো গহীর স্বরে।
তাই লো মুরলী ছায়াময়ী!
চলো স্বনিয়া
শুধু কামনা-কাণে
তব ঢেলো না অমিয়া অয়ি'!
গহন হিয়া
ভরো নীরব তানে।

Fulfilment

What is this lavish beauty worth—
Whether of heaven or of earth—
Unless it be the outer dress
Of calm exalted inwardness ?

What is the singing of a bird
Unless its little voice be heard
As solitary far-withdrawn
Event of spiritual dawn ?

What is the meaning in a flower—
Unless it mark the quiet hour
Of meditation born apart
In the hushed progress of the heart ?

And is there any meaning in us
Unless each moment re-begin us
Into epoch-lights that mark
Homeward milestones in the dark ?

HAREENDRANATH.

সার্থকতা

ভূলোকে দ্যুলোকে ঝরে অঝোর সুষমা মনোলোভা,
সার্থকতা কী বা তার—যদি সেই সাঙ্গহীন শোভা
নাহি ভায় জীবনের মন্ত্র মহীয়ান্ শান্তোজ্জ্বল
অন্তর্মুখিতার বহির্ভূষা সম—চমক-চঞ্চল ?

বিহঙ্গের কলধ্বনি—সার্থকতা কী বা তার হায় !
যদি পাতি' কাণ—সে-পেলব কণ্ঠরেশে নিরালায়
নাহি শুনি সুদূর বৈরাগী সুর—সংহত-ছন্দিমা
আসন্ন উদয় ধ্যানলোক-পূর্ব্বচ্ছটার রঙ্গিমা ?

বল্লরী-মঞ্জরী-মর্ম্মে কী মন্দার সার্থকতা ঝুরে
যদি সে-বিকচ অগ্রদূত তার রঞ্জিত নূপুরে
নাহি কণে আগমনী—মুঞ্জরে যে একান্ত লগনে
ধ্যানমৌন পুরোগতি-তালে-তালে—হৃদয়-গহনে ?

কোন্ সার্থকতা গূঢ় অন্তর অতলে রমে—যদি
প্রতি পল নাহি জ্বালে নি[illegible] নবা[illegible] নব[illegible]
নবযুগ-দীপ্তিস্তম্ভ—দেখায় যে উদ্ভাসিয়া নিশা
প্রাণ-অন্তঃপুর-পথে দিশারী-চিহ্নিত পথদিশা ?

The Vedantin's Prayer

Spirit Supreme
Who musest in the silence of the heart,
Eternal gleam,

Thou only Art!
Ah, wherefore with this darkness am I veiled,
My sunlit part

By clouds assailed?
Why am I thus disfigured by desire,
Distracted, haled,

Scorched by the fire
Of fitful passions, from thy peace out-thrust
Into the gyre

Of every gust?
Betrayed to grief, o'ertaken with dismay,
Surprised by lust?

Let not my grey
Blood-clotted past repel thy sovereign ruth,
Nor even delay,

বৈদান্তিক

হে গরিষ্ঠ, মহা মহীয়ান্!
হৃদয়-নৈঃশব্দ্য-মাঝে ঊর্দ্ধমুখী উঠিছে কুসুমি'
অমর-স্ফুলিঙ্গ তব ধ্যান।

বিশ্বে রাজো তুমি—শুধু তুমি,
তবু কেন অমা মোরে ঘেরে হায়,—করে আঁখিহীন?
সূর্য্যোজ্জ্বল চিত্তাকাশ ধূমি'

মেঘচমূ ছায় অনুদিন?
বিবর্ণ বিক্ষত কেন হই কোটি বাসনার রণে—
উদ্ভ্রান্ত—চঞ্চল—লক্ষ্যক্ষীণ?

রহি' রহি' উচ্ছাস-দাহনে
তব শান্তিরাজ্য হ'তে কেন হয় নির্ব্বাসিত প্রাণ?
প্রতি ঘূর্ণীপাকে—ঝড়ে—মনে

তারা-দিশা কেন হয় ম্লান?
পড়ি ধরা আচম্বিতে দুঃখ-শঙ্কা-ফাঁদে কেন প্রভু?
লিপ্সা পায় কেমনে সন্ধান?

যেন মুখ না ফিরায় তবু
মহতী করুণা হ'তে তব মোর রক্তাক্ত জীবন,—
বিলম্ব না সহি যেন কভু।

অনামী

O lonely Truth !
Nor let the specious gods who ape Thee still
Deceive my youth.

These clamours still ;
For I would hear the eternal voice and know
The eternal Will.

This brilliant show
Cumbering the threshold of eternity
Dispel,—bestow

The undimmed eye,
The heart grown young and clear. Rebuke,
O Lord,
These hopes that cry

So deafeningly,
Remove my sullied centuries, restore
My purity.

O hidden door
Of Knowledge, open ! Strength, fulfil thyself !
Love, outpour !

SRI AUROBINDO.

ওগো সত্য, নিঃসঙ্গ গহন !
তপ্ত দীপ্তি-ছদ্মবেশী দেবগণ নাহি যেন পারে
প্রবঞ্চিতে মদির যৌবন।

স্তব্ধ করো যাহারা ফুকারে,—
অমৃত উৎকর্ণ যে গো এ হৃদয়, না শুনিবে মানা
শাশ্বত এষণা জানিবারে।

চিরন্তন-দ্বারে দেয় হানা
যেই দীপ্র মরীচিকা—কর দূর ; তার মায়ালোক
না রহুক্ আমার অজানা।

দাও দিব্য দৃষ্টি বীতশোক,
দাও স্বচ্ছভাতি হৃদি পুনর্ণব,—শুধু মিথ্যাশায়
আলেয়ায় দিওনা সুযোগ,

শব্দ-ভ্রান্ত করে যে সে হায় !
যুগের পুঞ্জিত গ্লানি অপসরি'—ফিরায়ে আমায়
দাও সে-হারানো শুভ্রতায়।

হে জ্ঞানের প্রচ্ছন্ন দুয়ার !
খোলো আজি ! সুপ্ত সিংহবীর্য্য ! আজি জাগো হে আত্মায় !
ঐশী প্রেম ! ঝরাও আসার।

অনামী

La verité ne fait tant
de bien dans le monde
que ses apparences y
font de mal.

———•———

Il n'y a point de déguisement qui
puisse longtemps cacher l'amour
où il est, ni le feindre où il
n'est pas.

———•———

Si l'on juge de l'amour par
la plupart de ses effets,
il ressemble plus à la
haine qu'à l'amitié

———•———

Chacun dit du bien de son coeur
et personne n'en ose dire
de son esprit.

———•———

Le désir de paraitre habile
empêche souvent de le devenir.

———•———

Qui vit sans folie n'est pas
si sage qu'il croit.

LA ROCHEFOUCAULD.

সত্য হেথা নিত্য কত
সাধিছে হিত—দেখায়ে ত্রুটি ভুল ?—
সত্য-বেশী মিথ্যা যত
অহিত সাধে নহে তো তার তুল।

———•———

ভালোবাসা যদি হয় সুনিবিড়
ভানে কতদিন যায় বলো তারে ঢাকা ?
ভালোবাসা যদি নাহি থাকে—তাহা
ভানে কতদিন যায় গো লুকায়ে রাখা ?

———•———

কি বলিলে ? প্রেম ? ফল দিয়ে যদি
কর সখা তারে বিচার হায়,—
দেখিবে সে সদা শুভেচ্ছা চেয়ে
হিংসারি বেশি মিতালি চায়।

———•———

"হৃদয়টি ভাই তোমার কেমন ?"—
"বড্ড ভালো"—সবাই বলে হেসে ;
"বুদ্ধিটি ভাই তোমার কেমন ?"—
জবাব দিতে সবাই মরে কেশে।

———•———

লোখের চোখে সাজ্‌তে নিপুণ তর্‌ সহে না,—তাই
সত্যি নিপুণ কাজে হওয়া হয়না মোদের ভাই।

———•———

সারা জীবন বাঁচ্‌লো যে ভুল-মুখ্যুমি না ক'রে
নয় সে ভীষণ জ্ঞানী জেনো অন্তরে অন্তরে।

With thee conversing I forget all time,
All seasons and their change,—all please alike
Sweet is the breath of morn, her rising sweet,
With charm of earliest birds, pleasant the sun
When first on this delightful land he spreads
His orient beams on herb, tree, fruit and flower,
Glistr'ing with dew ; fragrant the fertile earth
After soft showers ; and sweet the coming on
Of grateful evening mild ; then silent night
With this her solemn bird and this fair moon,
And these the gems of heaven, her starry train.

But neither breath of morn when she ascends
With charm of earliest birds, nor rising sun
On this delightful land, nor herb, fruit, flower,
Glistr'ing with dew, nor fragrance after showers,
Nor grateful evening mild, nor silent night
With this her solemn bird, nor walk by moon
Or glittering starlight, without thee is sweet.

MILTON.

তোমার বিহনে

তোমার মিলনালাপে ভুলি প্রিয়, কালের প্রবাহ,
ভুলি ঋতু, ঋতুচক্র ; বিশ্ব হয় আনন্দ-নিলয় ;
স্নিগ্ধ হয় উষসী-নিশ্বাস ; স্নিগ্ধ—প্রত্যুষ জাগ্রত
বিহঙ্গ-নন্দিত নবোদয় ; রম্য—যবে দিনমণি
প্রথম এ ফুল্ল-ভূমে পূর্ব্বরাগ বিথারে তাহার
অরুণ বন্দিত ওই শিশির-প্রোজ্জ্বল তরু তৃণ
লতা ফলে ফুলে ; মঞ্জু—মৃদুচ্ছন্দী বর্ষণের পরে
নিষিক্ত মেদিনী গন্ধ ; স্নিগ্ধ—অপরূপ প্রদোষের
কম্র আগমনী ; সান্দ্র—যবে পরে আসে নিশীথিনী
গম্ভীর শকুন্ত-সাথে নিঃশব্দ চরণে, সাথে করি'
কান্ত ইন্দু, দ্যুলোকের মুক্তামণি,—তারা অনীকিনী।

শুধু প্রিয়, চিত্ত মোর নাহি গেয়ে উঠে গান—যবে
জাগে উষা কাকলি-মুখরা ; রবিদীপ্ত বসুধায়
বল্লরী পল্লবে যবে নীরকণা ঝিকিমিকি জ্বলে ;
ক্ষান্ত বর্ষ ক্ষণে যবে গন্ধবহ তুলে গন্ধ-ঢেউ ;
নামে যবে উদ্বেল বিনম্র সন্ধ্যা ; শকুন্ত-সঙ্গিনী
ক্ষণদা বিছায় যবে মৌন ছায়াঞ্চল ; দ্যুতিভরা
তারামুগ্ধ অথবা কৌমুদী-স্নাত কান্তারে কাননে
চলি যবে পদব্রজে—যদি তুমি নাহি রহ' পাশে।

Milton

Milton ! thou shouldst be living at this hour :
England hath need of thee : She is a fen
Of stagnant waters : altar, sword and pen,
Fireside, heroic wealth of hall and bower,
Have forfeited their ancient English dower
Of inward happiness. We are selfish men ;
Oh ! raise us up, return to us again ;
And give us manners, virtue, freedom, power.
Thy soul was like a star, and dwelt apart :
Thou hadst a voice whose sound was like the sea :
Pure as the naked heavens, majestic, free,
So didst thou travel on life's common way,
In cheerful godliness ; and yet thy heart
The lowliest duties on herself did lay.

WORDSWORTH

বঙ্কিমচন্দ্র

বঙ্কিম! শোভিতে তুমি ভারতের ভালে যদি আজি মহাপ্রাণ!
হারানো ছুলালে পেয়ে ভারতী উঠিত হাসি'; দেশ আজি হায়,
নিঃস্রোত পঙ্কল-সম বিগত-বৈভব শৌর্য্যে, শ্রদ্ধায়, পূজায়,
বাণীর ঐশ্বর্য্যে; তার মন্দির নীরবশঙ্খ, রসকুঞ্জ ম্লান।
কৌলীন্যের সনাতন শ্রেষ্ঠ উত্তরাধিকার—অন্তর নিহিত
প্রসাদ-সম্পদ—তার নাহি আর; মোরা হায়, স্বার্থান্ধ বামন;
এসো ফিরে হে দিশারী! হাতে করি লও তুলি' বিপ্লব-পাবন!
শিখাও কাহারে বলে শালীনতা, ধর্ম্ম, মুক্তি, শক্তি সমাহিত।

ভাস্বর নক্ষত্র-নিভ জলিত তোমার আত্মা একা—সাথীহারা;
স্বরিত মূর্চ্ছনা তব সান্দ্র কণ্ঠে ঝঙ্কারিত মন্দ্রে জলধির,—
উন্মুক্ত আকাশ সম শুভ্র—বাধাবন্ধহারা—উদাত্ত—গম্ভীর।
জীবনে সামান্য পথে ভ্রমিয়াছ হেন ছন্দে বর্ষি' দীপ্তিধারা
সদানন্দ পুণ্যশ্লোক! নাহি ছিল অভিমান তথাপি তোমার,
হাসিমুখে আমরণ বহেছ নগণ্যতম কর্ত্তব্যের ভার।

Love look up the harp of Life, and
smote on all the chords with might,
Smote the chord of self, that trembling
passed in music out of sight.

TENNYSON

হানিল আঘাত প্রেম—তারে তারে
সঘনে—তুলিয়া পরাণ-বীণ,
সে-আঘাতে থর থর ঝঙ্কারে
গানে অভিমান হ'ল বিলীন।

The Cycle

A clod of clay, in an eternal hour,
Desires to be a flower ;
The flower, to spread its petals wide and far
And birdlike reach a star ;
The twinkling star desires its flame to fan
Into the soul of man ;
While man grows hungry to be somewhat greater
Than man and turn Creator,
But then again the hungry dream of God
Is to become a clod.

Creation with its shadow and its fire
Is but a ceaseless Cycle of desire.

HAREEN

লীলাবৃত্ত

ধূলি চাহে এক পূত মাহেন্দ্র-লগ্নে
ফুটিতে ফুলের ভায়,
ফুল দল মেলি' উড়ি'—পতত্রীপর্ণে
তারা চুম্বিতে চায় ;
কম্প্র তারার আকুতি : দীপ্তি ভাতিয়া
উছসিবে মরপ্রাণ
মরপ্রাণ চিরক্ষুধিত : মানবে ছাপিয়া
কবে হ'বে ভগবান্,
ভগবান্ ফিরি ধরা দেন মহানন্দে
ধূলির নিগড়ে নিত্য,
বিশ্বলীলার আলোছায়া এ কী বন্দে
সমাপ্তিহীন বৃত্ত !

The Miracle

The great transcending sky leaned from above,
In silence kisses the aspiring earth.
Its vast unbounded space
Locked in close embrace,
It turns the stainless void to sapphire love.

The one immutable Truth to souls below
In mystic union far beyond all time
Bends through the world's play-bars
Its suns and moons and stars
Are pale reflections from that Love sublime.

ANILBARAN ROY

Whenever there is depression, it means that the vital is not getting its accustomed food. Thank the Mother that she has taken its food away from it, for so is an opportunity given to the vital to turn towards substance and not the mirage.

Every softening of the heart towards things of the earth is a hardening of it to things of Heaven.

Love is defeated as often
as Lust is victorious.

NALINIKANTO GUPTO

লীলা

বিস্ফারিত মহীয়ান্ মৌন জ্যোতিষ্পথ স্নেহভরে
চুম্বন-আনত ঊর্দ্ধ-স্বয়ম্বরা ধরিত্রীর 'পরে ;
গাঢ় আলিঙ্গনে বসুধার
বেলাহা'রা ব্যোমের বিস্তার
ত্যজি' মরুশুভ্র ব্যাপ্তি নীলকান্ত প্রেমবর্ণে ঝরে।

চিরন্তন সত্যাধার আপনারে মিলনে বিলায়
মরত জীবের সনে—কালাতীত রহস-লীলায়
বিচিত্র নিগড়ে দেয় ধরা,
রবি শশীতারা দীপ্তস্বরা
জ্যোতিস্বান্ সে-প্রেমের কণাটুকু প্রতিফলি ভায়।

প্রাণাগ্নি-সমিধ্ বিনা কেন প্রাণ বিষাদে লুটায় ?
—চাহে না করুণাময়ী দানিতে আহুতি যারে চায়
কামনা-স্বভাব শিখা। ঢালো তাই চরণে তাঁহার
উচ্ছল কৃতজ্ঞ ডালি, প্রেমদীপ্ত কৃপাবরে যাঁর
মরীচিকা তেয়াগিয়া লভিল সুযোগ প্রাণমন
মিটাতে নিহিত তৃষা অমৃত-ঐশ্বর্য্যে চিরন্তন।

ভূলোকের গানে গলে যতবার
অশ্রু-বিলাসে তোমার বুক,
দ্যুলোকেব পানে হায়, ততবার
হয় সে কঠিন—পরাঙ্মুখ।

ততবার প্রেম হয় পরাভূত—বন্দী
যতবার উড়ে লালসা-বৈজয়ন্তী।

প্রেমোৎসবী *

(উত্তর)

শিরোরুহে যাঁর জাহ্নবী-ধার
লীলা কল্লোল-লাস্যে ক্ষরে ;—
যাঁহার রাধন সূর্য্য-সাধন
মন্দ্র তূর্য্যে নীলিমা-স্বরে ;—
ধেয়ানে যাঁহার দীপে দুর্ব্বার
দীপ্র-দাহনা অমরাবতী ;—
আঁখির আশীষ প্রাণে অনিমিষ
জ্বালে বিমুগ্ধ তারা-আরতি ;—
যাঁহার মন্দ্র চরণ-ছন্দ
সিন্ধুর হিন্দোলেও লাজে ;—
যাঁর সম্ভাষ রচে মধুবাস
ঘেরি' যারে প্রেমী-ভৃঙ্গ গাজে ;—

তাঁহার ডঙ্কা যে শুনে—শঙ্কা
ওগো কবি, তার জীবনে কোথা ?—
সুধা-সুষমার গোমুখী-আসার
বন্দি' যে লভে সার্থকতা ?
চাহিবে না তারে নীহারিকা-পারে
ঘুমায় অঘোরে যে-ছায়াময়ী ?
নহে,—করে পার কাণ্ডারী যার
স্বপন-তরী—সে অকুতোভয়ী।

দীপ্তিময়ীর তোরণ-বাহির
হ'তে সে করিবে তাঁহারে নতি—
সত্যগুণ্ঠ টুটি' অকুণ্ঠ
নিলাজ বিভায় যাহার রাতি ?

দিশারী বিহনে ভাবনা-প্লাবনে
তৃণসম যেই চলে ভাসিয়া ;—
মুক্তি পথের অসহ দাহের
কল্পিয়া ব্যথা ত্রস্ত হিয়া ;—
ইতি উতি চায় লক্ষ্যে না পায়,
সোনামুঠি বলি' ধরে যে ধূলি,—
শরণ লইতে যার গূঢ় চিতে
পুলক-ঝলক উঠে না দুলি' ;—
সে চলুক্ ভাবি' পদে পদে—চাবি
নির্ভরের যে খুলিতে নারে,
স্বত প্রত্যয় নাহি যার—ভয়
সে করুক্ অবগুণ্ঠিতারে।

চেয়ে চেয়ে চলা শুনে শুনে বলা
সংশয়-মালা সঘনে জপি'—
নহে তার ব্রত গুরু পদরথ
আরোহী' চলে যে-প্রেমোৎসবী।

* বন্ধুবর হারীন্দ্রনাথের 'উৎসর্গ' "Sleeping Beauty"-র প্রতি-উৎসর্গ।

IL Pleut···IL Pleut···

Il pleut, Il pleut......Il pleut sans fin des pleurs amers,
Il pleut du sang au fond de mon âme fendue,
La grâce sans merci du Haut est descendue......
Et dans son infini, je me perds, je me perds !

Petits plaisirs chéris ! O les gentils mouillages
De mes jours envolés, il me faut vous quitter,
Aller au large enfin chercher les âpretés
Des embruns vagabonds sur les mers sans rivages !

Bonheur de vie en grand, j'en ai besoin toujours...
Mais un dernier regard, Amours en agonie !
Un seul baiser d'adieux aux lèvres que je nie—
Et je pars à jamais et vers toi seul j'accours !

Il pleut, il pleut...le monde entier n'est que de larmes...
O les dieux si jaloux des aises qui nous charment !

NALINIKANTO GUPTA

বরষে···বরষে···

বরষে বরষে···আজি··· অশ্রান্ত ঝর্ঝরে তপ্ত অশ্রু বরষায়,
দীর্ণ মর্ম্মতলে হায়, শোণিতে উথলে লোর··· বরষে বিধুর,
উর্দ্ধলোক হ'তে ওই নামে···আজি নামে· হিম করুণা নিঠুর !
সীমাহারা তার সেই শূন্য ব্যাপ্তি মাঝে হৃদি আপনা হারায়।

অঙ্গের-পরিধি-ঘেরা প্রিয় দুঃখ সুখ মোর মেদুর মধুর—
চিরপরিচিত ওগো হারানো দিনের স্মৃতি ! আজিকে বিদায়।
আজি মোরে যেতে হবে উদার দুরভিসারে বেদন-যাত্রায়—
বেলাহারা ঘরছাড়া উত্তাল তরঙ্গ চূর্ণ দলিয়া···সুদূর।

মহান্ জীবন ! তব মহানন্দ স্বপি' প্রাণ বৈরাগী আমার,
বারেক চাহিব শুধু ফিরে মোর মুহ্যমান্ মর প্রেম 'পরে,
যারে বিসর্জ্জিতে হবে চুম্বিব বারেক সেই বিদায়-অধরে,
পরে একা হবে সুরু তোমার উদ্দেশে মোর চির-অভিসার।

বরষে···বরষে···আজি··· নিখিল ভুবন শুধু তপ্ত আঁখিধারা ;
দেবতা ফিরায় মুখ··· যাহে হায়, মর্ত্ত্যহৃদি হয় আত্মহারা।

Elevation

Au-dessus des étangs, au-dessus des vallées,
Des montagnes, des bois, des nuages, des mers,
Par delà le soleil, par delà les éthers,
Par delà les confins des sphères étoilées,

Mon esprit, tu te meus avec agilité,
Et, comme un bon nageur qui se pâme dans l'onde,
Tu sillonnes gaîment l'immensité profonde
Avec une indicible et mâle volupté.

Envole-toi bien loin de ces miasmes morbides
Va te purifier dans l'air supérieur,
Et bois, comme une pure et divine liqueur,
Le feu clair qui remplit les espaces limpides.

Derrière les ennuis et les vastes chagrins
Qui chargent de leur poids l'existence brumeuse
Heureux celui qui peut d'une aile vigoureuse
S'élancer vers les champs lumineux et sereins !

Celui dont les pensers, comme des alouettes,
Vers les cieux le matin prennent un libre essor,
—Qui plane sur la vie et comprend sans effort
Le langage des fleurs et des choses muettes !

BAUDELAIRE.

উত্তুঙ্গ

অতিক্রমি' হ্রদহ্রদি, অধিত্যকা, কান্তার, কানন,
দুস্তর, কন্দর, গিরি, নদ, নদী, জলধি, জলদ,
উত্তরিয়া রবিশশীগ্রহকক্ষ, দূর জ্যোতিষ্পথ,
তারাস্তৃত অগণন মণ্ডলেরে করিয়া লঙ্ঘন—

ধাও প্রাণ চির-অভিসারী, থর তরঙ্গ-কল্লোলে
চলোর্ম্মি-বিহারী যথা ধায় স্রোতে পুলকমূর্চ্ছিত ;
সীমাহারা শূন্যতার বক্ষ চিরি' ধাও উল্লসিত
অবর্ণ্য পৌরুষ দর্পে—উর্দ্ধায়িত বিলাস-হিল্লোলে।

শুভ্রতর সমীরণে ধৌতগ্লানি হ'তে আজি প্রাণ,
বসুধার বিষবাষ্পে চিরতরে দাও হে বিদায়,
যেই উদ্ভাসিত হুতাশন স্বচ্ছ ব্যোমব্যাপ্তি ছায়—
পূত দিব্য সুধাসম সে-দীপ্ত আসার করো পান।

লক্ষ অতৃপ্তির অন্তরালে, লক্ষ যন্ত্রণা মলিন,
ভারমুহ্যমান্, কুহেলিকাচ্ছন্ন জীবনের পারে
ভায় শান্তোজ্জ্বল সৌম্যলোক ; সুখী সে-ই—যে বিথারে
তেজস্বান্ প্রাণপক্ষ সে-নির্জ্জর লোকে অনুদিন।

সুখী সেই—মুক্ত বিহঙ্গম সম প্রার্থি নীলাম্বর
নিবারিত চিন্তা যার মিলে নিত্য উষসী-সঙ্গীতে,
সঞ্চরি' জীবন-উর্দ্ধে—সহজিয়া—শুনে যে নিভৃতে
কুসুমের মূক ভাষা, নিখিলের গূঢ় মৌন স্বর।

Credo

Plus je songe à la vie
humaine, plus je crois
qu'il faut lui donner
pour temoins et pour
juges l' Ironie et la
Pitié...L' Ironie et la
Pitié sont deux bonnes
conseillères ; l'une en
souriant, nous rend la
vie aimable ; l'autre qui
pleure nous larend sacrée.
L' Ironie que
j'invoque n'est point cruelle.
Elle ne raille ni l'amour ni
la beauté. Elle est douce et
bienveillante. Son rire calme
la colére, et c'est elle qui
nous enseigne à nous moquer
des méchants et des sots,
que nous pouvions, sans elle,
avoir la faiblesse de haïr.

ANATOLE FRANCE

'হাসি' ও 'করুণা'

ল'য়ে মোদের জীবন খানি
যত ভাবি—তত মনে মানি—
আছে যুগল দ্রষ্টা—বিচারক তার
বুঝে যারা তার বাণী :
নাম তাদের—'করুণা', 'হাসি',
শুভ মন্ত্রণা দেয় আসি',
খুলি' আঁখি হ'তে ঠুলি শিখায় চলিতে
ঢালিয়া আলোক রাশি।
'হাসি' ক্বণিয়া তার নূপুর
করে জীবনেরে সুমধুর
পূত নির্ম্মল করে পথেরে 'করুণা'—
ঝরায়ে অশ্রুসুর।
আমি যে-হাসি ফুটায়ে থাকি
তার অন্তরে নাহি ঢাকি'
রাখি' কভু কোনো ছলে ছদ্ম দাহনা
'করুণা'রে দিয়া ফাঁকি।
কভু 'সুন্দর' 'প্রেম' 'পর
মোর হাসি না বরষে শর,
করে জ্বালা সে শান্ত—কোমল যে তার
দয়াভরা অন্তর।
সদা বাঁশরী তাহার বাজে :
"ভবে ক্রূর মূঢ় যত রাজে
তারা হাসি-করুণার পাত্র—তাদের
ঘৃণা কি করিতে আছে ?"

Not on the vulgar mass
Called work must sentence pass,
Things done that took the eye
and had the price,
O'er which, from level stand,
The low world laid its hand,
Found straightway to its mind,
could value in a trice :

But all, the world's coarse thumb
And finger failed to plumb
So passed in making up the
main account ;
All instincts immature,
All purposes unsure,
That weighed not as his work, yet
swelled the man's amount :

Thoughts hardly to be packed
Into a narrow act,
Fancies that broke through
language and escaped
All, I could never be,
All, men ignored in me
This I was worth to God, whose
wheel the pitcher shaped

BROWNING.

স্বরূপ

অর্ঘ্য দিবে জীবনে কাহারে ?—
পীবর মুখর প্রতিষ্ঠারে ?
কারু কৃতি ?—যাহা তুষি' আঁখি তূর্ণ হাটেতে বিকায় ?

হীনতায় পাতিয়া আসন
হেলাভরে যাহারে বামন
ছুঁতে-ছুঁতে বুঝি' লয়,—মূল্য ধরে এক লহমায় ?

নহে।   মুগ্ধ দীন বিশ্ব হায়,
যে-মহিমাদিশা নাহি পায়,—
উপচে তাহারি দানে লোকোত্তর আত্মার বৈভব,

যত আশা কামনা-অঙ্কুর
স্বপ্ন-রাঙা অভীপ্সার সুর
জাগরে না মঞ্জরিল—তা-ই তারে দানিল গৌরব।

যত চিন্তা গহন-মূর্চ্ছনা
শীর্ণ কর্ম্মে নর্ম্মে বাজিল না,
কল্পনা দুর্ব্বার—দীর্ণ ভাবা যার পায় নি সন্ধান,—

যত ফুল চিত্তে ফুটিল না,
নিখিল ফিরিয়া চাহিল না,
তাহারি সৌরভে মোর নিখিলেশ-নয়নে সম্মান।

Some Day

You will not rue me
When I am dead,
Like a careless flower
Dropped from your head

But some stormy day
By some firelight hour
I'll stir in your soul
Like an openining flower

You will smile and think
And let fall your book,
And bend o'er the fire
with a far-off look.

SAHED SUHRAWARDY.

All I Ask

All I ask of a woman is that
she shall feel gently towards
me when my heart feels
kindly towards her :
and there shall be the
soft, soft tremor as of
unheard bells between
us.—It is all I ask.

D. H. LAWRENCE.

কোনো দিন

আজকে তোমার আমার তরে প্রাণ
কাঁদবে না কো যখন যাব ঝ'রে
ঐ কবরী-চ্যুত অনাদৃত
ফুলের মতই মৃত্যু-ধূলার 'পরে।

কিন্তু পরে···অলক্ষিতে···কোনো
প্রদীপ-জ্বালা ঝড়ের গোধূলিতে
চিত্তে তোমার বিকচ কলি সম
মেল্‌ব আমার দলগুলি নিভৃতে।

বইটি রেখে সেদিন আমার কথা
ফুট্‌বে মনে সজল হাসির সাথে,
রইবে সুদূর, আন্‌মনা-প্রেক্ষণে
চেয়ে ক্ষণিক···সেই নিরালা রাতে।

স্নিগ্ধা

আমি সো রমণী, শুধু এই চাই তব পাশে—
প্রীতি- বসন্ত তুমি ঝরায়ো মলয়বাসে,
যবে সখীর পরশ যাচিব—দিয়ো সজনী
তুমি সাড়া মরমরি'—মৃদুল চরণ ধ্বনি'
যথা অশ্রুত কিঙ্কিনী কম্পনে ক্বণিয়া কোমল বোলো
কম সখিত্বে তব
স্নিগধ পেলব
ভঙ্গে আমার
প্রাণবেলাপার
রাঙি' জলধনু-দোলে।

Flame of Beauty

O Flame of Beauty, dancing through the world,
What magic foam of passion have you hurled
Upon the austere purpose of my days,
The cool white quiet of its dream-dimmed ways ?
You have flung over me the fierce delight
Of hidden fragrances on startled night,
Your mystic winds like waters over me roll
Maddening the sleeping horsemen of the soul
To trample over new fields of sudden light,
And battle with young Love upon the height.

O Beauty, was it not enough to greet
In silence and in prayer your passing feet ?

JEHANGIR VAKIL.

রূপশিখা

কে গো রূপশিখা, যাও ধরামাঝে নিক্কণি' কিঙ্কিণী ?
উচ্ছ্বাসের কী বিচিত্র মুগ্ধ ফেন ক্ষেপিলে মোহিনী,
আমার কঠোর-লক্ষ্য জীবনের দিনগুলি 'পরে
স্বপন-স্তিমিত মোর স্নিগ্ধ শুভ্র শান্তির অন্তরে !
চমকিত ত্রিযামায় তরঙ্গিলে চারিধারে মোর
সুগোপন সৌরভের কী উল্লাস—অসহ—অঝোর !
রহস-মলয়-ঊর্ম্মি যবে তব অঙ্গে মম ঢলে,
সুপ্ত প্রাণ-তুরঙ্গমিদল জাগি' উন্মাদ কল্লোলে
উন্মথি' সহসাদীপ্ত নদনদী প্রান্তর-পর্ব্বত
কান্ত পঞ্চশর সনে ঊর্দ্ধে ধায় যাচিতে দ্বৈরথ।

হে সুন্দরী ! পাশ দিয়ে যেতে যবে—ও দু'টি চরণ
পূজিতাম মৌন অর্ঘ্যে—তাহে তব উঠিল না মন ?

Der Karfunkel

Es ist dem Stein ein rätselhaftes Zeichen
Tief eingegraben in sein glühend Blut.
Er ist mit einem Herzen zu vergleichen
In dem das Bild der Unbekannten ruht.
Man sieht um jenen tausend Funken streichen,
Um dieses woget eine lichte Flut
In jenem liegt des Glanzes Licht begraben,
Wird dieses auch das Herz des Herzens haben ?

NOVALIS.

বৈদূর্য্যমণি

হে বৈদূর্য্য ! দীপ্র তব শোণিতের অন্তরে গোপন
রাজে কোন্ অপরূপ রহস্যের আভাষ উচ্ছল ?
মানব-হৃদয় সম রচিত কি তব প্রাণ-মন—
যার মাঝে অজানার জ্বলে ছবি শান্ত অচঞ্চল ?
তব চারিধারে ধায় কিরণ-স্ফুলিঙ্গ অগণন,
হৃদি-চারিধারে ধায় লক্ষ স্রোত চমক-উজ্জ্বল,
দীপ্তিরত্ন নিহিত বিরাজে তব অন্তরে গহন
তেমনি নিহিত নহে হৃদয়ে কি হৃদয়-রতন ?

Prayer

On those that wander in the sands.
Panting in thirst in sweltering heat,
On those that stretch small helpless lands
To fend inexorable fate,
On those that irrevocably late
Bend down to kiss thy nailed feet,
On those who in the pale wastes of the sea
Hearken to her last threnody—
O Lord, rain pity !

On those that in lone nights too deeply sleep
Whose hearts are torn with vain despair,
On those that in the prison's air
Dream flowering fields and cannot weep,
On those who in hunger cleave their night
And in sorrow keener than thy sword
On those that fall in unequal fight—
On all of them have pity Lord !

But most of all on him who has loved in vain
And thrown away the flower of his youth
For a fresh and fickle mouth
O Lord, shower thy grace
On him who in travail and in pain

Bends low his pale and sorrow-sainted face
On the image of her, with wistful memory
Of the last-drunk bitter bowl
Of her caresses' treachery
O Lord, have mercy on his soul,

SAHED SUHRUDARDY.

কৃপাযোগ্য

মরুভূমে তৃষ্ণাতুর কণ্ঠে যে-পথিক
মেলি' আশা-হিয়া ধায় মরীচিকা লাগি' ;—
বিমুখ দ্যুলোকে দিঠি রাখি' অনিমিখ
রহে যে চাতকসম ভূলোক-বৈরাগী ;—

মুহূর্ত্তের প্রলোভনে যে তাপস তার
আজন্ম সাধনা ফল হারায় অতুল ;—
সহসা ভাঙিলে তরী চাহি' চারিধার
উত্তাল তরঙ্গ শুধু নেহারে অকূল ;—

অপ্সরা-বিভোর যার নয়ন-তারায়
প্রতিফলে কঙ্কালের ছায়া-বিভীষিকা ;—
সুর যার চিরমৌন পরাণ-বীণায় ;
লক্ষ্যপথ অবলুপ্ত করে কুহেলিকা ;

নিশা যার তপ্ত ভালে সুপ্তি নাহি আনে ;—
চিত্ত যার দিশাহারা শূন্য নিরাশ্বাসে,
পঞ্জরের লৌহদ্বারে যে ললাট হানে ;—
বসন্তে বঞ্চিত রহে গন্ধিত আকাশে ;—

প্রসারি' শিশুর মুঠি চাহে যে দুর্ব্বার
অলঙ্ঘ্য নিয়তি হায়, করিতে বারণ ;
পলক-বিলম্বে আসি' মন্দির-দুয়ার
হেরে রুদ্ধ যেই দূরাগত অভাজন ;—

অধ্রুবের আবাহনে ধ্রুব বরদারে
ফিরায়ে ঈপ্সিত বর না পায় যে-জন ;
অন্যায় সমরে পড়ি' মরণের দ্বারে
শুনে তার প্রতিমার চরম লাঞ্ছন ;

শ্যামল নন্দনকান্তি স্বপনে লখিয়া
কারামাঝে স্মৃতি তার বহে অনুদিন ;—
দেবতা-বাঞ্ছিত সুধা বারেক স্বাদিয়া
রহে চিরশুষ্ক-তালু ধরাধূলি-লীন ;—

সে সবার 'পরে তব করুণা পরম
ঝরায়ো কৃপাল, তারা বড় অভাজন,—
শুধু তারে ভুলিয়ো না—যে হায়, নির্ম্মম
নিষ্ফল প্রেমের বোঝা বহে আজীবন।

দয়িতের মূরতি যে প্রাণ-বেদিকায়
অদৃষ্টের উপহাসে প্রতিষ্ঠিতে নারে,
হৃদয়ের রক্ত-অর্ঘ্য নিবেদিতে ধায়—
বাধার হিমাদ্রি আসি' সহসা নিবারে।

নিখিল দুর্ভাগা মাঝে দিও তারে তব
পরশ কোমলতম, দিও কৃপা-আশা,—
লুটায় যে-মুগ্ধ তার সকল বৈভব
প্রার্থি' বৃথা মরীচিকা—প্রেম সর্ব্বনাশা।

(ছায়ানুবাদ)

Poor soul, the centre of my sinful earth,
Thrall to these rebel forces that thee array,
Why dost thou pine within and suffer dearth,
Painting thy outward walls so costly gay?
Why so large cost having so short a lease
Dost thou upon thy fading mansion spend?
Shall worms inheritors of this excess
Eat up thy charge? Is this thy body's end?
Then soul, live thou upon thy servant's loss
And let that pine to aggravate thy store,
Buy terms divine in selling hours of dross,
Within be fed, without be rich no more;
So shalt thou feed on Death, that feeds on men,
And Death once dead, there's no more dying then.

SHAKESPEARE.

মৃত্যুঞ্জয়

হায় মর্ম্মবাসী! রাজি' কলুষ দেহের কেন্দ্রে মম—
রুক্ষ দ্রোহী শক্তিচমূ-সুবেষ্টিত ওগো অসহায়!
অন্তরে পিপাসা বহি' কেন সহ' রিক্ততা চরম,
বাহ্য দেহ-তোরণেরে চিত্রিয়া মহার্ঘ্য রঙ্গিমায়?
যে-প্রাসাদ ধ্বংসোন্মুখ, আশ্রয় যাহার মাত্র লভ'
ক্ষণতরে,—তার পিছে কেন হায়, এ অমিত ব্যয়?
সাজে কি এ-আড়ম্বর ভুঞ্জিবে যা বংশধর তব
কীটপুঞ্জ,—পরিণামে যে-দেহের হবে হেন লয়?
তাই দেহেশ্বর! ক্ষতি যেন তব দেহ-দাস সহে,
বহি' তৃষ্ণা নিজে—তব সম্পদের উপচে সম্বল;
কর গো অর্জ্জন দিব্য কীর্ত্তি বৃথা আয়ু-বিনিময়ে,
অন্তর-ঐশ্বর্য্য চাহো,—নহে বাহ্য বৈভব চঞ্চল।
নরজয়ী মৃত্যু জিনি' তবে তুমি মৃত্যুঞ্জয় হবে,
মৃত্যু হ'লে পদানত লুপ্তির সাম্রাজ্য নাহি র'বে।

The act of imagination is ever attended by pure delight. It infuses a certain volatility and intoxication into all nature. It has a flute which sets the atoms of our frame in a dance. Our indeterminate size is a delicious secret which it reveals to us. The mountains begin to dislimn, and float in the air.

EMERSON.

The lover sees reminders of his mistress in every beautiful object ; the saint, an argument for devotion in every natural process ; and the facility with which Nature lends itself to the thoughts of man...is as if the world were only a disguised man, and, with a change of form rendered to him all his experience.

EMERSON.

কল্পনা

কল্পনার ছন্দে ছন্দে রোমাঞ্চ সুশুভ্র নন্দে
হরষে,
প্রকৃতি বিদ্যুৎপর্ণা মেলে পাখা স্বপ্নবর্ণা
রভসে ;
যবে কল্প-বেণু বাজে জাগে দেহ-অণুমাঝে
নৃত্য গো,
ব্যাপ্তির সৌরভে দুলে রহস্য দুয়ার খুলে
চিত্ত গো।
না রহে উচ্ছ্রিত শির মহীধর সুগম্ভীর
বরণে
তনিমা তাহার উড়ে পেলব সমীর সুরে
গগনে।

ছদ্মবেশ

সুন্দরের মাঝে নিত্য নেহারে প্রেমিক চিত্ত
দয়িতার ঢল ঢল ছায়া ;
প্রকৃতির লক্ষ সাজে ধ্যানি-প্রাণব্রজে বাজে
প্রেমের অরূপ বাঁশি-মায়া।
এমনি সহজ ছন্দে কল্পনা চিন্তায় নন্দে
চলাচল সাঙ্গহারা বেশে ;
নররূপে নিত্য নব সাড়া তুলে বিশ্বোৎসব
চিত্তে তার কোটি ছদ্মবেশে।

In the spectacle of Death, in the endurance of intolerable pain, and in the irrevocableness of a vanished past, there is a sacredness, an overpowering awe, a feeling of the vastness, the depth, the inexhaustible mystery of existence, in which, as by some strange marriage of pain, the sufferer is bound to the world by bonds of sorrow. In these moments of insight, we lose all eagerness of temporary desire, all struggling and striving for petty ends, all care for the little trivial things that, to a superficial view, make up the common life of day by day ; we see, surronnding the narrow raft illumined by the flickering light of human comradeship, the dark ocean on whose rolling waves we toss for a brief hour. From the great night without, a chill blast breaks in upon our refuge ;

BERTRAND RUSSELL.

দীক্ষা

মৃত্যুর করাল অভিযানে,
দুর্ব্বিষহ যন্ত্রণার দানে,
যে অতীত ফিরিবে না তার সেই চিরান্ত-আভায়,
জ্বলে এক পূত জ্যোতিষ্মান্
রোমাঞ্চিত মহিমা মহান্,—
রহস্য অতলস্পর্শী—জীবনের গহন প্রচ্ছায়।
সে-ছায়ায় মনে হয় হেন :
বেদন বাসরে হিয়া যেন
নিখিলের সাথে মিলে বেদনার কান্নাহীন ডোরে ;
সে-গভীর দৃষ্টির লগনে
চঞ্চল বাসনা-বিসর্জ্জনে
নিভে ক্ষুদ্র কাড়াকাড়ি—যাহে বিশ্বচিত্ত উঠে ভ'রে।
আপনারে যেন মনে হয়
কৃষ্ণ সিন্ধুবুকে নিরাশ্রয়—
প্রাণ-দীপ নিবু-নিবু—শিহরায় দণ্ড দুই তরে
আন্দোলিত তরণী-উপর,
যবে চারিধারে শ্বসে ঝড়—
উত্তাল তরঙ্গ গর্জ্জে,—আঁকড়িয়া রহি পরস্পরে।
সে-মহা নিশীথে ধ্বংসরবে
হিম বায়ু উন্মত্ত তাণ্ডবে
অন্তিম আশ্রয় ভেলাখানি পরে ভাঙে—শ্রান্তিহীন ;

all the loneliness of humanity amid hostile forces is concentrated upon the individual soul, which must struggle alone, with what of courage it can command, against the whole weight of a universe that cares nothing for its hopes and fears. Victory, in this struggle with the powers of darkness, is the true baptism into the glorious company of heroes, the true initiation into the overmastering beauty of human existence.

"The Freeman's Worship"···BERTRAND RUSSELL.

অর্ব্বুদ অরির ব্যূহমাঝে
মর প্রাণ একক বিরাজে
আহ্বানি' দ্বৈরথে বিশ্ব—চেনে নি যে তারে কোনোদিন।
যবে সেই অমাচমূ-সনে
দ্বন্দ্বিয়া সে গহন লগনে
জয়ী হয়—সেই ক্ষণে বীর্য্যশুল্কে তার দীক্ষা লভে
বীরধন্য উৎসব সভায়,
মরজীবনের অমরায়
লভে দীপ্ত বরমাল্য, সিংহাসন—আপন গৌরবে।

The Boon

THE SUPPLICATION :

A boon O God ! a boon I pray !
Grant me no dwarfed and clouded guess
But eagle eyes in flaming day,
Sheer summit vision—nothing less.

THE REPLY :

Child, ere the breakless pact we close,
Weigh thou the rare exalted stress
For with the boon of vision goes
The dreadful gift of loneliness.

JAMES COUSINS.

বর দান

প্রার্থনা :—

এক বর হে বরদ ! এক বর-তৃষ্ণা জাগে প্রাণে :
—নহে মেঘাচ্ছন্ন জ্ঞান, নহে খর্ব্ব খণ্ড অনুমান—
চাহি শুধু অব্যাহত শ্যেনদৃষ্টি দীপ্র দিনমানে
উত্তুঙ্গ শিখর হ'তে,—নাহি প্রার্থি স্বল্পতর দান।

উত্তর :—

দুর্লভ এ-অঙ্গীকার বৎস ! আগে ভেবে দেখ মনে :
অলঙ্ঘ্য মোদের চুক্তি, দাবী তার কঠোর ভীষণ ;
শিখরের দৃষ্টি-বর চাহো যদি—জেনো তার সনে
পাইবে করাল বর—নিঃসঙ্গ জীবন আমরণ।

But passive renunciation is not the whole of wisdom; for not by renunciation alone can we build a temple for the worship of our ideals. Haunting foreshadowings of the temple appear in the realm of imagination, in music, in architecture, in the untroubled kingdom of reason, and in the golden sunset magic of lyrics, where beauty shines and glows, remote from the touch of sorrow, remote from the fear of change, remote from the failures and disenchantments of the world of fact. In the contemplation of these things the vision of heaven will shape itself in our hearts, giving at once a touchstone to judge the world about us, and an inspiration by which to fashion to our needs whatever is not incapable of serving as a stone in the sacred temple.

BERTRAND RUSSELL'S
"The Freeman's Worship"

মন্দির

যে-ত্যাগ বিবাগী—রিক্ত,
নহে পূর্ণ জ্ঞান-দীপ্ত—
একা সে গড়িতে নারে পূজা-দেবালয়;
সে মন্দির শুধু ভায়
অন্তর্গূঢ় কল্পনায়
পূর্ব্বাভাষে তার নিত্য উচ্ছ্বসি' হৃদয়,—
বুনিয়া তাহার গীতি
সঙ্গীতে স্থাপত্যে, নিতি
জ্বলি' স্বর্ণ-অস্ত-রাঙা বাণী ইন্দ্রজালে,
মন্দ্রি' শান্ত মনোমাঝে;—
যেথা কান্ত সুরে বাজে
সুন্দরের ধুপছায়া ঝিকিমিকি তালে—
বেদনা-অতীত ছন্দে
চিরন্তন মহানন্দে
রহি' দূরে সর্ব্ব চল-চঞ্চলতা হ'তে,
বিফলতা নাহি মানি',
স্বপ্নভঙ্গ নাহি জানি'—
গাঁথা যাহা মরতের পরতে পরতে।
হেন অরূপের ধ্যানে
মুঞ্জিবে মোদের প্রাণে
অলকার ধ্যান কায়া,—নিকষে যাহার
কষিব এ-বসুধায়
রচিব সে-প্রেরণায়
পূত স্বপ্ন-মন্দিরের পূজা-উপচার।

Not for this alone do I love thee ; but
Because Infinity upon thee broods,
And thou art full of whispers and of shadows.
Thou meanest what the sea has striven to say
So long, and yearned up to the cliffs to tell :
Thou art what the winds have uttered not,
What the still night suggesteth to the heart ;
Thy voice is like to music heard ere birth,
Some spirit lute touched on a spirit sea :
Thy face remembered is from other worlds.
It has been died for though I know not where,
It has been sung of though I know not when.

STEPHEN PHILIPS

A man should never earn his living,
if he earns his life he 'll be lovely.

D. H. LAWRENCE.

জীবিকা অর্জ্জন তরে   যুঝিবে পরাণ ভ'রে ?
নহে। এ জীবন ভরি'   জীবন অর্জ্জন করি'
ধন্য হও হে স্বপনী,—   সুন্দরেরে আবাহনি'।

কেন ভালোবাসি ?

শুধু এইটুক তরে ভালোবাসি ?—নহে।
ভালোবাসি—তব চারিধারে পাখা মেলি'
অনন্ত নৈঃশব্দ্য রহে থমকিয়া বলি' ;
তব রন্ধ্র রন্ধ্র ভরি' কানে-কানে-কথা
রাজে অন্তর্লীন বলি'। ছায়া অনীকিনী
দেহে তব তরঙ্গিত। আছাড়ি' বারিধি
সানুমূলে যে-নিগূঢ় আকুতি তাহার
চাহিয়াছে প্রকাশিতে যুগ যুগ ধরি'
বাঙ্ময়ী সে তব মাঝে। পারে নি পবন
উচ্চারিতে যে-বারতা—সে-অমূর্ত্ত বাণী
তোমাতেই মূর্ত্তিমতী। স্তব্ধ নিশীথিনী
হৃদি তটে আনে বহি' যে-মূক ইঙ্গিত
তুমি যে তাহাই। তব কণ্ঠস্বরে ও কী
কাঁপিয়া কাঁপিয়া উঠে ?···যেন সেই গাথা
জনম-পূরবে যাহা পশেছিল কানে
ছায়াবীণারেশে ছায়া-কলোর্ম্মির বুকে !
ও-আনন-স্মৃতিখানি ভেসে আসে যেন
লোক-লোকান্তর হ'তে। যেন হয় মনে···
ওর তরে কত প্রাণ মরণ বরিয়া
হইয়াছে ধন্য—শুধু নাহি জানি কোথা
কোন্ সে-জগতে। মনে হয় কত শত
আরতি-সঙ্গীত গীতি হইয়াছে গীত
ও আনন বন্দি'—শুধু নাহি জানি কবে !

The Primal Passions

If you will go down into
yourself, under your
surface personality,
You will find you have
a great desire to
drink life direct
from the source,
not out of bottles
and bottled
personal
vessels :

What the old people
call immediate contact
with God :

That strange essential
communication of life
not bottled in
human bottles.

D. H. LAWRENCE.

প্রাণ গঙ্গোত্রী

হেথা যে-রূপ তোমার বাহিরে উছলে যাহে তব পরিচয়
নিতি ঘোষে এ-জগতময়,—
নারে মন ছুঁতে যারে—
রাজে যা তমসা-পারে,
তারি অভিসার লাগি' এ-মরু-অকূলে
চাহিলে পাঠাতে মোরে,—তাই বুঝি ছুঁলে !

তাই

মাগো চাই না তোরে
প্রেমের ডোরে
তাই তো বাধা বাজে ;
আজো কালোয় ভালো-
বাসি—আলো
তাই তো লুকায় লাজে ।
আজো গহীর সুরে চিত্তাকাশে
চাই না তো কই তারার ভাষে !
মেঘের ছায়া
পাষাণ কায়া
হয় মা, সয়ে না যে !
কবে সে আবরণ
ঘুচ্‌বে ?—কিরণ
হাস্‌বে মনোমাঝে ?

মাগো তোর ইসারায়
পাতায় পাতায়
আগমনী রটে,
চুমি' তোরি আভাষ
ছুটে সুবাস
ফুলের হিয়া-তটে ;
তোরি গোপন চরণছন্দে নিতি
নিখিল হিয়ায় নন্দ-গীতি !
মৌন যারা
দেয় মা সাড়া
সেই অরূপেই যাচে,
শুধু মুখর আমার
নূপুর বাধার
শিকল হ'য়ে বাজে ।

আড়াল

এ কবিতাটি সম্বন্ধে কিছু বল্‌বার আছে। ২১শে জুন, ১৯৩১ "মা"-র সঙ্গে আমাদের কথা হয়—সেই থেকেই এ-কবিতাটির প্রেরণা পাওয়া।

আর্জবানন্দ (ওরফে জে. এ. চ্যাডউইক) মাকে জিজ্ঞাসা করেন : "Is the Western demand for proof and substantiation of phenomena and realities legitimate?" অর্থাৎ—"প্রতীচ্যে লোকে সত্যের সত্যতা সম্বন্ধে যে-ধরণের প্রমাণ দাবী করে তা কি সঙ্গত?"

মা তাতে বলেন : "Not of psychic and spiritual realities" অর্থাৎ—"অন্তর্গহনের বা আধ্যাত্মিক সত্যের বাহ্য প্রমাণ দাবী করা সঙ্গত নয়।"

তাতে আমি জিজ্ঞাসা করি : "But why not? Suppose the realists or scientists were to put this question—as they are putting it sceptically everyday—that if any reality be real why can it not be tested objectively?" অর্থাৎ "কেন নয়? বৈজ্ঞানিক যদি এ-প্রশ্ন ক'রে বসেন যে কোনো সত্য পরীক্ষাসহ হবে না-ই বা কেন যদি তা সত্য-ই হয়?"

মা বলেন : "All realities are not of the same nature The psychic is always veiled". অর্থাৎ—"সব সত্য সমপ্রকৃতির নয়। অন্তর্গহনের সত্য সর্ব্বদাই আড়াল থেকে কাজ করে—আড়ালে থেকে সক্রিয় হয়।"

——"But how to convince people about this?" অর্থাৎ—"লোককে এ কথা বিশ্বাস করানো যাবে কেমন ক'রে?"

মা বলেন: "There can be no question of convincing or proselytising here. True, one who has realised convinces, but also in a veiled way—through the silent power of realisation which radiates faith. He stands still like a beacon-light—like a peak whose flashing snowy ranges, fold behind fold, irradiate the light that kisses them. But the peak does not trouble to convince others—least of all those who have had no taste of the heights—of the magic of the noble altitudes. The way in which Truth realised effectuates itself and becomes contagious and dynamic is also a veiled way".

অর্থাৎ—"অপরকে বুঝিয়ে দলে টানার কোনো প্রশ্নই ওঠে না এ ক্ষেত্রে। যে সত্য উপলব্ধি ক'রেছে সে অপরকেও তার প্রত্যয়ের খানিকটা দান করতে পারে বটে, কিন্তু নিহিত ছন্দে, আড়াল থেকে—উপলব্ধির নিঃশব্দ শক্তি দিয়ে—যে-নৈঃশব্দ্য প্রত্যয়কে বিকীর্ণ করে। সত্যদ্রষ্টা বিরাজ করেন আলোক-স্তম্ভের মতন—অভ্রশিখরের মতন। তুষারদীপ্ত শৈলমালা চুম্বনানত ঊর্দ্ধরশ্মিকে প্রতিফলিত করে: কিন্তু শিখরের কাজ নয় উপরের আলোর তথ্য বা তত্ত্ব সম্বন্ধে অপরকে বিশ্বাস করানোর চেষ্টা করা—বিশেষ ক'রে তাদেরকে যাদের তুঙ্গ স্তরের কোনো অভিজ্ঞতাই নেই—যারা উত্তুঙ্গ মহিমার ইন্দ্রজালের কোনো খবরই রাখে না। যে-সত্য একবার উপলব্ধিগত, অস্থিমজ্জাগত হ'য়েছে তা নিজেকে ছড়িয়ে সার্থক করে সংক্রামকও হয়—সত্য;—কিন্তু তার ছন্দ স্ফুট নয় অস্ফুট, দৃশ্যমান নয় নিহিত।" *

---

* কথাগুলির রিপোর্ট মাকে পাঠিয়ে দিতে তিনি অনুমোদন ক'রেছিলেন।

আড়াল

উষর মরুভূমির তলে
রস উথলে,
তারি গহন মৌন দানে
ছড়ায় শ্যামলতা ;
উপরে তার চিহ্ন নাই
তবু সদাই
দৃষ্টিহারা ফল্গুধারা
বহায় সরসতা।

প্রাবৃটে যবে ঘনায় কালো
অমল আলো
বদন ঝাঁপে, তরাসে কাঁপে
নিখিল থরথরে,—
শরৎ তারি অন্তরালে
আরতি জ্বালে,
দ্যুমণি-দ্যুতি স্বরগাকুতি
মরতে ভরভরে।

চলার পথে দখিনে বামে
যখন নামে
হরিতহরা করকা-ঝরা
শীতের হিম পাখা,—
কুসুমাকর তারি আড়ালে
মলয়-থালে
সাজায় চুপে গন্ধ ধূপে
পৌর্ণমাসী রাকা।

ধরায় যবে নয়ন-পুটে
সন্ধ্যা লুটে
রুদ্ধপ্রায় হৃদয়ে ছায়
নিবিড় গতি-তৃষা,—
অস্তপারে রক্তাধরা
উন্মুখরা
উষসী গাহে—"কাটিবে নিশা,
মিলিবে পথ-দিশা।"

চিত্তব্রজে বাজায় বেণু
পরাগ-রেণু
হাটের মাঝে নিরালে রাজে
একেলা গৌরবে ;
লক্ষ ধূলি-সাক্ষ্য তারে
অস্বীকারে,
নিহিত রেণু একেলা ধূলি-
চমূরে পরাভবে।

বিজনে শুনি পাতিলে কান :
—কে গাহে গান—
"নেপথ্যেরি বিবাগী পথে
চল্‌রে পথহারা,
পায় না আঁখি আভাষ যার,—
যবনিকার
পারে লুকায়ে প্রাণে ফুটায়ে
তুলে সে ধ্রুবতারা।"

তিমির দলিয়া চরণে

আজি এসো মা বিজয়া, আলো-বরাভয়া !
তিমির দলিয়া চরণে।
মোর হৃদয়-কমল ঝরে যে বিকল
তুলে ধর প্রেম-কিরণে।
তার যতবার দল মেলে তব ভায়,
আঁধার-তুহিনে পুন মুরছায়,
যতবার তব জ্যোতি-বৈভব
ধেয়াই উরধ স্বপনে,
ঝড় ঝটিকা-ধূলায় স্বপন মিলায়
মেঘ আসি ছায় গগনে।

হৃদে আলোর রাগিণী নভো-কিঙ্কিণী
তালে তালে কেন স্বননে ?
যদি মাটির নিগড়ে রাখিবে মা ধ'রে
লুটাবে ব্যর্থ বেদনে ?
যদি তৃষিত অধরে নীর নিরমলে
পরশি' টানি' মা ল'বে হেন ছলে,
কেন পিপাসায় বারিদ-বিভায়
রচিলে মেদুর বরণে !—
সৃজি' চাতকে ধরায় করিলে মা, হায় !
ধরা-বৈরাগী জীবনে ?

যেই জলধনু ঝুরে অম্বরে দূরে
করে সে বিবাগী নয়নে !
তার বাঁশরী পেলব সুরে নব নব
ডাকে যে স্বপনে শয়নে !—
গাহে : "সুদূরের রূপভাতি নহে মায়া,
"জপি' তারি নাম ছায়া ধরে কায়া,
"লক্ষ যোজন দূরের তপন
জাগায় তাহার চুমনে
"বুকে বুকে জয়গান, জীবনাভিযান
ঘোষে প্রাণ—দলি' মরণে।"

যেন কাঁটার ভ্রূকুটি অবহেলি' ফুটি'
উঠে হিয়া ফুল-লগনে।
যেন শৃঙ্খল-তালে শুনি মা নিরালে
মুক্তি-নূপুর-রণনে।
যদি পড়ি বার বার ধরণীর টানে
তবু হৃদি মানা যেন নাহি মানে,—
উপলেরি ঘায় বেগ লভি' ধায়
সরিৎ সিন্ধু-মিলনে,
এসো উষা-স্রগ্ধরা, আলো-অপ্সরা !
তিমির দলিয়া চরণে !

১৭

গন্নাপূজা গন্নাজলে

মাগো—

পাই না তোরে যখন মর্ম্মমাঝারে
খুঁজি তখন বাইরে তোরে কত যে !···
চাই যখনি চন্দ্রকিরণ সুধারে
পাই না তারে—বজ্র ভীষণ গরজে ।

আঁধার তখন নামে ত্বরিৎ ঘনায়ে—
যাচি যখন নীলাম্বরের বরাভয় ;
মলয় যখন প্রার্থি—পরাণ কাঁপায়ে
বর্ষে প্রলয়-করকাপাত হিমময় ।

ভাবি তখন—কভু কি আর বসুধায়
ফুটবে আবার কান্তারুণের শান্ত হাস ?
নিকষ-কালো এলোকেশীর তমিস্রায়
কেমন ক'রে ওঠে যে বুক···জাগে ত্রাস !

ক্রন্দি' কহি : "হারালাম যা ছিল সব—
মিল্‌বে না যা মিথ্যা তারি তরে মা !"
বিদায় যখন মাগে চপল কলরব
মুগ্ধ হৃদয় 'যাও' বলিতে ডরে মা !

দিঠির মোদের কতটুকুই পরিধি ?
বিস্তৃতে মা চাই না তবু তাহারে,
নিতুই কাড়াকাড়ির তরে ধায় হৃদি,
চায় না নয়ন দিগ্‌বলয়ের ওপারে ।

প্রতিপদেই লাভ ও ক্ষতির ঠিক্ দিয়ে
চাই চলিতে—বিজ্ঞ জ্ঞানের ভাণ্ডারী ;
সুধায় কড়াক্রান্তি ব্যয়েই মোর হিয়ে :
"সুদ আখেরে মিল্‌বে তো হে কাণ্ডারী ?"

এম্‌নি ক'রেই কাটে মা দিন—প্রতিদিন,
একটু ছেড়েই চাই ক্ষতিটির পূরণ মোর :
প্রবল করি দাবী—চাওয়া হ'লে ক্ষীণ
দেওয়ার-বেলায় ভুল হ'য়ে যায় পাছে তোর ।

যদিই কভু চাই মা হৃদয়-অতলে
তোর-দেওয়া ধন অঞ্জলিতে তোর পায়ে,
অম্‌নি আকুল সাব্‌ধানী মোর মন বলে :
"কর্‌ছ কিগো শেষ পুঁজিটুক্ খোয়ায়ে ?"

জানে না হায় !—একটুও তোর চরণে
উৎসৃজিলে পায় লাখোগুণ ফিরায়ে ;
জান্‌বে মা বল্ তোর লীলা সে কেমনে ?
গৃধ্নু শুধুই বোঝে নগদ-বিদায়ে ।

মুক্ত হাওয়া তাহার কভু রুচ্‌বে কি
বদ্ধ কারার গণ্ডী মাঝেই নন্দে যে !
মণ্ডূকে নীল নভের ভাষা বুঝবে কি—
তৃপ্ত আবিল কূপটুকুরি গন্ধে সে ।

আশাত্তর

প্রাণ-গহনে যে-সুর নিতুই উথলায়
কাণ পেতে তায় শুন্‌বে কি হায় আন্‌মনা ?
থেয়ায় নি যে কায়াহীনা অসীমায়
শুন্‌বে সে-জন ছায়াবীণার মূর্চ্ছনা ?

তাই তো ভুলে থাকি নীরব তোর সে-বর,
মঞ্জীরে যার ছায়াপথও ছন্দিত,
তাই তো ভুলি শুন্‌তে বাণী তোর নিথর,
প্রোল্লোলে যার বিশ্বহিয়া কম্পিত।

তাই বুঝি এই শঙ্কা জাগে চিত্তে মোর—
লব্ধ ধনে বঞ্চিত হই পাছে গো,
তাই কাটে না বুঝি চলায় নেশার ঘোর
নিলয় এত নিগড় সম বাজে গো !

বুঝ্‌ব যেদিন—এমন পাওয়া জীবনে
নিত্য ডাকে বাঁশির-সুরে উভরায়,
বারেক যাহার ময়ূখকণা-হিরণে
যুগের-আঁধা এক লহমায় উজলায় ;—

বুঝ্‌ব যেদিন সকল ক্ষতির বাড়া লাভ
দীপ্তে মা তোর একটি দিঠির কিরণে,
ছাড়্‌ব সেদিন হারাই-হারাই-মনস্তাপ
অকূল স্রোতে ভাস্‌ব জিনি' মরণে।

কভু বা···কোন্ একটি পূত পলকে
সেই দালেরি খেলে যেন বিজুলি-ভাস
তখন তিমির পলায় তোর এক ঝলকে,
চোখের-ঠুলি লুষ্ঠি' পড়ে চোখের পাশ।

তার পরেতেই গুটিয়ে আসে চক্রবাল,
আবুছা আলো আর পারি না বন্দিতে,
আচম্বিতে অস্ত হোলির ইন্দ্রজাল
মূর্চ্ছাহত যেমন লগ্ন-সন্ধিতে।

এই ভরসায় কেবল মা বুক বেঁধেছি :
যে-দান লভি' মত্ত সাগর আধানে,—
গোষ্পদেরও গর্ব্ব তাহাই—চেয়েছি
তাই তো সাহস ক'রে তোর ঐ মুখপানে।

নইলে ভেবেচিন্তে কি কেউ ও-পদে
সঁপ্‌তে পারে যা আছে তার আপনার ?
যে-অবদান তোর দেওয়া নয় বরদে,
দেয় তোরে তা ফিরিয়ে—হেন সাধ্য কার ?

যে-বারিধার ভরে তড়াগ-নদী হ্রদ,
তারেই ফিরায় বারিদ-রূপে ধরাতল ;
যে-রশ্মিটি বক্ষে ধরে কোকনদ
ফুটায় তারেই গন্ধরূপে সমুচ্ছল।

ধন্য হব প্রাণটি আজি ঢেলে তাই,
তোর-দেওয়া-দান তোর পদে সমর্পণে,
আর কিসে বল্ পূজ্‌তে পারি ?—সর্ব্বদাই
গঙ্গাপূজা গঙ্গাজলের তর্পণে।

The Paradox

Mother, I was faring through life enamoured of its high-toned plaudits and the lights of its revelries, but you sent your messenger of the heavenly Ray, crowned with a halo of shadows and fires.

Mother, more and more I was losing consciousness amidst the heady fumes of silvery orgies ; you came and encircled me in sombre darkness, you smote me with the pain of disillusionment to unseal my eyes.

With the touch of pain you shattered my mortal hopes that you might give them the magic form and hue of quenchless dreams ; you swept away in storms my narrow nest to give me the wide haven of the illimitable blue.

I was clinging to the earth of attachment ; you set me adrift from my moorings. I lived forgetting you in desert sands ; you sounded there the clarion of your River of the Triple Ways.

I was rippling along with the sails of my life full-set when you came rushing with ocean-voice to annihilate the last trust in an earthly shore.

But strange was that ocean, stranger the ways of its waves ; even when they sent my boat down into perilous depths no atom of hope perished.

They rushed in the dark gurgling tumult of their currents only to destroy the pageant march of desires, they submerged the pomp and procession of the day to deepen the shadowy message of the Galaxy.

Mother, when at the call of that Milky Way I emerged out of the river to the sea, I sighted at a strange bend the stranger turns of your lila :

—There the Guide flashed not forth, yet the streaks of his light on the black waters lingered and shimmered ; extinguished was the strident voice of the world, yet the deep pulsing of the waves died not down.

—There no perfection of sunrise illumined the horizon, yet from the East came wafted a fragrance from the Unknown with a familiar beckoning :

—There the flower of the moon lay veiled in its arbour of cloudlets, yet its pent-up aroma stirred into a poignant nostalgia the soul's nectar-yearnings :

বিচিত্রা

যবে চলিতেছিনু মা জীবনের
উল্-মুগ্ধ—প্রমোদ-দীপ্ত···
তুমি পাঠালে অলকা-কিরণের
দূতী—ধূপছায়া-অভিষিক্ত ! ··

চিত কাঁপিল উছসি' সঘনে
দুলি' বিচিত্র আশা-দ্বন্দ্বে···
ত্রাস শিঞ্জিল মৃদুচরণে,
প্রেম ধ্বনিল মুরজ-মন্দ্রে !···

যবে দীপালি-আসব মাঝারে
ক্রমে হারাতেছিনু মা চেতনা,—
তুমি ঘেরিলে নিশুতি আঁধারে
আঁখি ফুটাতে হানিলে বেদনা !···

শুধু সে-বেদনে মম আশাটি
ভাঙি' ভাতিলে দুরাশা-বরণে···
ঝড়ে উড়ায়ে ক্ষুদ্র বাসাটি
দিলে নিলয় নিসীম গগনে !···

ছিনু মমতার মাটি আঁকড়ি'
তুমি সহসা নোঙর কাটালে ;···
ছিনু মরুচরে তোমা পাসরি'
সেথা ত্রিপথগা-তূরী বাজালে ! ··

পাল তুলি' চলেছিনু যবে গো
মোর মেলি' হিয়াখানি সরসা,—
তুমি সহসা সিন্ধু-রবে গো
মোর লাঙ্ঘিলে তটভরসা !···

শুধু বিচিত্র সেই সিন্ধু,
আরো বিচিত্র ঢেউ-সরণী,···
পথ হারায় না আশা-বিন্দু
যবে সে-ঢেউয়ে মগ্ন তরণী !···

শুধু তিমির-তুফান বিথারি'
সে যে চূর্ণে বাসনা যাত্রা,—
শুধু দিবা-অভিযান নিবারি'
কানে ঘোষে ছায়াপথ-বার্ত্তা !···

যবে সে-ছায়াপথের ডাকে মা,
নদী ছাড়ি' লভি নিধি-অঙ্ক,—
হেরি অপরূপ সেই বাঁকে মা
আরো অপরূপ লীলা-ভঙ্গ :

—সেথা দিশারী উঠে না দীপিয়া,
তবু কালোজলে আলো মুছে না···
যায় মুখের কাকলি নিভিয়া,—
তবু কলকল্লোল ঘুচে না !···

—সেথা দিগন্তে নাহি বিভাতে
কোনো নিটোল উদয়ানন্দ···
তবু অস্ফুটে চাহে বিলাতে
কোন্ অচিন-চেনা সুগন্ধ !

—সেথা চাঁদিমা রহে অতৃপ্ত
ঢাকা মৌন মেঘ-নিকুঞ্জে,···
তবু তারি মৃগমদে নিত্য
বুকে মধুভৃঙ্গিকা মুঞ্জে !

—সেথা মরত-বাঁশরী গাহে না
তবু মূক নহে গীতি-ছন্দ···
কেহ কামনা-ক্ষেপণী বাহে না,—
তবু নহে খেয়া নিস্পন্দ !···

—সেথা ধরা-রলরোল সুপ্ত
তবু উথলে তাহার আবাহন···
সেথা দ্যুলোক—অলখ···গুপ্ত,
তবু চুমে সে প্রাণ-বাতায়ন !···

এ কী বিচিত্রা তুমি ভাবিয়া
মাগো পাইনা কুহেলি-শিয়রে !
মোরা রহি কার পথ চাহিয়া—
যাচি' কোন্ মায়াভ্র-শিখরে ?

যাহা বর মা স-লীল বেলা'পর
যদি লীলা-পারে হয় অভিশাপ—
তবে কেনই বা বাঁধি খেলাঘর
কেন পদে পদে করি পরিমাপ—

হেথা কতটুকু ভালোমন্দ ?
হেথা কতটুকু পাপ পুণ্য ?
কী বা বন্ধন—কী আনন্দ ?
কী বা সার্থকতা—কী শূন্য ?···

আজি করি গতিসাথে সন্ধি
উঠি উলসি' লহরী ভঙ্গে,—
কালি ফিরায়ে আনন বন্দি
কোন্ ধূসর নিস্তরঙ্গে ?···

পূজা ভকতি-দেউলে লভে নীড়
তবু সংশয় কেন যায় না ?
হিয়া- মূলে মুহুমুহু ক্ষরে ক্ষীর—
কেন রসনা সে-স্বাদ পায় না ?···

যারে ছাড়ে—সে তারেই স্মরিয়া
কেন আকুলে থাকিয়া থাকিয়া ?
তাহে উঠেনি চিত্ত ভরিয়া,—
তবু মরে তাহারেই মাগিয়া ?···

বড় অভিমান প্রাণে ছায় মা,
তুমি আছ—তবু জাগে ধন্দ ?
নিতি নীলাম্বরে যে চায় মা
জুটে তারি শৃঙ্খল-বন্ধ ?···

যদি মিথ্যা প্রশ্ন ভ্রান্তি
দাও প্রেম-নির্ভরে থামায়ে,
ছায়া মরীচিকা যদি—শান্তি
দাও আলোক-গঙ্গা নামায়ে।—

—There earthly music was mute, but not hushed were the rhythm and song of its call. There none plied the oars of desire, yet the boat was not at a stand-still :

—There the discord and clangour of the earth was asleep, yet their appeal flowed in the air. There the Beyond was concealed, yet its rays kissed the windows of the soul :

I could not find, Mother, the meaning of thy riddle, I was enveloped as in mists : Whose advent do we look for all the while ? What cloudy dream-peak of magic do we for ever seek ?

If, Mother, what is a blessing in the *lila* of the shore becomes a curse beyond it, why then do we build this doll's house ?

Why all this care to weigh so meticulously the measures of sin and virtue, of bondage and freedom, of fulfilment and frustration ?

To-day we patch up a treaty with motion and are in ecstasy over the spectacle of its wave-dances ; to-morrow we turn our backs on it to salute some grey amorphous quiescence.

Worship finds still a refuge in the temple within : but doubt too persists···Honey trickles at the unseen roots of the heart, yet the palate receives no taste !···Why must the heart hanker again and again after what it has eschewed for good ? Why must it always crave for what has given it no sense of fulfilment ?

Why, Mother, this cruel humiliation of doubt when you exist ? Why keep a chain on one who yearns for the skies ?

If question and error are unreal, set them at rest by your gift of unwavering faith. If darkness is but the shadow of a chimera, shed then thy peace in an avalanche of light.

কথা—কথা—কথা !

কথা—কথা—কথা দিয়ে প্রাণের শূন্যতা আজো চাহি
ভরিতে মা—চলি নিত্য বাঙ্ময়ী তরণীখানি বাহি'।
দিন আসে···দিন যায়···বর্ষ পাছে বর্ষ নিত্য ছুটে···
বাক্যদাবদগ্ধ বুকে ঊষর অতৃপ্তি জেগে উঠে···
তবু ভাবি : রিক্ত বাক্যবীজে বুঝি ফলিবে ফসল···
হৃদি পুষ্পাধারে বুঝি সাজাইয়া কুসুম নকল
উপচিবে পদ্মগন্ধ !···ভাবি—বুঝি কথা-মাল্য গাঁথি'
মিলে তোরে !···হায় !···শুধু কথা হয় পুঁজি—চিরসাথী !

সে দীন-সম্বল সাধ্যে যবে পরে তৃপ্তি নাহি আসে,—
বারিদের দীপ্তি যবে নাহি জাগে শুষ্ক হৃদাকাশে
মেদুর বরণে,—যবে তৃষ্ণা জাগে প্রাণের নিরালে,—
অস্বীকার করি তারে ভুলি' বচনের ইন্দ্রজালে !
ক্ষোভে চাহি মিটাতে মা, অন্তরের গূঢ় পিপাসায়
শব্দভেদী শরধারে : রচি শুধু শরশয্যা হায় !

হেন নটভঙ্গী ছাড়ি' তোরে আহ্বানিব প্রাণভরা,
নীরব অঞ্জলি-অর্ঘ্যে কবে—ছাড়ি' কথার পসরা ?
কবে মুখরতা-ফণা নম্রশীর্ষ হবে মাগো তোর
মৌনস্পর্শে—মন্ত্রশান্ত ভুজঙ্গম সম ? কবে মোর
চিদাকাশে তরঙ্গিয়া যাবে তোর অরূপ কল্লোল ?
কবে হবে স্তব্ধ—বৃথা কথা—কথা—কথা উতরোল ?

Words! Words! Words!

Words, words, always words! Still I long Mother, to cover with words the emptiness of my heart! I steer still my boat with its load of words towards aimless shores!

Days follow days—years tread in the wake of weary years:

A barren dissatisfaction oppresses my soul burnt with the fire of words:

Yet still I persuade myself that dead seeds of words shall grow into a noble harvest, paper lotuses in my heart's vase send out the dewy fragrance of waking blossoms.

As if one could win thee with a garland of words—I keep on weaving it, and words are left to me as my only resource and my perpetual companions.

And when the poverty of their companionship leaves me without satisfaction:

When in the arid sky of my soul no cool hue and glory of clouds appears:

When only a longing thirst wakes in the secrecy of my heart:

I deny it and beguile my yearning with a rainbow iridescence of words. In my trouble I would slay that secret thirst with arrowy shower of words, but can make with them only a poignant couch for my unease.

Why must it so be Mother, when in the recesses of my heart is thy priceless wealth and it comes shining up in lavish heaps the moment I call to thee with a deep note of prayer?

Why, then, do I pack my soul with words?

How can I remain content composing such an empty glitter of song?

When—O when Mother—shall I leave these attitudes of the actor and invoke thee with silent offerings full from my heart laying aside my pedlar's pack of words?

When shall my speech bow humbly down at the touch of thy Silence like the bright hood of a serpent tamed by the music of the charmer?

When shall there surge in the heavens of my consciousness the vibrant cry of thy in coming tides?

When shall be stilled this vain tumult of words! words! words!

ইতিহাস

হায় প্রতিপদে কেন অন্তরমাঝে
নামে মন্থর তন্দ্রা ?
কেন গুরু গুরু ছায়া-মৃদঙ্গে বাজে
শঙ্কা-জীমূত-মন্দ্রা ?
কেন প্রতি পদে এত দুর্দ্দম অরি
উচ্ছ্রিতফণা গর্জ্জে ?—
যারা বাঁধিতে যাইলে হাসি' যায় সরি'
হাসিলে ফিরিয়া তর্জ্জে !
রাজে মর্ম্ম-আগুনে বন্ধনরিপু
পাতায়ে ছদ্ম মিতালি ;
হয় চিত্ত-দীপাধারে শিখা নিবু-নিবু
অকারণ—নিভে গীতালি !
আসে লক্ষ ঝাপটে লক্ষ শীকরে
নিতি নব আঁধা নাচিয়া,—
হায় কত সাধনায় প্রাণ-কন্দরে
প্রদীপটি রহে বাঁচিয়া !
হেন মনে লয়—এই বিশ্ব প্রবীণ
লভে না শান্তি-বিন্দু—
যদি কোথা এতটুক বিভাসে নবীন
স্বল্পায়ু কম ইন্দু !

গণে নিখিলের অমাবস্যা প্রমাদ
সুধায় নিয়ত ফুঁসিয়া :
"কেন তন্দ্রিত হিয়া-মন্থনে চাঁদ
উদিবে বিষ না উঠিয়া ?"
"হের মন্দিরে ঐ শঙ্খ স্বনিল,
অপ্রেম তারে সহিবে ?
"ভবে কণ্টক হায়, গুমরি' মরিল
ফুল কেন তারে দহিবে ?"
তবু উলসে ক্ষণদা চন্দ্রসনাথা
কৃষ্ণার করি' তমোনাশ,
গাহি' বসুধা-বাসর তরে আলোগাথা
শুক্লায় রচি' বরবাস ;
তবু সুরেলা কণ্ঠে সুরহারা বাধা
ঝঙ্কারে উঠে বাজিয়া,
হয় ভকতির রাগে মূর্চ্ছনা সাধা
মরু হাসে তৃণে সাজিয়া ;
তবু অঙ্কুর রেণু বন্ধ্যা পাতালে
লাখো কঙ্কর লুটায়ে
ফুটে সঙ্গীত-মধুছন্দে,—আড়ালে
পঙ্কে পরাগ ফুটায়ে।

শুধু মুঞ্জরণের ফল্গুদ্বন্দ্ব
উপরে না হয় পরকাশ,
হায় ভুবন ভুঞ্জে কুসুম-গন্ধ,
কে পুছে ফোটার ইতিহাস ?

অহৈতুকী

দাও সেই প্রেম—যারে
চিনিলে মা আপনারে
সত্যরূপে নিত্য যায় চেনা :

যে-প্রেম আপনা-দানে
পূর্ণ সার্থকতা জানে,
সাবধানী-মানা যে মানে না।

করি' আপনারে ক্ষয়
যে-প্রেমের চিরজয়,
চিন্তাহীন যে—নিঃশেষ-ব্রতী ;

তীব্র আলো যে আলোর
পাশে হয় অমা ঘোর
শ্রেষ্ঠ লাভ যার পাশে ক্ষতি।

যে-প্রেম নির্ভরে ফুটে
আপনার বেগে ছুটে
উদ্বেলিত নির্ঝরিণী সম :

আপনার কলনৃত্যে
পথ কাটি' ধাই' চিত্তে
বিরচে সুরভি নিরুপম :

নাহি গণে লাভালাভ,
নাহি যার মনস্তাপ,
নির্ভাবনা যার উৎসধারা :

হৃদি-লহ অর্ঘ্য গণে,
সঞ্চয়েরে প্রাণপণে
আগুলি' যে ভয়ে নহে সারা :

পিছু টানে ধরণীর
যে-প্রেম না নমে শির
স্বপি' নিজ নীলিমা-গৌরব :

যে-প্রেম ধূলিকা-পঙ্কে
বিলায় মা নির্বিশঙ্কে
পঙ্কজের বিকচ সৌরভ :

অকল্যাণ মরু-মাঝে
যে-প্রেম কল্যাণে রাজে
সৃজিয়া আপন রসধার :

যে-প্রেম নির্ভীক-দীপ্তি—
দলে পায়ে ধ্রুব ঋদ্ধি
যাচি' অধ্রুবের অভিসার :

কস্তুরী-মৃগের ছন্দে
আপন গোপন গন্ধে
যেই প্রেম বিভোর—উন্মনা—

ভরে যে স্বপন-রেশে
জাগরণ মুগ্ধাবেশে
ধেয়াইয়া অচিন মূর্চ্ছনা :

আপনার মুঞ্জরণে
আলোকিত গুঞ্জরণে
যে-প্রেম উচ্ছলি' দেয় সাড়া :

কুহেলি-আবিল বর্ত্মে
আপনার চিত্তপদ্মে
রাখে অমলিন—প্রাণকাড়া

তোমার ও পাদুখানি ;
সে-আশীষে নিত্য জানি'
জীবনের সুধা-সারাৎসার ;
প্রতিদান চাহে যদি
সে শুধু মা নিরবধি
তোমারে শুনাতে গীতি তার—
প্রাণের অমিয়-কোষে,
যেথানে কভু না পশে
হাটের শ্রীহীন কোলাহল,
যেথানে তারার আলা
নৈঃশব্দ্যের গন্ধঢালা
বিভাসে নিরালা অচঞ্চল।
বাহিরের না-পাওয়ারে
যেই প্রেম অস্বীকারে,
মর্ম্ম-মণি-মঞ্জুষায় তার
র'য়েছে যে জ্যোতিষ্মান্
সম্পদ নিরভিমান
আড়ম্বর গণে সে অসার :
যে-প্রেম পশ্চাতে রহে
সম্ভাষিলে কথা কহে,
না শুধালে রহে যে নীরবে :
তুমি তারে চাহো কিনা
নাহি করে প্রশ্ন, বিনা
পুরস্কার তৃপ্ত তব স্তবে।
তবে যদি কভু তুমি
শোনো গান তার—চুমি'
ও-পদ-যুগল সে-উৎসবী

তোমাকে পুলকে—সত্য,
শুধু তাহা নহে মত্ত
জনতায় ; প্রশান্ত অটবী
রচে সে আপন মনে
কেন্দ্রে যার নিরজনে
গড়ে পূত মন্দির তোমার ;—
সে-মন্দিরে অট্টরবে
নাহি করে সগৌরবে
ঘোষণা মা তব প্রতিষ্ঠার।
বাহিরে সে সুগম্ভীর
শান্ত অব্ধি সম স্থির,
অন্তরে সে কল্লোল-আরাবী ;
সে-মন্দ্র বন্দন স্থির
শুনে শুধু সে-সুধীর
নাহি যার কাড়াকাড়ি-দাবী।
সবচেয়ে সুকঠিন
নৈবেদ্যে না গণি' ঋণ—
আপনারে দেওয়া পূজাদানে ;
দাবী না করার লাগি'
ছদ্ম সূক্ষ্ম দাবী জাগি'
উঠে গূঢ় কামনার টানে !
হেন দাবী যেন—ছলে
কভু মা অন্তর তলে
নাহি বাঁধে বাসা সঙ্গোপনে ;
দাও সেই প্রেমাভয়
দিয়ে যে না ফিরে লয়
আপন অঞ্জলি ; মনে মনে

জানে না যে বেচাকেনা ;
জিজ্ঞাসে না—তার দেনা
　　কভু তুমি শুধিবে বা কি না ?
নহে তো সে মহাজন
তার প্রাণ-মূলধন
　　অহৈতুকী ভকতির বীণা।
সে-বীণায় যেই মীড়
ফুটে, তার সুগম্ভীর
　　ঝঙ্কার মূরছে ঝটিকায় ;
প্রমত্ত সভার মাঝে
বীথিকা-মঞ্জীর বাজে ?—
　　ইন্দ্রধনু মরু-নীলিমায় ?
প্রার্থনা তোমার পদে—
এই কোরো মা বরদে,
　　যেন শুধু তোমা চিরসাথী
জীবনে লভিতে পারি,
সিংহনাদে অস্বীকারি'
　　অশ্রুতের তরে কান পাতি'।
যে-সংশয় স্নিগ্ধ ক্ষেম
শান্ত শিব কান্ত প্রেম-
　　বারতারে হাসিয়া উড়ায়,
রম্য আপাতের লোভে
শত দুঃখ গ্লানি ক্ষোভে
　　তারে যেন পরাণ না চায়।

ধূলিহীন রুক্ষ পথ
উজলি', অরুণরথ
　　মোহি' রাগে যে-শ্যামল নামে,
সম্বল উজাড় করি'
যেন মাগো তারে বরি
　　তব নীলোচ্ছল ব্রজধামে।
প্রতি পদে সে-মুরলী
শুনি' তারি ডাকে চলি
　　তাহারি নির্দ্দেশে—তারে স্মরি',
নিথরতা ধূপাধারে
আত্মোৎসর্গ-উপচারে
　　অর্চ্চি তারে শঙ্কা পরিহরি'।
তব কৃপা তরে নহে
এ-বন্দনা—কৃপা বহে
　　নিখিলে তো কোটি ছন্দ-ভায়,
আলো নীলাম্বর ভরা
সে তো চিরোচ্ছল ! ধরা
　　না চাহিতে অফুরন্ত পায়।
রূপ-লাস্য-স্তব বুনি'
নন্দে নৃত্যে সুরধুনী,—
　　ভূলোক দ্যুলোক-মীড় সাধে,
যত তার শ্রেষ্ঠ ধন
করে প্রেমী নিবেদন
　　প্রেম-রাখী ধূলি-ফুলে বাঁধে।

এ কবিতাটি মনস্বী নিরভিমান নলিনীকান্তকে উৎসর্গ করছি—যাঁর একান্ত তদ্‌গত প্রশান্ত আত্মসমর্পণ থেকে এর প্রেরণা পাওয়া। এর দু'একটি ভাবও লেখা থেকে গৃহীত। সেজন্য সকৃতজ্ঞে তাঁর কাছে ঋণ স্বীকার করছি।

গ্রন্থি

কুয়াশায় গ্রন্থি পড়ে···খুলিয়াও নাহি খুলে···লাজে অংশুমালী মুখ ঝাঁপে ;
সরল তরল ধারা ফুঁসি' চলে বক্রভঙ্গে···আলোবিম্ব আবিলায়···কাঁপে ;
যত তারে করি ঋজু, ততই সে বাঁকে রুষি'···যত বাঁধি তত গরজায় ;—
বাধার উপল-শিলা মুহূর্ত্ত-প্রশ্রয়ে হয় হিমাদ্রির সম অতিকায় !

উদাত্ত সুধাব্ধি বুকে বহে জ্যোতির্ম্ময় স্রোত···তবু যবে তামস গুণ্ঠন
দশদিশি দেয় ঢাকি', হৃদি দেয় করতালি···অন্ধতায় আনন্দমগন !
দুরপারে যায় কত স্বপ্ন অভিসারী তরী···ভাবি ওরা ভ্রান্ত পথহারা !
নিপ্প্রেম সৈকতে বসি' বাস্তব বালুকা গুনি' চিত্ত হয় দৃপ্ত হর্ষে সারা !

যারে শুধু একবার ডাকিলেই আসে কাছে··· বিনা কড়ি করে পার,—তারে
ডাকিতেও লক্ষ বাধা কোটি ছায়াময় মান-অভিমান ফুলে আঁধিয়ারে !
অণু-সম অন্ধকার অণুসম ক্ষোভ পুষি' গ্রন্থি পরে গ্রন্থি নিত্য টানে,—
এক উর্ণা না খুলিতে পলকে অদৃশ্য নব উর্ণনাভ নব উর্ণা আনে।

শুধায় ভ্রূভঙ্গে হিয়া : "গ্রন্থি বিনা রূপ কোথা ? রিক্ত মুক্তি ? সে যে অভিশাপ !"
—শিশুর সরল প্রেম তরজি' প্রবীণ জ্ঞানী স্বখাত-সলিলে দেয় ঝাঁপ।
বার বার একই বাধা নব নব প্ররোচনা—নব নব ছদ্মবেশে জ্বলে !
একই ঘূর্ণ্যাবর্ত্ত রচে একই পাক,—একই অশ্রু নব নব ছন্দেতে উথলে !

রূপান্তর

সহজ নির্ভর ত্যজি' কহে বিজ্ঞ :   "নাহি মানি গ্রন্থিহীন মূঢ় সরলতা ।"
প্রাণকুঞ্জে প্রতি তৃণে উপজে প্রচ্ছন্ন সুধা তারে অস্বীকারে শ্যামলতা !
বিশ্বোৎসব-রোমে-রোমে মলয় সঞ্চারে নিত্য জীবনের বসন্তবারতা,—
তির্য্যক্ সুবুদ্ধি মিতা কানে কানে কহে : "মূঢ় ! শোনো কেন মলয়ের কথা ?

"শুধু আমি সত্য ভবে···দেখ না কী সূক্ষ্ম ছন্দে কুয়াশায় গ্রন্থি দেই আজি !
"গ্রন্থি বাধা পৃথ্বীতলে ?   মূর্খ !—শুধু, গ্রন্থি-ছাঁদে সৃষ্টির মূর্চ্ছনা উঠে বাজি' ।
"নির্বাধা আলোকস্পর্শে গ্রন্থি যদি খসে—হবে লীলার বৈভব নিরুৎসব ;
"বর্ণহীন একাকার মরুভূ-মাঝারে কোথা সৃজনের রঙ্গিমা-সৌরভ ?"

মনোহর বাক্যফাঁদে অভীপ্সা হারায় লক্ষ্য··· জেনেছে সে—নাহি সার্থকতা
শূন্যগর্ভ নটলাস্যে—তবু গাঙ্গবারি ত্যজি' বরিবে সে ধূ ধূ নীরসতা !···

....

—সহসা নির্ঝর নামে গুপ্ত ঊর্দ্ধ-উৎস হ'তে !···শুষ্ক বেলা প্লাবিল নিমেষে !
শব্দ-ইন্দ্রজাল-মুগ্ধ নয়ন সম্ভ্রমে পুছে—কে উরিল মূর্ত্ত স্বপ্ন-বেশে ?

গর্জ্জিল প্রেমের সিন্ধু চূর্ণিল ধূলিকা-অদ্রি ছিন্ন-ভিন্ন মোহ-আবরণ !
যাদুকর !   বল কোন্ যাদুদণ্ড পরশিয়া বিনাশিলে গ্রন্থি অগণন !
একেলা নিরালে কোন্ অলক্ষিত মর্ম্মকোষে ছিলে মগ্ন প্রেমে তরঙ্গিতে ?
শর্ব্বরীরে ক'রেছিলে দৃষ্টিহারা তাই গুণী ?—লক্ষ-আঁখি উষারে নন্দিতে ?

তমিস্রায়

প্রেমের নির্ঝরধার শুষ্ক হৃদে যবে নাহি ছুটে ;—
নাহি হেসে উঠে
শ্রদ্ধার বিকচ কলি তোমার সম্ভাষে
মুহ্যমান মর্ম্মকোষে ;—নন্দি' মাগো আকাশে বাতাসে
নাহি গুঞ্জে পুঞ্জে পুঞ্জে আলো মধুকর
মুঞ্জরিত চিৎপদ্মের চারিপাশে ;—মঞ্জু, ভর ভর
সুগন্ধে কান্তার নাহি ছায় ;—
উদাসিনী তারামালা ক্লান্ত সান্ধ্যবায়
শর্ব্বরীর অশ্রুবিন্দু সম উঠে জ্ব'লে,—উতরোল
বারিধি-কল্লোল
বাহি' আনে যবে এক মরু-উচ্ছ্বসিত
শূন্যতা-সঙ্গীত ;—
দিগন্ত-বিতত নীল অম্বরে যখন
অহনার অরুণ বরণ
স্নেহ-ঢল-ঢল দ্যুতি মনে হয় শ্রীহীন, নির্ম্মম
উপহাস সম ;—
অঙ্গে স্নিগ্ধ মলয়হিল্লোল সমুচ্ছল
আর নাহি জাগায় চঞ্চল
চির-চেনা পুলক-রোমাঞ্চ তার ;—
সকল প্রাপ্তির বাণী, সকল আশার
নিমন্ত্রণ প্রেয় সুমধুর
মনে হয় দূর···কতদূর···
হৃদয় সুধায় : "কার তরে
শ্বসে রুদ্ধস্বরে
সুগভীর মৌন ব্যথা ?
কী বা সে বারতা
যার লাগি' ছাড়ি' ধ্রুব ধন—করি' পণ
অলথ-উন্মন—
ধায় হৃদি অধ্রুবের পানে ?—"
যবে মাগো পরাস্ত পরাণে
ভরসা পাণ্ডুর হয়
অবসাদ গাহে জয় ;—
আনন্দের স্মৃতির কাকলি
লভে ম্যুজ জরামাঝে শ্রান্ত অন্তর্জলী ;—
যৌবনের সর্ব্ব গীতি যায় থামি'···
আসে নামি'
দিগ্বলয়ে ধূলিম্লান ধূমাকীর্ণ ক্রন্দসী গোধূলি
তার স্বর্ণাঞ্চল ভুলি' ;—
আলোর কমল
মুদিলেও নাহি জাগে সান্দ্র টলটল
আঁধারের তারকা-স্রগ্ধরা কান্তি ;
ল'য়ে স্বপ্ন শান্তি।

সেই ক্ষণে যেন প্রাণে ডাকিতে তোমারে পারি ;
নাহি হারি
সে-দুর্ব্বল মুহূর্ত্তে মা, তমিস্রার রিক্ত ক্লান্তি পাশে ;
যত শক্তি রহে সুপ্ত অন্তরের তলে—চিদাকাশে
যেন ওঠে জ্বলি', দীপ্ত জ্যোতিষ্কের সম
নিরুপম
প্রত্যয়-স্ফুলিঙ্গ-স্পর্শে প্রেমের স্পন্দনে ; নাহি ডরি'
তব হাত ধরি'
চাহি মা চলিতে নিত্য ধেয়াই' তোমারে গূঢ় মনে,
ক্ষোভেরে সতত—প্রাণপণে
না পুষিয়া রাখি' !
থাকি' থাকি'
যে-ক্লৈব্য হৃদিরে চাহে হৃতবীর্য্য করিতে গোপনে
তাহারে চিনিয়া লই পৌরুষের সুতীক্ষ্ণ প্রেক্ষণে !
আলোকের জয়-উদ্ভাসিত রূপ তব
প্রণিপাতি' চলা—সে ত সহজ মা, একান্ত—সুলভ
সে-আভাষ।
দাও আজি সেই দিব্যাঞ্জন
যার বরে আঁধারেরও কোলে এ-নয়ন
হেরে সত্য, বন্দে সত্য, সত্য তরে জ্বালে পূজারতি
বিষাদেরও অর্ঘ্য রচি',—সকল শকতি
নিঃশেষে উজাড়ি' দেয় সে-রূপ হেরিতে
মিলে দেখা যার শুধু সূচিভেদ্য নিশুতি নিশীথে
প্রাণ সাধনায় ;
সে-নির্ভরে সে-বিশ্বাসে আলোক-বঞ্চিত চিত্ত
যেন না হারায়।

দানলীলা

কেন ব্যথা দাও মোরে ?—ল'য়ে যেতে শুধু আনন্দলোক মাঝারে ?
কেন বন্দি' রাখো মা দিবালোকে ?—দিতে তারকাঙ্কিত আঁধারে ?
হেথা দীর্ঘ পথের শ্রান্ত চলায়
ধূলিশাপে যবে প্রসূন শুকায়
হানিলে শাখায় ঝরে সেই ধূলি—উপচে কুসুমে নবরস ;
হানো অমর বেদনা তাই কি—ঘুচাতে মর বেদনার অপযশ ?

কেন অশ্রু ঝরাও থাকি' থাকি ? বুঝি উজলি' তুলিতে কমহাস ?
রচ' বৃষ্টি বধূরে—রৌদ্রে পরাতে ইন্দ্রধনুর বরবাস ?
হেথা জীবন-হাটের উতরোল মাঝে
যে-পেলব গীতি অস্ফুটে বাজে
চঞ্চল মদমত্ততা দেয় ডুবায়ে বলি' সে-মূরছন,
দাও নিভায়ে দীপালি-মদিরোৎসব ফুটাতে তোমার গূঢ় স্বন ?

বাহি' তরীখানি পাড়ি দেই যবে—মাগো সম্বলি' কৃপাবিন্দু,
তুমি সহসা জাগাও ঝঞ্ঝা-তুফান তোলো গরজিয়া সিন্ধু ;
যবে ভাঙা-হাল, ছেঁড়া পাল—নিরাশায়
ভাবি তরীখানি ডুবে বুঝি—হায় !
উর মা ঝটিকা-ধ্বান্ত বিদূরি' মুহূর্তে লীলানন্দে,—
তব দানলীলারীতি নহে ত গাঁথা মা মোদের ধারণা-ছন্দে।

Your Rhythm of Lila

Why do you give me pain, Mother ?—Is it to lead me into a world of bliss ?
Why keep me deprived in the daylight ?—
Is it to give—in the thrill of a starry midnight ?
In our weary treading on life's long path,—
When the desert winds wither the flower of the heart,—
You smite the branches to purge them of the dust,
And fresh sap is infused into the drooping petals :
You give us immortal pain, Mother, to blot out the stigma of mortal sorrow.

You make us to shed tears—
that the smile of our bliss may shine out through them the brighter :
You fashion the shower as a bride—
that the sunbeam may wear the bridal robe of the rainbow :
The delicate chords of your music that vibrate muffled
amid the din of life's market,—
Because their secret riches are drowned
in the restless madness of our revels,—
You extinguish the lights of the festival to bring out that deeper strain.

When I put out my boat with a little drop of your grace
for my only possession,
You rouse suddenly the stormblast and the thundrous wrath of the ocean.
Helmbroken, sails torn, when in despair I feel my boat sinking,
You descend in the radiant joy of your play
and in a moment dispel the roaring darkness :
The rhythm of your Lila is all yonr own, Mother,
and is not tied by the measures of our mind's thinkings.

অভীপ্সা *

দিনমণি-কিরণ নীলাম্বর
ছায় সুন্দর,
দূরি' শর্ব্বরী-অমাপুঞ্জে ;
অরুণ-বীণায় জ্যোতি-সঙ্গীত
ফুটে নন্দিত,
আশা-কম্পিত হৃদি-কুঞ্জে।

লহরীর বুকে যার অঞ্চল
চল-চঞ্চল
লুটে উচ্ছল কল-হাস্যে ;
গাহে প্রাচী তারি স্তোম-বন্দনা,
রচে মূর্চ্ছনা
মরীচি-মৃদঙ্গের লাস্যে।

বিরহে যাহার নিশি বঞ্চিত
ছিল শঙ্কিত,—
আজি ঝঙ্কৃত সে দিগন্তে ;
আরোহি' সে-উদয়-তুরঙ্গমে
ঊষা-সঙ্গমে
ধায় হিয়া দুরাশা দুরন্তে।

উম্বিল যে হিরণ্য স্যন্দনে
ধরা-নন্দনে,—
সৃজে সেই যত প্রাণ-ছন্দ ;
তাহারি বরণ উলু-উল্লোলে
ফুল-দোল্-দোলে
মিলে দিশা—ঘুচে পথ-ধন্দ।

গাহে সে সারথী : "হের পান্থ গো!
জিত ধ্বান্ত গো!
ক্রমদল জ্বলে বৈদূর্য্যে!
"কাটে ধরণীর বাধা-বন্ধন,
আঁধা-খণ্ডন
ঘোষে অর্য্যমা—জয়-তূর্য্যে!

"নিরালোক যত মরু কন্দর
হ'ল উর্ব্বর
সে-আলো-আসারে ওগো যাত্রী!
"শতদলে লভিল রূপান্তর
ধূলি কঙ্কর—
উদিল অহনা বরদাত্রী।"

---

* জয়দেবের "দিনমণিমণ্ডল মণ্ডন
ভবখণ্ডন"
মুনিজন মানস হংস"
—ছন্দের অনুকরণে।

Aspiration

(THE NEW DAWN)

The rays of the sun clothe the blue heaven with beauty ;
the darknesses of the Night are driven far :
There breaks from the lyre of the dawn a song of light and felicity,
and the soul in its groves responds with quivering hope.

One whose hem trails over the dancing crests of the waters,
and touches them to ripples of musical laughter,
Comes chanted by the Orient in hymns of worship,
and twilight on its gleaming tambour beats dance-time to the
note-play of the rays.

She whose absence kept Night starved and afraid in its shadows,
a vibrant murmur now are her steps on the horizon :
As in a saddle of sunrise the heart of tameless aspiration
rides to its meeting with the Queen of Light.

One who descends in her golden chariot to the garden ways of earth to create
her many rhythms of life,
her every voice now hails in a long cry of welcome :
The flowers toss on the swings of delight :
the goal beacons, the pathless riddle is dispelled for ever.

Loud sings the shining Charioteer : "Look up, O wayfarer :
vanquished is the gloom of ages :
the high tops are agleam with sheen of the jewelry of sunlight.
The impediments are shattered, the bonds are broken :
Day's trumpets of victory blare the defeat of Darkness.

Ravine and lightless desert are fertile with rain of Light, O Pilgrim !
Earth's dust and gravel are transmuted into the glory of the lotus :
for the Dawn-Goddess has come, her hand of boon carrying fulfilment".

জাতিস্মর

কোথায় যেন ফুল হ'তে মোর
খুঁজুত অঘোর
গন্ধ অলখ— হিয়ায় পুলক
বিছিয়ে—গেয়ে গান ;
কোথায় যেন ধরার বীণা
অন্তলীনা
সুর-উজানে গগন-তানে
কাটুত মাটির টান !

কোথায় যেন কাড়াকাড়ির
তরে হৃদির
তলে চুপে ছদ্মরূপে
জাগৃত না পিপাসা,
কোথায় যেন না চাহিতে
নিখিল গীতে
উঠ্‌ত ফুটে পরাণ-পুটে
পরম পাওয়ার ভাষা !

কোথায় যেন আবছা সুরে
মন মুকুরে
মিলন-রেশে বিয়োগ ভেসে
উঠ্‌ত না তরাসি' ;
স্বপ্ন কোথায় পথের-চলায়
রক্ত কাঁটায়
ছিন্ন-দলে পৃথ্বীতলে
ঝরৃত না নিরাশী !

কোথায় যেন ধ্যানের মূলে
উঠ্‌ত দুলে
রূপের রঙে অরূপ ঢঙে
উছল রসের বান ;
কোথায় যেন আশে পাশের
সব পথিকের
কণ্ঠে ধরা স্বয়ম্বরা
করৃত মালা দান !

কোথায় যেন দিগন্তরে
দিত ভ'রে
নিত্য-নতুন ছন্দে অরুণ
নিত্য-নব উষা ;
কোথায় যেন মেঘের মায়া
চাঁদ্‌নি-কায়া
ছাইত না হায়, ঢাকি' ধরায়
আলোক-উছল ভূষা !

আজকে মনে জাগে হেন
প্রশ্ন কেন :
"কে হরিল মোর যা ছিল
আজ যেন কী নাই !
কোথায় সবই পেয়েছিলাম
কেন দিলাম
বিসর্জ্জনি' তার এমনি"—
আজকে শুধাই তাই !

বেলা-প্রদোষে
REVERIE

হৈমন্তী সন্ধ্যায় আজি দূর বেলাভূমে
পড়ে মা তোমারে মনে। দুলিত কুঙ্কুমে,
ক্ষণে-ক্ষণে-শিহরিত চূত-বীথিকায়,
ঝুরে তব মধু গন্ধ কান্ত সান্ধ্য বায়।
অদূরে আলোকমুগ্ধ বকুল কাননে
ঘনশ্যাম পাতাগুলি হর্ষিত প্রেক্ষণে
কার পানে চেয়ে? স্বচ্ছ নভের আড়ালে
গাঢ় নীলকান্ত দ্যুতি কে কল্যাণী ঢালে
ধরার মাটির থালে—অনিন্দ্য-মধুরা!
চলোর্ম্মি-শিঞ্জিত নিধি পিই' সেই সুরা
মাতোয়ারা সম যেন টলি' টলি' চলে।
দিগন্ত-বিস্তৃত চূর্ণ অভ্রে জ্ব'লে জ্ব'লে
উঠে যাযাবর শিখা; এখানে—ওখানে
থাকি' থাকি' আবীরের তীব্র শর হানে
কনক-কার্ম্মুকে তার রক্ত দিবাকর,
ব্রীড়ারাগে সাড়া দেয় রক্তিম অম্বর
সে-শর-চুম্বনে। বুঝি তার সম্ভাষণে
ফুটে মা পরশ তব সৈকত বিজনে
তাই ফিরে ফিরে চায়?

* * * * *

শুধু ভাবি—হেন
স্নিগ্ধভাবখানি তব পাই না মা কেন
এমন সৌগন্ধী ছন্দে উৎসবে, মিলনে,
দীপমালা-বিহসিত রঙ্গ-সভাঙ্গনে?

কোটী রশ্মি ঠিকরিয়া পড়ে, প্রাণ তায়
ক্ষণতরে উঠে দুলি',—পরক্ষণে হায়,
যাচে নির্জ্জনতা ফিরে। কেন? সে-লগনে
দেখা দাও বলি' বুঝি?—তাই পড়ে মনে?

* * * * *

নিথর ধেয়ানে শোনে কোন্ গূঢ় রেশ
কান পাতি' স্তব্ধ হৃদি? দিবসের শেষ!..
ময়ূখ ময়ূরকণ্ঠী ধূসরায়মান
ধারাধরে বুনে কার বিদায়ের গান
ফাঁকে ফাঁকে নীলাকাশ গাঁথি'? মীড় শুনি
ছন্দিত কল্লোলে—কার? উঠে গুণগুণি'
কাহার বিস্মৃত গাথা নিখিল আবহে?
অম্ভোধি-উরসে অংশুমালীর বিরহে
কোন্ জাতিস্মর সুর জাগে?—সিতাম্বর
কার মৃগমদ-গন্ধে আজি ভর ভর?
বিথারি' তৃষিত বাহু দীর্ঘ বনস্পতি
কার তরে উর্দ্ধায়িত?—ধূপ-দীপারতি
স্বনে কার গোধূলি-মঞ্জীর? উদাসিনী
বেলাভূমি কার তরে দূর-বিসর্পিণী?
নিষণ্ণ নীরবি-নীড়ে নীরবের ছায়
বৃত্তাকার দ্বীপ রচি নিশ্চিন্তে ঘুমায়।
অলকার ঝরকায় গৃহলক্ষ্মীসম
তারকা-মণিকা-বাতি জ্বালি' নিরুপম
সন্ধ্যালক্ষ্মী "আয় আয়" ডাকে। ক্ষণে ক্ষণে

মরমর বান যায় ডেকে তালীবনে
শাখাশাখী করিয়া উতলা,—বুঝি তারা
কার আগমনে দেয় উলু !···পথহারা
দু'টি গাভী তাহে দেয় সাড়া থাকি' থাকি'।
দিনান্ত দিগ্‌বধূক্রোড়ে ক্লান্ত মাথা রাখি'
প্রতীক্ষা-মগন। কোন্ অচেনা সুবাস
হৃদয়ে বহিয়া আনে কী সুর উদাস !···

*　　*　　*　　*　　*

যাহা এতদিন ছিল প্রেয়, সুমধুর,
আজি যেন মনে হয়—দূর—কত দূর !
দুঃখ সুখ, যার সাথে বিজড়িত হিয়া
ছিল কত সূত্রে—কবে গেছে যে সরিয়া !···
বিচ্ছিন্ন দ্রষ্টার সম যেন আপনায়
মনে হয়।—শুনি এক নব বারতায় !

*　　*　　*　　*　　*

নব বারতায় ? তাই দেয় না ক দোল
পুরাতন জীবনের লক্ষ উতরোল
চির পরিচিত ছন্দে ? তাই আঁখি মোর
নির্লিপ্ত অঞ্জন পরে ? শ্লথ মায়া ডোর
পড়ে খসি' নির্ম্মোকের সম ? তাই আজি
সুদূর নেপথ্যে রহি' রহি' উঠে গাজি'
নূপুর-নিক্কণ কর্ণে বীততৃষ্ণা-তালে ?
নব বেশ জাগে বলি' হৃদি-অন্তরালে ?

*　　*　　*　　*　　*

সবই বাজে নববেশে—সত্য। শাখা মাঝে
উঁকি দিয়া যুগ্ম তারা কত রঙে নাচে—
বহুরূপী রঙ্গে যেন ! কভু বা রূপালি,
কভু রক্ত, কভু শ্বেত—কখনো সোনালি !···
মেদুর মৌনতা ! ছিল যা কিছু অস্থির
ধরে এ কী ধ্যানমূর্ত্তি—নিমীল—গম্ভীর !
বারি ব্যোম ব্যাপি' যেন রহে থমকিয়া
অশরীরী ছায়া এক—পক্ষ বিস্তারিয়া !
মন্ত্রমুগ্ধ হিয়া তারে উঠিয়া প্রণমে
রোমাঞ্চিত হয় তনু সে-স্পর্শে—সম্ভ্রমে !

*　　*　　*　　*　　*

সে-রোমাঞ্চে দশদিকে ফাটে নব দ্যুতি
বিচিত্র ব্যঞ্জনা সাথে—অপূর্ব্ব আকুতি
জাগে হৃদে—যেথা ওই মেঘের সিঁথায়
সোনার সিন্দুরবিন্দু নিঃশব্দে মিলায়···
যেথা দূর হতে কোন্ বংশীরব আসে
ভাসি গাঢ়—অশ্রুপ্লুত...পীতাভ আকাশে
ধীরে ছেয়ে আসে যেথা ছায়ার রাগিণী···
সেথা ডাকে নব সুরে মুক্তি বিমোহিনী।
পাসরিয়া পূর্ব্ব স্মৃতি, অশ্রু-সান্ত্বনায়,—
ঘরছাড়া অভিসার পানে ছুটে যায়
বিবাগী পরাণ।—নহে বিতৃষ্ণা বরিতে :—
নবীন প্রাপ্তির কণ্ঠে বর-মাল্য দিতে।

*　　*　　*　　*　　*

অভিসার ? কার ? হায়, প্রাণ কি তা জানে
জীবন-দেবতা তার বলে কানে কানে
শুধু এক কথা : যাহে ছিল এতদিন
তৃপ্ত, তারে বিসর্জ্জিয়া দ্বিধা-সর্ত্ত-হীন

ঝটিকার তাড়নায় জলদের মত,
ধাইতে হইবে ত্যজি' চিরাভ্যস্ত যত
আমন্থর স্বস্তিসুখ, আকাঙ্ক্ষা বামন
ব্যর্থ-আঁখিলোর-দিগ্ধ ব্যথা-আলিম্পন ;
বিজয়-তোরণ যেথা দিগন্তের পারে
দেয় হাতছানি, তারই তরে পারাবারে
দিতে হবে পাড়ি। খেয়া ?—প্রাণের নির্দ্দেশ।
পথের পাথেয় ?—পথে মিলিবে অশেষ।

* * * * *

আর যদি মিথ্যা হয় আশার নির্দ্দেশ
মৃগতৃষ্ণিকার সম ? তাহে ক্ষোভলেশ
নাহি কোনো। যার তরে করি হাহাকার,
কাড়াকাড়ি প্রাণপণ, এমনই কী তার
অপূর্ব্ব সঙ্গীত ? অঙ্গুলির ফাঁক দিয়া
জলের অঞ্জলি সম যায় নিঃশেষিয়া
দেখিতে দেখিতে। বিন্দুসম জ্যোতি যায়
আঁধার-পাথারে ডুবি'। তারে নাহি চায়
উচ্চাশী পরাণ। সর্ব্ব আকাঙ্ক্ষা বৃহত
আকাশকুসুম যদি,—যদি এ জগত
শুধু জড়, বস্তু-সার, তবে তারে ল'য়ে
কী বা হবে করি' ঘর ?—ব্যর্থ বোঝা ব'য়ে
দুদিনের তরে ? যদি জীবনে অমৃত,
সর্ব্বক্লান্তিহরা শান্তি, অনবগুণ্ঠিত
স্থায়ী জ্যোতি নাহি মিলে ;—যদি চিরশেষ
বুদ্বুদের সম হেথা সব গীতিরেশ ;—
বর্ষ-কতিপয় মধ্যে সকল স্বপন
নিশ্চিহ্ন মুছিয়া যায় ;—তবে এ-জীবন
'কাজ্জি কোন্ লোভে ? হেন অপূর্ব্ব সৃষ্টিরে
নাহি অভিনন্দি'—দিব বিদায় অচিরে।
গাহিয়া এ-হেন শুষ্ক ছন্দহীন গীতি
সুরহীন রিক্ত কণ্ঠে—কভু প্রেমপ্রীতি
লভে সার্থকতা ?

কভু নহে। সত্য যদি
শূন্যময়—মরুরেই তবে নিরবধি
পূজিব বঞ্চনা ত্যজি'। মহত প্রয়াস
যদি বৃথা বিড়ম্বনা,—বিফলতা পাশ
চাহিব অতৃপ্তি চির ; তবু স্বল্পজয়
নহেক ঈপ্সিত মোর—মলিন সঞ্চয়।
যে সুদূর-তৃষ্ণা প্রাণে মাহেন্দ্র-লগনে
দিয়েছিল দেখা—ক্ষণতরে—সঙ্গোপনে—
যদি নহে মিটিবার—যদি সে স্বপন
স্বপন-চারণে তবে রহিব মগন।

* * * *

এ-সৌরজগতে যদি জীবন কেবল
ক্ষণধ্বংসী ফেন সম চমকে চঞ্চল,
সব আগমনী-গীতি হেথা আসে বাহি'
ঝরাফুলদলপথ,—তবে নাহি চাহি
মাতৃহীন মৃত্তিকার উঞ্ছবৃত্তি ম্লান,
দিনগতপাপক্ষয়—কৃপণের দান।
তার চেয়ে যাক্ কল্লোলিয়া কল্পনায়
অনিকেত নীলকণ্ঠ-স্তোত্র—যার পায়
নমিয়াও গর্ব্ব আছে ; তবু বরমালা

বামনে না দিব কভু; প্রেম প্রাণঢালা
নাহি নিবেদিব ক্ষুদ্রে। রিক্ত জীবনের
দ্যূতাগারে কোনমতে ত্রস্ত ঘুঁটিদের
আগুলিয়া ছক পরিক্রমা? ছিছি, হেন
অবসন্ন জীবন না যাপি কভু যেন।
যদি রিক্ত ধরা—মিথ্যা ধূপারতি-স্তবে
অপদার্থ পদার্থেরে পুজিব না ভবে।
যদি তুমি নাহি—

*   *   *   *   *

কিন্তু মাগো, চিন্তা এ কী
অসম্ভব আসে মনে? কেন শূন্য দেখি
চারিধারে মুহূর্ত্তেরও তরে? মর্ম্মতলে
যেই গূঢ় স্বর ফুটে—তারে কোন ছলে
করি অনাদর?—হায়! যুক্তির আদেশে?
চেতনা তাহার কাছে পাতে হাত শেষে
যে তাহারই স্বষ্ট? খোঁজে জোনাকীর পাশে
ছায়াপথ পথের ইঙ্গিত? হাসি আসে।—
প্রতি পদে ক্ষুণ্ণ হয় দিশা যার—তারি
মুখ চেয়ে রবে অনুভূতির দিশারী?
যার জ্যোতিকণা চুম্বি' মার্ত্তণ্ড প্রোজ্জ্বল
যাহার স্ফুলিঙ্গে নেত্রে বিস্ময়-বিহ্বল
দিব্য দৃষ্টি জাগে, প্রেম হয় আত্মহারা—
তারি অন্তঃপুরে দিবে সংশয় পাহারা?
বুদ্ধি হবে রাজ্ঞী? অতীন্দ্রিয় বারতায়
ভেটিব ইন্দ্রিয়-পথে? লভিব আত্মায়
দেহব্যবচ্ছেদাগারে? অপূর্ব্ব যুকতি!

যেই ধ্যানলোক-বর্ণচ্ছটার আরতি
প্রেমে দেয় ত্যাগ, ত্যাগে ভোগ, ভোগে কায়া,
যার তেজে বস্তু লভে বাস্তবতা—মায়া,
শূন্য সেই—সত্য শুধু জড় পরমাণু?
অমরতা-স্বপ্ন মিথ্যা—সত্য শুধু স্থাণু?
বীণার মূর্চ্ছনা মিথ্যা—সত্য শুধু তন্ত্রী?
সত্য—যন্ত্র দারুসার,—মিথ্যা তার যন্ত্রী?
আমি মিথ্যা—সত্য শুধু বিশ্লেষণ যায়
করি মোর ছায়াময়ী চেতনার ভায়?

*   *   *   *   *

বাক্য-বেড়াজাল মাগো কতই ধাঁধায়
ফেলে বাক্যব্যাগীশেরে! কত না ঘুরায়!
প্রাণের অতল বাণী, আকাঙ্ক্ষা শাশ্বতে
যুক্তির ব্রহ্মাস্ত্রে বধি' বলে: 'এ জগতে
একমাত্র সত্য—শুধু যাহা ক্ষণতরে
উপরে ভাসিয়া উঠে।' যেন তাহে ভরে
গহন-অন্তর-তৃষ্ণা! ডুব নাহি দিয়া
দুর্লভ শুক্তির মুক্তা চাহে লুব্ধ হিয়া।
দণ্ড দুই হেথা হোথা করে সন্তরণ
দু'চারিটি ঝিনুকেরে করে পরীক্ষণ,
তাহে হ'লে ব্যর্থ, রচে যুক্তি অপরূপ!
বলে: 'মুক্তা কোথা?—ও যে ঝিনুকেরি স্তূপ!'
যুক্তির মন্থনে বুদ্ধি নাহি লভি' সুধা
প্রাংশু পাণ্ডিত্যের হলাহল তুলি' ক্ষুধা
চাহে মিটাইতে।

মাগো, হেন আস্ফালন
বরজি' তোমারে চাহি করিতে অর্চ্চন
প্রেমের কুসুমে ধূপে, ভক্তির চন্দনে,
আর্জবের দীপে—নহে পাণ্ডিত্য-বন্দনে।
দূরে যাক্ দ্বিধা—দাও শ্রদ্ধা অচপল ;
ফুটিয়া উঠুক সুপ্ত চিত্ত শতদল।......
চাহিতে না চাহিতে মা, নূতন জোয়ার
প্লাবি' সব পলকেতে করে একাকার !

*　　*　　*　　*

সব একাকার।......
মন সংশয়েরে ছাড়ি'
প্রেমের প্রত্যয়-মাঝে খুঁজে শান্তিবারি।
মনে হয় অতীতের যত ক্ষতি-লাভ,
যত দুঃখ-সুখ, তৃপ্তি-ব্যথা, পুণ্য-পাপ
সমশীর্ষ হ'য়ে গেছে ;—পর্ব্বত-চূড়ায়
আরোহিলে সানুমূলে যেমন দেখায়
ব্যাপী-হ্রদ তরু-তৃণ......
আজি সান্ধ্যবায়
তেমনি অতীত-স্মৃতি ছায়াবাজি প্রায়
মনে হয় :
কত আশা নিরাশায় দোলা,
জয়ের ঝিলিক-দীপ্তি পরাজয়ে ভোলা,
ক্ষণিক বসন্তে হওয়া নিয়ত উতলা,
মনে পড়ে মিলনের বিদ্যুৎ-চঞ্চলা
মাদকতা, বিরহ আকুল প্রশ্ন শত,
এক ভেবে আর করা, শঙ্কা হর্ষ কত !
বারবার স্বপ্নভঙ্গ, নিত্য ওঠাপড়া,
অতৃপ্ত কামনা কত, কত ভাঙাগড়া
জীবনের সন্ধিলগ্নে।...প্রথম যৌবন !...
মনে পড়ে সেই মুগ্ধ বেদন-পূজন
দীর্ঘশ্বাস-গাঁথা ; হিয়া লুণ্ঠিত ব্যথায়
ঝরিতে দেখিলে কুসুমেরও কলিকায়
তুহিন-সম্পাতে ; কাব্যে নিঠুর শিশিরে
নিতি অভিশাপ দেওয়া তিতি' আঁখিনীরে।
মনে পড়ে সেই প্রতি প্রিয়-সমাগমে
আসন্নবিচ্ছেদ-ভীতি বিঁধিত মরমে
কী অদৃশ্য কাঁটা হ'য়ে !　অশান্তি সরবে
কত না গৌরব নিত্য !　কাড়াকাড়ি-স্তবে
কী উৎসাহ !　কত ক্ষুণ্ণ হ'ত অভিমান
এতটুকু পরাজয়ে ! জয়ে কী সম্মান
দিত হৃদি !
কিন্তু পরক্ষণে জয়মালা
যেতে যবে শুকাইয়ে—খুঁজিত নিরালা
আশ্রয় এ-প্রাণ।　প্রতি পলে হ'ত মনে :
কেন প্রতি মিলনের মুখর লগনে
আশঙ্কা ঘনায়ে উঠি' করে প্রতিক্ষণে
সকল উল্লাসে ম্লান ?"　সুধাইত হিয়া :
"জীবনের ফাঁকগুলি লিপ্সায় ভরিয়া,
কর্ম্মধূমে বুজাইয়া, তরীখানি বাহি'
চলিলেই পাব তারে যারে সত্য চাহি ?"
মনে হ'ত : "শেষ হ'য়ে এল কলরব

আলোক-আসব-মত্ত সকল বৈভব
ক্ষণিকের ; তিমিরের ব্যাদিত গহ্বরে
সর্ব্ব জয়দীপ্তি লভে লুপ্তি চিরতরে।"
মোহ-মহোৎসব মাগো বরণ করিয়া
চলিতাম নিত্য হায় তোমারে ভুলিয়া,—
কিন্তু থেকে থেকে মনে হ'ত : "সব দান
যেন স্বর্ণমৃগ সম মায়া ! স্তুতি-গান
ব্যঙ্গ অভিনয় ! আসঙ্গের আঁধিয়ার
কত গাঢ় দেখাইতে—ক্ষুদ্র বর্ত্তিকার
দণ্ড দুই জ্বলা !" দয়িতারে বুকে যত
ধরিতাম চাপি' স'রে স'রে যেত তত।

* * * * *

এ ছলে ছলনাময়ী, চাহিলে বুঝাতে
তোমা বিনা কত অসহায় এ-ধরাতে
মোরা নরনারী ? হায়, মোদের আশার
ডালি—সে ত মরীচিকা ! তাই বারবার
প্রতি হাসিফুল জীবনের মালাটিতে
বুঝি দু'টি অশ্রুমাঝে গাঁথ' ? লুব্ধচিতে
সেই মালাজপ যবে করিতে মা ধাই,
হাসিরে জপিতে অশ্রু নিত্য পাসরাই !
অন্ধ মোরা ভুলে যাই—বিকচ কলিকা
দেখিতে দেখিতে ঝরে !—নিকম্প দীপিকা
ফুৎকারে নিভিয়া যায়। পুষ্পিত গৌরব
দু'ফোঁটা শিশিরে হয় বিগত-সৌরভ !—
বুঝেও বুঝি না : তাই উপহাস করি
প্রাণের এষণা গূঢ় তোমারে পাসরি'।

চাহি'—পাই ; লভি' দেখি পেয়েছি মা যারে
গভীর অন্তরতলে চাহি' নাই তারে।
যাহা সত্য চাই—তাহা কাড়াকাড়ি মাঝে
চকিতে গুণ্ঠন তুলি মুখ ঢাকে লাজে।

* * * * *

কিন্তু মাগো যেই সুধা এ-অস্ত-ছায়ায়
উপচি' উঠিতে চাহে প্রাণ-পিয়ালায়,
হেন পলাতক কেন সুরভি তাহার—
মুহূর্ত্তে উবিয়া যায়—বৃথা বার বার ?
মনে প্রশ্ন জাগে মাগো—আজ আয়ু যার
মনে হয় চিরন্তন, কাল কেন তার
চিহ্নও না পাই খুঁজি ?—যত অলি গলি
অন্বেষি না কেন—তবু উঠে না উজলি'
জয়যাত্রা তার নাশি' তামসী আঁধার !
দিব্যাঞ্জন হয় অন্তর্হিত ; হেরি সার—
স্বখাত-সলিলে-ডোবা, বোঝা অর্থহীন ;
তব বর পাওয়া যায়—রাখা সুকঠিন।

* * * * *

হৃদয়ের এক অংশ যাচে আত্মদান,
অপরাংশ খোঁজে গণ্ডী, গর্ব্ব, অভিমান,
একজনা প্রার্থে নিত্য অকূল-শরণ,
অন্যজনা মাগে হায় করিতে বরণ
আপন স্বার্থের কূল। তুচ্ছতম দায়
কত ছলে হ'য়ে ওঠে নিত্য অতিকায় !
হৃদয়ের মর্ম্মকোষে ফুটে যে-নির্দ্দেশ।
কুটিল বিচূর্ণ ঊর্ম্মিঘাতে তার রেশ

পলকে ডুবিয়া যায়। একান্ত সরল
যেই পথ—যে-পাওয়ার আভাবে বিহ্বল
হয় প্রাণ—শত সূক্ষ্ম বাধা বর্ম্ম তার
চকিতে অগম্য করি' তুলে বারম্বার।
যেই আধ-আলোহাসে উদ্ভাসে পরাণ,
উষাপাতে নিশা সম,—হয় খান খান
নিমেষের সংশয়ে মা। একক্ষণে হায়,
গণি যারে সারাৎসার—স্তিমিত বিভায়
প্রতিভাতে পরক্ষণে।—লুকোচুরি ছলে
এ-হেন নিষ্ঠুর খেলা, ছি! খেল কী ব'লে ?

*　*　*　*　*

এ ও তবু সয় প্রাণে। কিন্তু মা গো, হায়
সবচেয়ে দুঃখ এই—হয় অন্তরায়
সাধনাই সাধনার পথে—থাকি' থাকি' :
যে-প্রেমবর্ত্তিকা দিবে আলো—সেই ঢাকি'
দেয় যদি পথ অভিমান রূপ ধরি'
উগারি' অজস্র কালি, বল তবে বরি'
কোন ধ্রুবতারাটিরে কনকবরণী
ক্রুদ্ধ পারাবারে হৃদি বাহিবে তরণী ?
অক্ষেম লুকাবে যার ক্ষেমস্পর্শে, করে
সেই যদি সন্ধি মিথ্যা সনে—চিরতরে
কোথায় দাঁড়াব ? পড়ি যদি—কারে ধরি'
উঠিব আবার—যদি তব কৃপাকণা
জাগায় সাধনা-গর্ব্ব ?—এ কী বিড়ম্বনা !—
যে-করুণাপাতে মোহ লজ্জিত চরণে
পলাবে—তাহারি নিয়ে যদি সঙ্গোপনে
বিবর্ত্তক সম বাড়ে আত্মপ্রতারণা
ছদ্মবেশে—তবে মাগো, কোথায় সান্ত্বনা ?

*　*　*　*　*

তব প্রেমাস্বাদ কভু যেই অভাজন
পায় নাই—তার কাছে রিক্ততা তেমন
নহে মা দুঃসহ। আপনার চারিধার
বিরচিয়া স্রোতোহীন পঙ্ক-পরিখার
স্বল্পায়ু সান্ত্বন—করে শুষ্ক দুর্গে বাস ;
সুরেলা কণ্ঠের গান নাহি শুনি'—আশ
মিটে তার শুনি' সুরশ্রীহীন সঙ্গীত ;
জন্মদুঃখী মুষ্টিভিক্ষা তরে লালায়িত।
কিন্তু মা, সুকৃতিবশে মাত্র একবার
পেয়েছে যে স্বাদ তব সুর-মূর্চ্ছনার,—
সে যদি বঞ্চিত হয় উপচীয়মান
তোমার পীযূষ হ'তে—ঊর্দ্ধের সোপান
সহসা হারায়—বল দাঁড়ায় কোথায় ?
নিরাশার মেঘ যে মা পলকে ঘনায় !
অসহ সংশয়-আঁধি সকল গভীর
দৃষ্টিরে মলিন করে ; নিহিত হৃদির
উৎসারিত ভক্তিধারা হয় রুদ্ধ-প্রায় ;
কভু কি পেয়েছে কিছু ?—ব্যাকুলি' শুধায়।

*　*　*　*　*

এমনি মা ঘটে হায় ! মনগড়া ছাঁদে
ও-মূর্ত্তি কল্পিয়া চলি—তাই প্রাণ কাঁদে ;
তাই হই হতোদ্যম থাকি' থাকি' হেন,
বুদ্ধি রচে লক্ষ তর্ক-লূতাতন্তু—যেন

সে-ঊর্ণায় তোমারে মা কভু ধরা যায়!
আড়ম্বর-ফাঁদ পাতি' প্রেম-বৎসলায়
ধরিতে কামনা!...হায়, ঠেকি অনুক্ষণ
বুঝেও বুঝে না তবু এ-অবুঝ মন।
হৃদয় শরণাগতি প্রার্থে—বারবার ;
বুদ্ধি চাহে নিজ সর্ত্তে দরশ তোমার
আপন যোগ্যতা করি' ঘোষণা নিয়ত,
যত করে দাবী—তুমি সরে যাও তত।

* * * * *

স'রে যাও ? কিন্তু সে-ও নিমেষের তরে ;
ছেড়ে কি মা যেতে কভু পারো হেলাভরে ?
কুলিশকঠোর তুমি—কুসুমকোমলা,
মানস-বচনাতীতা—তুমি প্রেমোচ্ছলা।
হারাই তোমারে যদি বিজ্ঞতায়, ভানে,
তর্ক-বাহ্বাস্ফোটে, অভিনয়-অভিমানে,—
ত্বরিত-পাখায় যদি যাও মা উড়িয়া
প্রেম-মধুহীন প্রাণপ্রসূনে ত্যজিয়া ;—
সরল প্রার্থনা স্বরে যে-ই তোমা ডাকি
অমনি উর মা হৃদে পদাম্বুজ রাখি'
সিত-সরসিজাসনা সন্তাপহারিণী!
অমল-আলোক-উৎসা অবনী-হ্লাদিনী।
স্তবমূঢ় তনুমন বন্দে সে-আসার
সিতাংশু-শিঞ্জিত বাঁশরীর প্রেমধার
বন্দে ব্রজ যথা। বুদ্ধি ভাবিয়া না পায়—
যে-রূপের এতটুকু আভাষ বহায়
কালিন্দী-কল্লোল হেন তার কোথা শেষ ?

না না—ভাবে না সে কিছু—শুধু নির্নিমেষ
রহে চেয়ে। নাচে প্রাণ প্রেমের নূপুরে,
দেহের সকল মন্থরতা যায় দূরে,
ধূলিদীন মর্ত্ত্য ছন্দ বাজে উল্লসিত
অমর্ত্ত্য কিঙ্কিণী-লাস্যে প্লাবি' স্তব্ধচিত।
নগণ্য আলেখ্যে ফুটে নূতন মঞ্জিমা,
তুচ্ছতম তৃণে হেরি অদৃষ্ট ভঙ্গিমা।
প্রতিপদে গণি যারে বাধা—কারাসম
তারও পৃথ্বীটান-গ্লানি অরূপ পরম
যতিভঙ্গহীন ব্যোমছন্দের রভসে
লভে নব সার্থকতা—অন্তরে উছসে
উত্তুঙ্গ হিমাদ্রি-স্তোত্র ; হৃদি যায় দলি'
সকল সংশয়তমঃ ; মুহূর্ত্তে মুরলি'
উঠে সর্ব্ব সীমা নব সম্ভাবনা ভায়
অয়স্কান্তি রূপান্তর লভে স্বর্ণিমায়
পথরোধী বিপ্লবের চমূ-পুঞ্জীভূত
বালার্ক-আহত কুজ্ঝটিকা সম ভীত
পলায় নিমেষে। অমলিন চিদাকাশে
নূতন জ্যোতিষ্ক বিভা যেন পরকাশে।
ধমনীতে পদধ্বনি, শোণিতে ডমরু
বাজে ভেরী-স্বনে—চক্ষে লুপ্ত হিমমরু।
যে-আনন্দ স্বপনেও চিত্ত-চক্রবাল-
চতুঃসীমামাঝে দেখা দেয় নাই কাল,
আজ শঙ্খে চিরপরিচিত ছন্দে নাচি',
সর্ব্বসখা আপনারে মনে হয় আজি।
শীতবন্ধ্যা প্রাণ পুন বসন্ত-আগমে

নবীন বল্লরী সম তোমারে মা, নমে।

* * * * *

এ বেলা-প্রদোষে তব এই অপরূপ
লীলাছন্দ আসে ভাসি' জাগায়ে অরূপ
স্বপন সুন্দর গন্ধ! আগত ছাড়িয়া
অনাগতে সম্ভাষিতে চাহে আজি হিয়া।

* * * * *

সব ক্ষোভ যায় মুছে আজি ধীরে-ধীরে।
তারকা-নিচোলা সন্ধ্যা সায়াহ্ন-সমীরে
তব পরিমল বহি' আনে; হৃদিপুর
উদ্বেলিত সেই গন্ধে; কোন্ চেনা সুর
অর্দ্ধ-পাসরিত উঠে কিঙ্কিণি' অস্ফুটে,
কী অমিয়া উপজে মা, প্রাণের সম্পুটে!

* * * * *

প্রণমি' তোমার পদে শুধায় এ-মন:
কোন্ ইন্দ্রজালে ঘটে হেন অঘটন?
যারে কভু দেখি নাই, শুনি নাই—তার
সূক্ষ্ম স্পর্শে সব হেন হয় একাকার
কোন্ মন্ত্রে? স্থূল বাস্তবেরে স্বপ্নসম
নিরখি এ চর্ম্মচক্ষে? স্বপ্ন দূরতম
একান্ত বাস্তব হয়? ও রূপ-স্মরণে
সব কাড়াকাড়ি-রোল ত্বরিত-চরণে
পলায়। নয়নে মোর উঠে উদ্ভাসিয়া
এক নবরাজ্য যেন তিমির ভেদিয়া
স্বপ্ন সম্ভাবনা ছাপি'; কোন্ কোজাগর
পৌর্ণমাসী আভাষে মা, চিত্ত ভর-ভর?...

* * * * *

পশ্চিমে হ'য়েছে লীন শেষ অস্তরাগ
বনস্থলী-শীর্ষে; ইন্দু লেপে পীত ফাগ
পূর্ব্বাচলে বারিধির বক্ষে টানি' তার
লক্ষ হেম বিম্ব; আন্দোলি' সে-মণি-হার
কম্র-কণ্ঠে নাচি' সন্ধ্যা তরঙ্গে তরঙ্গে
পাল তুলি' যায় চলি' কটাক্ষ বিভঙ্গে।
জ্যোতিষ্পথে হয় ম্লান নক্ষত্র-দীপালি
চন্দ্রোদয়ে।...ফুটে আভা—উচ্ছল...সোনালি।
দূরে...দু'টি মেঘসখী স্বর্ণকিরীটিনী
স্বর্ণ-ঝারি হতে ঢালে স্বর্ণ-প্রবাহিনী।
দূরে যায় সব ধন্দ...স্বপন বিভ্রান্তি,
পাণ্ডুর হইয়া আসে মোহ কামকান্তি।
তরু, তৃণ, বেলা, বীথি, ছায়াপথ ব্যেপে
শান্তি আসে ছেয়ে ধ্যানমৌন পদক্ষেপে...
বাসন্তী যামিনী তারা-চন্দ্রাতপতলে
দুলায় খদ্যোত-মালা গন্ধবহ-গলে,
সরিৎ-উৎসঙ্গে, কুঞ্জছায়া-কটিতটে!...

যাহা ছিল দূর...আসে এত সন্নিকটে!...
সে সামীপ্যে সব পরাভব লভে লুপ্তি
অবর্ণ্য পূর্ণতা মাঝে!...বিছায় সুষুপ্তি!...
বিস্মৃত স্তন্যের স্বাদ রসনার 'পরে
ফিরে আসে...এ-নিখিল সেই স্বাদে ভরে!

শিখর-দুরাশী

আলোদীপ্ত গিরিচূড়া চলে পান্থ সেই পথে···আঁখি তার ধাঁধে সে-আভায়!···
মায়াভ্র-মুরলী-তানে হৃদে ক্ষুধা উঠে জাগি'···তবু লুব্ধ ফিরে ফিরে চায়—
যেথা নিম্নে আর্দ্রমূলে রাজে নব দূর্ব্বাশ্যাম পুষ্প-বিহসিত হৈমধাম,
শৃঙ্খলের ঝণঝণা বীণার নিক্কণ নিভ কণিত যেথায় অভিরাম!

নাহি সেথা গতিবেগ?—উত্তাল উচ্ছ্বাস নাহি?—নাহি সঙ্কটের অভিসারে
উদাত্ত আনন্দ ব্যথা?—আসে যায় কতটুক?—স্বস্তি-তরু ছায়া তো বিথারে!
নাহি সেথা যতিহীন নিরুদ্দেশ-অভিযান—অকূলের ব্যাকুল বাঁশরী?
কী বা আসে যায়?—ক্রুদ্ধ পথিক উত্তরে কহে মধ্য পথে—আহ্বান পাসরি'।

আহ্বান?—কিসের? কোথা? শুধায় সে থাকি' থাকি' সত্য কি সে শুনেছে তাহারে?
ওই দীপ্যমান্ উগ্র মেঘচুম্বী মৌলি 'পরে কভু কেহ বাঁচিতে কি পারে?
তথাপি তারেই চাহে, যুক্তি-মানা নাহি মানি' গহনেই পশিবে বিদ্রোহী,
তুঙ্গ শৃঙ্গ ডাকে···ডাকে···অধিত্যকা পিছে ফেলি' চলে চাতকের তৃষ্ণা বহি'।

পথে মেঘ ছায় তার হৃদাকাশ পলে পলে···ভাবে থামি' প্রতি সানুদেশে:
ছায়া যদি পদে পদে আলোজয়ী—তবে সে কি চলে আলেয়ার মোহে ভেসে?
ঝঞ্ঝাভীত পক্ষ দু'টি গুটায়ে আশ্রয় মাগে সেই নীড়ে—বিদায়েছে যাহে,
হাসে যে-মমতাময়ী গৃহাঙ্গনে সন্ধ্যা জ্বালি' ফিরে তারে বাহুপাশে চাহে।

কিন্তু এ কী পরিহাস! যারে হায় ফিরে চায় সেও যে আলেয়া সম ভায়—
সেই দিন হ'তে—যবে বাজিল শিখর-বাঁশি: "ওরে যাত্রী, মোর কাছে আয়।"
সে-বাঁশি না শুনে যবে—সংশয়ে ঘনায় ব্যথা—দৃষ্টি আবিলায় বারম্বার:
ঊর্দ্ধ-স্বয়ম্বরা আশা তবু চলে ঊর্দ্ধদিঠি নিম্নে তৃষা মিটে না যে তার!

ত্রিযামার দিগ্বিজয়

(THE CONQUEST OF SILENCE)

(ALLEGORY)

বাজিল দামামা—"যাবে কে গো নিরুদ্দেশ-পথে ?—অজানার দিগ্বিজয় তরে ?"
সাড়া দিল কত রথী দেশ দেশান্তর হ'তে—কম্পিত অনামা আশা-ভরে !
বাহিরিল রাজবর্ত্মে মর্ম্মতলে স্বপ্ন রচি',—নমি' সেনানীরে পুরোভাগে—
নিস্তল নয়ন যাঁর নক্ষত্রের নিমন্ত্রণ !···প্রাণে তার দীপ্তি এসে লাগে !

চলে···চলে···তুরঙ্গমী···ঢাকে দিক্-চক্রবাল লক্ষ-ক্ষুরোৎকীর্ণ ধূলিধূমে···
"অজানার আবাহন ! !"—উল্লাস-গরবে তারা ধূলিকারে পূর্ব্বরাগে চুমে।···

ক্রমে স্বপ্নসভা ছাড়ি' পথ-ব্যাপ্তি হেরে আঁখি···কেহ কহে : "আর কতদূর ?"
"যাত্রা কেন মন্দাক্রান্তা ?"—পুছে কেহ, কেহ কহে : "শুনি কই পথান্তের সুর ?"

বাহিনীপতির মৌন সান্দ্র বৈজয়ন্তী ভাতি শ্রান্তি-গ্লানি স্পর্শিতে না পারে,
শুধু বাহিনীর নেত্রে প্রশ্নের ম্লানিমা নামে···ধীরে···দীর্ঘায়িত ছায়াধারে !

বহু লুব্ধ এসেছিল···কেহ প্রার্থি' মুক্তা মণি, কেহ যাচি' কীর্ত্তি উগ্রতপা,
কেহ পূর্ণ রাজ্য, কেহ—অর্দ্ধেক রাজত্ব সাথে রাজকন্যা অলোকসম্ভবা।
রহে তারা পিছে পড়ি'···নায়ক চাহে না ফিরে···দৃষ্টি তার দূর অনাগতে···
বিশ্রব্ধ স্বপনী সঙ্গী সাথে ল'য়ে কতিপয় চলে···চলে···নিরুদ্দেশ-রথে।

অগণন গুপ্ত অরি ত্যজে লক্ষ গুপ্ত বাণ···বিষদিগ্ধ শিলীমুখ ঘুরে
অন্তরীক্ষে জলে···স্থলে···বাধা-অনীকিনী চাহে লক্ষ্যেরে ঠেলিতে শুধু—দূরে।

সে-অদৃশ্য-শরাহত দুর্ব্বল পদাতি এক নিরুৎসাহ লয় যেন মানি'···
ধূসরিমা সাথে তার হৃদয়ে বিপ্লব লুটে···ভুলে সূর্য্য-দুন্দুভির বাণী।

"অজানার অভিসার ? কেন ?"—বুঝে না সে—তবু কণ্ঠভরা জাগে তারি তৃষা,
প্রান্তের বৈদূর্য্য-তূর্য্য সায়াহ্নে অনচ্ছ কেন ?—ভাবিয়া না পায় তার দিশা !
কার পানে ধায় তারা ? দিশারীর আঁখি শুধু কহে : "ত্রিযামার দিগ্বিজয়ে।"
ত্রিযামা ?—পরাণ কাঁপে !···অরূপ সার্থক তবে নহে কি রূপেরি পরিচয়ে ?

দ্বন্দ্বের শ্রীহীন জয়ে বসে এক বৃক্ষতলে ; সহসা কে মর্ম্মরিয়া উঠে ?
—"চিন্তাকুল কেন পান্থ ?"—কহে তরু স্নেহানত।···"সংশয়ে"—সৈনিক মুখে ফুটে।
—"চিনি সে প্রচ্ছন্ন দৈত্যে, আমারেও একদিন দহিত সে তুষের দাহনে।"
—"কোন্ শান্তিজলে তারে নিভাইলে বল বল—বড় তৃষ্ণা বহি আরাধনে !"
—"রহি' শুধু ঊর্দ্ধপাণি নীলিমায় মাল্য দানি' পথান্ত-ভরসা বুকে ধরি'।"
—"সে-ভরসা যদি হায় ! দিনান্তে ডুবিয়া যায় ?"—"রহি প্রাণ-দেবতারে স্মরি',
"জপি'—যাহা অন্তলীন মগ্নছন্দে বাজে আজি মুঞ্জিবে চেতনে একদিন।"
—"হায় কোথা সে-চেতন ? কোথায় দেবতা বন্ধু ? কোথা বাজে তব মগ্ন বীণ ?"
—"অণু-হ'তে-অণু-হৃদে কুহেলি-মঞ্জীরে বাজে কবি-হৃদে বাজে স্বপ্ন-দলে ;
"ঋষি হৃদে শ্রুতি-ছন্দে বাজে জাগরণে—যাহে কল্পলোক নামে চলাচলে।"
—"কেমনে শুনিলে তারে কহ সেই ইতিহাস :"—"পাতি' কান দীপ্র ত্রিযামায়।"
—"হায় ! তুমিও কি বন্ধু, প্রহেলিকা বাসো ভালো ?—নহে 'দীপ্র' কহ তমসায় ?"
—"ত্রিযামা তামসী !!—তার দেখেছ স্বরূপ কভু।"—"স্বরূপ ?—না, তবে—" দ্রুম কহে :
—"তবে পান্থ তার কাছে শুন—যে দেখেছে তারে—তার মাধ্বীধারা বুকে বহে।

"উষালোকে ফুটে যাহা বীজ রস উপ্ত তার ত্রিযামারই মর্ম্মকোষ-মাঝে।
"সাজহীন ফেনপুঞ্জ বুদ্‌বুদের আস্ফালন ত্রিযামারই বিস্ফারণে নাচে।
"অসহ্য অনল-অব্ধি ব্রহ্মাণ্ডে তরঙ্গায়িত ত্রিযামারই বিচ্ছুরণে শুধু।
"ত্রিযামারই বহ্নি-বাণী শুনি' ব্যোম তারাঙ্কিত পুষ্পাঙ্কিত পৃথ্বীপীঠ ধু ধু !
"রূপায়ন-পারাবারে সংক্ষুব্ধ বাসনা-ঝড়ে ঊর্ম্মিবুকে জাগে আচম্বিতে
"লক্ষ শান্তি-মণিহারা লিপ্সা-ফণী—হয় তারা মন্ত্রশান্ত—ত্রিযামা-ইঙ্গিতে।

"করাল দানবী চমূ প্রেমের সঙ্গীত-সদ্ম উৎসাদিত করে হাহাকারে,
"সে-ক্ষণে ত্রিযামা সেই শ্মশানে নন্দন রচে মৃত-সঞ্জীবনী সুধাসারে।

"যে-স্তোম বাহিরে মন্দ্রে স্বরিত উদাত্ত ছন্দে পল্লবিয়া সুষমা অতুল,
"উৎস তার নাহি রাজে উচ্চারিত স্বরগ্রামে,—পাতাল-সাম্রাজ্যে তার মূল।
"ত্রিযামা সম্রাজ্ঞী একা শাসে সে অলথ-রাজ্য ধরি নিত্য নব ছদ্মবেশ ;
"শব্দহারা রাজদণ্ডে নিয়ন্ত্রে স্তনিত সৃষ্টি নামরূপ ঝঙ্কারি' অশেষ।

"প্রবাহে সে জ্যোতিষ্পথে কোটি জ্যোতি-ঊর্ণাজাল প্রতি ঊর্ণা কোটি স্পন্দ বহে,
"প্রতি স্পন্দ বেড়ি' কোটি রূপের নিগড়ে—একা ত্রিযামা-ঊর্ণায়ু মুক্ত রহে।
"সংখ্যাহারা লূতাতন্তু কাঁপিয়া কাঁপিয়া উঠে বিদ্যুত্বান্ জলদ-গর্জ্জনে ;
"ত্রিযামা সে-বজ্রদোল করে উপশান্ত হাসি' মুহূর্ত্তের তর্জ্জনী-হেলনে।

"ক্ষুরদ্-বিলীয়মান সীমাহীন সমারোহে ধায় কোটি ভঙ্গিমা মুখরা
"নটরঙ্গে ;—কেন্দ্রে তার বিরাজে ত্রিযামা একা নটেশ্বরী নিসঙ্গা নির্জ্জরা।
"আসঙ্গে যে আত্মহারা, বহিরঙ্গ বিশ্বোৎসবে অপ্রমত্ত রহিতে না চায়
"তারে না ত্রিযামা চাহে—যে না বরে লীলোৎসবে অন্তরের অন্তঃপুরিকায়।
"অনাসক্ত দিগ্বিজয়ে পাঠায় সে যাহাদের—পড়ে তারা বাঁধা নিজ জালে—
"কল্লোলে সমাধি রচি', সিংহনাদে নাহি শুনি' ছায়াশব্দ আলো-অন্তরালে।
"সে-আহ্বান শুনে যে-ই—শব্দ-ভ্রান্ত নাহি হয়,—ত্রিযামা-শঙ্কায় নাহি কাঁপে ;
"শুনে না যে—হয় সে-ই হৃতধ্বজ মন্ত্রহারা, প্রাণ-মধ্যমণি মুখ ঝাঁপে।

প্রোল্লোল মর্ম্মরে তাই গণি না চরম বন্ধ, প্রার্থি বর্ণ-রলরোল-পারে
"হেরিতে সে নিরঞ্জনা নিখিল-বিজয়-মন্দ্রা দিবা-উৎসারিণী ত্রিযামারে।"

বহি-স্তবী

THE EXTRAVERT

খুঁজি পুলক-পাথেয় নিতি পথের চলায়,
মাগি বাহিরে ভরসা—যবে মরম-কুলায়
প্রেম উপজে মধুর
যাচি সতত সে-সুর
হায়, যেন মদ-উদ্বেল জনতা-সভায় !
পরে কাঁদি যবে ধ্বনি-ধূমে আলো আবিলায় ।

রুষি' মুছি দিব্যাঞ্জন নয়নকোণে,
তাই শ্যামলে না হেরি হৃদিকুঞ্জবনে ;
প্রাণ- বাসব-ধনু
তার স্বপন-তনু
যদি বিছায় ধেয়ান-নভে পূত লগনে,—
তারে টানিয়া লভিতে চাই ধূলি-আঙনে !

কেন চাহি না সে-মূরছন রেশটি যাহার
নাহি মন্দ্রে জীমূত রবে—চমক-বাহার ?
মৃদু মিড়টি কানে
নাহি শুনি'—উজানে
চলি পাল তুলি' কলকলি', করি' হেথা সার
হায়, মুখর রঙ্গছটা তরঙ্গধার !

চাহি উছাসেরে সাথী নিতি-নূতন রূপে,
আসে নিভৃতি দেউলে যেই অতিথি চুপে—
তারে ভুলি পূজিতে,
ছুটি সমর্চ্চিতে
যেই প্রতিমা বন্দে ভিড় গন্ধে-ধূপে,
হায়, মধু-উৎকোচ সদা যাচে মধুপে !

নিতি তাহারে মাপিতে চাই—অমেয় যে-জন,
কহি— 'ধ্রুবতারা-জ্যোতিদিশা করিব ওজন' ;
যাহা প্রাণসাধনে
ফুটে নিগূঢ় স্বনে
তার নিহিত পীযূষ-স্বাদ চাহি অনুখন
এই খেয়ালী রসনা 'পরে বিনা আরাধন ।

হায় সে-স্বাদ যাচি না কেন যাহা উপচে
ঘন গোপন গহন প্রাণে ?—নীরবে রচে
রতি যার সুরভি
মোরা বহি-স্তবী
খুঁজি বাহিরে প্রমাণ নাহি গহীরে ম'জে,
লাজে অতল দিশারী ডুবে—আঁধা গরজে ।

পড়ি শূন্য বচনজালে নিয়ত বাঁধা,—
বুঝি তাই তারে পদে পদে হয় না সাধা—
যাহা বাতাস চেয়ে
রহে পরাণ ছেয়ে—
তারি মিলনের পথে উঠে লক্ষ বাধা ;
তাই বিরহে অলখ-রূপ রহে না গাঁথা ।

মোরা চাহি না তৃতীয় আঁখি ; জাগরে স্বপন
তাই উঠে না ঝলকি' ; নারি করিতে বরণ
যারে না চিনি' জানি
যারে না হেরি' মানি,
হৃদি নিতল তলের সেই মোহন রতন,
যার লাগি' ঝাঁপ দিলে মিলে মরণে জীবন ।

অভিমান

চেয়েছি তোমারে আমি অন্তরে অন্তরযামী !
জানো—জানো তুমি ;
ধেয়ান তোমার কম পরাণ-পুলিনে মম
উঠেছে কুসুমি'।
বায়ু সেথা আঁধি হানে, অঙ্কুর কঙ্কর-টানে
বন্ধ্যা নিরন্তর ;
তুফান তরণী রুধে আলোর কমল মুদে ;
জলদ ডম্বর
ডাকে সেথা গুরু গুরু,— ত্রাসে করে দুরু দুরু
কলিকার বুক ;
শূন্য ধূসরিমা আছে, স্খলন-দুঃস্বপ্ন রাজে,
বিশ্বাস বিমুখ।—
তবু সেথা গানে গন্ধে তোমারি চরণছন্দে
চেয়েছি তো আমি
রচিতে মন্দির তব চিত্তব্রজে—মহোৎসব
ঘোষি' অন্তর্যামী !

বিঘ্ন বাধা নিরুৎসাহ ? তার তরে অন্তর্দ্দাহ
নহে নাথ মোর ;
মোর এই অভিমান: কর' বলি' প্রত্যাখ্যান
—ছিন্ন—মালাডোর ;—
রহ' বলি গুন্ঠি' নিতি জাগে না চেতনে গীতি
প্রতিমায় প্রাণ,
অরূপ না মূর্ত্তি ধরে বাস্তবের ব্যঙ্গ 'পরে
স্বপ্ন খান খান !
যে-তৃষ্ণায় ধরা-দান তেয়াগি' বৈরাগী প্রাণ
নীলিমায় যাচে ;—
যে- দুর্ব্বার দুরাশায় উন্মুখ চাতক ধায়
অম্বুদের পাছে ;—
যে-ঊর্দ্ধ-অভীপ্সা-টানে বিথারে সূর্য্যের পানে
অটবী—অধর ;—
যে-উধাও প্রেমভরে গগনে প্রাসাদ গড়ে
স্বপনী—ভাস্কর ;—

সে-আশারে অবমানি' ওগো সর্ব্বশক্তি, মানী !
কী তব গৌরব ?—
তোমারে যে আবাহনে তারি ভালে সযতনে
আঁকি' পরাভব ?—
যে তোমায়ে চাহে নাকো তারে বেশ সুখে রাখো,
দাও যদি ব্যথা
স্ফুরিয়া আলেয়া-দীপ্তি,— তবু রচো মোহ-তৃপ্তি
মায়ার বারতা।
তোমার মিলন লাগি' নহে ভবে যে বিবাগী
সে যদি বা সয়
লক্ষ ক্ষোভ স্বপ্নভঙ্গ জ্বালামুখী শোক-সঙ্গ
লক্ষ পরাজয় ;—

তাহে তব তারাকান্তি বারেকও দুরাশা-ভ্রান্তি
ভাতে না তো তার
প্রাণাকাশে প্রেমরাগে, ধূমায় সে দৃপ্তযাগে
বাসনা-সংসার।
অসীমার নিমন্ত্রণ লভে নি যে—তার পণ,
দৃষ্টির পরিধি
সঙ্কীর্ণ, নিশ্চিতক্ষুধা শোনে নি যে মর্ম্মে সুধা-
কল্লোল-বারিধি,
সে সদা কাঞ্চন-ভ্রমে কাচের কন্দুকে রমে—
জনম-বঞ্চিত,
তবু তার হিয়াতলে সান্ত্বনা-দীপালি জ্বলে,
নিখিল সঙ্গীত
বাজে না বেসুরা সুরে, কল্পনার অন্তঃপুরে
পায় মধু-স্বাদ,
বিরহে যে জাগি' রাতি তোমারে চাহে নি সাথী
মিটে তার সাধ;
হারানো মন্দার-গন্ধ তার মনে নিরানন্দ-
ঢেউ নাহি তুলে,
সমীপে সে যারে চায় আঁকড়ি' থাকিতে পায়
দূরবাণী ভুলে।

রিক্ত ক্ষুণ্ণ পৃথ্বী-ধনে কোনমতে প্রাণপণে
রচে সে কুটীর,
ভাঙে যদি সে-রচনা— তাস সৌধ-আলিম্পনা,—
নয়নের নীর
ঢালিয়া ক্ষণিক—পরে অপর কুটীর গড়ে
নব আশা পাতি'
সে চাহে না তব দেখা, তাই রহে না সে একা,
তার লক্ষ বাতি।
লুণ্ঠে এক স্বপ্ন যদি— কুটীর ত্বরিতগতি
নব স্বপ্ন-ফুল,
নিয়তি যতই দলে, কাব্য রচি' টলি' চলে
ভাঙে না তো ভুল।
এক হাতে মুছি' আঁখি গাঁথে সে কামনা-রাখী
অন্য হাতে নিতি;
আকাশ ভাঙিয়া পড়ে তবুও সে নাহি স্মরে
তব প্রেম-প্রীতি।

শুধু—যে তোমারে চাহে তাহারি বেদনা বাহে
নির্লক্ষ্য তরণী,
সে-ই কাঁপে ঝঞ্ঝাস্বনে কারণে বা অকারণে,
শ্যামল সরণী
মুহূর্ত্তে মরুভূ-নিভ ধূ ধূ করি' উঠে—দীপ
মূর্চ্ছে কুঞ্জবনে;
যে তব আশ্রয়-কামী নিরাশ্রয় অন্তর্যামী
সে-ই এ ভুবনে। *

* এ-কবিতাটি পূতচরিত্র ভাবুক সাধক অশেষ শ্রদ্ধাভাজন অনিলবরণকে উৎসর্গ ..দিলীপ।

রূপান্তর

অভিমান ?

আজিও তোমারে আমি চাহিতে নারিনু, স্বামী !
সর্ব্ব প্রাণে মনে,
চলিতেছে অবিরত লুকোচুরি খেলা কত
আপনার সনে !
হৃদে বড় হয় সাধ কম কান্তি তব, নাথ !
পূজি দিবাযামী,
তোমারে আড়াল ক'রে আজো নানা মূর্ত্তি ধ'রে
আসে মোর আমি !
যে শুধু তোমারে চায় আপনি খসিয়া যায়
তার সব বন্ধ,
শত দিকে আমি ধাই তাই দিশা নাহি পাই
নাহি ঘুচে দ্বন্দ্ব।
বসি সুধাসিন্ধু-তীরে চাহিতেছি ফিরে ফিরে
মরীচিকা পানে ;
রুদ্ধ অন্ধ বাসনায় প্রাণ করে হায় হায় !
প্রবোধ না মানে।
তোমা ছাড়া কিছু আমি দেখিনা, অন্তরযামী !
যবে মেলি আঁখি,
তবু মায়া-স্বপ্ন দিয়ে রচিত বাস্তব নিয়ে
বেশ ভুলে থাকি !
করুণার অবতার আপনি লয়েছ ভার
তথাপি সংশয় !
জননীর স্নেহভরে রাখিয়াছ বক্ষে ধরে
তবু নিরাশ্রয় ?
ছিনু মত্ত মোহ ঘোরে টানিয়া লইলে মোরে
আপনার ঠাঁই,
বন্ধু তুমি, প্রিয় তুমি, তোমার চরণ চুমি'
তবু তৃপ্তি নাই ?

রহিয়াছ প্রতীক্ষায় দিতে ধরা আপনায়
প্রেম-প্রতিদানে,
নয়ন বাঁধিয়া রেখে দেখিয়াও নাহি দেখে
ভাসি অভিমানে !
তব অভিসারে আছে যে সুখ—তাহার কাছে
তুচ্ছ সর্ব্বধন,
রহি' চেয়ে তোমাপানে বিকশিছে মর্ত্ত্য-প্রাণে
মন্দার-স্বপন ;
কাঁটা ফুল হয়ে ফুটে, তটিনী উল্লাসে ছুটে
অসীমের পানে,
হ'য়ে ঊর্দ্ধ-স্বয়ম্বরা অটবী উজলে ধরা,
পাখী মাতে গানে।
তোমারে চাওয়ার স্বাদ যে পেয়েছে—পরমাদ
সাজে কি তাহার ?
আনন্দের পাল তুলি' যাবে সে দুঃস্বপ্ন ভুলি'
তমসার পার।
সংসারে রয়েছে যারা তুচ্ছ সুখে আত্ম-হারা
তোমাতে বঞ্চিত,
এই কোরো, দয়াময় ! শিরে যেন নাহি হয়
সে-শাপ বর্ষিত।
পাইনি তোমারে ব'লে তিতি সদা আঁখিজলে
সেই মোর ভালো,
তোমা ছাড়া প্রাণ মম হোক্ মরুভূমি-সম
নিভে যাক আলো।
প্রতি রক্তবিন্দু মোর তব প্রেমে হোক ভোর
আপনা-বিস্মৃত—
জানি প্রভাতিবে নিশা তুমিই মিলাবে দিশা
মরণে অমৃত। *

---

* সাধক, কবি, সুন্দর-শিল্পী, বন্ধুবর দিলীপকুমারের উৎসর্গ—"অভিমান" কবিতার প্রতি-উৎসর্গ—অনিলবরণ।

নিষ্ঠাহীন

তোমারে চেয়েছি নাথ ঢালি' তনুমন
আজিও একান্ত ছন্দে কহিতে তো নারি
অঙ্গীকার! চিত্তে দ্বিধা কাঁপে অনুক্ষণ···
তথাপি আলোকবর কেন যে নিবারি!···
লক্ষ লূতাতন্তু বুনে মায়া ঊর্ণনাভে
কামনার ইন্দ্রধনু ধরিবে···আশায়,
ধরা পড়ি' ইন্দ্রধনু তারে অভিশাপে,
কাঁদে,—তবু পুন ফাঁদে চরণ বাড়ায়।

বঞ্চনা-বেদনে পুছি: "তোমার পরশ
বাতাসে মিশায় কেন ছুঁইতে ছুঁইতে?
হিয়ার আরতিপাত্রে প্রেম-ধূপরস
সহসা মিলায় কেন দেখিতে দেখিতে?"

কে কহে: "উৎসর্গ-ঘট শতছিদ্র যার
কেমনে রাখিবে ধরি' সুধা সে অপার?"

সম্বন্ধ

কহিল কাঁটা: "ফুলের দাম
উজলি বলি' আমার নাম
রটিল কবি—বিধাতা বাম
তবু গো মোর প্রতি!"
কহিল ধাতা: "যদি না কবি
ফলাতো তোর মহিমা ছবি
কুসুম হ'ত আরো গরবী
সরলে করি নতি।"

নতিহীন

পরশ তোমার আজো ইন্দ্রিয়-জগত
সম নহে সত্য কেন—সংশয়-অতীত
পূর্বাহ্ণে যে-প্রত্যয়ের শুক্লধ্বজ রথ
জয়ডঙ্কে বাধা দলি' চলে উল্লসিত—
অপরাহ্ণে হয় শ্লথছন্দ?—ভাস যার
অন্তর-নীলিমা-সূর্য্য—হৃদির স্পন্দন—
নয়নের তারামণি—কেন বারম্বার
লুকায় সে আচম্বিতে—শুকায় নন্দন?

কে কহে: "নির্ভর-নতি বরজি' অধীরে
সর্ত্ত রচি' বিতর্কিয়া চাহো অভিমানে
আত্মনিবেদন-শিখা নিবাত মন্দিরে
নাহি জ্বালি' ঝাঁপ দাও বাসনা-তুফানে।"

কাঁপে তাহে প্রেমদীপ কুণ্ঠিত-শরণ
তাই তব রূপ রহে গুণ্ঠিত-বরণ?

বিভক্ত

কলিকা কহে: "আকাশে আলো
মরম মম বাসিল ভালো,
মরুতে সুধা যখনি ঢালো
বিকচি উলসিয়া।"
বাঁকিয়া মরু কহে: "কী তাতে
প্রমাণ হ'ল? বাধার সাথে
নাহি যুঝিলে রুধির পাতে
কী হবে ফুল দিয়া?"

আত্মসমর্পণ

প্রতি পদে কেন জাগে ক্ষোভ হেন চেতনে ?
"দিলে না"—বলিয়া উঠি উছসিয়া বেদনে ?
বুঝি না মা—কেন অহমিকা-পাক
দেয় হাতছানি যবে—শুনি' ডাক
গা-ভাসায়ে চলি,
মুখে শুধু বলি :
"চলেছি তোমারি চরণে ?"
কারে ফাঁকি দেই ভাবি না কেন সে- লগনে ?

চাহি বলি' প্রীত রহি মা নিহিত গরবে ;
"সাড়া কই, হায় !"—চিত্ত শুধায় সরবে !
বুঝেও বুঝিনা—তব গূঢ় স্বন
শুনিবার তরে তৃতীয় শ্রবণ
আছে অপেখিয়া
উঠিতে ফুটিয়া
যাচিব যখনই নীরবে ;
স্বাবলম্বন ত্যজি' প্রেম-নতি- বিভবে ।

কোথা সে-বিভব ?—অন্তরতলে বিজনে
বিরাজে প্রেমের উন্মেষ-মণি কিরণে ;
বাসনা-বেলার বন্ধ কাটিয়া
চূর্ণ-উর্ম্মি-রঙ্গ দলিয়া
তলহীন নীর-
নির্দ্দেশ থির
যাচিয়া অভয় শরণে
দিলে ঝাঁপ—মিলে ইন্দ্রিয়াতীত গহনে ।

মিলে ঝাঁপ দিলে—না মানিয়া বৃথা যুকতি,
ত্যজিয়া দৃপ্ত তুষ্ট আত্ম- শকতি ;
বরজি' বারেক বন্ধ্যা বিচার
কহিলে আরাধি' : "লহ মাগো ভার
আজিকে আসিয়া"—
উঠে বিকচিয়া
নীলিমা-বিভল ভকতি ;
বিবাহি' পাতাল রহি তবু—ছাড়ি' মুকতি ।

চিরদিন যে মা এসেছি জীবনে শুনিয়া :
"তারি হয় লাভ—চলে যে গুনিয়া গুনিয়া,"
শুনেছি—মোদের বুদ্ধিরতন
কত অসাধ্য ক'রেছে সাধন,
শরণাগতির
রাগিণী গভীর
শুনি নি তো কান পাতিয়া :
বৃথা পৌরুষ-বোঝা চলি তাই বহিয়া ।

পৌরুষ ? মাগো, হাসি পায় ! ভবে তুমি না
ধেয়ান-ধাত্রী, জীবন-দাত্রী ?—চুমি না
ও-পদযুগল প্রেম অরচনে ?
কহি না উছলি' : "তব মূরছনে
প্রাণে মম সুর
মন্দ্রে মধুর ?"
"দাও"—বলি' নিতি নমি না ?
তবু কহি : "যেন পৌরুষ-চ্যুতি ক্ষমি না !"

আপনারে দেওয়া কত যে কঠিন শিখালে,
নমি' তোমা তাই প্রার্থি আজি মা নিরালে :
"উষর বিচার তর্কের হেন
ছাড়ি' আঁধা—বরি জ্যোতি তব যেন"
শুধু আঁখিজলে
পুছি : "কোন্ ছলে
ব্যথিলে জাঙাল- আড়ালে ?
যবে তুমি আসি' ত্রিপথগা হাসি' বহালে ?"

বুদ্ধি-দিশারী চাহে যদি বাতি ধরিতে
সহজ পন্থা শিখায় না কেন বরিতে ?
উপহসি' কোটি কূট মন্ত্রণা
তেয়াগি ঘূর্ণী, বিষ-যন্ত্রণা ?
কেন বল হায়
চাহিলে যা পায়
তারে ত্যজি' ধায় সহিতে
শূন্য-গর্ভ বেদন-গর্ব্ব মহীতে ?

বিশ্বাস*

(স্বর-মাত্রিক ছন্দ)

"বেদন দিলে···বেদন দিলে···বেদন দিলে"—
এই কথা
আমায় যেন কেন্দ্র নাহি করি'
সদাই ঘুরে,—বিষাদ হিয়া আজ লভিলে
হোক্ নতা—
তোমারি এই বিধান বলি' ; স্মরি'—
ব্যথাই তো মা পাইনি—কত পুলক-সুলগনে
হরষ প্রীতি প্রেমের গীতি বুনেছি আমনে !

"এমন কেন···এমন কেন···এমন কেন
দান-রীতি"—
প্রশ্ন যেন জাগে না মোর মনে,
আঁধার-কোলে নির্ঝরেরি সূর্য্য যেন
ভায় নিতি
তুফান মাঝে স্বীকারি প্রেম স্বনে :
"মেঘের রোলই বাজাও নিতো পাড়ির পথে প্রাণে
কত না দিন গগনে বীণ বেজেছে নীল গানে ।"

"মিল্‌বে কবে···মিল্‌বে কবে···মিল্‌বে কবে"—
এই ব'লে
মনটি যেন ক্রন্দে না অধীরে,
সুরটি সাধা না হ'লে হায়, বেসুর-রবে
কোন্ ছলে
তোমার কাছে চাইব রাগিণীরে ?
গানটি প্রিয় ব'লেই আগে সুকণ্ঠ চাহি সাধা,
তবেই প্রাণে শুভ্র তানে ফুট্‌বে প্রেম-গাথা ।

"আজিই চাহি···আজিই চাহি···আজিই চাহি"—
এই দাবী
গরব-ভরে নিত্য করি কেন ?
অহঙ্কারে মিথ্যাপালে নাওটি বাহি'
হায় ভাবি :
চরণ-পারে উত্তরিব !—হেন
শূন্য রাঙা ভেলায় দুলে তোমায় নাহি বরি'
ঝড়ের তালে বিশাল হালে রই যেন আঁকড়ি' ।

---

* স্বরমাত্রিক ছন্দের প্রথম ব্যাখ্যাতা বাংলার অদ্বিতীয় ছান্দসিক শ্রীপ্রবোধচন্দ্র সেনকে উৎসর্গ ।

সহজিয়া

তুমি জানো অন্তর্যামী!—কত সুকঠিন
সহজিয়া ছন্দে চলা জীবন সাধনে—
খুলি' কুয়াশার গ্রন্থি আনন্দ-মিলনে
পিক সম গাহি' গান বাধাবন্ধহীন।

তুমি জানো—যুগে যুগে কত আবরণ
কত মিথ্যা বাসনার মুগ্ধ মায়াজাল-
উত্তরাধিকারী মোরা—দুর্ভেদ্য আড়াল
সূক্ষ্ম তন্তু কত ছলে রচে অনুক্ষণ।

তুমি জানো—ঘূর্ণ্যাবর্ত্ত-চক্রমাঝে এলে
এক পাক হ'তে মুক্তি করে সমর্পণ
অন্য পাক হাতে। তবু তা-ই আকিঞ্চন
করে চিত্ত—স্বভাব-আনন্দ-বর ঠেলে!

অশ্রু মাঝে নমস্কার করে তোমা হিয়া:
সহজ কঠিন কত বুঝালে বলিয়া।

কঠিনিয়া

কহে কবি কঠিনিয়া হাসি' তীক্ষ্ণ স্বনে:
"হা রে মূঢ়! কেন তুই জনমিলি তবে?
"গালে হাত দিয়া ভাবি—কী যে তোর হবে!
"বীর্য্যশুল্কা বসুন্ধরা—ভুলিলি কেমনে?"

লজ্জায় রক্তিমভাল—সহজিয়া কহে:
"নমি হে দিশারী কবি—কঠিনকিঙ্কিণী!
"বহু ভাগ্যে পেনু দেখা—র'নু চিরঋণী,
"রোমাঞ্চিত বাণী তব প্রাণ যেন বহে।"

হাসে খুসি' কঠিনিয়া: "আশা তোর আছে,
"সাবধান! ছি ছি! শেষে অমৃত বিহ্বল!!
"নীলকণ্ঠনিভ যাকে পিইয়া গরল
"অমর হইতে হবে—ছুটি' ব্যথা পাছে!!!"

যুগ যুগ কাটে রহে বুভুক্ষু পরাণ···
"তবে কি?"—তর্জ্জিয়া ও কে উঠে: "সাবধান!"

করভ্রষ্ট

শিশুর সুরে ডাকিব তোরে
স্বাগতি' প্রেমে পরাণ ভ'রে
করুণা ওই আঁকড়ি' ধ'রে
থাকিতে প্রাণ চায়,
কেন যে হয় কুসুমমুঠি
বজ্রসম—অমনি ছুটি,
পলাস্ তুই—আধেক ফুটি'
মযুথ মুরছায়!

লক্ষ্যভ্রষ্ট

জীবনভোর সতত জপি:
"লক্ষভেদী হ'ব—গরবী,
উত্তমারে না যদি লভি
জনমে ধিক্কার":
সভার মাঝে ধনুক ধরি'
টঙ্কারিয়া বীর্য্য বরি,
করতালিতে শুধু পাসরি
মালাটি বরদার।

দুয়ার খোলা

আলো-অলক্ত-চরণ চিহ্ন
আঁকি' মেঘবুকে কে যায় দীর্ঘ
করি' অমা—কার চুম্‌কি-আঁচল
লহরে লহরে লুটে ?
জীমূত-মন্দ্র ছাপি' ওই কার
কিঙ্কিণী কণি' উঠে বার বার ?—
অস্তবিরহী ধ্বান্ত-গগনে
ঝলকিয়া রাকা ফুটে ?
তিমির-তুহিন-কাঁপন-মাঝারে
শমিয়া ঝটিকা মলয়-আসারে
কে রূপালি হাসি' বিষাদ বিনাশি'
বাজালো ডঙ্কা ঐ ?
ঝরা ফুল পাতা এক সাথে করি'
দানিয়া জীবন কে এলো অমরী
ঝঙ্কারময়ী ঐন্দ্রজালিকা
নন্দিনী বরাভয়ী ?
উগ্র রক্ত-কণ্টক ত্রাসি'
মরুভূমে শ্যাম কুঞ্জ বিভাসি'
মৌন মলয় স্বনিল বলয়-
কঙ্কণে যাদুকরী !
চমকি' ভুবন মেলিল নয়ন
কাটিল অশ্রু-জড়িমা, হিরণ
হাস্য চ্ছুরিল নিশীথে উরিল
কে অহনা মরি মরি !
গুরু-গম্ভীর লৌহ কক্ষে
ছিল হৃদি চাপি' বেদনা বক্ষে,—
হেন ক্ষণে হাতে স্বর্ণ-দীপিকা
কে খুলে চিত্তপুরে
বদ্ধ-তোরণ ? কুহেলি-অবনী
হৈমবরণী স্বর্গসরণী
হেরি' উদ্বেল হ'ল ? পথহারা
কাঁপিল দিশা-নূপুরে !
কেন ছিল আঁখি আলো-বঞ্চিত ?
তমসার বাধা ছিল সঞ্চিত
কেন কেন কেন—লক্ষ প্রশ্ন
জাগে না তো আজি কই ?
খসিল গ্রন্থি, হ'ল সন্দেহ
স্বচ্ছ, আজি যে উন্মুখ গেহ
চিরন্তনীর গৃহপ্রবেশে
হ'ল শূন্যতা-জয়ী !
অসহ শিহরে মরম লখিল :
জন্মস্বত্ব চিরদিন ছিল
দীপ্তিময়ীর অন্তঃপুরে
কুঞ্চিকা ছিল হাতে !
উদ্দেশ শুধু পায়নি, সহসা
পরীর প্রাসাদে প্রবেশে ভরসা
হয়নি তাহার—ওগো দানময়ি !
কে জানিত—সাথে সাথে
সোনার কাঠিটি দিয়ে রেখেছিলে ?
অভয় শঙ্খ জনমে দানিলে ?—
ছিল মোরই হৃদি-নন্দন-বনে
এত চন্দন-ধূপ ?—
কে জানিত—গূঢ় সম্বিৎ শুধু
জাগে নি বলিয়া—নৈরাশ ধু ধু
ছিল বুক জুড়ি'—প্রাণ-উৎপল-
বাস ছিল নিশ্চুপ ?

কে জানিত হিয়া-মন্দিরে মোর
ছিল কুসুম গন্ধ-অঝোর
ছিল কত রঙা অর্ঘ্যোপচার
থরে থরে থরে থরে!

কে জানিত শুধু বাহির হইতে
সংহরি' দিঠি চাহিলে নিভৃতে
ফুটে ধ্যানলোকে অর্দ্ধ্‌ দমণি,
কোলাহল লাজে মরে?

ওগো চিরবাঞ্ছিতা! আমি বুঝি
সহজিয়া সুরে ডাকি' নাই?—খুঁজি'
পাই নি তাহাই?—হৃদি-বাপী তাই
ছিল শৈবাল-সার?

শিশু সুরে মাগো ডাকি নি বলিয়া
বিকচ কলিকা শিশিরে লুটিয়া
পড়িত ব্যর্থ—বন্ধ্যা—নিভুই
এক ভাবি হ'ত আর?

ইঙ্গিতাধীন ছিল মোর সবই?
বিস্ময়ে প্রাণ নাচে গৌরবী!
সম্পদ মোরই করতলে—দ্বার-
কুঞ্চিকা—তা-ও ছিল?

ছিল ডালিভরা রক্ত কুসুম
মধু আয়োজন দীপ্তি নিধুম,
বর্ণ-বিভল সহস্রদল,
ভৃঙ্গ, মন্দানিল,

রূপ-উদ্যোগ নয়নানন্দ,—
প্রাণে পূত পূজাকম্প্র ছন্দ?
নির্ঝর ছিল প্রবাহ-ব্যাকুল
গহন শৈল-বুকে?

শুধাই কেবল—হাসি' মুখ টিপি'
ছিলে চুপি' কি মা, বর্ত্তিকা দীপি'?
ললাট চুমিয়া ছিলে অপেক্ষিয়া
উদ্যতবরা—সুখে?

জানিতে—দিব্য অঞ্জন মোর
ছিল পল্লবে? ছিল প্রেম ডোর?
গাঁথিতে কেবল শিখিনি বলিয়া
হয়নি মালিকা গাঁথা?

বিস্ময় জাগে—জাগে সংশয়:
ধূলির ধরায় এ-ও তবে হয়?
ইন্দ্রজালের যুগ নহে তবে
রাঙা কল্পনা-গাথা?

স্থূল বাস্তবই জেনেছি জননী,
সহসা এ কোন্ শঙ্কা-হরণী
অলকনন্দা ঝরালে ধরায়—
স্বপ্নিত ধূপছায়া?

তব দানবরে সবই সম্ভবে
হেন উল্লাস গ্রহীতা-গরবে
ফুটাতে পিছনে রেখেছিলে কি মা
অঘটন-ঘটা মায়া?

নহে মায়া।—শুধু শিখালে শরণে
চাহিলেই মিলে—চকিত চরণে
বিঘ্ন পলায়—বরদা বিভায়
মন্দির স্নেহে দোলে,

শিখালে—সরল বরণ ছন্দে
প্রার্থিলে প্রেমে—সহজানন্দে,
দিতে প্রতিদান প্রতিমা পাষাণ
দেবী হ'য়ে দ্বার খোলে।

Fulfilment.

The Sound of Krishna's anklets has put to shame the toneless voice of the earth :
The heart sings : "Don thy bridal robe to celebrate the festival advent of the Lover".

In the slow bower of life bursts out a revelry of song,

And a bee-hum of welcome tones the fragrance-hymn of spring.

There is a chant in the soul : "Swing in the swing of joy, push care and toil away :

Plunge into the play of the Dance, bathe in the swirling rapids of the universal symphony :

Relumed is the bonfire of adoration, the heart of the world is satisfied :

The hand of once empty dreams are now flushed with the wine of fulfilment."

The sky melts in a passion of sweetness, the barren seeds bear by the millions :

The bird of paradise soars toward her skies—the dance of the blue glistering on her wings :

The heavy haze of slumber has fled, the embankments are broken :

The flower of the heart has budded in a dewy ecstacy of Love.

Today, O Beautiful. O Beloved, thy loveliness is like a fragrant breeze,

And the glories of the world fade before it and are turned into a garish pallor.

All doubts are dispelled, the gardens of paradise flower in the dust of earth,

Before the sunshine of Love's liberation darkness, and bondage are ashamed and have hidden their faces.

আশাপূরণ*

(স্বরমাত্রিক ছন্দ)

কুঞ্জের মঞ্জীর মাঝ
　　সুরহীন স্বর পায় লাজ
　　　　অন্তর গায় : "সাজ্ সাজ্ 　　　　উৎসব-রব-ছন্দে" ;
মন্থর প্রাণকুঞ্জে
　　মূর্চ্ছন মিড় মুঞ্জে,
　　　　ভৃঙ্গের আশ গুঞ্জে— 　　　　ফাল্গুন স্তব-গন্ধে।
"দোল্ দোল্"—গায় মর্ম্মে,
　　"দূর কর্ দায় কর্ম্মে,
　　　　"তোল্ নর্ত্তন-নর্ম্মে 　　　　সঙ্গীত-স্রোত-চঞ্চল
"ভক্তির রং দীপ্ত,
　　"বিশ্বের হৃদ্ তৃপ্ত,
　　　　"স্বপ্নের দল রিক্ত 　　　　ভরপূর রস-উচ্ছল।"

অম্বর ঐ গল্‌ল,
　　অঙ্কুর লাখ ফল্‌ল,
　　　　খঞ্জন মন টল্‌ল— 　　　　পাখ্‌নায় নীল নৃত্য!
সুপ্তির ঘোর টুট্‌ল,
　　সিন্ধুর বাঁধ ছুট্‌ল,
　　　　চিত্তের ফুল ফুট্‌ল 　　　　বিহ্বল প্রেম-সিক্ত।
আজ সুন্দর বল্লভ!
　　শিঞ্জন-রূপ-সৌরভ
　　　　বায়—পাণ্ডুর বৈভব 　　　　ঐহিক সাজ-সজ্জা!
সংশয় সব কাট্‌ল,
　　নন্দন বন জাগ্‌ল,
　　　　মুক্তির ভায় ঝাঁপ্‌ল 　　　　মুখ—বন্ধন-লজ্জা।

---

* স্বরমাত্রিক ছন্দের প্রবর্ত্তক ৺সত্যেন্দ্রনাথ দত্তকে উৎসর্গ।

দিশাহারা

(কৃষ্ণের প্রতি গোপী)

কে বাজায় বাঁশি পরাণ উদাসি' ?
"তোরে ভালোবাসি"—
শপথি' ডাকে ?
ফুটায় গোপন স্বপন-বরণ
রতি-আবাহন
জাগর-শাখে ?
ধায় বিরহিণী দুরভিসারিণী
কাঁটা-কিঙ্কিণী
চরণে পরি' :
শোণিতের ঘায় নৃত্য মিলায়···
বঞ্চিতা ধায়
শপথ স্মরি' ।

শপথীর ভাতি গাহে না প্রভাতী
সুরে আর···সাথী
ভরসা ঝরে !···
বিরহ পাথার শ্বসে অনিবার···
বারতা তারার
আঁখি আবরে ! ··
সুর-উৎসবী রহিল নীরবি'···
বিজলী-বিভবী
নিভে আকাশে ··
তারা-মূরছন থামে···উন্মন
রাখি' তনু মন—
দিশা-পিয়াসে !

দিশারী

(গোপীর প্রতি কৃষ্ণ)

কী কহ' মানিনী ? নৃত্য-রাগিণী
আধ নিক্কণি'
হয় বিলীন ?
অভিসারে তার শ্বসে অনিবার
বিরহ-পাথার
তারকা-হীন ?
সুর-উৎসবী জানে···জানে সবই···
শপথী নীরবি'
রহে না ছায় ;—
শুধু—জীবনের বেসুরা হাটের
মাঝারে ব্রজের
বেণু মিলায় ।

কান পাতি' ধনি ! শুন'—লাখো মণি
পরিয়া রজনী
গাহিছে ওই !···
জনতার রোল সে-মিলন-বোল
ঝরায়,—নিটোল
মৌন বই—
প্রেম কি কুসুমে অমাপটভুমে ?—
বাসনার ধূমে
শান্তি ভায় ?
বাজিছে বাঁশরী ! ধ্বনি-ধূম তরি'
চলো অনুসরি'
তারি দিশায় ।

মান

(কৃষ্ণের প্রতি রাধা)

শ্যাম চাহে···পায় দিকে দিকে ধায়
শিখী যে সে !···ভায়
রঙ্গ-রাসে :
রাধা পায়···নীড়ে··· গহনে···গহীরে···
নিতি নাহি ফিরে
নূতন-আশে।
শ্যাম চাহে সদা ব্যাপ্তি-বারতা
ঠেলি' প্রেমনতা
ভকতি-ডালা—
বহুবল্লভ ঘোষে উৎসব
গাথি' নিতি-নব
বরণ-মালা !

রাধা এক-সুর প্রেমের নূপুর-
নৃত্যে বিধুর
নিষ্ঠা-বিভা
ছুরি' আপনার উরধ-আসার
যাচে বার বার
চাতকী-নিভা।
শ্যাম পায় ধনে নব নব স্বনে
বিজয়ে·· মিলনে
রব-গরবী :
রাধা স্মৃতি জপে নিরালে···নীরবে···
তারে বুঝে কবে
স্বরোৎসবী ?

মানভঙ্গ

(রাধার প্রতি কৃষ্ণ)

কেন এত মান ? তোর কোটি দাম
পাসরিতে প্রাণ
পারে কি রাধে ?
শিখিনী-বিহনে বর্হ-বরণে
শিখী কবে ভনে
রঙ্গ—সাধে !
তোর এক-সুর প্রেমের নূপুর
শুনি' যে বিধুর
হ'ল ধরণী !
প্রাণনিধিতলে লো অচঞ্চলে !
তোরি প্রেমে জ্বলে
মুকুতা মণি।

তোরি মালা জপি' হ'ল সৌরভী
হিয়া লো—গরবী—
নিষ্ঠা-বরে :
তোরি মধুরিমা- দীপ্ত-প্রতিমা-
ধ্যানে মর সীমা
আরতি তরে।
দিকে দিকে ধাই··· ব্যাপ্তি সদাই
চাহি লো—ঝরাই
জীবন-গীতি :
শুধু—তার মিড় গহন · গহীর···
রচে তোরই নীড়
নিভৃতে নিতি।

Worship

There was a wise, devout man who is called, in the Catholic Church, St. Philip Neri, of whom many anecdotes touching his discernment and benevolence are told at Naples and Rome. Among the nuns in a convent not far from Rome, one had appeared, who laid claims to certain rare gifts of inspiration and prophecy, and the abbess advised the Holy Father, at Rome, of the wonderful powers shown by her novice. The Pope did not well know what to make of these new claims, and Philip coming in from a journey, one day, he consulted him. Philip undertook to visit the nun, and ascertain her character. He threw himself on his mule, all travel-soiled as he was, and hastened through the mud and mire to the distant convent. He told the abbess the wishes of his Holiness, and begged her to summon the nun without delay. The nun was sent for, and, as soon as she came into the apartment, Philip streched out his leg all bespattered with mud, and desired her to draw off his boots. The young nun, who had become the object of much attention and respect, drew back with anger, and refused the office ; Philip ran out of doors, mounted his mule, and returned instantly to the Pope : "Give yourself no uneasiness, Holy Father, any longer : here is no miracle, for here is no humility."

EMERSON

ইন্দ্রজাল

গ্রামে গ্রামে জাগে ভরসা—কে
ভৈরবী এলো সহসা রে !—
হাতে লাখো ভূতি সিদ্ধি ইন্দ্রজাল !
—"পরশপাথর ! ?"
—"কোথা লাগে :
মরুভূমে ওর ডাকে জাগে
শিখী খঞ্জন নিত্যি অমিয়তাল ।"

—"সেদিন শুন্‌বি ?—বিষধর
এলো ভাই ফুঁসি' ;—ভয় ডর ?—
দূর্—বাজালো রে বাঁশিতে কী সুধা সুর—
মন্ত্রমুগ্ধ নাগরাজ
ছল্ ছল্ চোখে পেয়ে লাজ
পড়্‌ল লুটিয়ে মাটিতে প্রেম-বিধুর ।"

—"শুধু তাই ?—যবে বনদিয়ে
যায় ভিন্ গাঁয়ে ছন্দিয়ে
ঠমক-সুঠাম তন্বু—ও : হেরি' সে-তায়
থম্‌কায় বাঘ—জানিস্ কি ?"
—"বাঘ ! ?"
—"সিংহও,—ভাবিস্ কী ?
রঙে যার রামধনুও লজ্জা পায় ।"

—"মা-কালীর যবে চারধারে
করে ও আরতি : প্রতিবারে
দেবী জেগে উঠে—দীপ্তা— ওরে যাথানে :
ওর-দেওয়া ভোগ মাঝে মাঝে
রূপ ধ'রে ব'সে ওর কাছে
সেবা ক'রে হ'ন তৃপ্তা— সবাই জানে ।"

—"সত্যি ! ?"
—"তবে কি রঙ্গ এ ?
পেল ও অভয়শঙ্খ যে !"
—"অষ্ট—? !"
—"লক্ষ সিদ্ধি ইন্দ্রজাল
পোষা যে রে ওর করতলে !—
মেনকা রম্ভা কত ছলে
ওর কাছে নাচে নিত্যি— অমিয়তাল !"

শুনি' তপোবনে ঋষি কহে :
"দেবদাস, দেখে এসো ত হে—
সত্য কি হরি পেয়েছে ধন্যব্রতা ?"…
মনে ফাঁদ পেতে দেবদাস
উত্তরে—যেথা করে বাস
পূজারিণী—সেথা মেতেছে মহাজনতা ।

ভিড় ঠেলি' ভেটি' সাধিকায়
কহে দেবদাস : "মোর পায়
কাঁটা এক ঘোর দুষ্ট বিঁধেছে হায় !
সযতনে দে ত তারে তুলে,"
বলি' পা বাড়ালো,—রাগে ফুলে
চেলারা,—তাপসী রুষ্ট মুখ ফিরায় ।

গুরু হাসি' কহে : "দেবদাস,
হরি নাই—নাই—ওর পাশ,
নাহিক প্রেমের দীপ্তি ইন্দ্রজাল :
বাঁধা অভিমান-বাঁধনে যে—
কেমনে দীনতা সাধনে সে
সাধিবে ভকতি-সিদ্ধি ঊর্দ্ধতাল ?"

নবজন্ম

(ALLEGORY)

জেলিহা কণিকা-শিখা মহোল্লাসে
ঝলকে জীমূত-মন্দ্রে কৃষ্ণাকাশে ;
থর থরে জল, স্থল মুখ ঝাঁপে
উর্ম্মি-ঘায় চরাচর ত্রাসে কাঁপে ;
কত কল্প-কল্পান্তের ক্ষুব্ধ ম্লান
জড়িমার বাঁধে হয় খান খান
অগ্নি-অভিযান, দহে আবর্জ্জনা ;
ধরণী-ধমনী-মর্ম্মে বহ্নিস্বনা
কল্লোলিনী জাগে কালী রৌদ্র রোলে
সংহার-তাণ্ডবা ক্ষিপ্তা—দীপ্ত দোলে।

করালী-ব্যুত্থানে স্বরি' উৎপেক্ষিয়া
লক্ষ জ্বালামুখী লাভা—বিঘূর্ণিয়া
সাজিল জরায়ু-লীন অমাদল—
রোধিতে লুলিত-লাস্য আলো-ঢল।

....

শুনিল মরত স্বর্গ-আবাহন,
বাসনা তথাপি পরে মোহাঞ্জন ;
মেলিল অভীপ্সা-শাখা বনস্পতি :
মূল তবু করে অমাগর্ভে নতি ;
ধায় বীর্য্য-তুরঙ্গম আলো পানে :
রোখে বল্গা শঙ্কা-লোভ—পিছু-টানে।

লক্ষ গুপ্ত অরি করে মিতালির
ষড়্‌যন্ত্র : বারে সবে অবনীর
উর্দ্ধায়িত অভিসার, পদে পদে
কুণ্ঠা বিঁধে কোটি-কাঁটা,—ক্রূর ক্রোধে
মর্ম্মরে নিযুত লিপ্সা প্ররোচনা
কানে মিথ্যা-মন্ত্র—লোল আলিম্পনা-
ইন্দ্রধনু-মায়াবর্ণে ; রক্ত-মাঝে
পাতালের উন্মুখরা ব্যথা বাজে :
নবোদয়-গোধূলির সাথে হায়,
ধূসর প্রদোষ সন্ধি নাহি চায়।

যুগ যুগ ধরি' বহু বীজ তার
ধূলি-শেজে খুঁজিয়াছে বারবার
স্থাবর বিক্লব-তৃপ্তি, যাচিয়াছে
বারবার বরাভয় তারি কাছে—
সম্বল যাহার মিথ্যা-নামাবলী,
তারে জপি' গেছে নামাতীতে ছলি' ;—
সত্য—আত্মা তার লতা ফলে ফুলে
বহুদিন উঠেছিল দুলে' দুলে',—
তবু উর্দ্ধমূল স্বপ্ন স্বর্গমুখী
মিথ্যা স্তোকে হ'ত নিত্য অধোমুখী।

সহসা—সে-স্বপ্ন অর্দ্ধ বিস্মরিত
নন্দে পরিচিত ছন্দে বিস্ফারিত :
সেই দুন্দুভির সান্দ্র স্মিত স্বরে
সচকি' ধরিত্রী জাগে আশাভরে।

....

সেক্ষণে শঙ্কিল পঙ্ক—ছত্রপতি-
আধিপত্য সুরক্ষিতে—কূটমতি।

....

ঝঙ্কিল দ্বৈরথ—আলো-তমিস্রার,—
কম্পিল অতীত : "কোন্ মহিমার

অপ্রস্তুত এলো ল'য়ে কী বারতা !"
ত্রস্ত সুখ কহে : "ওগো অনাগতা !

"কেমনে তোমারে হায়, লভি বরি'
জানিব তোমারি কুঞ্জে সুধাস্বরী
বাঁশরীর বাজে রাগ অনির্ব্বাণ—
যবে তুমি শিলীমুখ তিগ্ম বাণ
রুধির-তূণীর হ'তে তব আজ
বরষিছ লো নির্ম্মমে,—বিশ্বমাঝ ?
কেমনে জানিব তুমি নহ' মায়া
আলো-অঙ্গীকারী ছদ্মবেশী-ছায়া ?
যাহা ছিল—ছিল তো আশ্রয় তাহে,
শূন্যতার তরী কে বাহিতে চাহে ?"

"অনাগত-বিভীষিকা !"—স্বস্তি কহে :
"লো চামুণ্ডে ! এ-সজ্ঘাত নাহি সহে
শিবপ্রিয়া যদি তুমি—তবে বলো
অশিবের ব্যূহ সৃজি' কেন ছলো
চিরদিন ? পঙ্ক যদি মিথ্যা মায়া
পঙ্কজিনী কোথায় মূর্ত্তিবে কায়া ?"

....

কত ক্ষুণ্ণ যুক্তি হেন · অতীতের
বিজীর্ণ উদ্বিগ্ন কালো নির্ম্মোকের
সাশ্রু প্রার্থন কত...নাহি শেষ :
চাহে না সে—চাহে না সে নব বেশ।

"নবজন্ম তবু তোরে পেতে হবে"—
ঘূর্ণিল অর্ক-স্তূপ মহোৎসবে।

....

কাটিল ত্রিবেণী কোটি সূর্য্যধারে···
শুনিল হিমাদ্রি-স্তোম পারাপারে···
বসুন্ধরা-রোমে-রোমে রোমাঞ্চিয়া
তোত্রিল আরতি-দীপ উদ্ভাসিয়া
দশদিশি : মজ্জামাঝে রসাতল-
স্বর রুদ্ধ—স্তব্ধ কামকোলাহল।

....

সহস্রারে ফুটে পদ্ম মহীয়ান্
অসহ অনিন্দ্যবিভা···বিবস্বান্।

ছন্দিল মুরজমন্দ্রে ব্রহ্মতাল :
মৃত্তিকার স্বস্তিটীকা তার ভাল
নাহি যাচে আজি আর, ক্লিন্নরতি
সরীসৃপ-ভঙ্গী নহে·· তুঙ্গব্রতী
বৈদূর্য্য-জ্বলৎ-চূড় চুম্বি' আঁখি
খধূপ-উধাও আজি—প্রেমরাখী
পরিতে সমূর্দ্ধে, পদে লুপ্ত বাধা
তমস্বিনী—কণ্ঠে হয় সুর সাধা
আপনি আনন্দ স্তবে :
আজি ধরা
ভুলে ব্যথা—নবজন্ম-স্বয়ম্বরা।

প্রবৃত্তি

প্রবৃত্তি ইঙ্গিত দিবে—কারে চাহে মন ?
অণুসরি' সে-অঙ্গুলি মিলেছে কি দিশা ?
নিভেছে আহুতি লভি' কভু হুতাশন ?
দিগ্বিজয়ে শমিয়াছে লেলিহ জিগীষা ?

সিঞ্চিলে সলিল—ফুঁসে আরক্ত বাসনা ;
দাবী করে পুন—চল-স্ফুলিঙ্গ-বাহার,
ইন্ধনের আশীর্বর্ষে যাচে সে সান্ত্বনা—
ঊষায় দাহনা, সাঁঝে—ধূসর অঙ্গার।

বারিহীন মরুপথে ডাকে মরীচিকা,
ব্যর্থতার মায়াচক্রে চির-আবর্ত্তন !
দীর্ণ করি' কামনার ক্লিন্ন যবনিকা
চাহিব চুম্বিতে কবে নিধূম গগন ?

চঞ্চলা ! প্রশান্তি-বাণী ফুটাও জীবনে ;
আলেয়া ! তারকা-বার্ত্তা বিভাত' গগনে।

প্রবঞ্চিত

আঁধার যারে কামনা করে
মিলায়ে সুর তাহার স্বরে
বুদ্ধি গাহে দর্পভরে :
"স্বাধীন মোর আলো।"

বাসনা হায় পরায় তারে
কুহেলি-বেড়ী—বুঝিতে নারে !
নন্দি' কহে সে কারাগারে :
"তুমিই মোর ভালো।"

স্বপ্নভঙ্গ

বেসেছি নির্ভয়ে যায় ভালো, অন্তর্যামী,
সেই প্রিয়জন যদি তারে অবমানে—
কেন ব্যথা বাজে আজো ?—কেন দিবাযামী
স্নেহস্মৃতি ব্যঙ্গবাণ সম বিঁধে প্রাণে ?

কবে···কবে···এ-পেলব হৃদি ত্যজি' তার
ব্যথারক্ত রাগ হেন স্বরিবে গৌরবে
বীতশোক পৌরুষের শুভ্র গীতিধার
স্বপ্ন-'আশা-ভঙ্গ জিনি' মুক্তি-মহোৎসবে ?

কে কহে : "এ-জাগরের সত্য পরিচয়
স্বপ্নভাঙা দিব্যাঙ্গনে লভে এ-ধরণী ;
নির্ভরে বাজিছে ব্যথা—যবে গাহে জয়
কালকূট কেতু : চিনি অমৃত-সরণী।"

বাহিয়া স্বপন-হারা বেসুরা সোপান
সুরেলা জাগ্রৎলোকে উত্তরে পরাণ।

প্রত্যাশা

—"সুরেলা বীণকার যে আমি
তবুও কেন দিবসযামী
তন্ত্রী মোর জীবনস্বামী,
মুরছে সুরহীন ?"

—"নিয়ত তোর আলাপ-পাছে
সাড়ার তৃষা ছন্ম রাজে
আত্মদানে—তাহারি লাজে
বেসুরা বাজে বীণ।"

অপূর্ণিতা

কারা এসে কথা
কয় মোর কাণে কাণে…
প্রবঞ্চনা
পেলব তানে ?…
প্রাণসাধনা-
ভ্রষ্ট করিতে
চায়…কেন ?—কে বা জানে ?…

জিনি যত…কা'রা
এসে বার বার নাশে ?…
বাসব-ধনু
ম্লান আকাশে
বর্ণ-তনু
চকিতে হারায়…
ধূলি-ধরা বাঁকা হাসে !…

নীহারিকা-আঁখি
ডাকে তার…ডাকে…ডাকে…
শুধু গুণ্ঠন
তারে যে ঢাকে…
অস্ফুট স্বপন-
মঞ্জরী হায়,
হাসে না চেতন শাখে !…

ঐন্দ্রজালিনি !
তোর এক চাহনিতে
বন্যা তুলে
মরু-তৃষিতে,—
কেমনে ভুলে
সে-প্লাবন হিয়া
পলকে ?…মিলন-গীতে—

আরতি-জাগর
সার্থক হয় কই ?
প্রেম-স্পন্দন
হয় না জয়ী…
আলো-চুম্বন-
দৌত্য পাঠায়ে
কোথা রয় ছায়াময়ী ?

উন্মেষি' কলি
কেন মা, অপূর্ণিতে !
নাহি বিকচি'
লুকালি চিতে ?—
গগনে খচি'
তারা-মণি-কারু
মিলালি আচম্বিতে ?

লঘুগুরু ছন্দ

বহুরূপী, দিশা, বোধন, লক্ষী, গৌরী শিব, বাণী ও তারা এ কয়টি কবিতা সংস্কৃত ছন্দের অনুকরণে রচিত—কিন্তু হুবহু সংস্কৃত ছন্দ নয়। তাই এ ছন্দকে সংস্কৃত ছন্দ না ব'লে "লঘুগুরু" ছন্দ বলাই ভালো। দ্বিজেন্দ্রলালের "পতিতোদ্ধারিণি গঙ্গে," "নিখিল জগত সুন্দর সব," "এ কি মধুর ছন্দ," "এসো প্রাণসখা মম প্রাণে," প্রভৃতি গান এই ছন্দে রচিত। সংস্কৃত ছন্দের সঙ্গে এর মিল এইখানে যে এ-ছন্দে দীর্ঘ স্বরবর্ণ আ ঈ ঊ এ ঐ ও ঔ—সংস্কৃত ছন্দের মতনই দু মাত্রা। অমিল এইখানে যে যুক্তবর্ণের আগের স্বরবর্ণ সংস্কৃতে সর্ব্বত্রই গুরু—দ্বিমাত্রিক—হ'য়ে থাকে, আর বাংলা (লঘুগুরু) ছন্দে হয় বিকল্পে। যথা "তারা" গানে—"গাহে প্রেমে নিখিল সঘনে কম্পি ত্রাসে করালি" পড়বার সময় "ত্রাসে" বাংলা মাত্রাবৃত্তের মতনই পাঠ্য "কম্পি"-র ই-কে গুরু না ক'রে। পক্ষান্তরে "বহুরূপী" কবিতায়—"প্রার্থি প্রিয় হে তব উৎস দহে" পড়বার সময় "প্রার্থি"-র "ই" গুরুত্ব পেয়েছে—প্রবোধচন্দ্র যাকে বলেন metrical liaison মাত্রাবৃত্ত ছন্দে, যথা—"গুরু গুরু গুরু মেঘের ডমরু বাজিছে ক্ষণে ক্ষণে" (রবীন্দ্রনাথ)। এখানে প্রথম "ক্ষণে"-র এ-র সঙ্গে দ্বিতীয় "ক্ষণে" যেন গ্রথিত হ'য়ে গিয়ে প্রথম "ণে" দ্বিমাত্রিকতার মর্য্যাদা পেয়েছে। বাংলা মাত্রাবৃত্তে এ-ধরণের বৈকল্পিক প্রয়োগে বাঙালী পাঠক অভ্যস্ত ব'লে কোথায় গুরু হবে আর কোথায় লঘু—বুঝতে একটুও অসুবিধে হবার কথা নয়। তা ছাড়াও এক্ষেত্রে আমার বিশেষ বক্তব্য এই যে বাংলায় লঘুগুরুতে এ-যাবৎ যত কবিতা রচিত হ'য়েছে তাতে এরকম বৈকল্পিকতার চল আছে। যথা—"বিমুগ্ধ মোহে যুবতীর চিত্ত। মধু ক্ষরে রে উপযাতি নিত্য"—(বিজয়চন্দ্র) এখানে ধু দুইমাত্রা। তথা—"পতিতোদ্ধারিণি গঙ্গে" গানে "বরিষ শ্রবণে তব জল-কলরব" (দ্বিজেন্দ্রলাল) এখানেও ষ দু মাত্রা। কিন্তু ঐ গানেই—"করি সুশ্যামল কত মরু-প্রান্তর" এখানে রু প্রা-র আগে আসা সত্বেও ও সমান হওয়া সত্বেও একমাত্রা। আবার "একি শ্যামল সুষমা মধুময় বিশ্ব শিশির-ঋতু অন্তে"—তে "কি" তথা "কার প্রেম মধুর মৃদু অস্ফুট বাণী জাগে প্রাণে"—তে "র" দুমাত্রা।

আর একটি কথা। লঘুগুরু ছন্দে আমি অতিপর্ব্বিক (hypermetric) শব্দগুলিকে দ্বিজেন্দ্রলালেরই মতন বাংলা মাত্রাবৃত্তের ওজনই দিয়েছি যথা—"প্রেম কুণ্ঠিল লালস পরশে"—তে (বহুরূপী) "প্রেম" সংস্কৃতের মতন ত্রৈমাত্রিক নয় বাংলা মাত্রাবৃত্তের মতন দ্বিমাত্রিক। দ্বিজেন্দ্রলালের "একি মধুর ছন্দ," "এসো প্রাণসখা মম প্রাণে" প্রভৃতি লাইনের অতিপর্ব্বিক শব্দগুলি দ্রষ্টব্য। এতেও পাঠকের পড়তে কিছুই কষ্ট হয় না—অথচ এগুলি সংস্কৃত ছন্দের modification মান্‌তেই হবে।

এখানে বলা প্রাসঙ্গিক হবে যে আমি সংস্কৃত ছন্দের হুবহু প্রবর্ত্তন বাংলায় চাই না। এমন কি স্থান বিশেষে দীর্ঘস্বর প্রচলিত প্রথামত হ্রস্ব উচ্চারিত হ'লেও আমার খুব আপত্তি নেই—যেমন বৈষ্ণব পদাবলীতে বহুস্থলে হয়। তবে এ সম্বন্ধে পরে বিশদ ক'রে কিছু বলার ইচ্ছে রইল। আমি শুধু বাংলায় সংস্কৃত ছন্দের গুরু স্বরের উদাত্ত কল্লোলটুকু চাই মাত্র। কারণ আমার দৃঢ় বিশ্বাস এতে ক'রে বাংলা ছন্দে এক নতুন ধরণের গাম্ভীর্য্য ও ঔদার্য্য আসবে।

শ্রীসত্যেন্দ্রনাথ দত্ত প্রমুখ অনেকে ব'লেছেন যে সংস্কৃত ছন্দের গুরু স্বরবর্ণ বাংলা ছন্দে অস্বাভাবিক শোনাবে। আমার মনে হয় একথা অসঙ্গত। কেন অসঙ্গত সে নিয়ে কল্পনাকুমারের পত্রে বিশদ আলোচনা ক'রেছি—"পত্রগুচ্ছে" দ্রষ্টব্য। এখানে শুধু এইটুকু বলতে চাই যে সত্যেন্দ্রনাথের প্রবর্ত্তিত যুগ্মধ্বনির পরিবেষণে সংস্কৃত গুরু-স্বরের ক্ষুধা মিটতেই পারে না। কয়েকটা দৃষ্টান্ত দেই :

। ॥ । ॥ । । । । । ॥ । । ॥ । ॥
সংস্কৃত রুচিরা = প রি ভ্র ম ন্ । ভ্র জ রু চি রা । জ না ন্ত রে······(ছন্দোমঞ্জরী)
স্বরমাত্রিক " = ত খন্ প ব ন্ । ভ রি ছে গ গন্ । নূ তন্ মে ঘে······(সত্যেন্দ্রনাথ)
লঘুগুরু " = কু লো চ্ছ লে । তু হি ন দ লে । বি মূ র্চ্ছি য়া······("লক্ষ্মী" দ্রষ্টব্য)

। ॥ । ॥ । ॥ । ॥ । ॥ । ॥ । ॥ । ॥
সংস্কৃত পঞ্চচামর = ধ্ব নি ক্র ম প্র ব র্ত্তি ত প্র চ ণ্ড তা ণ্ড বঃ শি বঃ···(শিবতাণ্ডব স্তোত্র)
স্বরমাত্রিক " = ম হৎ ভ য়ের্ মূ রৎ সা গর্ ব রণ্ তো মায়্ ত মঃ শ্যা মল্···(সত্যেন্দ্রনাথ)
লঘুগুরু " = সু দূ র দী প্তি বি হ্ব লা হি র ণ্য গ র্ভ ব ন্দি তা···("গৌরী" দ্রষ্টব্য)

॥ ॥ ॥ ॥ । । । । । । ॥ । ॥ । ॥ ॥ । । ॥ ॥
সংস্কৃত মন্দাক্রান্তা = সো হং শৈ লঃ । ক কু ভ সু র ভি । মা ল্য বান্ না । ম য় ন্দিন্···(ভবভূতি)
স্বরমাত্রিক " = পি ঙ্গল্ বি হ্বল্ । ব্য থি ত ন ভ তল্ । কই গো কই মেঘ্ । উ দয়্ হও···(সত্যেন্দ্রনাথ)
লঘুগুরু " = বি দ্যুৎ ভ ঙ্গে । ঝ ল কি ঝ ন নে । অ ম্ব রে কে । অ ন ঙ্গা···("তারা" দ্রষ্টব্য)

। । ॥ । । ॥ । । ॥ । । ॥
সংস্কৃত তোটক = প্র ণ মা মি শি বং শি ব ক ল্প ত রুম্···(শঙ্করাচার্য্য)
স্বরমাত্রিক " = ও ই ফুট্ ল গো ফুট্ লো দি গ ন্ত ভ রি···(সত্যেন্দ্রনাথ)
লঘুগুরু " = জ য় শ ঙ্ক র শ ম্ভু ভু জ ঙ্গ ধ র···("শিব" দ্রষ্টব্য)

॥ ॥ ॥ । । ॥ । ॥ । । । ॥ । ॥ ॥ । ॥ ॥ । ॥
সং শার্দ্দূলবিক্রীড়িত = গো বি ন্দ স্ত ম নো র থে ন চ স মং । প্রা প্তং ত মঃ সা ন্দ্র তাং···(জয়দেব)
স্ব, " = সি ন্ধুর্ রোল্ মে ঘে ভিড়্ ল আজ্ গ র জে বাজ্ । বি দ্যুৎ বি লোল্ র ক্ত চোখ···(সত্যেন্দ্রনাথ)
ল, " = ন ন্দে যে বঁ ধু ঝ ঙ্কৃ য়া নি র ঞ্জ নে । বং শী উ ছা সে ব নে···("দিশা" দ্রষ্টব্য)

॥ । । ॥ । । ॥ । । ॥ । । ॥ । । ॥ । । ॥ । । ॥
সং, মদিরা = মা ধ ব মা সি বি ক স্ব র কে শ র পু ষ্প ল স ন্ম দি রা মু দি তৈঃ···(ছান্দোমঞ্জরী)
স্ব, " = বং শী উ ছল্ হি য়া র ঙ্গ উ তল্ প্রে ম স ঙ্গ যে চাই পে তে ব ক্ষু চ পল্···(স্বরচিত)
ল, " = শি ল্প ব নে র মি চি ত্ত তু র ঙ্গ মি ধা ই ল ভা র তি ব র্ণ ব্র তী...("বাণী" দ্রষ্টব্য)

এ তুলনা থেকে আমার প্রতিপাদ্য শুধু এইটুকু মাত্র যে বাংলায় সংস্কৃত গুরু স্বরবর্ণ না আনলে সংস্কৃত ছন্দের কল্লোল আসতেই পারে না। বৈষ্ণব পদাবলীর বহু চির-স্মরণীয় চরণ একথার বোধহয় সবচেয়ে বড় প্রমাণ।

বহুরূপী

(লঘুগুরু ছন্দ)

তুমি উচ্ছলিলে টুটি' বাধা-বন্ধে
বিচিত্র ছন্দে
কত শত বর্ণে গন্ধে !
ফুটি' জীবন-প্রাতে স্বাগত হাস্তে—
জনকাশীষে জননী-আস্তে,
সহচর-গেহে
স্বজন-স্নেহে,
সজনী-ক্রীড়ারঙ্গে !
চোখে কনক-কুসুম-কর বুলিলে কত না !
অম্বুদ-ডম্বরু রণিলে—রচনা-
রাগে—শ্যাম-মৃদঙ্গে !

শিশু- কল্পন-কম্পন-মাঝে,
পরী- কথা ছন্দি' কত সাজে,
কত স্বপ্নারম্ভে
গল্পাসঙ্গে
উল্লসি' বীর্য্য-বিভঙ্গে !—
রাজ- কন্যা সুপ্তা
রাক্ষস-গুপ্তা
উদ্ধরি' সঁপিলে অঙ্কে !

কত কলহে সখ্যে
মর্ম্মরি' বক্ষে
পাঠে তর্কে দ্বন্দ্বে,

কত উজ্জ্বল উৎসব
শুভার্থি-সৌরভ
পরিজন-প্রীতিচ্ছন্দে !—
কত প্রয়াস-বিফলে, উদ্যম-রোলে
মঙ্গল-ডঙ্কে—নিন্দা-বোলে,
হিংসা-দোলে
শান্তি-হিন্দোলে
মত্ত মদির-জয়গানে
মোর মুগ্ধ-নেত্র-তুলি
হাসি' দিলে খুলি'
দলি' বন্ধ্যা অভিমানে !

কত মঞ্জুল রঞ্জিত ছায়ে
মৃদু বায়ে
উদি' আধ-স্বপনে
জাগর-লগনে
সাঁঝে কম্পি' মিলায়ে ;—
কত মেদুর নীরদ-অঙ্গে
কত সিন্ধুর মন্থর শঙ্খে
প্রিয়, দীপি' নিমেষে
নিমজ্জি' হেসে
মুছিলে চিহ্ন লুকায়ে !
কত হর্ষ-বিষাদে চচ্চুরিলে অরূপ কান্তি,
ছলে পেলব পরশে রচিলে স্বপন-ভ্রান্তি !

মধু মুরলী স্বনিলে গো,
প্রাণ- পুলিনে দুলিলে গো,
মালা গাঁথি' ঝরঝরি'
হাস্তে জরজরি'
কটাক্ষ বিঁধিলে গো !—
পরে যাদুদণ্ড তব
নিভাল উৎসব
ফুলদল ঝরিলে গো !

শুধু রহিল উদাসী গীতি
পথ- হারা বুভুক্ষু প্রীতি,
প্রেম কুঞ্চিল লালস-পরশে
কাঁদি' লুণ্ঠিল হৃদি নির্ভরসে
কভু পূরবছন্দে
পশ্চিম নন্দে
সবিতা যদি না রভসে ?

হৃদি বঞ্চিত বিহ্বল বিরহে,
মোহে মুছি' দিব্যাঞ্জন প্রিয় হে !
মম যৌবন-দর্পিত দর্পণ-হিরণে
আশা-কিরণে
লখি' নিজ সংহত শক্তি
হায় বিদায় দানিনু ভক্তি !
নব নিষ্ঠা ধর্ম্মে
উচ্ছুসি'— মর্ম্মে
অপর লক্ষ্য বরি' বিজনে,

স্মরি' শিহর-চমক-চল-চরণে—
নাথ সার্থকতা কণি'
অতৃপ্তি গোপনি'
জপি' শুধু বিলাস-ভুক্তি
জলে জলাঞ্জলি' স্তব-মূর্ত্তি,
মুখে বিঘোষি' : "নিতি নব
বন্ধন-গৌরব
বহি' জিনিয়া ল'ব মুক্তি !"

হায়, শুধু সে-গরবে
বৈভব-পরবে
ক্ষুধা ত হ'ল না পূর্ত্তি !

তা-ও লইনু দান তব বলিয়া
মনে জপিয়া :
"তুমি উদিবে শেষে
অস্ত-নিমেষে
নবারুণে পুন ছলিয়া।"

পরে থরথরি' দয়িতা-গানে
এলে তুমি বাসবধনু-তানে,
কত আলিঙ্গন-মধু-রাতে
আসি' ব্যথিলে নিঠুর-ঘাতে,
কত বিরহে মিলনে লাস্তে লোরে
তিতিলে শয্যা, চুম্বন-ডোরে
বাঁধি' সখী সম— দেহ-রসে কম
মদালসা অভিসারে
ডাকি' বারে বারে বারে।

পরে হে নট-খঞ্জন!
গঞ্জিত নন্দন
মূর্চ্ছিল—লুণ্ঠিল মালা;
হায় নিষ্ফলিলে ফুলডালা:
যবে বিথারি' ভুজ রতি-আশে
'উচ্ছ্বসি' ধাইনু বল্লভ-পাশে
তুমি সঙ্গম উচ্ছলি'
তনু মন বিহ্বলি'
নিভাইলে তব আলা!

হৃদি ক্রন্দিল ব্যর্থ পিয়াসে
কহি': "মৃগতৃষ্ণা! তব আশে
আমি ধাইব কত…কত…দূরে?"
হেন বিষাদ লগনে গো
প্রাণ- ব্রজে মুরছনে গো
বাঁশি ঝঙ্কল অন্তর গূঢ়ে!

শুনি' মীড় মনোহর
কম্পিত-অন্তর—
নামিনু নব পথ-বাঁকে—
যেথা বাঁশরিয়ালা ডাকে…
তারি স্বর-উদ্দেশে
ধাই' নিমেষে
হ'ল তামস-নিশি আলা,—

যবে রন্ধ্রে রন্ধ্রে
নীরব মন্দ্রে
ভরিলে প্রীতি অরালা!

তুমি পদে পদে ছলনা হে
চিরবঞ্চক! করিলে—তাহে
মোর নাহি ক্ষোভ বঁধু প্রাণে,
তুমি নব নব গমকে গানে
মম জীবন রঙিলে
সহসা নিঙিলে
ঝলিতে নব অবদানে।

খেয়া 'যাব আজি শুধু বাহি'
তব গঙ্গোত্রী-বর চাহি',
যদি পরে তরণি মম
ফিরে প্রিয়োত্তম!
তুহার আশিষ-গানে—
যেন আত্মাদর সব
পাসরি' সৌরভ
বিলায় সে তব তানে,—
আজি প্রার্থি প্রিয় হে
তব উৎসদহে
ডুবিতে গাহন-স্নানে।

তারা

(লঘুগুরু ছন্দ — মন্দাক্রান্তা)

বিদ্যুৎভঙ্গে ঝলকি' ঝণনে
　　অম্বরে কে অনঙ্গা ?—
ঝঞ্ঝা-রাগে শ্বসিত পবনে
　　ঝঙ্কছে কে অশঙ্কা ?

মন্দ্রে ঐ কে গুরু গরজনে
　　দোলরঙ্গে সমুদ্রে ?—
হু-হু-উচ্ছ্বাসে ডমরু-স্বননে
　　বজ্র-ডঙ্কে সমূর্ছে ?

ধারাসারে তখনি গগনে
　　ঝর্ঝরে কে রমা গো ?
ভক্ত-প্রাণে নিথর লগনে
　　শান্তি-মাতা সমা গো ?

গাহে প্রেমে নিখিল সঘনে :
　　"কম্পি' ত্রাসে করালি !
কৃষ্ণা-জ্বালা-গমক-রণনে
　　দীপ্তি এ কী ঝরালি !"

Sound

Who is she, the Formless, gleaming and hurtling
　　through the sky in the flashes of the lightning !
Who is She, the Fearless, clanging in the breath
　　of the storm-wind and the music of the tempest ?

Who is there dancing sombre in the roar
　　and the swaying orgies of the ocean ?
Who is there resonant in the ululation on high
　　and the monster drum-beats of the thunder ?

Who is the ravishing One that comes pouring
　　as rain in a melodious murmer and patter ?—
Like unto a Mother of Peace responding to the
　　child-soul of her devotee in his heart's still hush ?

All the world breaks into a chant of love :
　　"While still fear trembles, O Thou Terrible,
What radiance elysian rainest Thou on us
　　after the anguish of the outcry
　　　　and the black flame of the burning ?

Lakshmi

At the mobile passion of thy tread the cold snows faint and fail,
Hued by thy magic touches shimmering glow the horizons pale.
The heavens thrill with thy appeal, earth's grey moods break and die ;
In nectarous sound thou lav'st men's hearts with thy voice of Eternity,
All that was bowed and rapt lifting clasped hands out of pain and night,
How hast thou filled with murmuring ecstasy, made proud and bright !
Thou hast chosen the gratefull earth for thy own in her hour of anguish and strife,
Surprised by thy rapid feet of joy, O Beloved of the Master of Life. *

দিশা

(লঘুগুরু ছন্দ—শার্দ্দূলবিক্রীড়িত)

নন্দে যে-বঁধু
ঝঙ্কৃয়া নিরজনে
বংশী উছাসে বনে,—
লুণ্ঠে যে হৃদি
মুগ্ধিয়া মুরছনে
ডাকে দুরাশে মনে,—
প্রেমে নূপুর
শিঞ্জিয়া বিলসনে
রঙ্গে দুলায়ে ভূষা,—
দানে সে—রতি
বঞ্চিয়া দরশনে
গানে মিলায়ে দিশা।

বোধন

(লঘুগুরু ছন্দ)

মাগো মূরতি বল' তব উচ্ছল
এ কি বরদ বেশে !
তার মঞ্জিমাটি ভেসে
দিল প্লাবি চিত্ত গীতি-নৃত্য-
ছন্দে নব রেশে !
আজি পড়ি' মূরছি প্রাণ উপছি'
শুভদা তব আলা
দূরি' ধ্বান্তপুঞ্জ প্রেমকুঞ্জ
রচিল গন্ধ ঢালা !
তব ধ্যানমগ্ন জিষ্যা লগ্ন
বিহ্বল দিন-শেষে
ল'য়ে অতনু কান্তি স্বপন-ভ্রান্তি
উছলি মধু হেসে !

* Translated by Sri Aurobindo.

লক্ষ্মী

(লঘুগুরু ছন্দ—রুচিরা)

ফুলোচ্ছলে তুহিন-দলে বিমূর্চ্ছিয়া—
দিগন্তরে মলয়-করে সুরঞ্জিয়া—
নিরুৎসবে বিদলি'—নভে নিমন্ত্রণি'
সুধা-স্বনে বহিলি মনে চিরন্তনি !

নিশাবৃতা নতি নিভৃতা দুখঙ্করা
তব স্তবে হ'ল গরবে কলস্বরা !
ব্যথাক্ষণে চল-চরণে হরিপ্রিয়া
স্বয়ম্বরা ! বরিলি ধরা কৃতজ্ঞিয়া।

আঁধর

ফুলোচ্ছলে তুহিন দলে···সুরঞ্জিয়া
(ঐ এলো বনবীথি বিহসি' কে গীতি-ভঙ্গা
রূপে মূরছি' মরত—ঝঙ্কারে থর-তরঙ্গা
ভরা গঙ্গা ?
হাসি- ডঙ্কা
ঘোষি' মরুপথে ক্ষেমরথে এলো প্রেমশঙ্খা ?)

নিরুৎসবে বিদলি'—নভে···চিরন্তনি !
(অমা বিদলি'
রমা উছলি'
এলো মৌন তিমির উজলি' !
ওই প্রেম-বঞ্চিত যুগ-সঞ্চিত
বাধার বাহিনী বিরলি' ?
ডাক দিল গো !
তার মাধুরীতে মুখরিল গো !
আলো- উলু উথলায় সুষমা-সভায়
নিখিলে নিমন্ত্রিল গো !
সেই নিথর নিশুতি অবনী-আকুতি
মুরছনে ঝঙ্কুল গো !
শুনি' সেই আবাহন নিমীল-নয়ন
উষা উরি' শিহরিল গো !)

নিশাবৃতা নতি নিভৃতা···কলস্বরা
(কেগো কল কল স্বনে চপলাচরণে
কণিল কম্পি' হিয়া ?
তাহে বিরহী পরাণ মিলন-উজান
বহিল কল্লোলিয়া !)

ব্যথা-ক্ষণে চলচরণে···কৃতজ্ঞিয়া
(ধরা ভরসা-বিধুরা নীরব-নূপুরা
ছিল যবে মুখ ঝাঁপি',—
তার হারানো-বাসর চল-জলধর
স্মৃতিটুকু বুকে চাপি'—
পুন তারি বরষণ চাহি'
হিয়া শ্বসিত : "আশা তো নাহি !"
সেই বিধবা অধর চুমনি' লহর-
লাস্যে কে এলো গাহি' ?
বুনি' মরতে মোহন স্বরগ-স্বপন
তরণী-তারণ বাহি' !
মাগো দুরি' সে-বেদন এলি—
তৃণে তৃণে কোটি আঁখি মেলি',
লয়ে পরাগ-পসরা বরণ বিভোরা
ফুলে ফুলে করি' কেলি।)

গৌরী

(লঘুগুরু ছন্দ···পঞ্চচামর)

সুদূর-দীপ্তি-বিহ্বলা !
      হিরণ্যগর্ভ-বন্দিতা !
অমাতটে সমুজ্জ্বলা !
      অদৃশ্য-রশ্মি-রঞ্জিতা !
বসুন্ধরা সদা স্বপে
      স্ফুলিঙ্গ যার গৌরবে ;—
মরীচি যার উৎসবে
      যুগান্ধতা পরাভবে ;—
প্রবাহি' যে ধরাঙ্গনে
      দ্যুলোক-পদ্ম মঞ্জরে ;—
ধিয়ান সিংহ-আসনে
      পরার্দ্ধ দৈত্য সংহরে ;—
পরার্দ্ধ কণ্টক-ক্ষতে
      ভুলে বিনিদ্র রাধনে ;—
ধন-ধ্রুবে পদে পদে
      ত্যজে অসাধ্য-সাধনে ;—
তপঃ-স্বয়ম্বরা চিতে
      বিলাস বিস্মরে ভবে ;—
অসীম স্বপ্ন ঝঙ্কৃতে
      অমূর্ত্ত মন্ত্র যে জপে ;—
পদে নমামি তার মা
      তব স্তবে হিয়া নতা ;—
দুরাশিনী ! তিলোত্তমা !
      শুভা ! অনাগতব্রতা !

The Priestess of The Unseen Light.

O thou inspired by a far effulgence,
      Adored of some distant sun gold-bright,
O luminous face on the edge of darkness,
      Agleam with strange and viewless light !
A Spark from thy vision's scintillations
      Has kindled the earth to passionate dreams,
And the gloom of ages sinks defeated
      By the revel and splendour of thy beams.
In this little courtyard Earth thy rivers
      Have made to bloom heaven's many-rayed flowers,
And, throned on thy lion meditation,
      Thou slayest with a sign the Titan powers.
Thou art rapt in unsleeping adoration
      And a thousand thorn-wounds are forgot ;
Thy hunger is for the unseizable,
      And for thee the near and sure are not.
Thy mind is affianced to lonely seeking,
      And it puts by the joy these poor worlds hoard,
And to house a cry of infinite dreaming
      Thy lips repeat the formless word.
O Beautiful, Blest, Immaculate !
      My heart falls down at thy feet of sheen,
O Huntress of the Impossible,
      O Priestess of the light unseen. *

---

* Rendered by Khitish Chandra Sen, Corrected and recast by Sri Aurobindo.

রাধা

এ গানটি নৃত্যসঙ্গীত। এর ভার আদ্যন্ত "মা"-র কাছ থেকে পাওয়া। মা ব'লেছিলেন রাধা সম্বন্ধে তাঁর মনে এই চিত্রই উদিত হয়। শ্রীকৃষ্ণের কাছে শ্রীরাধার পূর্ণ আত্মসমর্পণের অপূর্ব্ব প্রার্থনাটিও মা ইংরাজি ও ফরাসীতে নিজে হাতে লিখে দেন। প্রার্থনাটি এই :

"O Toi, que j'ai à première vue, reconnu comme le seigneur de mon être, comme mon Dieu, accepte mon offrande !

"A Toi toutes mes pensées, toutes mes émotions. tous les sentiments de mon cœur, toutes les sensations, tous les mouvements de ma vie, chaque cellule de mon corps, chaque goutte de mon sang. Je suis tienne, absolument, intégralement tienne, tienne sans réserve. Ce que tu voudras de moi, je le serai. Que tu décides—ma vie ou ma mort, ma bonheur ou ma peine, mon plaisir ou ma souffrance, tout ce qui me viendras de toi sera le bienvenu. Chacun de tes dons sera toujours pour moi un don divin apportant avec lui la Felicité Suprême."

ইংরাজী প্রার্থনাটি ১৯৭ পৃষ্ঠার শেষ স্তবক।

Surrender of Sriradha

The lonely temple of my body has not yet heard the singer of singers who shall chant in it the eternal melody···

The drooping bower of my hope has not yet found the guest of guests who shall touch it into an ambrosial flowering···

Every atom of my body weeps in barrenness...

Day by day evening falls before its hour ; time flows stanchlessly...

There rings subdued a strain of far-off anklets that lures, but does not fulfil...

It enthrals,···but only to awaken a longing heavy with sighs churned out of a sea of tears...

I look around, wistfully groping...But I glimpse not the one whom I thirst for.

Always, always, in the forlorn cavern of the heart, flickers shyly the timid candle of my prayer.

Whatever my hungry bosom strains to it as the glimmer of His beacon-light withers in the twinkling of an eye...

The gold that I clutch at vanishes...into dust...For the King of kings has not yet come to claim my fealty...I go about in quest of the opening bud that breaks into its flame of love...the luminous love-bud whose nameless pollens pervade those haunts divine with their elusive fragrance.

But what is there ?...hear I not a distant flute playing softly, softly ?...It touches the lost chords of my heart, that once were vibrant and alive, but they swooned, alas, they had place only for throbbing torment !...

A strange message is whispered into my ears...the message of the Unknown !

Ah...it calls...it calls louder...louder...palpitating...it beckons even as the muffled strains of those shadowy anklets !...Are they then kin ?...

My imprisoned dream bursts its bonds...it quivers to take the mad plunge, to cut away from its moorings.

For irresistibly the flute sings : "It is time, O beloved, to weigh anchor and put out to sea".

রাধা

আজো শূন্য এ দেহ- মন্দিরে কেহ
গাহে নি তো সেই বন্দন !
মোর আশা-বীথিকায় এলো না তো হায়
সে-অতিথি কুলনন্দন !...
রহে প্রতি তনু-অণু বন্ধ্যা...
নিতি অবেলায় নামে সন্ধ্যা...
কোন্ দূর বিস্মৃত
নূপুর নিভৃত
বাজে লো উদাসী-রঞ্জন...
তাহে পঞ্জর তলে
কী তৃষা উথলে
অশ্রু-পাথার মন্থন !...

শ্বসি' ইতি উতি চাই... তারে তো না পাই
যাহার মিলন-বঞ্চিত
মোর মর্ম্ম-অতলে নির্জ্জনে জ্বলে
প্রার্থন-দীপ শঙ্কিত !...
তারি ইঙ্গিত-দ্যুতি ভাবি' যায়
করি বরণ...পলকে আবিলায়...
হয় সোনামুঠি হায়
ধূলামুঠি প্রায়
বিনা মোর চিরবাঞ্ছিত !...
খুঁজি কোথা সে-কলিকা
জ্বালে প্রেমশিখা...
যে-পরাগে ব্রজ গন্ধিত ?

(আঁখর)

আমি ইতি উতি চাই পাই না...
সখি পাই না...
যদি আছে হৃদে মণি পাই না...
কেন চাহিলে অমনি পাই না ?...
তার বাঁশি আলো বাজে
অন্তর-মাঝে
ধরিতে ধাইলে পাইনা
কেন শুনিতে চাইলে পাই না ?

না না ওই বুঝি ওই বাজে বাঁশি সই
বিরহে যাহার যন্ত্রণা
মোর বিথারে পরাণে জাগরে ধেয়ানে
দেয় ও কী কাণে মন্ত্রণা ?
ও কী ঘর ছাড়া রাগে ঝঙ্কল ?...
কোন্ ছায়া-মঞ্জীর শিঞ্জিল ?...
মোর বন্দী স্বপন
কাটে বন্ধন...
কাঁপে অভিসার-উন্মনা !...
যবে— "কূল তেয়াগিয়া
আয় আয় প্রিয়া"—
গায় মুরলিয়া মূর্চ্ছনা !...

(আঁখর)

কত মূর্চ্ছনা...
সুর- আল্পনা
আঁকি' দেয় অভিসার-মন্ত্রণা !...

যায় ধীরে ধীরে আঁধা কেটে—এ কী ! বাধা
শৃঙ্খলও হয় কিঙ্কিণী !
কোন্ অচিন পুলকে নিখিল ঝলকে···
পথে ধায় রাজনন্দিনী !
বাঁশি আরো কাছে উঠে বাজিয়া !···
ধরা নীলে নীলে যায় প্লাবিয়া !···
ওকে শ্যামল মোহন !···
থমকে চরণ !···
ডাকে : "আয় লীলাসঙ্গিনী !"
আজি লভিল কি কূল
বরিয়া বিপুল
মুক্তিরে চিরবন্দিনী ?
(আঁথর)
প্রভু, এ কী লীলা তব হেরি অভিনব
মোরে ডাকো—"রাধে সঙ্গিনী !"
নাথ, কমল-চরণ বন্দি' শরণ
মাগিছে হে চির-বন্দিনী।
মোর যাহা আছে হায়, লহ' লহ'—পায়
রেখো শুধু শরণার্থিনী।
আমি ধন্য কেবল আজিকে শ্যামল
অভয়-চরণ-বন্দিনী ;
প্রভু লুণ্ঠে শ্রীপদে বন্দিনী :
প্রিয় ধন্য চরণ-অর্চ্চিণী ;
ওই রাতুল চরণ স্থপিত গোপন
শৃঙ্খলে-বাঁধা বন্দিনী ;
আজ সফল স্বপন রাধিকা-জীবন !
মুক্তি লভিল বন্দিনী ;

হ'ল কিঙ্করী লীলা-সঙ্গিনী
তব করুণায় সে অশঙ্কিনী।
যত চিন্তা-সাধন হৃদয়-রাধন
চেতনে কাঁপন স্পন্দে ··
যত উচ্ছাস উছল চলচঞ্চল
দীপ্ত তোমারি ছন্দে···
প্রতি দেহকণা···লঘু বিন্দু
শুধু তোমারি—হে দানসিন্ধু !
তুমি হরষ বেদন
জীবন মরণ
যাহা দিবে—সে-আনন্দে
মোর লুণ্ঠিত-ভূমি
চিত্ত কুসুম'
উঠিবে অমৃত গন্ধে !
(আঁথর)
মোর চেতনা-রন্ধ্রে-রন্ধ্রে
শুণি ! তোমারি ছন্দ মন্দ্রে,
মম নন্দনে বঁধু ক্ষরে প্রেমমধু
তোমারি মলয়-চন্দ্রে !
প্রভু দিবে যায়···
প্রিয় যাহা দিতে তব প্রাণ চায়···
তুমি দিও তায়···
আমি নাহি করি কোনো প্রশ্ন—বরণ
করিব নমিয়া তব পায়
গীতি ছন্দে···
তব শরণ-বরণানন্দে।

Slowly...the darkness silvers into light...and now my very shackles become spurs.

An ineffable ecstasy lights the way...I have come out alone into the open...hastening after vagrant strains...Oh...they sound louder...nearer...see...see !...the earth is suddenly bathed in what blue effulgence !...

There, there, who is the beautiful flutist under the tree at the heart of the aureole ?

The flute sings : "Come Radha...the mate of my lila...come unto me"...

"O Lord ! shall the derelict ship reach at last her haven...the chained prisoner achieve her eternal liberation ?

"O Charmer ! that you should hail me, a simple maid...as the mate of your lila...you, so divinely beautiful !

"Master of me ! I bow to you in wonderment !...I seek refuge at your feet.

"But, O Enchanter of my heart ! how shall a poor devotee adore you ?

"Take all I possess...take these flowers...these jewels...all my wealth...everything I lay at your feet...

"Blessed am I, O Beloved, to have at last nothing to call my own...

"Blessed am I, O Lord...made fearless by the touch of your feet...the ineffable touch I have yearned for night and day like the caged bird for its nest in the skies...

"I prostrate myself before you, O Life of Radha ! who have given to a dreamer what was beyond her dreams...

"Utterly I give myself to you...irrevocably...

"O Beloved ! every thought of my mind, each emotion of my heart, every movement of my being, every feeling and every sensation, each cell of my body, each drop of my blood...all...all is yours, yours absolutely...yours without reserve...you can decide my life or my death, my happiness or my sorrow, my pleasure or my pain ; whatever you do with me, whatever comes to me from you will lead me to the Divine Rapture,"

শিব

(লঘুগুরু ছন্দ—তোটক)

জয় শঙ্কর শম্ভু ভুজঙ্গধর !
শশি মৌলি স্মরান্তক ! নাশ' হর !
সব কামকলা তব রুদ্র শরে,
জল' কৃষ্ণ নভে খর দীপ্র করে
যুগপুঞ্জিত কম্পিত গ্লানি দলি'
রণি' দুঃসহ দীপক রাগ—ঝলি'
মর অন্ধ অমা—চিত্ শঙ্কিত যে !
শিব ! বহ্নিবরে কর' নন্দিত হে।

তব প্রাংশু-ঘনাবৃত পাংশু জটা
লখি' ভ্রান্তি-বিলাস হিমাংশু-ছটা
হ'ল নীরব—নৌমি, শ্মশানরতি !
মরি ধ্যান-হিমাচল ! দান-ব্রতি !

তব রিক্ত রজে ধন পাণ্ডুরতা
চিরলুপ্ত কপর্দ্দি ! হিয়া প্রণতা
তব পাদতটে জপিছে বিধবা
সম বল্লভ তার কঠোর তপা।

প্রতিভাত' অরিন্দম ! দুঃখ জরি',
রিপু-ডম্বর সংহর' শূল ধরি';
তব নৃত্য স্বয়ম্বরি উল্লসিয়া,
সব ক্লৈব্য উপপ্লবি' দুন্দুভিয়া
দুলি' উর নটেশ্বর ! সূর্য্যসুরে
স্বনি' ব্যোম-মহোৎসব প্রাণপুরে ;
যত কুণ্ঠিত গুণ্ঠিত লাজ-গতি
কর' ধ্বংস দিগম্বর ! মুক্তিপতি !

বাণী

(লঘুগুরু ছন্দ—মদিরা)

তব শিল্পবনে রমি' চিত্ত তুরঙ্গমি' ধাইল ভারতি ! বর্ণ ব্রতী !
এসো কাব্যরথে তব লুণ্ঠি' অগৌরব—নিম্ন হৃদে ফলি' উর্দ্ধরতি।
রচ' কোকিল কণ্ঠ, মরাল, শিখণ্ড ময়ূরশিখে সৃজ'—সৃষ্টিরমে !
বাহি' গাঙ্গ-বিভঙ্গ কলধ্বনি-রঙ্গ কলঙ্ক বিমোচনি' শুভ্রতমে !
আজি স্থাবর জঙ্গমি' উর—তমঃ ক্ষমি' মা, রসনে স্ফুর' চঞ্চলিয়া ;
এসো শঙ্খি' সিতাম্বর ডঙ্কি' চরাচর—ধূলি-ধরাধর সঙ্গমিয়া।
মূক নন্দন ঝঙ্কৃত নর্ত্তনি'—বন্দিল বাঙ্ময় বৈভব বিষ্ণুবধূ !
তব মন্ত্র প্রবাহিল ছন্দ—পরাজিল নীরসতা মরু-জিষ্ণু মধু।
একী স্বপ্নিত-সৌরভ উচ্ছলিলে ! তব ক্ষেমমণি স্তবি' হেম হিয়া !
একী বিস্ময় বাজিল বিহ্বলি'—জাগিল রূপ নিরুৎসব উত্তরিয়া।

কৃষ্ণ

আজি শঙ্কিত গান
বঞ্চিত প্রাণ
আশা বিরহিণী পারা…
অলি পিক অনঙ্গ
কূজন-রঙ্গ-
গুঞ্জনে নহে সারা…
আজি ম্লান যত তৃণ মঞ্জরী…
আর বহে না নিঝর ঝর্ঝরি'…
লুটে ধূলায় ধরণী
নহে দিনমণি
উদয়-আত্মহারা…
ঢালে না তো ঢল ঢল
প্রেম-বিহ্বল
চন্দ্রমা হেমধারা।

আজি মরু-হিয়া-কূলে
দোলে না দোদুলে
নন্দন-বন-বীথি…
আজি মূরছে চেতনা
মন্থর-স্বনা
বীণা ভুলে তার গীতি
ধূলি আজি যে শুধুই ধূলি
তার তারকা-স্বপন ভুলি'…
ছায়া- অধোমুখী কলি ‥
যায় তারে দলি'
তুহিন-পরশ নিতি…
শুধু মর্ম্মে গুমরে
তন্দ্রিত স্বরে
পথ ভোলা কোন্ স্মৃতি।…

Descent of Krishna

To-day all song is fled,
And the heart starved and dead,
While hope is like a lover all forlorn ;
The bees no more rejoice,
And in the cuckoo's voice
The note of ecstasy no more is born.
All wan and sere the grass lies strewn,
The running spring has lost its tune ;
The earth is dust-asleep,
And o'er the azure deep
The sun in pride bejewels not the morn.
While the cold moon above,
Sripped bare of all her love
Pours not the old gold honey from her horn.

No paradisal bower
Leaps dancing into flower,
Along the dead heart's lonely desert-sand ;
The consciousness grows mute
Even as a broken flute,
The song-forgetful lyre drops from the hand.
To-day the dust begins to brood
Heavily in star-widowhood ;
The shadow-haunted bud
Drops drooping in the mud,
Pierced by the freezing blasts ere it expand ;
While deep within me hums
What memory and comes
Way-lost, like spring's own cry, from what strange land

সবে পুছে : "দিশা কোথা ?—
গগন-বারতা
দীপ্তিবে না কি প্রাণে ?
কবে অলখ অতিথি
মন্দার-প্রীতি
ফুটাবে মরত-ধ্যানে ?"
আজি পৃথ্বী কাতরা···ক্রন্দসী
ডাকে বাঞ্ছিতে তার উচ্ছ্বসি'
যার চুম্বন-রাগে
কঙ্কর জাগে
নীল-উৎপল তানে···
বলো দয়িত বিহনে
কেমনে জীবনে
ধৈরয ধরা মানে ?

"We seek the way," they cry,
"Will not the heavens reply,
"And with their message life's deep dark relume" ?
"Will not the guest unseen
"Scatter His sweet serene
Oe'r earth's dim meditation in the gloom" ?
The world is wrapt within a shroud,
The sky is calling from a cloud
To Him whose kiss can make
The little pebble break
Into the music of blue lotus-bloom ;
In separation's grief
Life finding no relief
Broods with the darkness of a lampless tomb.

ওই পুঞ্জ তিমির
ধাঁধিয়া নিবিড়
করুণায় উঠে ভাতি'
কোন্ রূপ-কলরোল
কাঁপে ফুলদোল
কাটে কি নিশুতি রাতি ?
ও কী আলো-ঝারি ঝরে ঝঙ্করা !···
উঠে শিহরি' সিন্ধু ছন্দিয়া
সেই দ্যুলোক-ঝলকে
ভূলোকে পলকে
চপলা উঠিল মাতি'···
আজি দলিয়া মরণ
অরুণ-চরণ
কে এলে স্বপন-সাথী ?

In His compassion kindled,
The jet black night has dwindled,
His Beauty rises like a trumpet-blast.
The herbs and buds again
Rise from a dream of pain
O ! has the longed-for morning come at last ?
Cascades of splendour ring and shower,
The whole world trembles into flower ;
In one ecstatic sweep
The lightnings run and leap
Like golden messages out of the vast.
Dream-comrade ! in your tread
Of fiery morning-red
Death is a naked nightmare which has passed.

আজি এলে কি শ্যামল !
করিতে উজল
যুগনিরন্ধ্র আঁধা ?
এলে করুণা-ভেলায়
তরিতে হেলায়
দুস্তর হিম-বাধা ?
আজি কী চেনা-অচিন ছন্দিমা
তব কিঙ্কিণ গো ত্রিভঙ্গিমা ?—
এ কী জল-তরঙ্গ
লাস্য-ভঙ্গ
মুহূরতে হ'ল সাধা ?
গুণি, এ কী যাদুভায়
দীপিলে ধরায়
প্রেমের-প্রতিমা রাধা ?

O Shyamal' with your spark
You come to cleave the dark
Of ages into which the Soul was hurled
To set us all afloat
Safe in your mercy's boat
O'er chill, forbidding waters, sail-unfurled.
What known yet unfamiliar call
Comes through your radiance, Lord of all !
All things both near and far
In rhythmic rapture are
To unpremeditated dances whirled.
What colours strange and splendid
Magician ! have you blended
In Love's own Image, Radha, for the world !

ওগো হৃদি-বল্লভ !
গীতি-গৌরব
উৎসারো ধূলি-মাঝে,
যত মিথ্যার জাল
তোমারে আড়াল
করি' যে বেসুরো বাজে !···
নীতি- নীবিবন্ধন খসায়ে
ভবে নির্বাধা প্রেম বহায়ে
বুঝি এলে টুটি' বাঁধ
মর-মনসাধ
মিটাতে অমরা-সাজে,
নাথ উদ্বেল হিয়া
তাই লুণ্ঠিয়া
তোমারি চরণ যাচে।

Divine heart-comforter !
Let your high glory stir
The deadness of this yet unkindled clod.
Since, round you, Radiant One !
Untruth has closely spun
Its centuries of webbing, blind and odd.
With your unfettered love you come
To free us from its martyrdom—
Leading our yearning soul
Toward the final goal—
O Lover ! in the garment of a god !
And that is why I bend
Before your feet, O Friend !
Which have beyond all universes trod.

কাটো নাগপাশ-বন্ধন
ওগো চিত্তনন্দন !
দানি' দিব্যাঞ্জন, বঁধু !
ঘোষি দৃষ্টির-গৌরব
সৃষ্টি-মহোৎসব
বৃষ্টি' বংশীরব- মধু।
দাও ভুলায়ে যে মোরা চির-বন্দী,
আলো হাসি-ভানু বরাভয়-নন্দী,
হোক্ ত্রিভুবনে আজি প্রেমসন্ধি,
হোক্ উর্ব্বর উষরতা ধূধূ,
সব মুখে তব আগমনী
উঠুক জয়ধ্বনি'
মিলনেরে মূরছনি' শুধু।

O burst these choking chains which thrall
Like coiling serpents full of gall.
Let them to the last fetter fall O Friend !
Deluge our sight, with godly power
In fresh creation's festive hour.
And let your flute's rich honey-shower Descend,
Bring us, pale captives, news of our release—
Let laughter burn the dusk of centuries—
And warring worlds sign an unbroken peace ;
Let deserts bloom from end to end !
And every voice proclaim
Your advent and your name—
Let bridal torches flame And blend.

হের বাসনা-উর্ম্মি যত
প্লাবিল লক্ষ শত
কোটি আবর্ত্ত স্রোত- পাকে
ডুবে যায় প্রেমবিন্দু সে
মন্থিয়া সিন্ধু হে
মায়াময় ইন্দু যে ডাকে !
প্রতি পারিজাত-হিল্লোল ছাপায়ে
নামে করকা বসুন্ধরা কাঁপায়ে,
পড়ে পরাগ পঙ্ক-পায়ে লুটায়ে
নাচে বিকচ কলিকা প্রাণশাখে—
হেরি' মত্ত তুফান আসে
অস্ফুট বিভব নাশে
অবনী আনন ত্রাসে ঢাকে।

The world is swallowed up in dire
Relentless whirlpools of desire
Which hum with every whirl of fire Death's tune :
The drop into the ocean dies
Out of whose churning doth arise
With Maya's death-enchanted eyes, The moon.
See, how fierce hailstroms strike terrific doom
Flooding your gardens with death-scattering gloom
In dust is strewn
Stark-bleeding, tempests leave no trace
Of any bud's half-opened grace
And trembling earth doth hide her face
And swoon.

নাথ, রৌদ্র নিনাদে এসো আজিকে ভবে
করো ধ্বংস দৈত্যচমূ ঝঞ্ঝাহবে
ত্যজি' বংশী চক্র ধরো অট্ট রবে
হও শ্যামল অগ্নি-রাঙা ত্রিলোক ব্যাপী,
ভীম দুর্ব্বার অন্তক মূরতি ধরো
হাসি' ফুৎকারি' বাধাদ্রি লুপ্ত করো
হরি, হর রূপে এসো স্বনি' বজ্র-স্বর,
তব কার্ম্মুক হোক্ টঙ্কার-আরাবী।

শুধু ভক্তে শিখাও দেব করিতে রাধন
তব তাণ্ডব নর্ত্তন ক্লৈব্য পাবন,
খর খর্পর-ভায় হোক্ মুক্তি-সাধন
হেরি উদ্দাম সংহারে অভয়ভাতি।
যেন গর্জ্জিত ভীম্ম তরঙ্গ মাঝে
তব মন্দ্র শান্ত দ্যুতি হৃদয়ে রাজে—
শুনি বহ্নির বক্ষে যে-শৃঙ্গ বাজে,
তব শুভ্র সৃজন-রাগে সত্য-সাথী।

শঙ্খটি তব পরে
বাজায়ে চরাচরে
কোরো হে মুগ্ধ আনন্দিত···
দক্ষিণ মুখ তব
ফিরায়ো ধরাপানে
রুদ্র যবে হবে তর্পিত···
বিদ্যুদ্দাম-দাহে
ভস্ম হ'লে গ্লানি
মেদুর-ধারে এসো বর্ষিয়া···
কম্পিত ধরাচিত
করিয়ো উল্লসিত
মুরলী মঞ্জীর ছন্দিয়া।

O come into this world with your voice of thunder,
Destroy the demon-hosts, rend them asunder,
Forget your flute, take up your wheel of wonder,
Let your blue aureole flame to a fiery Rose.
Mow down black mountains at a blow, and render
All things to utter dust, O mighty Ender !
Come in your proud Destroyer's garb of splendour
And strike the deep twang on your Bow of bows !

O teach your devotee to bend in trance
Before your holy all-destructive dance,
And reap out of your sword-blade's naked glance
Fulfilled harvest-joy of liberation ;
To feel the ocean's peace all wide-awake
Under its water hissing like a snake ;
And hear from out the heart of fire, break
The clarion music of a new creation.

Then when your anger cease,
Blow your conch of peace,
And flood the world with beauty rebegun—
O turn your face again
Toward the earth and rain
Sweet quiet when your fiery dance is done :
When by your lightening-flashes
You have reduced to ashes
Life's dreariness and weariness and care,
O let your flute once more
Sound as it did before,
Your anklets tinkle sweetly everywhere.

বন্দিতে নারি তোমা
তবুও তব পদ-
চিহ্ন অনুসরি হৃদয়'পর···
উন্মনা গিরিনদী
জানে কি বৈরাগী
কেন সে···ডাকে তারে কাহার স্বর ?
বৃক্ষ কি জানে কভু
ধরিতে কারে তার
লক্ষ শাখা বাহু বিস্তারে ?—
অঙ্কুর ফুটে কোন্
রহস রাগিণীতে
পাতালে রসধারা সঞ্চারে ?

চাহি না জানিতে
শুধু প্রার্থিতে
চাহি গূঢ় চিতে
নিত্য :
তোমার পরশে
যেন হে রভসে
মরম উলসে
তৃপ্ত,
যেন অমলিনা
মম প্রাণবীণা
রহে স্তবলীনা
বন্দি'—
যত রূপ তব
ভকতি-বিভব
রচে নিতি-নব-
ছন্দী।

Although I know not how
To worship you, I now
Go led by your foot-prints in the heart, undaunted,
O ! does the mountain-stream
Divine, or guess, or dream
By what sea-voice she is for ever haunted ?
And can the tree which tries
To reach toward the skies
Tell us for whom it spreads its myriad arms ?
And does the springing seed
Know how its flower is freed
From the earth's dark womb by what heavenly charms ?

I crave no knowledge, Friend !
I only need to bend
In worship without end
At the heart's shrine :
To feel you day and night
Bless with your touch of light
My body and my sight
O Love Divine !
Then tenderly caress
My life's lone harp and bless
Its self-forgetfulness
To deathless rhyme
And Ever-living song
Of all your forms which throng
The world, and dance along
The edge of Time. *

* ইংরাজী অনুবাদ স্বনামধন্য কবি শ্রীহারীন্দ্রনাথ চট্টোপাধ্যায় কৃত।

উৎসর্গ

এ কবিতাচতুষ্টয় একটা পর্য্যায় (series) হিসাবে পাঠ্য—এদের প্রকৃতি পুরোপুরি লিরিকাল নয়—খানিকটা ড্রামাটিকও। এরা চারটি credo—একটা কথোপকথনের মতন যোগসূত্রে বাঁধা।

এ-কবিতাচতুষ্টয় লিখ্‌তে গিয়ে আমি সানন্দে ও সগৌরবে বাংলার বরেণ্য কবি মধুসূদনের পদাঙ্ক অনুসরণ করেছি —যদিও অনুকরণ না, অবশ্য। এ-সম্পর্কে সংক্ষেপে একটি কথা এখানে বল্‌তে চাই।

মধুসূদন অমিত্রাক্ষরে যে শুধু ইংরাজীর প্রবহমানতা (enjambement) আন্‌বার চেষ্টা ক'রেছিলেন তাই নয়— তাঁর একটা মস্ত লক্ষ্য ছিল—সংস্কৃত ও ইংরাজী কাব্যের ওজস্‌, কল্লোল ও কাঠিন্য-গৌরব (austerity)। কিন্তু যে কারণেই হোক্‌ মধুসূদনের প্রবর্ত্তনা তাঁর পরবর্ত্তী কবিগণ প্রায় ভুলে গিয়েছিলেন। একমাত্র দ্বিজেন্দ্রলাল সজাগভাবে কঠিন ওজস্বান্‌ অমিত্রাক্ষরের দিকে যথেষ্ট পরিমাণ ঝুঁকেছিলেন। (মধুসূদনের প্রতি ভক্তি তাঁর ছিল অকৃত্রিম ও গভীর—দ্বিজেন্দ্রলালের অকালমৃত্যু না হ'লে বাংলা ছন্দের এ-দিক্‌টা বোধহয় আরও সমৃদ্ধ হ'ত) মনে পড়ে তাঁর শেষ নাটক "ভীষ্মে" ভীষ্মের সেই ওজস্বিনী প্রতিজ্ঞা :

> রমণী! তোমার এই নিষ্ফল প্রয়াস।
> ভীষ্মের প্রতিজ্ঞা এই অটল অচল।
> নহে ইহা ভীরুর ভঙ্গুর অঙ্গীকার,
> ভীষ্মের প্রতিজ্ঞা ইহা ত্যাগীর শপথ :
> গ্রহ যদি কক্ষচ্যুত হয়, চন্দ্র যদি
> অগ্নিবৃষ্টি করে, নক্ষত্র নিভিয়া যায়,
> পর্ব্বত ভাঙিয়া পড়ে বালুস্তূপ সম,
> শুষ্ক হয় সিন্ধুবারি গোষ্পদের মত,—
> ভীষ্মের প্রতিজ্ঞা ভঙ্গ হবে না কদাপি।
> ব্রহ্মাণ্ডের বিবর্ত্তন মাঝে, বিক্ষোভিত
> সংসারের আলোড়ন মাঝে, মানুষের
> মিথ্যাবাদ মাঝে—এই প্রতিজ্ঞা ভীষ্মের
> অটল উজ্জ্বল, সব নক্ষত্রের মাঝে
> যেমতি ভাস্বর ওই স্থির ধ্রুবতারা।

বর্ত্তমান যুগে তরুণ কবিদের মধ্যে বুদ্ধদেবের অমিত্রাক্ষরে ও মোহিতলালের মিত্রাক্ষরে এই ওজস্‌ ও কাঠিন্যের পরিচয় পাই। এতে আমি বিশেষ আনন্দ বোধ করেছি, কেন না বাংলা কাব্যে অতিলালিত ঝঙ্কারের ছত্রপতিত্বে শব্দ-সঙ্ঘাতের দুন্দুভিধ্বনি প্রায় চাপা প'ড়ে গেছে বল্‌লেই হয়। কাব্যে ঝঙ্কারের নিশ্চয়ই মূল্য যথেষ্ট আছে, কিন্তু মহৎ কাব্যেরএ কটা খুবই বড় গুণ এই ওজস্‌—কাঠিন্য। এদিকে যে বাংলা কবিরা কত পেছিয়ে—তা দান্তে এস্কাইলাস গেটে শেক্সপীয়র শ্রীঅরবিন্দ ভবভূতি ওয়র্ডসওয়র্থ প্রভৃতি কবির কাব্যের সঙ্গে পরিচিত হ'তে না হ'তে প্রতীয়মান হয়। বাংলা কাব্যের এই অভাব সব চেয়ে গভীর ভাবে অনুভব করেছিলেন মধুসূদন ও বিবেকানন্দ (সাধে কি স্বামীজি মধুসূদনের নামে উচ্ছ্বসিত হ'য়ে উঠ্‌তেন ?) দুঃখ এই, মধুসূদনের "মেঘনাদ-বধে" ও স্বামীজির "বীরবাণী" প্রভৃতি কবিতায় যে দীপ্ত ওজসের তাঁরা আভাষ দিয়ে গিয়েছিলেন তার পূর্ণ পরিণতি হয় নি তাঁদের অকালমৃত্যুর জন্য। সে যাই হোক্‌ এ-শ্রুতিসুখামোদী অতিলালিতকাব্য-যুগে বাংলার-অর্দ্ধবিস্মৃত-কবি, ওজস্বিতার-প্রতিমূর্ত্তি মধুসূদনের কাছে সকৃতজ্ঞে আমার ঋণ স্বীকার করছি—এ-কবিতাচতুষ্টয় তাঁর পূত স্মৃতির চরণে উৎসর্গ ক'রে। দান্তে ও এস্কাইলাসের ওজস্‌ ও austerity বলতে কি বোঝায় তার দৃষ্টান্তস্বরূপ দুটি অনুবাদ দেওয়া যুক্তি-সঙ্গত মনে করলাম credo কয়টির আগে—কারণ বাংলাদেশে দান্তে ও এস্কাইলাস প্রায় অজ্ঞাত বল্‌লেই হয়। শ্রীঅরবিন্দের অনুপম ওজস্বিনী কবিতা "ঋষি"-র কিয়দংশ "পত্রগুচ্ছে" দ্রষ্টব্য শ্রীক্ষিতীশচন্দ্র সেনের অনুবাদ সমেত।

Prometheus (alone)

O holy Aether, and swift-wingéd winds,
And River-wells, and laughter innumerous
Of yon sea-waves ! Earth, mother of us all,
And all-viewing cyclic Sun, I cry on you,—
Behold me, a god, what I endure from gods !
Behold, with throe on throe,
How, wasted by this woe,
I wrestle down the myriad years of time !
Behold, how fast around me,
The new king of the happy ones sublime
Has flung the chain he forged, has shamed and bound me !
Woe, woe ! to-day's woe and the coming morrow's
I cover with one groan. And where is found me
A limit to these sorrows ?...Because I gave
Honor to mortals, I have yoked my soul
To this compelling fate. Because I stole
The secret fount of fire, whose bubbles went
Over the ferrule's brim, and manward sent
Art's mighty means and perfect rudiment,
That sin I expiate in this agony,
Hung here in fetters, 'neath the blanching sky...
Zeus filled his father's throne, he instantly
Made various gifts of glory to the gods
And dealt the empire out. Alone of men,
Of miserable men, he took no count,
But yearned to sweep their track off from the world
And plant a newer race there. Not a god
Resisted such desire except myself.
I dared it ! I drew mortals back to light,
From meditated ruin deep as hell !

শৃঙ্খলাবদ্ধ প্রমেথিয়ুস—একাকী

ওগো পুণ্য জ্যোতিষ্পথ! হে বিদ্যুৎপর্ণ প্রভঞ্জন!
স্রোতস্বিনী-উৎস কোটি! অদূরে অম্বুধি-বক্ষে অগ্নি
অর্ব্বুদ লহরী-হাসি! বসুন্ধরা নিখিল-প্রসূতি!
হে সাবিতা সর্ব্বসাক্ষী কক্ষপথচারী! হের মোরে—
দেবজন্মা হ'য়ে যেই দেবরোষে সহে সাঙ্গহারা
দুর্ব্বিষহ দুঃখদাহ;—কোটি মন্বন্তর-সাথে যেই
রক্তরণে যুঝি' ডুবে তিলে তিলে বিলুপ্তি-ব্যাদানে;—
হের সবে: সুধাসুখী নিরঙ্কুশ ত্রিদশ-অধিপ
নিগড়-অঙ্কুশে মোরে হানে কোন্ উদগ্র লাঞ্ছনা!
ক্লিষ্ট গ্লানিজ্বালা!—হয় নিত্য যারে লুকাতে গুমরি'!—
হেন বেদনার পথে পূর্ণচ্ছেদ প'ড়বে না কভু?···

নরে দিয়েছিনু দিব্য বর বলি' লঙ্ঘ-লিপ্ত শ্বসি
এ-শৃঙ্খল যূপে,—চেয়েছিনু মর্ত্ত্যজনে উপহৃতে
স্বরগের কলালক্ষ্মী—করি সেই পাপক্ষয় হায়,
নিরালম্ব এ-বন্ধনে ধূসরায়মান ব্যোমতলে।···

যবে পিতৃসিংহাসনে আরোহিল বিবুধ-ঈশ্বর—
দেবে দেবে বিত'রল কৃপাবর তার লক্ষরঙা,
সাম্রাজ্য-বণ্টন হ'ল সমাপন। শুধু দীনহীন
মলিন মানব পানে বারেকো সে চাহিল না ফিরে;
অভিসন্ধি ছিল তার—মানবের চিহ্ন পৃথ্বীপীঠে
নিঃশেষে মুছিয়া সেথা উদ্ভাসিবে নব সৃষ্টিদীপ।
চাহিল না দেব কেহ নিবারিতে হেন অবিচার:
একা আমি স্পর্দ্ধিলাম; একা আমি চাহিলাম—যেই
নিস্তল নিরয় লোলদংষ্ট্রা রহে প্রতীক্ষিয়া নরে
তাহ'তে ফিরায়ে তারে আলোক উৎসঙ্গে দিতে সঁপি'।

সেই প্রত্যবায়ে হায়, ভগ্নমেরু সম সহি এবে
ভয়াল ভ্রূকুটি হেন নিয়তির—দৃশ্যও যাহার
আঁখি নাহি সয় : জীবে করুণা ক'রেছি বলি'—মুখ
করুণা ফিরায় আমা হ'তে ; নিঃসহায় আমি শুধু
টঙ্কারিত বেদনায় প্রতিধ্বনি যন্ত্রণা-ঝঙ্কার
কাঁপে যাহা মোর প্রাণবীণে তার দন্তোলি-অঙ্গুলে।*

বিশ্ববারা

হে চিরকুমারী মাতা! আত্মজ-আত্মজা শুভা! জীবনের ছায়াহীন উত্তুঙ্গ-শিখরা!
পুরুষোত্তম-সাথে মিলন-মহিমা-দীপ্রা শুচি অবনম্রতায় তব কান্তি-ঝোরা
স্ফুরৎস্ফটিক-বিশ্বকান্ত জিনি' বিহসিতা! পরাপ্রজ্ঞাবরে তব করুণা মানবী
উত্তরিল ঊর্দ্ধে হেন—যাহে লীলাতীত মহাস্বপনী অরূপ হ'ল—স্থপতি উৎসবী।

গরীয়ান্ অতনু সে-ধ্যানী তব বরতনু রচি'—সে-লাবণীমুগ্ধ—আপনি আগ্রহে
মাগিল মৃন্ময়াধারে রূপায়িতে আপনার দিব্যসত্তা—বিন্দুমাঝে সিন্ধু তাই বহে।
ধন্য দেবি, গর্ভ তব—রহস-প্রচ্ছায় যার করিলে লালন পুণ্য মন্দিরের প্রায়
সর্ব্বস্রষ্টা প্রেমে—যার নিষ্কল ময়ূখে শান্তি-চিরন্তনী-হৃৎসরোজ মঞ্জরিয়া ভায়।

বৈদূর্য্য-ঝলক-ঝুরি জ্যোতিস্তম্ভ নিভ জ্বলো চিরদিশারিণি মাগো, করুণা-তারিণি!—
নশ্বর মানব নেত্রে মৃত্যুহীন-মূরছনা আসা-উৎসা সম ঝঙ্ক' চির-উৎসারিণি!
অয়ি বৃন্দ-বিভাবসু-বিনিন্দিতে! ও-পাবকে পাবন না লভে যদি নর-দেহধারী—
আরোহিবে কেমনে সে বন্দিত বৈকুণ্ঠে তব?—পর্ণহারা কেমনে মা হবে ব্যোমচারী?

ব্যথায়ত অভীপ্সারে ও-চরণে নিবেদনে না সহো বিলম্ব-বাধা ত্বরিত-দায়িনি!
না-চাহিতে জীবনের গরল-সম্পুটে ঢালো আনন্দ-অমৃত-আলো দুরিত-হারিণি!
নিম্নমুখী মর্ত্ত্যহোত্রে স্বর্গসত্ররাগশিখা স্ফুলিঙ্গেও যদি কভু জাগে ঊর্দ্ধসাধে,
অনন্ত-বিথারী তব মঙ্গলা করুণা-হিয়া সূর্য্যদীপ্ত করি' তারে তুলে আশীর্ব্বাদে।

---

* এ কবিতাটি উদীয়মান বহুমুখী-প্রতিভাশালী কবি শ্রীবুদ্ধদেব বসুকে উৎসর্গ। আমার বাংলা অনুবাদের দু'একস্থলে আমি মিসেস ব্রাউনিঙের (উদ্ধৃত) ইংরাজীর অনুগামী হই নি—কেন না সেখানে প্রোফেসর গিস্‌বার্ট মারের অনুবাদ আমাকে বেশি স্পর্শ করেছিল।

For which wrong, I am bent down in these pangs
Dreadful to suffer, mournful to behold,
And I, who pitied man, am thought myself
Unworthy of pity ; while I render out
Deep rhythms of anguish 'neath the harping hand
That strikes me thus

(AESCHYLUS)

St. Bernard's Supplication In Behalf Of Dante.

(Translated from the Italian by Amalkiran)

"O Virgin Mother, daughter of thy Son !
Life's pinnacle of shadowless sanctity,
Yet with the lustre of God-union
 Outshining all in chaste humility—
Extreme fore-fixed by the supernal Mind,
Unto such grace rose thy humanity
 That the Arch-dreamer who thy form designed
Scorned not to house his own vast self in clay :
For thy womb's sacred mystery enshrined
 The omnific love by whose untarnished ray
Now flowers this rose-heart of eternal peace !
A beaconing magnificent mid-day
 Art thou to us of saviour charities,
To mortal men hope's ever-living fount !
So great thy power that save its fulgences
 Shed purifying gleam whoso would mount
Unto this ecstacy might well desire
Wingless sky-soar ! Nor dost thou needful count
 Grief's tear, but even ere its soul aspire
Comminglest with its bitter drop thy bliss !
Whatever bounteous world-upkindling fire
 Sparkles below, thy heart-infinities
Hold in full blaze...

...Here kneels one that has viewed
All states of spirit from the dire abyss
To heaven's insuperable altitude :
I, who have never craved the rapturous sight
With such flame-voice of zeal for my soul's good
As now for him implores thy quenchless light,
Beg answer to this orison : O pierce
The last gloom-vestige of his mortal night
By the miraculous beauty that bestirs
The sleeping god in man with its pure sheen :
Disclose the immeasurable universe
Of ultimate joy, O time-victorious Queen !
Quench the blind hunger of his earth-despair
With flood of glory from the immense Unseen !

(DANTE)

দেখেছি ভুবনে আমি সর্ব্ব সম্ভাবনা, সিদ্ধি, আশা-সমারোহ, স্বপ্নভঙ্গ—জীবাত্মার,
করাল কন্দর হ'তে দ্যুলোক-দুরভিসারী সংখ্যাহারা সঞ্চরণ তার বারম্বার ;
হেন বহ্নিচ্ছ্বাসে তবু চাহি নি মা কোনোদিন আপন-কল্যাণ'তরে সে-রোমাঞ্চ-রাস
সে-অঙ্গারহীন দৈবী দ্যুতি—যাহা জানু পাতি বিমুগ্ধ বসুধা তরে প্রার্থি তোর পাশ।

অন্তর্গূঢ় এ-প্রার্থনে দে মা সাড়া যাদুকরি ! দীর্ণ করি' ধরিত্রীর পার্থিব রজনী
রূপ ইন্দ্রজাল-শরজালে—যাহে জাগে দেহে সুপ্ত শুভ্র দেহাতীত দেব জয়ধ্বনি'।
লো ত্রিকালজিৎ রাজ্ঞি ! চক্রবালহারা তোর সৃষ্টিলীলা-পরানন্দ তোল্ সমুদ্ভাসি'—
অপার অলখ আলো-মন্দাকিনী-বন্যাধারে অবনী-আর্ত্তির অন্ধ বুভুক্ষা বিনাশি'।*

---

* এ কবিতাটি মনস্বী সুকবি শ্রীমোহিতলাল মজুমদারকে উৎসর্গ। এ অনুবাদে আমি ইচ্ছা ক'রেই স্থানে স্থানে ভারতীয় চালচিত্র ও ঐতিহ্যের অনুগামী হ'য়েছি এবং দান্তেকে ধরণীর প্রতীক হিসেবেই অনুবাদ ক'রেছি, যেহেতু তাঁর "Paradiso" পড়লে মনে হয় যে দান্তের উদ্দেশ্যও তাই ছিল।

সন্ন্যাসী

(মায়াবাদী)

লীলা ?   নাহি চাহি তারে ওগো অন্তর্যামী !
তোমারে আবরে যেই তারে নাহি পূজি ।
জনম লভেছি আমি মিথ্যা উপকূলে—
সত্যের নির্বর্ণ বেলা বরিতে জীবনে
তরিয়া মোহিনী মায়া ।   সাধনা আমার—
পুন নাহি জন্মি যেন দ্বৈতমায়া তটে ।
লহ প্রভু ফিরাইয়া শূন্যগর্ভ তব
রঙ্গ-প্রসাধনী কুহকিনী মঞ্জিমায়
বাষ্পধনু-বিরচিত—ক্ষণ-লীয়মান ।

চাহি আমি দীপ্র সত্য, নহে মঞ্জুলীলা—
মিথ্যা যার ভিত্তি, মিথ্যা যার উপাদান,
মিথ্যা যার সৌধচূড়া, মিথ্যা অঙ্গীকার,
মিথ্যায় প্রতিষ্ঠা যার, মিথ্যায় বিকাশ,
অবিদ্যা যাহার উৎস—নহে মন্দাকিনী,
স্বপ্ন যার পটভূমি—নহে জাগরণ ।
আমি নাহি চাহি সৃষ্টিকান্তি মুগ্ধকরী
লক্ষ্য যার—বিলাসিনী অপ্সরার সম
তপোভ্রষ্ট করা প্রতি সত্যের তাপসে
অতৃপ্তি-অঙ্গারসার লোল প্রলোভনে ।
নাহি ডরি আমি প্রভু বঞ্চিত হইতে
হেন বর-ছদ্মবেশী শাপ-অবদানে :
অসংখ্য বন্ধন-মাঝে মহানন্দময়
মুক্তি-স্বাদ—নহে নাথ বাঞ্ছিত আমার ।

মহানন্দ !—ধিক্, যত বাসনা-তাড়নে
প্রলোভন-ঘূর্ণ্যাবর্ত্তে মোহ-ঝটিকায়
ছিন্নপাল ভগ্নহাল উড়ুপের সম
দণ্ড দুই উর্ম্মিশীর্ষে করি' আবর্ত্তন
অন্তিমে নিম্নের টানে ত্রস্তযাত্রী সম
হাহাকারি' নিমজ্জন অতলে তামসে—
প্রার্থি' ভাসমাস কূলে :   "কর গো তারণ"—
ছি ছি !   মৃত্তিকার ধূপাধারে লক্ষ দীপে
এই কি আরতি তব—পূজা-উপচার ?
আকাশ-কুসুম কবে মঞ্জরে মরতে ?
অসূর্য্য শর্ব্বরীলোকে তোমার অর্চ্চন ?—
ভোগের কঙ্কাল-হাসি স্বাগতি'—?   বিলাসি !
এরে কহো মহানন্দ ?   হায় বিড়ম্বনা !
ও সকলি মোর কাছে কথা—কথা—কথা !

ইন্দ্রিয়ের পরিখার অলঙ্ঘ্য বেষ্টনে
বদ্ধ থাকা চিরতরে—চারিধারে সদা
লক্ষ কোটি ক্রূর ছদ্ম রিপুর সঙ্কেতে
নিয়ত উৎক্ষিপ্ত হওয়া—কাঁদিয়া হাসিয়া
ভেসে চলা কোনমতে, অনামী অঙ্কুশে
নিত্য হওয়া ধাবমান দিকে দিকে দিকে—
স্বপ্নভঙ্গ পদে পদে—(তবু অন্ধ আঁখি !)
নাহি জানি' কেন ফাঁদে নিত্য পড়ি ধরা—
নাহি জানি' আসি কোথা হ'তে—যাই কোথা—
গণিকা খেলনা রঙে ক্ষণিকা-অর্চ্চনা—
লক্ষ ছায়া উপহাস-ব্যর্থতা বহিয়া
কৃষ্ণা-চতুর্দ্দশী-ইন্দু গণি' ধ্রুবতারা—

নহে ।   আমি চাহি মুক্তি বৈরাগ্য সাধনে ।
বৈরাগ্য আমার কাম্য—নহে ছলাকলা,
নহে পয়োমুখ তীব্র-গরল-গহ্বর !

না চাহি উৎকোচ-মধু বিষ-পরিণাম
না চাহি আসব যাহে আচ্ছন্ন চেতনা
হয় নিত্য। "যাহে নাহি হইব অমৃত
কী করিব তারে ল'য়ে?"—এই মন্ত্র মোর।
সখীর সখীত্ব মিথ্যা—চাহে যে সতত
ভুলায়ে রাখিতে চিত্ত; পরিজন-স্নেহ
অযুক্ত প্রত্যাশা-ভরা; দেহ দয়িতার
প্রেমস্তোকে যাচে নিত্য ইন্দ্রিয়-ইন্ধন;
বন্ধুর মিতালি—ভিত্তি যার অভিমান,
প্রশংসে যে প্রশস্তির প্রতিদান-আশে;
কবির কল্পনা—মিথ্যাচারী তুলি যার
কাচেরে কাঞ্চনবর্ণে আঁকে লজ্জাহীন !!
কাঞ্চনা-সাধনা-পরাঙ্মুখ শিল্পী যেই
কহে—লোষ্টে স্বর্ণ তত্ত্ব চিরদীপ্যমান্ !!
কহে রূপকার মিথ্যা সত্য হয়—রূপে !!

মিথ্যা চালচিত্রে দীপে প্রতিমায় প্রাণ?
লোষ্ট্রে পরব্রহ্ম !!—গন্ধধূপে ধ্যানাতীত !!
হায় আত্মপ্রতারক! ফাঁকি দিয়া কভু
যায় ফাঁক ভরা?—মিটে পবনে পিয়াস !!
সঙ্গীত-গৌরব?—মুগ্ধ ইন্দ্রিয়বিলাসী!
লক্ষ্য যার শ্রুতিসুখ—তুচ্ছ—কম্পসার
সে করে ঘোষণা—(আত্মসুখে পঞ্চমুখ !) :
বিভ্রান্ত পটহ-পথে তার অভিসার
অশ্রুত অভ্রান্ত-লোকে?

হে ইন্দ্রিয়াতীত!
তুমি শুধু কাম্য মোর—নহে মিথ্যা তব
ইন্দ্রিয়মেখলা এই ভ্রান্তি-ইন্দ্রপুরী
তমসা-বিহ্বলা। তার রূপে গন্ধে রসে
সান্ত্বনা নাহিক মোর—ভরে না অন্তর।
ক্ষণধ্বংসী যাহা ভবে—না চাহি তাহারে।
চাহি নিষ্করুণ সত্য নির্দ্বন্দ্ব অরূপ,
কেন্দ্রীয় বাস্তব চাহি—চাহি না এ-লীলা—
মিথ্যাই পঞ্জর যার, মিথ্যা যার ঠাট,
মিথ্যা যার রক্ত মেদ বসা ত্বক্ ভূষা
বুভুক্ষু বিরহী সম পরবাসী যেথা
রহি'—শুনি স্বর কোন্: "নহে এ-লীলায়—
লীলাতীত লোকে মোর পরা পরিণতি।
নিকেতন নহে মোর দেহের পিঞ্জর।"
ইন্দ্রিয়ের সন্তর্পণ-সুখ-কারাগার-
কবাটে হানিয়া শির শ্বসে হৃদি মোর
রক্তাপ্লুত দিবাযামী। প্রশ্ন জাগে শুধু:
জন্মেছি সেথায় হায় কেন যেথা প্রাণ
আকুলে আমার বন্দী বিহঙ্গম সম?

যারে সবে দৈবী জানে আমি জানি মায়া
যাহে সবে মুগ্ধ—তাহে আমি মুহ্যমান্;
ধূলিক্লিন্ন দ্বৈত-ধাঁধা-বিদ্রূপ-ছলনে
অষ্টপাশে বাঁধা; মুক্তি দাও—দাও মোরে
নিরাকাশ স্বিন্ন ক্লিন্ন মর্ত্ত্য-কারা হ'তে।
সকলে বিস্মিত যাহে—পুলক-উচ্ছল—
মোর কাছে মনে হয় গড্ডালিকা সম,
তারাবাজি-দীপ্তি সম, মায়া-যন্ত্রারূঢ়
ভ্রাম্যমাণ নট সম—দণ্ড দুই যারা
হাসে কাঁদে নাচে গায়, পরে অকারণ
তেমতি সহসা থামে যেমন সহসা

ক'রেছিল যাত্রারম্ভ কামনা-কল্লোলে
জীবন-সংগ্রামে—নাহি জানি' কোথা হ'তে
এসেছিল হেথা, শেষে কোথা যেতে হবে!—
(জীবন-রহস্য তারা চাহে না ভেদিতে!)
আমরণ কায়া-কারারুদ্ধ—তবু রহে
তৃপ্ত—উচ্চারিয়া : "অবরোধে তব 'লীলা'।"
লীলা! লীলা! লীলা বটে! ভূগর্ভে যেমন
আঁখিহীন সরীসৃপ নন্দে লীলোচ্ছল
পূতিগন্ধ পঙ্কমাঝে! এই কি বর্ত্তিকা?
আনন্দ-লহরী এই? হেন লক্ষ্যহারা
সংসারের লীলায়নে আত্মহারা সবে?
চিরদিশাহারা—দিনগতপাপক্ষয়ে!

নন্দে যারা রঙ্গালয়চণ্ডী নৃত্যোচ্ছ্বাসে—
কলকল গীতালির চূর্ণ ঢেউ 'পরে—
বঞ্চক মিথ্যার কম্প্র দীপালি-উৎসবে—
আসন্ন-বার্দ্ধক্য দেহে—কামকান্তি কামে—
নির্ব্বীর্য্য কৃপণ গেহে—মুষ্টিভিক্ষাব্রতী?
প্রস্ফুটিয়া যে-নন্দন তুহিন-সম্পাতে
ঝরে পরক্ষণে—তারে করিব বরণ?
বারেক ফুৎকারে যাহা নিভে চিরতরে
জীবন-ভাস্কর বলি' পূজিব তাহারে
অরুণ-মদিরোৎসবে?

দুঃখ-সুখ, হর্ষামর্ষ, আনন্দ-বেদনা,
ধুপছায়া—এই তব বাণী—তা'রা কহে।
কা'রা?—যারা হ্রস্বদৃষ্টি, তব স্বর তরে
পাতে নি যাহারা কান, দেয় নাই ডুব
তোমার বারতা তলে।—তারাই দিশারী!
(চিররুগ্ন পঙ্গু শুনি ভবে ধন্বন্তরী!)
দিশা! ওগো সর্ব্বোত্তম, পায় সে কি কভু
চাহে নি নির্জ্জর সত্য যে নিগূঢ় প্রাণে?
যাহা নাহি কাঙ্ক্ষে প্রতি রক্তবিন্দু দিয়া,
ধমনীর প্রতি স্পন্দে, অন্তর আবেগে,
চিন্তার উন্মুখ তন্তুজালে যে-সত্যেরে
চাহিনা করিতে বন্দী—তারে নাথ ধরা
যায় কি জীবনে কভু? করিব বরণ
অন্ধের আলোকস্তম্ভ উত্তাল অর্ণবে?
তাদের নির্দ্দেশ হবে হেথা ধ্রুব-ভাতি

হায় মৃত্যুঞ্জয়!
এরই তরে এত গর্ব্ব, এত কাড়াকাড়ি—
ফেনময়ী লোলুপতা—বিনিদ্র প্রয়াস—
ময়সভা-সভাসদ-পদবীর লাগি'—
স্ফাটিক প্রাসাদ যার তাস-দুর্গ সম
পলকে ধ্বসিয়া পড়ে? রাবণ-নির্ম্মিত
স্বর্ণ-কিরীটিনী লঙ্কা সম—ফুল যার
শুকায় বিকচোন্মুখ, ধুলায় দেউটি
মুরছে ধূমল?—যার কামনা-মালিকা
ম্লান হয় অবেলায়—ব্যর্থ—স্তুতসার?—
গন্ধ যেথা না ফুটিতে লুণ্ঠে ধরাতলে?—
নিদাঘে শিশিরসম মিলন মিলায়
চিরবিরহের ধ্বজা উড়াইয়া নিতি!
তবু সবে এরই তরে রহে চিরদিন
তোমারে বিস্মরি'—নাহি যাচি' অনির্ব্বাণ
সত্য-সূর্য্য তব—যাহা জাগর স্বপন
জয় পরাজয় ঊর্দ্ধে··· বহু ঊর্দ্ধে তায়

নিবাত আনন্দলোকে শান্ত···অচঞ্চল
অক্ষত···অব্রণ ··শুদ্ধ···বাক্যমনাতীত !

রূপায়ন-বেলাভূমে মৃগতৃষ্ণা কভু
দানিবে না পূর্ব্বাভাষ সে-ধারার—যাহে
মিটে তৃষা চিরন্তনী ? দিবেনা বেদনা
দিশা তার—দীপে যাহা কৃষ্ণ বাসনার
ক্রন্দিত সৈকতপার ? মৃত্যুশেল হেথা
দিবেনা সঙ্কেত—কোথা বিশল্যকরণী
বিরাজে প্রদীপ্ত লুপ্তিজয়ী মহিমায় ?
হিরণ্ময় পাত্র অপসরি' অপাবৃণু !
অপিহিত সত্যানন ফিরাবে না তব
কভু কি গো পৃথ্বীপানে ? শিখাবে না কারে
শ্রেয়ঃ বলে—আপাতমোহন প্রেয়ঃ কেন
তাহারে আচ্ছন্ন করে ভবে ?—প্রেয় ? হায় !
মিথ্যার কঙ্কালে যার রচিত মন্দির,
মিথ্যা আরাত্রিক যার, মিথ্যা শঙ্খবাঁশি,
মিথ্যা হবিঃ, হুতাবহ, পূজা, পুরোহিত—
সে-বিস্বাদ প্রহসন ত্যজি' এ-জীবনে
চাহিব না উত্তরিতে অখণ্ড যেথায়
সত্যমূর্ত্তি-মন্ত্রে বাজে কল্লোল-অতীত
নীরব-নির্ঘোষে—উদয়াস্ত অস্বীকারি'
দ্বন্দ্বহীন মহানন্দে ? চমকে না যেথা
অলীক আলেয়া সম লক্ষ রবিশশী ?
কেতু ধূমকেতু যেথা খধূপের মত
মায়াদীপ্তি মনে হয় ? চাহিব না তারে
পদনখে লুঠে যার নিত্য অগণন
জ্যোতিষ্মান্ নীহারিকা রেণুকণা সম

স্তম্ভিত সম্ভ্রমে তুঙ্গ হিমাদ্রি-বিস্ময়ে
রোমাঞ্চিত প্রেম-স্পন্দ রোমে রোমে বহি' ?
কবে—কবে—কবে প্রভু, শিখিবে মেদিনী
তব মায়া অপসারি' উত্তরিতে তব
অক্ষর সত্তায় ?—

কিন্তু হেন প্রশ্ন কেন ?
রূপ-হোমায়ন ল'য়ে রহুক না তা'রা
তৃপ্ত যা'রা ধ্বনি ধূমে ; যার চক্ষে ভবে
বিদ্যুৎবিলোলা চলশিখা জ্বালে আলো
রহুক্ না সে তাহার ক্ষণপ্রভা বরি' :
ভঙ্গুর বুদ্বুদতরী বাহি' চাহে যেই
সার্থকতা—চলুক্ না মোহভেলা বাহি' ;
জলধনু-ঊর্ণাজালে মত্ত যে-উৎসবী
করুক্ না সে রমণ বাষ্পীয় সঙ্গমে ;
প্রপঞ্চ-বোঝারে বহি' যে চাহে রহুক্
পতন-উন্মুখ গৃহে ; মিথ্যা সন্ধ্যাবাতি
পূর্ণশশী গণি' যদি সুখী হয়— হোক্ ।

প্রার্থনা আমার শুধু : যেন প্রভু মোর
নাহি চায় চিত্ত সেই রিক্ত বাতায়ন
স্বল্পজ্যোতি,—মিথ্যা রম্যতায় নাহি ভুলি,—
আতপ্ত উরসে নগ্ন, অতৃপ্তি-সম্বল
বুভুক্ষু চুম্বনে, অন্ধ আহিম প্রত্যয়ে ।

মোরে দাও দেবদেব, শৌর্য্য কেশরীর :
নির্ম্মূলি' ফেলিতে যত পেলব প্রশ্রয়
সন্ধি যারা করে নিত্য উন্মার্গের সনে ;—

দিতে জলাঞ্জলি হেথা যারে সবে চাহে ;—
দলিতে বর্ণের কান্ত বিমুগ্ধ ভঙ্গিমা ;—
ভাঙিতে আসক্তি-বেড়ী মমতা-বিহ্বল ;—
দানিতে বিদায় আশাপূরণ-পিয়াসে
(যাহা পূরিয়াও নাহি পূরে ভোগ-যাগে)।
নাহি চাহি অশ্রুলীলা-বিভ্রম-বিলাস,
কবিত্ব-কুয়াশা, গ্লানিময়ী কায়া রতি,
কটাক্ষ-ঈক্ষণ, উষ্ণ আশ্লেষ-শীৎকার।
শ্যামল কান্তার, রম্য প্রান্তর কানন
মঞ্জুল নিকুঞ্জ, স্নিগ্ধ রঞ্জিত গোধূলি
—(অন্তর অভীপ্সা যাহে নিয়ত পাসরি)—
দৃপ্ত স্তুত বিত্তমদ, বাসনা সন্ধানী
দেহসুখ-সুরভিত গোলাপী আবেশ
ভাব-ঢুলুঢুলু—নহে প্রভু, লক্ষ্য মোর
নাহি হোক্ হেন উঞ্ছবৃত্তি ক্লীবপ্রিয়—
অপমান যার কণ্ঠমালা।

মোরে নাথ
শুনাও তোমার শুদ্ধ অরূপ মঞ্জীর :
নৈঃশব্দ্য ছানিয়া যার উচ্ছল শিঞ্জন,
নক্ষত্র ছানিয়া যার স্ফুলিঙ্গ-লাবণী,
তুষার ছানিয়া যার সুশুভ্র বিভাস,
দ্যুমণি ছানিয়া যার সহস্র কিরণ!
মোরে শুধু দাও সেই সত্য বিশ্বাতীত
বিজীর্ণ নির্মোক, নিষ্করুণ, ছায়াহীন—
আলোক-আঁধার পারে যার স্বর্ণপীঠ ;
দাও মোরে সেই ধ্বনিহারা বর্ণহীন
নিস্পন্দ নিথর শান্ত অব্ধি অকল্লোল

সর্ব্ব দ্বন্দ্ব সর্ব্ব দ্বৈত সর্ব্ব প্রতিভাস
যাদুদণ্ড-স্পর্শে যার হয় একাকার
মুহূর্তে ভুবনে, লখি মরুথে যাহার—
কত কোটি অমাচমূ আলো-ছদ্মবেশে
চেয়েছে ধরিতে বর্ত্তি জীবনের পথে।

অঙ্গুলি-নির্দ্দেশে তব পথচিহ্নহীন
মরু-পারে সঙ্গমিব সেই মোহানায়
তব সনে প্রাক্‌সৃষ্টি রূপাতীত লয়ে
তুরীয় সম্বিতে—যার তর্জ্জনী-হেলনে
ব্রহ্মাণ্ডে উচ্ছলে দুর্নিবার বিস্ফোটনে
সংখ্যাহারা প্রাণমায়া চমক চঞ্চল
অর্ব্বুদ সীমার সজ্জে বর্ণে গন্ধে গানে—
ধাঁধিয়া ইন্দ্রিয় যারা আবরে তোমায়।

তোমার রূপালি রোল স্বনিত ভুবনে
তড়িৎ-তরঙ্গ-দোলে পরার্দ্ধ প্রবাহে—
যুগে যুগে কালে কালে বিমুগ্ধে বাঁধিতে
মায়াময় আলো-ছায়া-রেখা-ধ্বনি-বাসে।
সেই মায়াজাল টুটি ঊর্দ্ধ-স্বয়ম্বরা
যাত্রা মোর তোমামুখী হোক্ এই বর
দাও, করো বীর্যাব্রতী—নিষ্ঠুর—নির্ম্মম :
শপথ রাখিতে দৃঢ় পারি প্রভু যেন—
রূপ-গাঙ্গধারা ছাড়' স্নানিতে তোমার
অরূপ গঙ্গোত্রী-উৎসমুখে—যেথা গাহো
নৈঃশব্দ্য-রাগিণী তুমি চিত্রার্পিত তালে—

অবর্ণ্য অবর্ণ ছন্দে—চির-শান্ত—স্থির—
নিস্তরঙ্গ—স্বয়ংপ্রভা—উদাত্ত-মঞ্জীর!

বৈষ্ণব

(অবতারবাদী)

নিরাকার একাকারে ডুব দিতে মোর
কাঁদেনা পরাণ কভু ওগো অন্তর্যামী !
জন্মেছি যে-রূপতটে তার অন্তরালে
নৈঃশব্দ্য-লহরী-তত্ত্ব জানিতে না চাহি ।
চাহি না বিলয়—কৃষ্ণ নির্ব্বাণ মাঝারে,
সে-অতলে কী রহস্য—তুরীয়—অমেয়—
চাহি না সে-পরিমাপ । প্রাণ-পারাবারে
দৃষ্টিহারা রত্নমণি চাহি না সেঁচিতে ;
নহি চির-মৌনী—স্থির—স্বভাব-বৈরাগী—
নরলীলা-পরাঙ্মুখ ।

আমি শুদ্ধ চাহি
রাতুল চরণে তব লুটায়ে স্বাদিতে
'প্রত্যক্ষ', 'অনুগা' রতি—প্রতীকেরে জানি'
শাশ্বতে জ্বলন্ত সত্য—পরশিলে যারে
অশুদ্ধ পবিত্র হয়, শুদ্ধ—শুদ্ধতর—
যে-বিগ্রহ-বিন্দু-মাঝে মন্ত্রে সিন্ধুবাণী—
কণিকায় দীপে বিশ্ব । বুঝি না অরূপ,
কল্লোল-অতীতা গাথা নীরব-নির্ঘোষ,
নিস্তরঙ্গ, স্বয়ংপ্রভা, উদাত্ত-মঞ্জীর :
ও সকলই মোর কাছে কথা—কথা—কথা !
বৈরাগ্য-সাধন তরে—তিমির-কন্দরে
নির্ব্বাক্ নিষুপ্তি তরে—কোনোদিন প্রাণ
কাঁদে নি আমার নাথ ! হৃদয়-স্তম্ভন
ব্রহ্মের অক্ষর রূপ 'নেতি'-দীপ্যমান্—
নহে প্রভু । তান্ত্রিক-সাধন ? তাও নহে ।
যুগে যুগে তুমি কতভাবে কতরূপে
বৃন্দ কল্প সৃজি'—প্রলয়ের উপপ্লবে
নবতন মন্বন্তর বুনি' সযতনে—
কতভাবে বিশ্ব ভুল বুঝেছে তোমারে—
কেমনে সে-ভুলবোঝা হবে সংশোধিত—
কেমনে তোমার লীলা হবে পূর্ণতম—
ছিল না ভাবনা মোর কোনোদিন । আমি
কখনো বিনিদ্র নেত্রে কাটাই নি রাতি—
কেমনে তোমার হ ব প্রতিনিধি ভাবি' ।
তব পূর্ণলীলা-বার্ত্তা থাকুক তোমার :
আমার ঔৎসুক্য নাই তাহে,—জাগরণে
কুহেলি-স্বপন নাহি চাহি ।

আমি শুধু
প্রার্থি তব পদে দেব, লভিতে শরণ
সত্যের প্রতিষ্ঠা সহ সহজ সাধনে :
'সমর্থা' ভকতি-নিষ্ঠা—নর-লীলাপায় ।
প্রার্থনা আমার : যেন সে-লীলা-মরীচি
মুগ্ধে তনুমন মম অর্ব্বুদ বিভায়,—
জীবে-দয়া, সহিষ্ণুতা, নাম-সঙ্কীর্ত্তনে :
তুমি আমি র'ব যেথা দেবতা-পূজারী ;
মোর ব্যথা ক'ব যবে—মুছাবে নয়ন,
অভীপ্সায় দিবে সাড়া ; মোর প্রেমডালা
অর্পিব চরণে যবে সেবা-আরাধনে—
ঠেলিবে না তারে কভু ; ক্ষমিবে বল্লভ,
লক্ষ-অপূর্ণতা-ভরা কালিমা আমার ।—
যোগ্য আমি নহি—জানি ; (যে বলে—জীবনে
যোগ্যতায় প্রেম তব লভিয়াছে—সে কি
নহেক অযোগ্যতম ?) বলি না স্পর্দ্ধিয়া :
"তুমি আমি একাসন ! অমর-লাঞ্ছন

'সোঽহমের' শ্লাঘা টীকা কোনোদিন মোর
ছিল না ঈর্ষিত। আমি চাহি দাস-বেশ,
শুধু, লুব্ধ দাস নহে ;—বাক্যকায়মনে
চাহি তব সেবা শুধু—নিতি-নব রূপে
অর্চনা বন্দনা ; চাহি দিতে পুষ্পাঞ্জলি
পদে দাস-অধিকারে ; চাহি সখ্য যবে
প্রভু তুমি সখারূপে বসাবে তোমার
শিখরিণী বেদিকার মূলে ; চাহি তব
মধুর চুম্বন—যদি বন্ধু বঁধু-রূপে
দাসে কভু দয়িতার সম কোলে তব
স্থান দিতে চাও তব প্রেমের শ্রাবণে
স্নিগ্ধি' এ-ধূলির তনু—কোজাগরী রাতে
প্রেম-স্পর্শমণি-রাগে স্বর্ণিয়া অয়সে।

তব প্রেম তব স্বেচ্ছাবরে যদি চাহি
হেন নানা রূপে রসে—তাহা অহঙ্কার ?
কভু নহে। হে বল্লভ, নহ শুধু প্রভু,
বন্ধু তুমি, সখা তুমি, সারথী, দয়িত—
নিত্য যে গো পদাশ্রয়ী বৈষ্ণবের কাছে।
তব প্রেম নানারূপে ভুঞ্জিবার মম
জন্মস্বত্ব দেছ প্রভু তুমিই জীবনে ;
তাই প্রতি দেহ-অণু করে অঙ্গীকার :
"তোমার সঙ্গীতে মোর কণ্ঠ ধন্য হবে,
বিম্বি' তব রূপ-ইন্দু সার্থকিবে আঁখি,
তব-প্রেম ভাষে হবে বিমুগ্ধ শ্রবণ,
শিহরিবে শির পদধূলির গৌরবে,
প্রতি নিঃশ্বাসের মাঝে নিঃশ্বাস তোমার
ঝরাবে কুসুমানিল—মূরতি তোমার

বল্লরী পল্লবে তৃণে মন্দার-মঞ্জিমা
বিছাবে—যখন র'বে আঁখির আড়ালে।"
তোমার অরূপ কান্তি নিত্য নব রঙে
অঙ্কিব—গাহিব গান শুনাতে তোমায়—
স্বীকারিবে সে-নৈবেদ্য প্রেমের গ্রহণে,
পড়ি যদি—হাতে ধরি ল'বে কোলে তুলে,
ক্ষোভবশে না চাহিলে—শিখাবে চাহিতে,
বিমুখ-প্রার্থনা হ'লে দেখাবে কেমনে
মাথা নত করে প্রেমী প্রেমের সম্ভ্রমে।
নররূপে হে দিশারী, হবে ধ্রুবতারা
ধরিয়া বর্ত্তিকা প্রেমে—নিত্য নব আলো
প্লাবনি' জীবনপথে—এই ধ্যান মোর।

অশ্রান্ত কর্ম্মের যজ্ঞ, বিশ্বমানবতা
করুণ সাম্যের বার্ত্তা, বন্ধ্যা ধূলি পূজা—
(অশ্রুমুখী কুজ্ঝটিকা রটি') কাব্যবাণী,
অনন্ত বিস্তৃতি তব, অফুরন্ত জ্যোতি,
টঙ্কারিত বীর্য্যধ্বনি, অলোক-প্রতিম
ভোগলোল স্বার্থ-সন্ধী পরার্থ এষণা
আত্মগর্ব্বী শিল্প-সৃষ্টি মুখে বিঘোষিয়া :
"জগতের হিত তরে"—ক্ষম প্রভু—মোর
এ-হেন পতাকা তরে প্রাণ নাহি কাঁদে।

পতিত-উদ্ধার তরে মোর হিয়া কভু
উচ্ছ্বসি উঠে নি হাহাকারি'—চাহি নাই
নিভাতে বাড়বানল বিন্দু শক্তি-নীরে
"আমি না নিভালে শিখা নিভিবে না"—বলি'।
বিশ্বমিত্র-উষ্ণীষ না মাগি ; যাচি শুধু

বৈষ্ণবের প্রীতি-ডোর—মিতালী-তিলক
বৈষ্ণবের সাহচর্য্যে তব পূজার্চ্চনা।
তব নামে অঙ্গে যার কদম্ব শিহরে
তাহারে 'বৈষ্ণব' জানি—সখা সে-ই মম।
তোমারে পূজিল যেই তারে পূজি আমি
তার পদরজে মোর হৃদি বৃন্দাবন,
তার গানে প্রাণে বাজে প্রেমের মুরলী।
প্রণমে 'বৈষ্ণব' বলি' যেজন আমারে –
তাহারে প্রণমি আমি কৃতজ্ঞ পুলকে।*

আর চাহি—অভিমান না রহুক মোর ;
দীনতা-গৌরবী নাম হোক্ নামাবলী—
সর্ব্ব জীবে হেরি যেন তব প্রেমলীলা ;
অভিমান আসে যদি—স্মরি প্রভু যেন—
যে-আকাশ তারা-চুম্বী, করে সে চুম্বন
দীনতম বাতায়ন ; যে-সম্বিৎ ভাতে
সূর্য্য-বহ্নি-বাণীকোষে উচ্ছল তাহাই
খদ্যোত-স্ফুলিঙ্গ-মর্ম্মে : যে বাঁশি পরায়
তারায় তারায় রাখী—ধ্বনিত তাহাই
পল্লব-মর্ম্মর-রবে ; অতিকায় দেহে
যে-স্পন্দন—কাঁপে তা-ই তুচ্ছতম কীটে।
যে-তুমি এ-হেন প্রেম দীপ্তিলে ধরায়,
যে-তোমার পক্ষপাত নাই রূপায়নে,
যে-তুমি ভূধরে-তৃণে ব্যাপ্ত সমস্নেহে—
উজ্জ্বলে মলিনে, শুচি অশুচি আধারে,
পুণ্যে পাপে, মণি পঙ্কে, অমৃতে গরলে—
সে-তোমার দীপ্ত রূপ পরম মহিমা
প্রেমভরে স্বীকারিতে চাহি দীনতায়

আপনারে জানি' রেণুকার রেণু সম,
ধূলিকার ধূলিসম ; শুধু, হে বরদ,
এ-প্রত্যয়-বর মোরে দিয়েছ তুমিই :
যত ছোট হই—তব উর্দ্ধায়িত প্রেমে
মহত্ত্বে হিমাদ্রি আমি—লাবণ্যে চন্দ্রমা,
আত্মদানে দ্বিবাস্পতি—ঔদার্য্যে অম্বর।
শিশির যেমতি প্রতিফলে তারাবিভা—
তেমতি নিছনি তব হৃদয়-মুকুরে
ফলি' কোটিকান্তি মোর উৎসবে পরাণ।
দীন হ'তে দীন আমি, কীট হ'তে কীট
তব প্রেম বিনা, শুধু তব প্রেম বরি'
তরঙ্গে গঙ্গোত্রী নিভ, নীল সিন্ধু প্রায়
স্বর্ণারক্ত ঊষা সম—সান্দ্র সন্ধ্যা যথা।
প্রেমের বিভূতি-বরে বামনের শির
অভ্রংলিহ—ত্রিভুবন আবরি ত্রিপাদে
সর্ব্বাশ্লেষী প্রেমানন্দে।

মোরে দিয়ো আরো
নররূপী দেবতারে—মরম-সায়রে
যত প্রেমমুক্তা রাজে মূক শুক্তি বুকে
প্রেমের ডুবারি হ'য়ে আহরিব সবে
সাজাতে শ্রীঅঙ্গ তব থরে থরে থরে,
কুন্দশুভ্র রাগমালা কোরক বিকচি'
অঞ্জলিব তব পদে মূর্চ্ছনা-মন্দিরে
নিত্যনব ধূপারতি-ছন্দ-গন্ধ-গানে।
তব সাথে আছে মোর কী-চিরবন্ধন
নব নব রশ্মিপাতে রটিব কীর্ত্তনে
পূর্ব্বরাগে, অভিষেকে, বিরহে, মিলনে ;—

* শ্রীশ্রীগৌরাঙ্গদেবের উক্তি।

ধূলির জীবনে আবাহনি' সুধানিধি
হেরিব বৈকুণ্ঠ ব্রজে—নরে নারায়ণ।

তার পরে যদি মোরে দাও শত ভার—
বহিব গৌরবে—সত্য ; কিন্তু শুধু তব
প্রেমের আদেশ বলি'—নহে বিশ্বহিতে ;
বিশ্ব মোর পাতা নহে। জীবনে যা-কিছু
পীযূষ প্রবাহে,—সবই ঝরায়েছ তুমি
হে অমৃত-উৎস-চির! নিরন্ধ্র আলোক!
মূঢ় মোরা—সঙ্কীর্ত্তনি' মানবের ঋণ,
বিস্মরি—ধরিত্রী 'পরে ধূলি শুধু ধূলি
নক্ষত্র-স্বপন যদি নাহি বিম্বে তাহে :
তোমারে না লভি যদি—বিশ্বে কী বা কাজ?
কোথা তার ঋণভিত্তি? জ্ঞান-বিড়ম্বিত
সুগম্ভীর কল্লোলিত তর্ক উপদেশে
হাসি পায়—মানি না পাণ্ডিত্য-প্ররোচন।

মানি আমি শুধু মোর অন্তর-নির্দ্দেশ,
তাই মানি—আমি সত্য, মানি—সত্য তুমি,
ইহার অতীত যদি থাকে সত্য কোনো
মানিব যখন তুমি মুঞ্জিবে মরমে।
বিশ্বের মুখর বাণী—পথের ইঙ্গিত?
তোমারে জানে নি যেই জানাবে সে—হেথা
লক্ষ্যপথ কোন্ দিকে? হায় বিড়ম্বনা!
জন্ম-অন্ধ পারাবারে হবে কর্ণধার?

আমি জানি—আমি সত্য, জানি সত্য তুমি,
জানি সত্যতম আমি—তুমি নিলে কোলে,
বহিলে বসন্ত তব গন্ধে মরু-হৃদি—
সে-আনন্দ রোমে রোমে হয় উৎসারিত,—
তাই তারে মানি প্রেমে—মিলন-মন্দিরে
মঞ্জুল মূর্চ্ছনে মুগ্ধ মন্দ্র মধুতালে।

তাই মানি—তুমি আছ, তাই চাহি তোমা ;
হৃদয়ে তোমার তরে তৃষ্ণা সুনিবিড়
দুর্নিরোধ পরিপ্লবে উঠেছে বিস্ফারি'
কাঙ্ক্ষিয়া শরণাগতি কমল-চরণে
প্রেমের নমনে দোলে সহজ মাতনে।
যেথা মোরে দিবে ঠাঁই ধরি' নরকায়া।
সেথায় নমিব শির রোমাঞ্চ পুলকে।

এই মোর মূর্ত্ত স্বপ্ন -জীবনাভিসার।
স্তম্ভিত লাবণ্য তব—নির্গুণ বারতা—
নৈঃশব্দ্যের ভাষাতীত অচলায়তন
দিয়ো প্রভু আন জনে—এ-মিনতি মোর ;
কীর্ত্তির কেতন, অষ্টসিদ্ধি দ্যুতিমান্
শক্তির চপলাপ্রভা—দিয়ো চাও যারে।

মোরে শুধু দিয়ো তব প্রেমের-পাদুকা-
বহন-আনন্দ-ভার ; আরতি কীর্ত্তন
অহোরাত্র ; পাদোদক-প্রসাদ-পিপাসা ;
অহৈতুকী স্বয়ম্ভূত শরণ-শৃঙ্খল ;
কায়াকারা—রূপে স্পর্শে গন্ধে শব্দে রসে
বাস্তব ধূলির দেহে দীপ্তি' নীহারিকা।

এসো দেহ-রূপায়নে ঝঙ্কৃ' রূপবাণী,
নয়নে নয়নাতীত বরাভয় দানি' ;
"দেবতা মানব হয়"—তোমার মিলনে
তব আবির্ভাবে চাহি স্বাদিতে জীবনে।

তান্ত্রিক

(লীলাবাদী)

আমি চাহি লীলা তব পূর্ণাঙ্গ, সুন্দর,
যুগে যুগে স্তরে স্তরে ক্রমশবিকাশ,
যেথা মাগো যত রূপে যত গন্ধে রসে
উঠেছ কুসুমি' আমি করিব চয়ন,
গাঁথিয়া প্রশ্বর ছন্দে অর্পিব চরণে,
শুনিব শ্রবণ ভরি' যেথা তব গান
যত মিড়ে মূরছনে উঠেছে উন্মেষি',
যত স্পর্শ আছে বিশ্বে লব ত্বক্ 'পরি
যত স্বাদ—রসনায়, স্পন্দন—অন্তরে।

জীবন আমার কাম্য—লক্ষগতি-ভরা
শব্দোচ্ছল সুরধুনি,—প্রাণোৎসবী আমি।
শক্তির উচ্ছল ঢল, প্রীতির প্রবাহ,
রূপোদ্বেলা মন্দাকিনী, বিক্রম-দুন্দুভি
বিভূতির বরদীপ্তি বাধা-উৎসাদনী
পূর্ণায়তা সমৃদ্ধির পীবর যৌবন—
অভিনন্দি অনাসক্ত সর্ব্বাঙ্গ গ্রহণে।
স-লীল লহরী-লাস্য মোর কল্লোলিনী
ভাগীরথী—অবগাহি' স্নিগ্ধি যাহে তনু,—
পাবনি পরাণ পুন অগ্নিহোত্র-যাগে
রহি' মৌন,—ঋদ্ধ পরে বাগ্দেবী-অর্চ্চনে।
বন্দি আমি অরূপের নিঃশব্দ নূপুর
রূপের চপলারোল—তাহেও স্বাগতি।
কী কহিলে দার্শনিক ?"—ইন্দ্রিয়জগত
ময়-মায়াপুরী ?" বন্ধু, মানিনা একথা।
জনমি হেথায় – শুধু মিথ্যা পরিহরি'
জন্মাতীত প্রাক্‌সৃষ্টি তুরীয় সম্বিতে
নির্ব্বাণে লভিবে মুক্তি ?

নহে সখা নহে :

হের ওই শাখে শাখে স্তবকে স্তবকে
মুকুলনিকর কোটি স্ফুটন-রক্তিম ;
হের ওই অলিভৃঙ্গ গুঞ্জে মধুস্বরে
পাখায় বাসন্তীনৃত্য ; শুন গাহে পিক
কলোচ্ছ্বাসে কুহু কুহু ; হের ওই দূরে
নীলাম্বু প্রশান্ত ছন্দে মন্দ্রে সুগম্ভীর
বিছায়ে কত না বর্ণ কম্প্র—লীয়মান ;
হের ওই ভরা নদী সাগর-সজ্জিতা
বাহু মেলি ধায় কণি' উপল-মঞ্জীর ;
হের ওই প্রজাপতি কুসুমের কোলে
মধুস্তন্য পান করে মেলি' রঙ্গ-পাখা ;
হের ওই কুরঙ্গিণী—তড়িৎ-চরণা
ঠমকে ঠমকে ছুঁয়ে প্রাণের কিঙ্কিণী ;
এলায়ে দিয়েছে হের ধেনু দুগ্ধবতী
সূর্য্য করে দেহ তার রোমন্থ-আলসে ;
তরুচ্ছায়ে হের সর্প খেলিছে অরাল
চক্র তার ঝলকিয়া—সাথী সর্প সনে ;
ব্যাঘ্রশিশু নন্দে হের সান্দ্র সানুমূলে
প্রতি পেশী-আকুঞ্চনে ঘোষি' প্রাণদোল ;
শাখে দেয় শিব—শ্যামা দোয়েল পাপিয়া ;
শঙ্খচিল নভোবুকে রচে নীল নীড় ;
ক্রীড়ামত্ত শিশুদল করে কলরব
প্রাণোচ্ছল ব্রজধাম পাতি' ধূলি 'পরে।

দিগ্বলয়ে জাগে উষা ল'য়ে জ্যোতির্ভরা
হাসি-শতদল ডালি অফুট কলিকা—
বিলাতে কমলা-করে—দিকে দিকে দিকে ;
আশীর্ব্বাদ-বরাভয়া লক্ষভুজা—ঢালে
স্বর্ণোজ্জ্বল বর্ণ-অর্ঘ্য থরে থরে থরে ;
মন্দানিল আনে বাহি' প্রতি বাতায়নে
নীলিমার নিমন্ত্রণ-পত্র নির্মলিন
ক্লান্তিহারা মর্ম্মরে ; তারা-সখীদল
বিথারে গগনে লক্ষ চুম্‌কি-আঁচল
লহরে লহরে গাহি' মুকুতা-মূর্চ্ছনে
লাখো লাখো ফুলতালে রুচিরা রাগিণী ;
অমাপটভূমি 'পরে আঁকি' আলিম্পন
নীহারিকা শুন ওই গাহে গূঢ়-স্বনা :

"তুচ্ছতম ধূলি ওগো, তুমি আমি গাঁথা
একডোরে মণিসম ; যত দূরে রহি
আকাশ-বিচ্ছিন্ন দোঁহে বিরহীর প্রায়,—
তবু চিরন্তন যোগসূত্র আমাদের,
লীলায় সতীর্থ মোরা। যে চেতনা তব
চরণে দিয়েছে গতি হিয়ায় হিল্লোল,
অন্তরে অভীপ্সা, গূঢ় স্বপনে বাঁশরী,
সে-চেতনা আমারেও করেছে উধাও
ভ্রান্তিহারা সান্দ্র কক্ষে কান্ত বিবর্ত্তনে।
যাঁহার ইঙ্গিতে রচো দেবকায়া তুমি
নরদেহে—জেনো মোরা তাঁহারি সঙ্কেতে
প্রদক্ষিণ-সঙ্কীর্ত্তনে সার্থকি আপনা।
ওগো ধূলিকণা, নহে এ মিছে সান্ত্বনা,
কবির কুহক নহে, এই সত্য চির-
অনির্ব্বাণ যুগে যুগে। অনল অঙ্গার
এক চেতনায় গাঁথা, শুচি—কলঙ্কিত,
মূঢ়—জ্ঞানী, কবি—মূক, শূদ্র—তপোধন,
নভোদ্রোহী দৈত্য—প্রেমনত পুরন্দর
তুচ্ছাদপি তুচ্ছ রেণু পঙ্ক পরিমল
কুট্মল মৃণাল—নিজ রাজ্যে ছত্রপতি
চলাচলে ; শক্তিরূপা যিনি—দৃষ্টি যাঁর
তৃণে তারকার ব্যাপ্ত সমস্নেহে—তাঁর
ইহাই বিধান ; যাহা কিছু ত্রিভুবনে
সৃজিলেন লীলাময়ী অপমান তার
করে—সাধ্য কার ? শুধু নাই দিব্য দিঠি,
তাই ভুলি নিত্য—সবে ল'য়ে তাঁর লীলা।"

এই মোর মন্ত্র মাগো : "সবে ল'য়ে লীলা।"
নিরাকার-পাদে তব অরূপ স্তনিত,
রূপায়ন-শ্রীচরণে মূর্ত্তি উতরোল।
শিষ্যরূপে কর নতি—গুরুরূপে দাও,
নরে হও প্রার্থী—বরদাতা নারায়ণে,
ইষ্টরূপে পূজ্য হও—ঋত্বিকে পূজক,
পিতৃরূপে পাতা হও—তনয়ে লালিত,
জননীর বক্ষে ঝরো দ্রব ক্ষীরধারে—
দয়িতার বরমাল্যে হও স্বয়ম্বরা,
বন্ধুরূপে প্রীতি-ঝোরা, কিঙ্করে—সেবক।

জীবনের দুঃখ-ব্যথা ? তাহা কি সৃষ্টির
রূপের নিগড়-শাপে ? নির্গুণ-নিলয়ে
রহে মাতা সদানন্দময়ী—শুধু হায়
গুণ-স্পন্দমাঝে জাগে ক্রন্দিতে অঝোরে ?

এই কি রূপের বাণী? ওগো রূপাতীতা!
রূপালি-শিঞ্জনে নৃত্য-সার্থকতা তুমি
নাহি অন্বেষিলে—রূপ প্ররোহে ঝরিয়া
যেত না কি দুইদিনে? কোটিরূপে মাগো
উদ্ভাসিতা তুমি নিত্য-নূতন শিখায়,—
শুধু ক্লিন্ন বাসনার ঘনঘোর ধূমে
তোমার অমল দীপ্তি নিত্য আবিলায়,
তাই রূপ হয় শাপ, প্রতিমা নিষ্প্রাণ,
নেত্র সূর্য্যহীন, হিয়াকোষ নিরাকাশ,
শ্বাস রুদ্ধ, অন্ধ আর্ত্তি উচ্ছ্বাসে আকুল।
শুধু তব লীলা তার পরম স্বরূপে
চিনিতে শিখিনি বলি' লভি না তোমার
মুক্তির কুঞ্চিকা-স্বর্ণ—পরশে যাহার
অনন্ত-সম্পদ পরী-প্রাসাদ-তোরণ
উদ্‌ঘাটি' পলকে—করে নিমন্ত্রণ ক্ষত-
ক্ষুধার্ত্তেরে অফুরান অন্নসত্রে তব
ওগো অন্নপূর্ণা জগদ্ধাত্রী চিরন্তনী!
আসন তোমার পাতা আছে তব হেম
চন্দ্রিকা-চাঁদোয়া-তলে;—ডাকিছ নিয়ত
মিটাতে পুঞ্জিত তৃষা যুগযুগান্তের—
শুধু মোরা সে-আনন্দ-জন্মস্বত্ব হায়
জীবনে হারাই—ভ্রান্ত,—তাই চিত্তশাখে
ফুটে না কুসুম—তাই খুলে না দুয়ার—
মিলে না পরম দিশা, দহি যাতনায়—
ভোগের রহস্য গূঢ় জানি না বলিয়া।
যে-বহ্নি দেখায় পথ অন্ধকারে—সে-ই
মৃত্যুডঙ্কা-আবাহন আনে সদা বহি'
মুগ্ধ পতঙ্গের কানে।

অকারণ ক্ষোভে

ওগো দার্শনিক, হও পথহারা তুমি।
ভোগ নহে মরীচিকা, রূপ নহে চিন্তা:
ওই শুন' যুগযুগ ধরিয়া জননী
অন্তর-গহনে বসি' ঘোষিছেন তাঁর
অনাসক্ত ভোগবার্ত্তা রূপে গন্ধে গানে
শক্তি-সাধনায় প্রেমে শ্রদ্ধায় পূজায়
তপস্যায় রাসে লাস্যে প্রয়াসে উদ্যোগে
কর্ম্মে শিল্পে ছন্দে মধু যৌবনাভিযানে
জন্মোৎসবে পরিণয়ে শ্মশান-শান্তিতে;—
শুধু সে-বারতা মোরা শুনিতে না চাহি'
গ্লানি অবসাদ করি' অঙ্গের ভূষণ—
মদালস অভিসারে হই দিশাহারা,
কামনা-তুফানে আঁধি-পালে বাহি খেয়া—
ভরাডুবি হয় তাই চির-সহচর,
নিত্য জীবনেরে চাহি নিয়ন্ত্রিতে বলি'
সান্ত বুদ্ধি বিতর্কের অঙ্গুলি-নির্দ্দেশে।—
কামনা-দর্পণে মাগি ধরিতে ভাস্কর;—
(হায় বিড়ম্বনা!)—পরে যবে সে-আঁধারে
সত্যের পরম ভাতি নাহি বিকীরায়—
নৈরাশ-অঙ্কুশঘাতে ধাই' দিকে দিকে—
কহি—"সত্য চির-প্রহেলিকা-ছদ্মবেশী;"
মৃগতৃষ্ণিকারে অনুসরি'—পথশেষে
জলাশয় না মিলিলে কহি অভিমানে:
"এ জীবনে সরোবর নাই—আছে শুধু
অতৃপ্ত পিয়াস বুকে চিরজাগরূক,
আছে শুধু সলিলের ছায়া-হাতছানি—
সরিতের চিহ্ন নাই মরুভূ-মরমে।"

হায় মাগো, বলহীন মোরা পিছু-টানে
নিয়ত স্খলিত হই—ভ্রান্ত, তারা-হারা,
জীবনে অযুত আকর্ষণে বিকর্ষণে
হই লক্ষ্যভ্রষ্ট—ত্রস্ত বিক্ষিপ্ত সতত,—
বিলোলা মোহিনীমায়া ডাকে যবে—তার
লুণ্ঠি' পায়—লুব্ধ দৈত্য সম স'পি হায়
অমৃতের অধিকার—বরি হলাহল,
ছলরতি-মায়ামুগ্ধ ভুলি ইন্দিরারে।
কামনার কোলাহলে অন্তর-নির্দ্দেশ
কান পাতি' নাহি শুনি গহন মরমে'
তুনয়নে বাঁধি' ঠুলি বন্দি অমানিশা ;
সফেন মত্ততা-লোভে ধাই দিগ্বিজয়ে
লালসার ঝটিকায় ছিন্ন তৃণ সম
ভাবিয়া স্বাধীন আপনারে ; নাহি জানি
অদৃশ্য অর্ব্বুদ শক্তি করে ল'য়ে খেলা
মোদের হৃদয়—ধাঁধি' সমারোহ-মোহে,
সে-মোহ কাটিলে স্বর্ণ ধূলিসার হেরি'
খসি' কহি : "স্বর্ণ-অঙ্গীকার এ-জীবনে
মিথ্যাবাদী—ধূলি শুধু সত্য ম্লান ভবে।"
আপাত-মধুর মোহে রোপি বিষবীজ,—
পরে যবে শাখে নাহি ফলে পারিজাত
মন্দারে রুষিয়া কহি : "তুমি নাই—নাই,
সংসার—স্বপন-ভ্রান্তি, লবণ-লহরী,
ধূসর, করালদংষ্ট্রা, ভরসা-সমাধি।"
গৃধ্নুতা-নিরয়ে ডুবি, শান্তিদ্যুতি ছাড়ি'
অনুসরি লিপ্সা-রশ্মি-ঝিকিমিকি—পরে
মিলালে স্ফুরৎমায়া ছুঁইতে ছুঁইতে
কহি : "হায়, পারাপারে কোথায় আলোক ?
জীবনের শেষ বাণী—স্বচিভেদ্য অমা।"

হেন কক্ষহীন মেরুহারা অন্বেষণে
প্রত্যাখ্যানি রূপোৎসারী অমৃত-আসার
সাঙ্গহীন,—ছাড়ি' আলোত্তম্ভ পারাবারে—
পরিহরি' প্রেমরূপী জীবন-বর্ত্তিকা
অচঞ্চল—ফিরায়ে জীবন নিমন্ত্রণ—
জীবন-অতীত লোকে খুঁজি মা নির্ব্বাণ।
সেই নির্ভরসা লগ্নে ভুলি মা জননি!
চলিলে পশ্চিম লক্ষ্যি' মিলে না পূরবে ;
ভুলি : রসউৎসা তুমি বহিতে না কভু
চরাচর-স্বরগ্রামে সংখ্যাহারা তানে
যদি তব প্রবা হতো রস-প্রবাহিনী
চির-মরুপথে হ'ত চির পথহারা
নিস্তল ব্যর্থতাগর্ভে। যদি এ-মেলায়
ঐশ্বর্য্যের প্রদর্শনী নিত্য নব রঙে
নাহি মা বিছাতে নিত্য—তবে কি ভুবনে
এত লাস্য এত লোর এত হাসিরাশি
এত গান এত গন্ধ এত বর্ণ-ঝুরি
ঝুরিত অক্লান্ত ছন্দে যতিভঙ্গহীন
অসাঙ্গ রভসে—রঙ্গে মুনিমনোহারী
বিবসনা অপ্সরার উর্ব্বশী-বিভায় ?
হায় মা, নয়নহারা দিগ্ভ্রান্ত তোর
সন্তানে দানিবি কবে মুক্ত দিব্য-দিঠি ?
কবে তারে শিখাবি মা—তোর পূর্ণারতি
না সম্ভবে—যদি তোরে না লই স্বীকারি'
অনন্ত চন্দনে ধূপে অনন্ত কুঙ্কুমে
বিরহে মিলনে রাসে ফুলশয্যা-দোলে ?

মোরে দাও বর—যেন বরিতে তোমারে
পারি মা অনন্তরূপে—অনন্তরূপিণি !
যত রূপ উদ্ভাসিয়া তুলিবে নিখিলে
মোর পণ হোক্—মানি ল'ব সবে প্রেমে ;
আমার সাধনা হোক্—নূতন ইন্দ্রিয়
সৃজিতে দেহের প্রতি রোমকূপে—তোরে
কিষ্কিতে বিচিত্র বোলে ; তোর পূর্ণ লীলা
স্বাক্ষরিব প্রতি রক্ত-কণিকা-শপথে
অনুভবি' চেতনায় প্রতি স্পন্দ দিয়া ।
দেহে চুমি' পুন তোরে চুম্বিব বিদেহে
নব নব আলিঙ্গনে, পরে পুনরায়
ফিরিব এ-দেহাধারে দেহভোগ তরে
অসংখ্য ইন্দ্রিয়পাত্রে জ্বালায়ে প্রদীপ
হেরিব দীপ্তিমা তোর দেহে কলস্বরা—
আশ্চর্য্য—সহজ ! ঐন্দ্রজালী—দৈনন্দিন !
গ্রহগ্রহ-সেতুবন্ধী—করতলগত !

মানস-অতীত লোকে রমিবে মা যবে
অতীন্দ্রিয় রাজ্যে হব সন্তান তোমার,
কিঙ্কর সতীর্থ—যদি দাও সে-গৌরব
'কাঙ্ক্ষিব মিলন তোর বৈদেহী মিলনে ।
শুধু তবু ঘোষি আমি দেবত্ব-গৌরবে :
"ধূলি-দেহ মোর কাছে নহে মা ঘৃণিত,
যে-দেহ বিগ্রহে দীপিয়াছে একবার
তোমার চিন্ময়ী বিভা—যেই প্রতিমায়
তব প্রাণ প্রতিষ্ঠিত হ'য়েছে বারেক

যে-মন্দিরে প্রেমঘন পূত শঙ্খ তোর
হ'য়েছে আঘ্রাত—চিরতীর্থ সে আমার ।
জ্বালিব জ্বালিব আমি কৈলাস-দেউলে
দীপালি-মণিকা যত আছে মা চেতনে
দেখিতে তোমারে শুধু কোটি ব্যঞ্জনায় ;
যত রবি আছে সুপ্ত দেহাম্বুধি-তলে
উর্দ্ধায়িব দেহাকাশে হেরিতে অখিলে
কোথা কোন্ তুচ্ছ কণা মাঝে হাসো তুমি ।
বিন্দু-পরিমাণ তব সুষমা-কম্পন
রতি-পরিমাণ তব বিটপী-মর্ম্মর
মাষা-পরিমাণ তব ফুলবাস পানে
আঁখি মম নাহি কভু র'বে নিশ্চেতন ।
ওগো শক্তিময়ি ! প্রতি শক্তি-দোলে তোর
প্রতি তনু-অণু মম করিবে রমণ :
তব রথধ্বজা বিকীরিবে যত ছটা
সবারে নমিব আমি সাষ্টাঙ্গ বন্দনে ।
বেদনারও মরু হ'তে প্রেমের গাণ্ডীবে
উৎসারিব গাঙ্গধারা দ্যুলোক-হ্লাদিনী
রসভূতা দীপ্তিচ্ছুরি চমক-চঞ্চলা ।
তোমার তনয় আমি—নহি ক্লীব কভু
হৃদয়-দৌর্ব্বল্য মোর সাজে না জননী :
প্রেমপদ তব মোর চির শান্তিপীঠ
তা বলি' আপনামগ্ন না রহিব—যবে
বৃন্দ অমারম্ভা-চমূ উঠিবে নিনাদি' ;
(নহে শুধু বহিঃশত্রু—ক্রূরতম অরি
অন্তর-অতলে রহে ছায়া-ছদ্মবেশী

বিভীষণ মিতা সম অন্বেষি' সুযোগ
সুরঙ্গ কাটিয়া হায় কাতারে কাতারে
অরাতি-বাহিনী আনে—মুহূর্ত্ত প্রশ্রয়ে।
সেই প্রশ্রয়ের মূল কাটিব নির্ম্মম
অরিন্দম মন্ত্রে তব—বাধাদ্রি যখন
উঠিবে উচ্ছ্রিয়া—তোর শক্তি ইরম্মদে
চূর্ণিব তাহারে – তাহে যদি সহি ক্ষত
লক্ষ শত—যদি হিয়া ত্যজি' বীরসাজ
হয় যুদ্ধ-পরাঙ্মুখ যাচিয়া আরাম
মলয়ার ভুজবল্লী—তব ধ্যানবরে
শ্মশানের শবাসনে আরাধিব তোরে
রক্ত মাঝে জাগায়ে মা নারায়ণী সেনা
মারজয়ী জ্যোতিষ্মান্—দুর্ভেদ্য তোমার
দিব্যাশীষ-সাঁজোয়ায় স্পর্দ্ধিব হেলায়—
বিদ্যুৎ-দাহনা তিগ্ম-শায়ক-সন্ধানী
অক্ষৌহিণী সিংহশৌর্য্যে মেঘনাদ-রিপু।
তোর বরাভয়বরে জিনিব সকলি
তোর আশীর্ব্বাদে—নহে আপন প্রতাপে।
তোর কর-স্পর্শ বিনা কী মোর শকতি!
শুকায় মুহূর্ত্তে বিন্দু সিন্ধুযোগ বিনা,
শক্তিধর আমি মাগো তোর মন্ত্র-বলে,
তর্জ্জনী-হেলনে তোর ঝলকিবে মোর
প্রেমের পিধান হ'তে দম্ভোলি-কৃপাণ।

শক্তিতে সাধিব তোরে—সাধিব মা প্রেমে,
সাধিব আহবে—শ্লথ কুসুম-শয়নে,

অণু-হ'তে-অণু-হৃদে আরাধিব তোরে
মহা-হ'তে-মহীয়ানে—জীমূত-নির্ঘোষে
বসন্ত-সঙ্গীত-বায় উৎসবে বেদনে
অশ্রু হাসি আশা নিরাশায় ভোগে যোগে।

ব্রহ্ম তুমি, তুমি শক্তি, রূপসী অরূপা
নিত্য তুমি, তুমি লীলা, মাতা তুমি—সখী,
গুরু তুমি দিশারিণী—হৃদয়-বল্লভা
একাধারে বাজাও মা কত না রাগিণী
ওগো রাগময়ি! তুমি বিরাজো বৈষ্ণবে,
মায়াবাদী বৌদ্ধে রাজো—রাজো বৈদান্তিকে,
তপস্যায় রাজো তুমি—আত্মসমর্পণে,
যে তোমারে যেই রূপে অর্চ্চে বসুধায়
সেই রূপে দেখা দাও ওগো যাদুকরি!
সর্ব্ব দ্বন্দসমঞ্জসা অশেষ-আশ্রয়া!
কল্পতরু আদ্যাশক্তি ভকতবৎসলা!

কিন্তু আমি এক রূপে নাহি প্রার্থি তোরে,
নয়নে আমার ক্ষুধা গরজে দুর্ব্বার;
যত রূপে রূপায়িত হবে সত্তা তোর
নিরখিব তত রূপে চিরাতৃপ্ত আমি;
অর্ব্বুদ বিনিদ্র আঁখি লভি মা যদ্যপি
তথাপি আঁখির তৃষা মিটিবে না মোর;
অশ্রান্ত ঔৎসুক্যে আমি নেহারিব তোরে
অযুত দর্পণে যবে হেরিবি আপন
বিভূতির প্রসাধন—লো রূপসাধনী,

রক্তরাগে বর্ণপারে উষায় সন্ধ্যায়
কলরোলে—মৌনিমায়, প্রবৃত্তি—সংযমে,
চাঞ্চল্যে—স্থির ছন্দে, অরণ্যে—সংসারে,
বিলাসে—বৈরাগ্যে, রঙ্গমঞ্চে—গুহামাঝে,
অনন্ত কর্ম্মের ধূমে—সর্ব্বকর্ম্মন্যাসে
দার্ঢ্যে—দীনতায়, জ্ঞানে—সারল্যে শিশুর
রাজসূয়-বীর্য্যযজ্ঞে—কৌপীন কন্থায়।

নহ মা অরূপ শুধু—নহ রূপস্বনী,
নহ ভূতিময়ী শুধু—নিঃস্পন্দনী নহ
নহ শুধু স্থির সিন্ধু—নহ নির্ঝরিণী,
নহ শুধু প্রেমময়ী—জ্ঞানময়ী, নহ
বৈষ্ণবের কৃষ্ণ শুধু—শৈবের ধূর্জ্জটি
সংসারীর লক্ষ্মী শুধু—শাক্তের করালী
দশমহাবিদ্যা লোলা নৃমুণ্ডমালিনী :

এ সকলই তুমি—তবু লো অপরিমেয়া!
আরও কত রূপ তোর আছে অপ্রকাশ
আকণ্ঠ পিইতে চাহি—পিপাসা আমার
নহে মিটিবার ; আমি চাহি জানিবারে :
প্রেম জ্ঞান বহ্নি যে মা সর্ব্বভুক্ মোর
এক তুমি তারে নিত্য নূতন লীলার
সৌন্দর্য্য-সমিধে পারো রাখিতে জ্বালায়ে
অনাস্থা সমাপ্তিহীনা অপার-অরণী!

দুরাশা আমার মাগো—চাহি নিত্য তব
লীলোৎসব-উপচার যোগাতে আমার
ভক্তি প্রেমে সেবার্চ্চনে শ্রদ্ধা তপস্যায়
নিত্য নব-নবোদ্যমে সঙ্কট-আহবে ;
নৈবেদ্য আমার শুধু কোরো মা অশেষ,
যত রূপে তুমি লীলা করো লীলাময়ি!
এই কোরো—আমি যেন তত রূপে তব
রচি পুষ্প-অর্ঘ্য মোর অতৃপ্ত অর্চ্চনে
ঘোষি তব লীলা—দানি' অশ্রান্ত অঞ্জলি
নিত্য নব ছন্দে গানে বর্ণে কলস্বনে!

মহিমা তোমার যদি অনন্ত-দ্যোতনা
মোরে করো কোটিকণ্ঠ অনন্ত-মূর্চ্ছনা।

বৈরাগী

(গুরুবাদী)

—"পেয়েছ তাঁহারে তুমি ?"
—"পাই নি আজিও।
—"তবে কেন এ-সংসার—"
—"হে সংসারী ! কেন
মুক্তপক্ষ বিহঙ্গমে চাহিছ ফিরাতে
নষ্ট-নীড়ে ?—জানো যবে : পাইনি যাঁহারে
যাঁহার অভাবে মোর কাছে বসুন্ধরা
শূন্যগর্ভ নাট্যরঙ্গ সম মনে হয়,
প্রাণের অর্ব্বুদ চঞ্চলতা ফেন সম
অহেতুক প্রতিভাতে—উদ্ভব যাহার
নিরর্থ সঙ্ঘাতে—লয় অনর্থ বেদনে ?—
যাঁরে বিনা এ-জীবন মনে হয় সদা
ছায়াপুত্তলীর নৃত্য সম !—এ-জগত
মনে হয় ধ্বনি-খ্যাত ব্যঙ্গ প্রেক্ষাগার—
ক্ষণিক মত্ততা যার রাখে ঢাকি' হায়
পুঞ্জীভূত অশ্রু-অব্ধি-অগাধ ব্যর্থতা।"
—"কিন্তু যদি তাঁরে নাহি পাও অভিসারে
কেন বন্ধু বিসর্জ্জন দাও যাহা"—
—"হায় !
ব্যোমব্যাপ্তি সুদুর্লভ বলিয়া জীবনে
চলিব করিয়া সন্ধি পাতালের সাথে ?
সাগর-লাঞ্ছিত হ'লে ফিরি' স্রোতস্বিনী
খুঁজিবে গোষ্পদ-কোলে মিলন-সান্ত্বনা ?
ছায়াপথ দূর বলি' পাষাণ-ফলকে
শুধাবে স্বপন পথ-সমাপ্তি ভরসা ?"
—"কেন করো তিরস্কার ? হিতৈষী তোমার
জেনো বন্ধু আমি। শোনো, পেয়েছি জীবনে
লক্ষ অর্থ আমি, লক্ষ হাসি প্রীতি প্রেম,
তোমারে নিমন্ত্রি তাই সার্থক্যে মোদের।"
—"জীবনে পেয়েছ যদি হেন সার্থকতা—
ধন্য তুমি আপ্তকাম, বহুভাগ্যবান্
হে বরেণ্য !—শুধু হায়, আমি পাই নাই।
তোমার এ-স্বয়ম্বৃত জীবনে উৎসবি !—
আমি দেখি নাই লক্ষ অর্থ তারে বিনা—
যে সকল অপূর্ণতা পরিপূরে তার
পরম প্রণয়ে ; লক্ষ জীবন-অঙ্কুর
যাহার নেপথ্য হাসি-হিল্লোলে নিয়ত
উঠে তৃণাঙ্কিয়া, মেদিনীর বক্ষ 'পরি
ফলফুল-অন্তরালে রস-পরিবেষ
করে ক্লান্তিহীন যেই—মাধ্বী-মূলাধার
প্রাণমূলে ফল্গু-ছন্দে ; সর্ব্ব ভোগযাগ
যাহার মঙ্গলাহুতি বিনা—লালসার
কৃষ্ণ জ্বালাধূমে হয় বিড়ম্বিত, যাহে
আছে অগ্নি-তাপ—নাই জ্যোতির পাথেয়,
আছে লোল মাদকতা—নাই তৃপ্তিলেপ,
আছে দৃপ্ত পংক্তিভোজ প্রতিজ্ঞামুখর—
নাই শুধু ভোজ্য পেয়—প্রতিজ্ঞা-পালন।
তব জীবনের যদি এই অভিজ্ঞতা :
প্রেমপ্রীতি শুধু সেথা পেয়ে থাকো যদি,
দুদণ্ডের ধূমায়নে—যজ্ঞ মৃত্যুঞ্জয়ী,
তবে এ উৎসবসভা সৃষ্ট তব তরে—
তোমার ইন্দ্রিয়-তরে—হে সিদ্ধ সন্ধানি !

এ-জগতে জনে জনে ভিন্ন উপাদানে
বিনির্ম্মিত ; একে যাহে হেরে লক্ষ্যভেদ
অপরে তাহাতে হেরে বৈফল্য চরম,
যার স্পর্শে একজনা উঠে প্রস্ফুটিয়া
অপরে তাহারি যায় লুঠে হতমান—
দলিত চন্দন সম—আহত উৎপল।
যে-অতলে জলজীব সঞ্চরে পুলকে
পতত্রী পলকে সেথা হয় রুদ্ধশ্বাস :
মন্দুরায় হ্রেষে অশ্ব লেহনি' স্বকণী
মহানন্দে—বন্দী সিংহ গর্জ্জে হুহুঙ্কারি' :
শাখামৃগ করে কেলি হরষে পিঞ্জরে,
কানন-কুরঙ্গী সেথা শ্বসে ম্রিয়মাণ :
যে-সংসারে তুমি দেখ নিত্য নব স্রোতে
আনন্দ-লহরী-লীলা—আমি হেরি শুধু
প্রবঞ্চক মরীচিকা ছল-পরিহাস।
যাহে তুমি শুন রাগমালা—শুনি আমি
পবন-কম্পন শুধু। যাহে জলধনু
হের তুমি—আমি হেরি রশ্মি পলাতক।
সত্য গণি' এ-মিথ্যা-তড়াগে চাহো তুমি
করিতে গাহন প্রশ্নহীন পিপাসায় :
মোর প্রাণ নাহি কাঙ্ক্ষে সে-ভ্রান্তি-সর
ময়-মায়াময়ী।"
—"তবে কী বা চাহো তুমি ?"
—"আমি ? আমি চাহি মায়াবীরে, যাদু যার
আপনি আড়ালে রহি' ইন্দ্রপ্রস্থে রচে
মায়া-পরী-সৌধ—যারে নাহি লভি' আজ
বৈভবের স্পর্দ্ধা মোর কাছে হয় শুধু
মল্লরব-দর্পসার ব্যর্থ বাহ্বাস্ফোট।"
—"কিন্তু এ সুষমা-সিন্ধু ?"
—"মোহিনী লহরী
দ্যুতি-কণা-তরঙ্গিণী—নিমেষে যাহার
স্ফটিক-সুষমা-দীপ্তি তমিস্রা-তরাসে
ডুবে যায় দৃষ্টিহারা মৌন রসাতলে।"
—"ধিক্ বন্ধু, এত স্নেহ—প্রেম এ জীবনে—"
—"যারে তুমি কহ—স্নেহ, আমি কহি শুধু
কামনার অভিসার—অন্ধ—আত্মহারা।
যাহে তুমি হের—প্রেম, আমি হেরি হায়
দেহের বিপণি-বিভা—দীপাবলি যায়
দেখিতে দেখিতে নিভে—নিমন্ত্রণ যার
নীলাম্বুর বর্ণসম : হাতে তুলি' লও—
নাহি আর বর্ণভাতি—মুগ্ধ—কলস্বরা ;—
মেঘের স্নিগ্ধতা যথা : কাছে যাও তার—
কুজ্ঝটিকা আঁখিপথ করে রোধ। হেন
বসুধায় সার্থকতা—বসুপতি বিনা ?"
—"কিন্তু লীলা তবে—"
—"লীলা আত্মপ্রতারণা
লীলাময় যদি লীলা প্রত্যক্ষ পরশে
না তুলে কুসুমি'। আমি দীর্ণি' আবরণ
চাহি সে-অদৃশ্য প্রেমী যারে বিনা ধরা
প্রোষিত-ভর্ত্তৃকা-সজ্জা সম মোর কাছে।"
—"শোনো বন্ধু হে বিমুখ, পাষাণ-কঠিন !
কহি না আমিও কভু : 'নাহি এ জীবনে

দুঃখ শোক, নাহি মৃত্যু, নাহি ব্যাধি-জরা
মরীচিকা-উপহাস, বিলাস-বিভ্রম,
স্বর্ণমুঠে-ধূলিমুঠি, আত্ম-প্রবঞ্চনা
পদে পদে।' কহি না স্পর্দ্ধিয়া জেনো কভু :'
'জীবনের সব সজ্জা সব প্রসাধনে
পেয়েছি সৌন্দর্য্য-রতি পীযূষ-প্রসূতি।'
কহি না আমিও : 'এই জীবন প্রাঙ্গণ
আলজ্জ নন্দন শুধু—পুষ্প কীটহীন।'
কহি না : 'কণ্টকাঘাতে চয়ন-উন্মুখ
অঙ্গুলে না রক্ত ঝরে।'—আমারও অন্তরে
জাগে প্রশ্ন, জাগে ব্যথা, দ্বিধার শায়কে
অশ্রুরক্ত ক্ষরে আশা-বিকচ মুকুলে।
শুধু আমি কহি : 'যারে মিলে না জীবনে
আয়ত্ত-অতীত যাহা—দূর হ'তে দূর,
মায়া হ'তে মায়া—মরীচিকা-প্রসবিনী,—
তার তরে ধ্রুব ত্যজি' কেন লক্ষ্যহীন
পথে ধাও—স্রোতোমুখে ছিন্ন শাখা-প্রায় ?
অশ্রু কাঁটা শোক জরা না লইয়া মানি'
যারে পাও তারে কেন দাও জলাঞ্জলি ?'
হায় সখা, কাঁটা আছে বলিয়া গোলাপ
ফুটিবে না গন্ধে গানে ? আছে সন্ধ্যা বলি'
উদিবে না উষা ল'য়ে তাহার অপার
বর্ণডালি—বিচ্ছুরিয়া সুষমা-সম্ভার—
চকিত-চিকুরে মঞ্জু মুক্তামণি পরি' ?"
—"হায় বন্ধু, হিয়া মোর যুক্তি-প্ররোচন
নাহি যাচে ; যাহা তুমি কহ'—জানি আমি।
'এ জীবন নহে মিথ্যা'—আমিও কহেছি
একদিন কাব্যোচ্ছ্বাসে ; বিভোর-নয়নে
আমিও হেরেছি উষাসজ্জা ; আঁখি-নীর
সিঞ্চিয়া বেদন-তরু ক'রেছি লালন
আমিও আবেশ গর্ব্বে ; মিথ্যা উপমার
অনুপ্রাসে—সত্য বলি' এঁকেছি মিথ্যার ;
রহি' রহি' দেহাসঙ্গে দেখেছি আমিও
প্রেমের চঞ্চল চূড়া ; মৃত্যু-ডঙ্কে আমি
শুনেছি নবীন-জন্ম-জয় শঙ্খনাদ ;
প্রকৃতির লক্ষ প্রাণকাড়া প্রসাধনে,
বন্ধুর কোমল করে, বান্ধবীর স্নেহে
পেয়েছি পরম স্পর্শ ;—শুধু বন্ধু, সব
ক্ষণতরে ;—বিদ্যুদ্দাম ঝলকিলে যথা
সুদূর দিগন্ত-চক্র উঠে উদ্ভাসিয়া
পরক্ষণে আপনার করতলও হায়
মিলায় নয়নতলে—এ-জীবনে আমি
তেমতি হেরেছি সত্যে। চুম্বন তাহার
ঊর্দ্ধমুখী রেখে গেছে মরম-মঞ্জরী,
শুধু—ফুল ফুটে নাই। আমি চাহি আজ
সেই ফুল।"
—"সংসারে কি সেই ফুল কভু—"
—"নহে বন্ধু, চাহে না সংসার-ফুল মোর
হৃদয়-বিটপী। তার শাখে শাখে যেন
মঞ্জরে কুসুম সেই কুসুম-অতীত
চিরোজ্জ্বল বর্ণবাস রূপোৎসব ল'য়ে—
ঝরিতে যে নাহি জানে। চাহি হেন প্রেম—

লিপ্সা-লোল নহে যাহা। প্রার্থি সে-পুলক—
ক্ষণে ক্ষণে বিষাদে যা নাহি পড়ে লুয়ে
দীর্ঘশ্বাসি' হতাশ্বাসে। মোর প্রাণ চাহে
সে-উন্মেষ—মৃত্যু যার নাহি ছুটে পাছে।
দিবা-নিশা হর্ষ ব্যথা আনন্দ-বেদন
আশা-নিরাশার মূর্ত্তি দিত একদিন
সান্ত্বনা মোরেও বন্ধু ;—শুধু আজি হায়
সে-দ্বন্দ্বে পরাণ আর নাহি উঠে দুলি'—
যৌবনের সন্ধিলগ্নে, কৈশোরে, শৈশবে
উঠিত যেমন ; অভীপ্সিত মোর আজি
শুধু ছায়াগুণ্ঠহীন অনাবৃত আলো
স্বর্ণস্বচ্ছ চিরোদয়—অন্ত নাহি যার।"
—"এও কি সম্ভব বন্ধু ? আলোকে আঁধারে
গড়া প্রাণাকাশ, হায়, কেমনে সেথায়
অনন্ত অরুণ তুমি ভুঞ্জিবে দুরাশী ?
কেন রচ' স্বপ্নসত্ম—আকাশ-কুসুম ?
এসো, যাহা ধ্রুব—তারে ল'য়ে মোরা গড়ি
বিচিত্র স্পন্দন-সৌধ—অশ্রু হাসি যার
যুগল তুরঙ্গ ; সত্য মিথ্যা ধুপ ছায়া
চারি চক্র ; নেমি—শিল্প কবিত্ব দর্শন
কল্পনা সঙ্গীত ; অর—আনন্দ বেদনা,
জাগর স্বপন, জয়-পরাজয়-দোল,
বাসনা, বাস্তব, ত্যাগ, বীর্য, বিবেচনা।"
—"সর্ব্বসমঞ্জসা বুদ্ধি-গড়া নম্র নীড়
স্বচ্ছন্দ—বামন-লভ্য ? হায় বন্ধু, যবে
আকাশ-কুসুম তরে প্রাণ-পৃথ্বী মোর
উঠেছে উর্দ্ধ্বি' ?—ধ্রুব হয় ছায়াসম ?
নির্ব্বিবৃতি-নিলয় স্নিগ্ধ সান্ধ্য স্নেহাঞ্জন ?—
নহে সখা। স্বপ্নের পরিধি-ঘেরা গেছে
কৃপণ বরদে নাহি যাচি আর আজি,
বিচিত্র খণ্ডিতগতি রথযাত্রা তব
আর নাহি ডাকে মোরে : আজি স্বপ্ন মোর
পাতে তার সিংহাসন দিগন্তবিতত
নির্ধূম নীলিমালয়ে ব্যোম চন্দ্রাতপে,
যেথা দ্বৈত নাহি জ্বালে মায়া-গন্ধধূপ
আধ-সত্য-আধ-মিথ্যা, যেথা মোহদিঠি
অস্তিকের স্নিগ্ধ গণ্ডীক্ষুণ্ণ নাহি রয়
সংশয়ের বাষ্পোচ্ছ্বাস ঢাকে না যেথায়
সত্যের উদাত্ত বেলা—যে-তট গম্ভীর
নীলাব্ধির সুরে সুরে চলে তাল দিয়ে
মন্দ্রিত প্রশান্ত ছন্দে ;—যেথা শুধু আলো,
ছায়া নাই ;—যেথা প্রেম-আলিঙ্গন-তলে
নাহি বহে ছদ্মবেশী কামনা-নিশাস
উদগ্র—মলিন ;—যেথা বিরাজে কুসুম—
নহে কাঁটা কীট ; যেথা মন্দার-মারুত
গীতিছন্দভরা, মর্ত্ত্য-মলিন নির্মোক
নিত্য নব-জন্মাভাষ-আনন্দ ইঙ্গিতে
খসি' পড়ে নিষ্কাশিয়া দুগ্ধশুভ্র তনু
দেবতার আত্মা যাহে হয় মূর্ত্তিমান্।"
—"কেমনে জানিলে—তারে পাবে আকাঙ্ক্ষিলে ?
চাহিলে কি পাওয়া যায় ? খুঁজিলে কি জুটে
পরশ পাথর ? কহ' বন্ধু সত্য করি'

দেখেছ পেয়েছ তাঁরে ?"
—"সত্য পাই নাই।
যে-বসন্ত গেছে ডেকে—আজিও সে ডাকে···
রহি' অন্তরালে···মহি' সঙ্কুচিত হিয়া
জ্বালিয়া উর্বশী-অর্চি রহে আজো দূরে
সংহরি' প্রেমের ছবি:—জানি—জানি সবি।
ক্ষণে ক্ষণে তাই সখা, আজো পড়ি ঝুয়ে
নিরাশা-কাতর।"
—"হায় মৃগ-তৃষ্ণাতুর!
তাই তো তোমারে কহি—এসো মোর সাথে।"
—"ব্যর্থ জীবনের মাঝে ?"
—"মুগ্ধ, প্রবঞ্চিত!
অমোঘ পেয়েছ কিছু ছাড়িয়া জীবন ?
আমি দেখি: এ-জীবন ব্যর্থ রিক্ত যদি—
হেন অন্বেষণ ব্যর্থতর। কহ দেখি
জীবনের লক্ষ্য সাক্ষ্য করে না কি তাঁরে
অস্বীকার ? রূপ ছাড়ি' কোথা রূপাতীত ?
হায় বন্ধু—কেন—মিছে দীর্ঘ মরুপথ"—
—"দীর্ঘ পথ ? মানি। তবু তারি অভিসারে
আমারে চলিতে হবে।"
—"কী পাথেয় তব
যার বলে চাহো হ'তে হেন মরুপার ?"
—"অন্তর দিশারী-দিশা পাথেয় আমার
আর কিছু নহে।"
—"জীবনের সাক্ষ্য কহ
মানো না কি তবে ?"

"মানি—জীবন-কল্লো
কল্লোল-অতীত জীবনের নিত্য-নীড়ে
করে অস্বীকার। হায় ক্ষুদ্রদৃষ্টি আমি!—
বাসনা-বিহ্বল মম তনু মন প্রাণ
কেমনে পরিবে সেই দীপ্ত দিব্যাঙ্গন ?—
কিন্তু তাই ব'লে পয়ারে "একটি" শব্দকে তিনমাত্রার মর্য্যাদা যদি দাও তবে ওর হসন্ত হরণ ক'রে অত্যাচারের দ্বারাই সেটা সম্ভব হয়। অর্থাৎ যদি "একটি"-র "ক"-য়ে হসন্ত রাখ তবে দ্বৈমাত্রিক ব'লে ওকে ধরতেই হবে। যদি মাছের ওপর কবিতা লেখার প্রয়োজন হয়, তবে কাৎলা মাছকে কা—ত—লা উচ্চারণের জোরে সাধুত্বে উত্তীর্ণ করা আর্য্যসমাজী শুদ্ধিতেও বাধ্‌বে। † তুমি কি লিখ্‌তে চাও

পা ত লা ক | রি য়া কা টো | কা ত লা মা | ছে রে
উ ত সু ক | না ত নী যে | চা হি য়া আ | ছে রে?

আর আমি যদি লিখি

পাৎলা করি কাটো প্রিয়ে কাৎলা মাছটিরে
টাট্‌কা তেলে ফেলে দাও শর্ষে আর জিরে—
ভেট্‌কি যদি জোটে তাহে মাখো লঙ্কা বাটা—
যত্ন ক'রে বেছে ফেলো টুক্‌রো যত কাঁটা

আপত্তি করবে কি?

[কিন্তু কবির "সোনার তরী"তে বর্ষাযাপন কবিতায় যেখানে যুক্ত অক্ষরের মাত্রা এক, দুই নয় সেখানে কবি লিখেছেন "ইচ্ছা করে অবিরত আপনার মনোমত গল্প লিখি একেকটি ক'রে।" এখানে "একেকটি"কে কবির নির্দ্দেশমত তিনমাত্রা ধরা উচিত কিন্তু কবি ধরেছেন চারমাত্রা। ছন্দোনিপুণদের রায় জানার ইচ্ছা। শ্রীদিলীপকুমার রায়]

* আমার প্রশ্ন ছিল "একটি" দুইমাত্রার না তিনমাত্রার। আমি লিখেছিলাম ধরুন "একটি গান সকল গান মাঝে দুইটি সুরে আজিও যে গো বাজে" যদি লিখি, তবে একটি ও দুইটি উভয়েই ত্রিমাত্রিক কি না। আর সাধুভাষায় পয়ারে একটি-র ওজন কি?

† কিন্তু কবি তাঁর 'কণিকায়' লিখেছেন: "বাব্‌লা শাখারে বলে আম্রশাখা, ভাই" এখানে ঠিক্ ঐ পয়ারে বাব্‌লা বা—ব—লা উচ্চারিতই হ'য়েছে।

ওঁ

কল্যাণীয়েষু—

আমার জন্মদিনে তুমি ও শরৎ এখানে আস্‌বে শুনে খুসি হলুম। তোমার হস্তাক্ষর সম্বন্ধে তুমি সতর্ক হবার চেষ্টা করচ এইটে দেখে চিন্তিত হচ্ছি। অন্যান্য কলাবস্তুর মতোই হস্তাক্ষরের উৎকর্ষ ইন্দ্রিয়তোষণে নয়। তা যদি হ'ত তাহ'লে ছাপার অক্ষরের আদর্শকেই হস্তাক্ষরের আদর্শ বল্‌তেম। কিন্তু ছাপার অক্ষরে রেখা আছে আত্মা নেই। হাতের অক্ষরে সৌন্দর্য্য যদি থাকে তো সেটা উপরি পাওনা—তার সত্যকার রস হচ্চে তার ব্যক্তি-বিশেষত্ব। সুন্দর ছবি বল্‌তে যে রম্ভা-তিলোত্তমার ছবি বুঝ্‌তে হবে তা নয়—সেরকম ক'রে বোঝাটা ছেলেমানুষি—ছবির বিষয়টা নয়নলোভন একেবারেই না হ'তে পারে, কিন্তু সে আমাদের মনকে টানে তার ব্যক্তি-স্বরূপগত সত্যে। এই আত্মিক সত্যই পাই গানে—আর অনাত্মিক সৌন্দর্য্য থাকে রাগিণীর প্রদর্শনীতে—কলাবস্তুতে এই আত্মিক সত্য আঙ্গিক সৌন্দর্য্যের চেয়ে অনেক বড়ো। হাতের অক্ষরে আমরা সেই আত্মিক অর্থাৎ personal সত্যকে চাই—ছাপার অক্ষরের অনিন্দনীয়তা চাইনে। তোমার হাতের অক্ষরে তোমাকে পাওয়া যায় এই হচ্চে ওর দাম। এ ছাড়াও ওর আর একটা প্রয়োজন আছে, যে-কথাগুলো লিখ্‌ছ সেগুলোর পরিচয় যেন গুলিয়ে না দেয়। ক-বর্গের সঙ্গে প-বর্গের পার্থক্যটা বজায় রাখলে পাঠকের কৃতজ্ঞতাভাজন হওয়া যায়—সেটা কম পুণ্য নয়। তোমার অক্ষর যে দুর্ব্বোধ তা কেউ বল্‌বে না—অপর পক্ষে তোমার অক্ষরকে নয়নলোভন যদি বলি তাহ'লে বুঝ্‌তে হবে তোমার কাছে আমার টাকা ধার কর্‌বার গরজ আছে—কিম্বা কন্যাদায়। ইতি ১৪ই বৈশাখ ১৩৩৩।

স্নেহাসক্ত

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

কল্যাণীয়েষু,

মণ্টু, ঝগড়া যদি কর্‌তেই হয় সেটা মোকাবিলায় ভালো, লিখিত পত্রে নৈব নৈব চ। যেটাকে পাণ্ডুলিপি বলা হয় সেটা ঘোরতর কৃষ্ণলিপি, ভাবের অনেকখানি আলো সে লুপ্ত করে। তাছাড়া, বাদবিবাদের পাকা দলিল যদি না থাকে সেটাকে অস্বীকার করা সহজ হয়; এমন কি স্থান কাল পাত্রে সেটাকে উপভোগ করাও চলে। মনে পড়্‌চে, Keats তাঁর প্রণয়িনীর rich angerএর কথা খুব লালায়িত ভাষায় বলেচেন, তার কারণ angerএর সঙ্গে কম্পিত ওষ্ঠাধর ও বাষ্পম্লান নীল চোখ দুটিকে মিশ্রিত ক'রে তবে সেটা তাঁর কাব্যের থালাতে অমন সরস ক'রে সাজাতে পার্‌লেন। কিন্তু ভেবে দেখ angerটি যদি পৌছত রেজেষ্ট্রীপত্রযোগে তাহ'লে কবিকে মাথায় হাত দিয়ে পড়্‌তে হ'ত। তাঁর কফির পেয়ালা অনাস্বাদিত, বেক্‌ন্ ও ডিম্ব অভুক্ত এবং সিগারেট অ-ধূপিত হ'য়ে থাক্‌ত। তোমাদের গানের

আসরে তুমি এবার আমার নিমন্ত্রণ বন্ধ করবার উদ্যোগে ছিলে, এর পরে বোধহয় ধোবা-নাপিত বন্ধ করবার চেষ্টা করবে, সকলের চেয়ে শোকাবহ ব্যাপার হবে তোমার কন্যার সঙ্গে আমার বিবাহের সম্ভাবনামাত্র থাকবে না, ম'লে পোড়াবে না তার চেয়ে এটা অনেক বেশি, কারণ চিতাদাহের চেয়ে বিরহের চিত্তদাহ অনেক উগ্রতর। কবি মাত্রই একথা অন্তত কবিতায় লিখে থাকেন। স্পষ্ট দেখ্‌তে পাচ্ছি তোমাদের হাতে স্বরাজ পড়্‌লে আমার পক্ষে সেটা ভয়াবহ হবে। এই কথাটাই মনে ক'রে মনে স্বস্তি পাচ্চিনে, কেননা অতি সত্বর তোমরা স্বরাজ পাবে এই গুজবটা দীর্ঘকাল থেকে চল্‌চে।

কিন্তু হিন্দুস্থানী গান সম্বন্ধে আমার যতটা বদনাম শুনেচ তার সবটা আমার অপরাধ নয়, অর্থাৎ ফাঁসি বা নির্ব্বাসনের আমি যোগ্য নই, এক আধবার এক আধখানা টিকিট পাঠিয়ো, নইলে দরজা ভাঙ্‌বার দলে ঢুক্‌তে হবে। এমন ক'রে তোমার কাছে টাকা ধার ক'রে তোমার কন্সার্টের টিকিট কেনা পর্য্যন্তও এগোতে পারি, তবে কবুল করছি যে তার পরে শোধ করবার বেলায় স্মরণশক্তির ত্রুটী হওয়া সম্পূর্ণ অসম্ভব নয়।

রমাঁ রোলাঁর সঙ্গে তোমার সাঙ্গীতিক আলাপ-আলোচনা পড়েচি, অনেক তর্কের বিষয় আছে, সেটা সাক্ষাতে হবে। ইতি, ৭ই মাঘ ১৩৩৪।

স্নেহাসক্ত

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

কল্যাণীয়েষু

তোমাদের তর্ক বিতর্ক প'ড়ে খুসি হলুম। কিন্তু টেবিলের কাছে বেশিক্ষণ ব'সে বড় চিঠি লেখবার হুকুম নেই। দু চার কথায় সেরে দিতে হবে।

সাধনার পথে চল্‌তে হ'লে কখনই যে মরু পার হতে হবে না, একথা সত্য নয়। মাঝে মাঝে জীবনের শুক্‌নো ডাল ছেঁটে ফেলা, পুড়িয়ে ফেলা চাই। দরকার বুঝলে বিশেষ গাছকে ভালো মালী একেবারে নেড়া করে মুড়িয়ে দেয়, মমতা করে না। জীবনকে মাঝে মাঝে মরণের আঘাতে শক্ত করতে হয়, সাফ্‌ করতে হয়, কিন্তু তাই ব'লে বল্‌তে পারি নে মরণটাই জীবন। দেহরক্ষা করতে হ'লে মাঝে মাঝে দীর্ঘ উপবাসের দরকার, তাই ব'লে উপবাসটাকেই দেহরক্ষার প্রশস্ত উপায় বল্‌লে বেশী বলা হয়। কোনো কোনো দুঃখবিলাসী লোক জীবযাত্রার সাধনায় না-এর উপরেই বেশি লক্ষ্য রাখে, অর্থাৎ তারা বিধাতার রুদ্রতাকেই তাঁর স্বরূপ বল্‌তে চায়—কিন্তু বিধাতার মধ্যে হাঁ-এর রূপটাই কি বড় নয়? তা যদি না হ'ত তবে মানুষের এমন প্রার্থনা কেন, রুদ্র যৎ তে দক্ষিণং মুখং তেন মাং পাহি নিত্যম্? তাঁর প্রসন্ন মুখেই আমাদের রক্ষা—রুদ্রতায় নয়। তাই সন্ন্যাসীকে বলি, জীবলীলাক্ষেত্রে পরমপ্রসন্নকে ডাকো, রসস্বরূপকে সেখান থেকে নির্ব্বাসিত কোরো না। সেই সুন্দরকে যদি জানো তবেই রুদ্রকে বুঝতে পারবে। যাঁরা আনন্দকে জানেন তাঁরাই দুঃখকে যথার্থভাবে স্বীকার করতে পারেন। যাঁরা দুঃখকে সত্য বলেন তাঁরা আনন্দকে অস্বীকার করেন। ইতি

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

কল্যাণীয়েষু

মানুষ কি রকম ক'রে ভুল করতে আরম্ভ করে তার আর একটা প্রমাণ পাওয়া গেল। বম্বাইয়ে নেমে তুমি আমাকে চিঠি লিখেছিলে, সেই অবধি রোজই অপেক্ষা করচি কখন তুমি এ অঞ্চলে আসবে; উৎসুক হয়েছিলুম তোমার সঙ্গে দেখা করবার প্রত্যাশায়, ঝগড়া করবারও অভিপ্রায় ছিল, কিন্তু সেটা একেবারেই মারাত্মক হ'তো না। তোমাকে অবশেষে তোমাদের থিয়েটার রোডের ঠিকানাতেই একখানা চিঠি লিখব ব'লে ঠিক করছিলুম এমন সময় এইমাত্র তোমার দ্বিতীয় পত্র এসে উপস্থিত। কিছুমাত্র রাগ করিনি—ব্যস্ত হ'য়ে উঠেছিলুম, সেটা আমার স্বভাব। যদি অত্যন্ত শান্ত বিচক্ষণ অবিচলিত ধৈর্য্যশালী ব্যক্তি হ'য়ে জন্মাতুম তাহ'লে সংসারে অনেক নিরর্থক ঠোকাঠুকি থেকে বেঁচে যেতুম; কিন্তু যে-কাজের বরাৎ নিয়ে সংসারে জন্মেচি তার হয়ত ব্যাঘাত হ'ত। আমাদের কাজের প্রকৃতি বাক্যের হাওয়ায় পালের নৌকো চালানো—ঐ হাওয়াটা বেগ পায় যে-সব অকারণ অস্থিরতা ও সকারণ অধৈর্য্যে তাকে ঠাণ্ডা ক'রে দিলে কাব্যলোকে সাহিত্যের খেয়াঘাটে ডাঙায় ব'সে নির্ব্বাণমুক্তি। অতএব তোমার সঙ্গে কিছু ঝগড়া করব কিন্তু করতে করতেই মিটমাটের ঘাটে পার হ'য়ে যাব। অসঙ্কোচে তুমি এখানে এসো।

"সাহিত্য-ধর্ম্ম" ব'লে একটা প্রবন্ধ লিখেচি। তার কর্ম্মফল চলচে। তার ভোগ ফুরোতে না ফুরোতেই "সাহিত্যে নবত্ব" ব'লে আরো একটা লেখা হয়েচে। তোমার সঙ্গে বাক্যালোচনাতেও সাহিত্যতত্ত্ব চর্চ্চা কিছু পরিমাণে আছে—এতে ক'রে যে-একটা আলোড়ন জাগিয়েচে তাতে ক্ষতি নেই। কেননা পূর্ব্বেই বলেচি, সাহিত্যলোকে চাঞ্চল্যটার খুব প্রয়োজন আছে। সিদ্ধান্তে পৌঁছনোটা খুব বেশি দরকারী নয়—দেখতেই পাচ্চি এক যুগের সিদ্ধান্ত আর এক যুগে উলট-পালট হ'য়ে যায়, কেবল মনের মধ্যে নিয়ত চিন্তার চাঞ্চল্যটাই থাকে। মানুষের মন শেষ কথায় যখন এসে পৌঁছয় তখন নীরবতার সমুদ্র। সেখানে তার কথার কারবার বন্ধ করতে মানুষের আপত্তি আছে—কেননা মনটা নাড়া না পেলে একেবারে সে বেকার। এইজন্যে বারে বারে সত্য সিদ্ধান্তকেও মানুষ তার সংশয়ের খোঁচা মেরে বিপর্য্যস্ত ক'রে তোলে—যুগে যুগে তাই চলচে। আমরা সত্যকে পেতে চাই শুধু কেবল পাওয়ার জন্যে নয়, চাওয়ার জন্যেও। এই কারণে আমাদের ভালোবাসার মধ্যে ঝগড়ার স্থানটা খুব বড়ো; হারানোটা পাওয়ার প্রধান বন্ধু—কেননা ফিরে ফিরে না পেতে থাকলে সম্পূর্ণ পাওয়া হয় না। অতএব সাহিত্য-তত্ত্ব নিয়ে সাবেক কালের সঙ্গে হাল আমলের যে ঝগড়া চলচে তার মূলে মানুষের এই স্বভাবটাই কাজ করচে যাকে আশ্রয় ক'রে, তাকে সে আঘাত ক'রে সন্দেহ করে—তার পরে আবার দ্বিগুণ জোরের সঙ্গে তার কাছে ফিরে আসে। আজ আর সময় নেই—কবে যে সময় আছে তাও জানি নে—কিন্তু এই পর্য্যন্ত। ইতি ১০ অগ্রহায়ণ, ১৩৩৪।

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

ওঁ

শান্তিনিকেতন

কল্যাণীয়েষু—

আমার মনটা ঝোঁকওয়ালা মন—তার বালাই বিস্তর। যখন প্রতিশ্রুতি দিই তখনো ঝোঁকের মাথায় দিই, যখন প্রতিশ্রুতি ভাঙি তখনো ঝোঁকের মাথায় ভাঙি। ধনীর ছেলে বরাবর খাঁ ক'রে চেক্ কেটে এসেচে, কখনো ব্যাঙ্কে সে-চেকের প্রত্যাখ্যান হয়নি,—এই ক'রেই যেদিন তার সম্বল এল ফুরিয়ে, তখনো ফস্ ক'রে চেক্ কাটবার অভ্যেস তার গেল না। তাই হঠাৎ বারবার তাকে আবিষ্কার করতে হয়, যে তার ইচ্ছের সঙ্গে শক্তির সামঞ্জস্য নেই।

আমি যে এখনো সামান্য মাত্রও কাজ করতে পারি এইটেই আমার কাছে আশ্চর্য্য ঠেকে। এমন দিন ছিল যখন সব কাজই অনায়াসে ও সত্বর সম্পন্ন করেচি। সেইজন্যেই কাজ করবার আরম্ভে ভুল ক'রে বসি, মনে করি এখনো তেম্নিই কাজ ক'রতে পারি—তারপরে মনটাকে যেই ডাক পাড়ি সে ষ্ট্রাইক্ ক'রে বসে, হরতাল করে, অনেক সময়েই "successful" হরতাল ঘটায়। আমি যে কি রকম ক্লান্ত, বাইরে থেকে কেউ তা দেখ্‌তে পায় না—দেহ-যাত্রাকে প্রাণপণে লগি ঠেলে শক্তির উজান পথে নিয়ে চলতে হচ্চে।—এমন অবস্থায় কর্ম্মের ঔদার্য্য থাকে না, পদে পদেই কৃপণতা প্রকাশ হ'য়ে পড়ে—ঘাটের থেকে নৌকোটা ভাসিয়ে দিয়ে অনতিবিলম্বে খবর পাওয়া যায় দাঁড় টান্‌বার জোর হাতে নেই। তখন সওয়ারি রাগ করে। রাগ করবার কথাও বটে।

কতকগুলো কাজ আছে যা আমার ভিতরকার মনিবের কাজ, তাকে অবহেলা করায় আমার যে-ক্ষতি যে-অবমাননা সেটা দুঃসহ। একটা দৃষ্টান্ত দিই। আমি কুক্ষণে "যোগাযোগ" ব'লে একটা গল্প লিখ্‌তে বসেছিলেম, কুক্ষণে অক্সফোর্ডের থেকে বক্তৃতার নিমন্ত্রণ গ্রহণ করেছিলেম। গল্প লেখাটায়, বক্তৃতা লেখাটায় আমার ভিতরকার মনিবের তাড়া আছে। সেটা বাইরের কাজ নয়। কিন্তু দিনের পর দিন চ'লে যাচ্ছে কিছুতেই লেখার সময় পাচ্ছিনে। যখন ক্লান্তিতে অভিভূত হ'য়ে থাকি, মন হাজার খুঁটিনাটি কাজের ধাক্কায় উদ্‌ভ্রান্ত, তখন এ-জগতের লেখা লিখ্‌তে বস্‌লে লেখনীর ইজ্জত থাকে না—সে আমার পুরো মন দাবী করে, যখন কিছুই কাজ করচিনে সেই শূন্য অবকাশটার উপরেও তার "রিজার্ভড্" লেবেল্ মারা থাকে। সে কোনোদিন শেয়ারের ঠ্যাকরা-গাড়িতে কর্ম্মস্থানে যেতে অভ্যস্ত নয়। এই সকল কারণে তাকে সুদীর্ঘকাল ওয়েটিং রুমে বসিয়ে রেখেচি—যখন দীর্ঘকাল পরে ডাক্‌তে যাব দেখ্‌তে পাব সে দৌড় মেরেচে। যে-সরস্বতী এতদিন আমাকে প্রশ্রয় দিয়ে এসেচেন, তাঁর পরে এই অবিচার আমি প্রত্যহই করচি। তিনি অনেক ক্ষমা করেন, কিন্তু তাই ব'লে জরিমানার হাত একেবারে এড়াতে পারিনে। কিন্তু সংসারে আমার ক্ষমা নেই—কেননা আমি যে ক্লান্ত আমার শক্তি-প্রদীপের তেল যে ফুরিয়ে এসেচে সেটা তলায় পাত্রটার মধ্যে গোপন থাকে। যার সম্বন্ধেই আমি কর্ম্ম-সঙ্কোচ করতে যাই সে মনে করে তাকেই আমি মমত্বের অভাবে বঞ্চিত

ক'রে এসেছি। যে-সময়টা সাহিত্যকে দিতে পারতুম সেটা বহুলোককে দিতে হয়েচে এমন কিছুর জন্যে যা তাদের পক্ষেও অত্যাবশ্যক নয়।

* * * * * * * *

আর একটি কথা মনে রেখো, য়ুরোপীয় ভাষা পুরাতন,—তার শব্দগুলির অর্থ পাকা হ'য়ে গেছে। বাংলা ভাষাকে আমরা প্রতিদিনই গড়ে' তুলচি—এই জন্যেই আমার ভাষার অনেকখানিই আমারই তাজা থেকে যায়—দীর্ঘকালের সাহিত্যিক ব্যবহারে ভাষাটা যখন যথার্থভাবে প্রচলিত হ'য়ে যাবে তখন একজনের বাণী আর-একজনের পক্ষে প্রতিলিখিত করা সহজ হ'তে পারবে। একথা লিখতে হ'ল কারণ তুমি একটু ভুল বুঝেছ। একটা কথা কিছুতেই ভুলো না, যে, আমার স্বভাবের ত্রুটি থেকে যদি বা কখনো তোমাকে পীড়া দিয়ে থাকি, স্নেহের ত্রুটি থেকে কদাচ নয়। একথাও নিশ্চিত জেনো, তুমি আমার কাছ থেকে আমার ভিতরকার কথা যত আদায় করতে পেরেচ এমন অল্প লোকেই পারে। আমরা স্বভাবতই কথাবিলাসী; এইজন্যে যারা আমাদের বলিয়ে নিতে পারে তাদের কাছে আমরা কৃতজ্ঞ। ইতি—৩রা ফাল্গুন ১০৩৪।

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

ওঁ

কল্যাণীয়েষু—

আমার গেল চিঠিটা ঠিক বোঝো নি। এটাও হয় ত না বুঝতে পারো। স্থ—কে যতখানি বললে আমি খুসি হ'তে পারতুম তা যে বলতে পারি নি তার কারণ সময়াভাব নয়। তুমি ভেবেচ আমি নিজেকে বাঁচাবার জন্যে কৃপণতা করেচি। এর আগে—র কোনো কোনো লেখা কাগজে দেখে ভালো লেগেছিল। ভেবেছিলুম উৎসাহের সঙ্গেই প্রশংসা করতে পারব। কিন্তু তার যে-লেখাগুলি সেদিন পেলাম একসঙ্গে পড়তে গিয়ে দেখলুম তেমন ক'রে বলা চলবে না। অথচ এর মধ্যে ভালোও আছে, কিন্তু সত্য কথা বলতে গেলে হাতে রেখেই বলতে হয়। সেরকম বলতে আমার ইচ্ছে করে না। যাকে একশো টাকা দিলে তবেই মন খুসি হয় তাকে পঞ্চাশ টাকা দিতে বাধে। সেদিন আমাদের একটা ছেলে আমলকি-গাছের সরু ডালে উঠতে গিয়ে প'ড়ে গেল। সে ডালে ফলও আছে, পেড়ে নেবার লোভ সে দেখায়, কিন্তু ভার সয় না। এখানে সাহিত্যিক দায়িত্বের কথা। তোমাদের যা ভালো লাগে, যতটা ভালো লাগে, আমার যদি সেটা ততটা ভালো না লাগে তবে সেটাকে আমার ভালো লাগতে পারার কৃপণতা ব'লে যেন সে মনে না করে। একথা জোর ক'রেই বলতে পারি যে, ভালো লাগবার জন্যে এবং ভালো বলবার জন্যে আমার একটা প্রবল ক্ষুধা আছে—সেইজন্যে ভালো না লাগলে আমি ব্যথিত হই, ভালো না বলতে পারলে আমি বলতেই ইচ্ছে করিনে।

এই কারণেই আমি বারে বারে অনেক বন্ধুকে দুঃখ দিয়েছি এবং হারিয়েছি। সে আমার দুর্ভাগ্য, কিন্তু আমার পাপ নয়।

মানুষের পরস্পরকে সম্পূর্ণ বোঝার অনেক অনিবার্য্য বাধা আছে। ভালোমন্দর মূল্য নির্ণয় সম্বন্ধে ব্যক্তিগত যাচাই প্রণালী আছে। মোটা বিষয়ে নয়, কিন্তু সূক্ষ্ম বিষয়ে প্রভেদ ঘটে। এই সূক্ষ্মের দিকেই আমাদের নিজের বিশেষ মেজাজের ও চরিত্রের হাত আছে ব'লেই এই দিকেই আমরা বেশি ঝোঁক দিই। আঘাতটাও এই দিকেই বেশি লাগে। একজনের জীবনে এমন অনেক কিছুই থাকে যা তার নিজের কাছে মহার্ঘ্য অথচ আর একজনের কাছে তার অস্তিত্ব নেই বললেই হয়। সেটাকে চোখে পড়ে না ব'লেই সে তাকে বাদ দিয়ে দেখে, তার ভার অপরের জীবনে কতখানি অনুমানেই আসে না। সচরাচর একজন আর একজনের চরিত্র চিত্রের যে পরিপ্রেক্ষিত ও ভূমিকা বানিয়ে রাখে তার বাইরে যা আছে তার প্রতি মমতা হারায়। যে রাঁধুনী বামুন ঠাকরুণ আমার রান্নাঘরের কাজ করে তার কাছে যখন কাজের হিসেব নিই তখন একটা কথা ভাবিই না, যে, তার শিশুটি অনেক সময়ে তার হাত জুড়ে কোল জুড়ে থাকে। শিশুটি আমার পক্ষে নিতান্তই অবান্তর ব'লে আমি তাকে একেবারে বাদ দিয়েই রান্নার হিসেব করি। অবশ্যই তাতে বামুন ঠাকরুণের ত্রুটির অঙ্কটা বেড়ে যায়।

* * * * * *

কিন্তু যে-দায় উপর থেকে আমাদের কাঁধে চাপে, সেটাকে নিভৃত হৃদয়ের মধ্যে নিয়ে একাই কাটাতে হয়। সে দায়ের যথার্থ অংশী কেউ নেই। এমন কি সে দায়কে সাধারণে তুচ্ছ যদি না-ও করে, তাকে অপবাদ দেয়। অপবাদ দিতেই পারে, কেননা সংসারের অনেক দাবীকেই সে চাপা দিয়ে থাকে। কিন্তু এমন বিচারকর্ত্তা আছেন যিনি মর্ম্ম জানেন, এবং সব সময়েই ভিতরে ভিতরে তাঁর যা দেয় তা চুকিয়ে দেন। ইতি ৫ই ফাল্গুন ১৩৩৪।

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

ওঁ

কল্যাণীয়েষু

মণ্টু,

পত্র-ব্যবহার সম্বন্ধে তুমি বর্গি-বিশেষ। পোষ্টকার্ডের পত্রপুটে দুচার কথা মুড়ে দিয়ে তোমার খাজনা দায় থেকে নিষ্কৃতি পাবার উপায় নেই। কিন্তু আমার ক্ষেতে যে বুলবুলির ঝাঁক,—কত প্রশ্ন, কত চিঠি, কত চিন্তা, তাদের ছোট ছোট চঞ্চুপুটে ধান উজাড় ক'রে দিয়ে যায়—তোমার মত বর্গির খাজনা দেব কিসে?

বয়স সত্তর হোলো—আমার পরিচয়ের কোঠায় অনুমানের জায়গা প্রায় বাকি নেই। আমি কি, আমি কোন্‌খানে আছি, তা নিয়ে যারা তকরার করে তারা চোখ বুজে করে, তাকিয়ে দেখে না। একদিন কোনো পঁচিশে বৈশাখে যোলো

বৎসর বয়সের মোড়ে এসে দাঁড়িয়েছিলুম, অনেকগুলো পথের সাম্‌নে অনেকগুলো আন্দাজের মুখে। তার মধ্যে সব-গুলোকে বাদ দিয়ে আজকে অন্ততঃ একটাতে এসে ঠেকেছে। এইটুকু নিঃসন্দেহে পাওয়া গেল যে, আমি কবি। কিন্তু শুধু কবি বল্‌লেও সংজ্ঞাটা অসম্পূর্ণ থাকে। কবির প্রেরণা কিসের এবং তার সাধনার শেষ ঠিকানাটা কোন্‌খানে এরও একটা পরিষ্কার জবাব চাই। সে-ও আমি জানি। আবার সব অনুভূতি ও রচনার ধারা এসে ঠেকেছে মানবের মধ্যে। বার বার ডেকেছি দেবতাকে, বার বার সাড়া দিয়েছেন মানুষ, রূপে এবং অরূপে, ভোগে এবং ত্যাগে। সেই মানুষ ব্যক্তিতে এবং সেই মানুষ অব্যক্তে।

বহুকাল আগে "কড়ি ও কোমলে"-এর একটি কবিতায় লিখেছিলুম—

"মানুষের মাঝে আমি বাঁচিবারে চাই"

তার মানে হচ্চে এই, মানুষ যেখানে অমর সেইখানেই বাঁচ্‌তে চাই। সেইজন্যেই মোটা-মোটা নামওয়ালা ছোট ছোট গণ্ডীগুলোর মধ্যে আমি মানুষের সাধনা কর্‌তে পারিনে। স্বাজাত্যের খুঁটি গাড়ি ক'রে নিখিল মানবকে ঠেকিয়ে রাখা আমার দ্বারা হ'য়ে উঠ্‌ল না,—কেন না অমরতা তাঁরই মধ্যে যে-মানব সর্ব্বলোকে। আমরা রাহুগ্রস্ত হ'য়ে মরি যেখানে নিজের দিকে তাকিয়ে তাঁর দিকে পিছন ফিরে দাঁড়াই।

তুমি আমাকে উপরের বেদীতে চড়িয়ে রাখ্‌বে কেমন ক'রে? আমি যে তোমাদের সমবয়সী। আমার এত বড় পাকাদাড়ি নিয়েও আমি তোমাদের সঙ্গে বকাবকি করেচি, ঝগড়া করেচি, আসর জমিয়েচি, এক ইঞ্চি তফাতে স'রে বসিনি। আমার প্রবীণতায় অভিভূত হ'য়ে তোমরাও যে বিশেষ মুখ সাম্‌লিয়ে কথা ক'য়েছ, আমার ইতিহাসে এমন লেখে না। এতে অনেক অসুবিধে হ'য়েচে, সময় নষ্ট হ'য়েচে বিস্তর, কিন্তু মনে একটা গর্ব্ব অনুভব না ক'রে থাক্‌তে পারিনে যে, তোমাদের সঙ্গে অতি সহজেই একাসনে বস্‌তে পারি। এর থেকে বুঝেচি বুড়ো হওয়া আমার পক্ষে অসম্ভব। যারা ধর্ম্মে কর্ম্মে বিষয়-সম্পত্তিতে স্বকীয় বা স্বজাতিক ভাগ বখরার মামলা নিয়ে পেকে উঠ্‌ল কোনোদিন তাদের ছোঁয়াচ আমাকে লাগ্‌বে না। যে-মানব একই কালে "সনাতন" এবং "পুনর্ণব" আমি তাঁরই কাছে কবিত্বের বায়না নিয়েচি—অতএব মানুষের মধ্যে আমি বাঁচ্‌ব, তোমাদের সকলের মাঝখানে, কখনো বা তোমরা আমার গায়ে দেবে ধুলো, কখনো বা মালা-চন্দন। আমি মানুষের অমৃতকে পেয়েচি, তাকে সুখে দুঃখে ভোগ করেচি—আমার রঙীন মাটির ভাঁড়ে তাকে রেখে গেলুম,—অনেক চুঁইয়ে গিয়েও কিছু তার বাকি থাক্‌বে,—অল্প হ'লেও ক্ষতি নেই, কেননা ওজন দরে তার দাম নয়।

তার পর তোমার কবিতার কথা বলি। পরিমাণ দেখে ভয় পেয়ে গিয়েছিলুম। ইতিপূর্ব্বে পদ্যজাতীয় তোমার অনেক লেখাই দেখেচি। বার বার মনে হ'য়েচে বঙ্গবাণীর মধুকোষের পথ তুমি পাওনি, তুমি ছন্দে পঙ্গু। তা নিয়ে

মাঝে মাঝে আমি বিচার ক'রেচি, সেটা নিশ্চয় শ্রুতিসুখকর হয় নি। অপ্রিয় কথা বল্‌বার অপ্রিয় দায় তুমি আমার উপর আবার চাপাতে এসেচ মনে ক'রে উদ্বিগ্ন হ'য়ে উঠেছিলুম।

কিন্তু এ কি ব্যাপার হে? হঠাৎ ছন্দ পেলে কোথা থেকে? গুরুমশায়গিরি কর্‌বার জো রাখোনি। অকস্মাৎ তোমার কান তৈরী হ'য়ে গেল কী উপায়ে? আর তো তোমার ভয় নেই। কিন্তু কাব্য রচনায় খোঁড়া কি ক'রে লাঠি ফেলে দিয়ে খাড়া হ'য়ে উঠে দৌড়ে চলে তার রহস্য আমি বুঝ্‌তে পার্‌চিনে। এক একবার ভাবি তুমি আর কারো কাছ থেকে লিখিয়ে নাওনি তো? সরস্বতী যখন তোমার কণ্ঠে সোনার কাঠি ছুঁইয়ে দিয়েছেন, তখন নব-জাগ্রত ভাষায়, তোমার যা-কিছু বল্‌বার, নিজের জবানীতেই ব'লে যেয়ো। তোমার বল্‌বার কথাও ত' জ'মে উঠ্‌ছে তোমার ভিতরের থেকে। ইতি চৈত্র ১৩৩৭

স্নেহাসক্ত

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

ওঁ

কল্যাণীয়েষু

মণ্টু,

শাস্ত্রে বলে "ভুক্ত্বা রাজবদাচরেৎ"। অর্থাৎ পেট ভ'রে ভোগটার যখন সমাধা হ'য়েছে তখন বাদশার মত গা ঢেলে দিয়ে কুঁড়েমি করবে। জীবনের সুখ দুঃখ ও কর্ম্মভোগ ত' খুব পুরো পরিমাণেই হ'য়ে গেছে, এখন নৈষ্কর্ত্তব্য ছাড়া আর কোনো কর্ত্তব্যই নেই। খুব সাব্লাইম রকমের কুঁড়েমি কর্‌বার জন্যে মনের আকাঙ্ক্ষা—দার্জ্জিলিঙের কাঞ্চনজঙ্ঘা পাহাড়টার মতো—চাষবাস কোনো বালাই নেই, পশুপক্ষীপতঙ্গের কোনো ধার ধারে না—চুপচাপ ব'সে কেবল মেঘে মেঘে রঙ লাগাচ্চে।

শ্রীঅরবিন্দ সম্বন্ধে আমার মনের ভাব তুমি ঠিক মতো ঠাওরাও নি। একটু খোলসা ক'রে বলি। আজকাল প্রায় মাঝে-মাঝে ছবি-আঁকার তাগিদ আসে। তখন দরজা বন্ধ করতে হয়। কলমের মুখে রূপের আবির্ভাব হয় নির্জ্জনে। এই যে দ্বারের বাইরে লোককে ঠেকিয়ে রাখি এজন্যে নিজেকে দোষ দিইনে। স্বয়ং সৃষ্টিকর্ত্তা তাঁর ছবির প্রথম আঁচড় টানেন গোপনে।

ছবি-আঁকা ব্যাপারটা যদিচ নির্জ্জনে, তবু ছবি ব্যাপারটা সর্ব্বজনের। এস্থলে জনতারই কর্ত্তব্য নিষ্কৃতি দেওয়া, রচনাশালায় আড্ডা জমাতে আসা ধৃষ্টতা। যারা ছবি আঁকাটাকেই মনে করে বাজে কাজ তারা বর্ব্বর—তারা যা বলে

বলুক গে, রাগ করে তো করুক। তারা কমিটি মীটিঙের কোয়োরাম রক্ষার জন্যে চেঁচামেচি করে—তখন দরজায় ডবল তালা লাগিয়ে কান বন্ধ করলে দোষ হয় না।

শ্রীঅরবিন্দ আত্মসৃষ্টিতে নিবিষ্ট আছেন। তাঁর সম্বন্ধে সমাজের সাধারণ নিয়ম খাটবে না। তাঁকে সসম্ভ্রমে দূরেই স্থান দিতে হবে—সব সৃষ্টিকর্তাই একলা, তিনিও তাই। আমাদের অভিজ্ঞতা সেইখানেই যেখানে জমেচে সকলের সঙ্গ,—তাঁর উপলব্ধির ক্ষেত্র সকল জনতাকে উত্তীর্ণ হ'য়ে। কিন্তু আমরা সেটা সহ্য করি কেন?—যে জন্যে মেঘকে সহ্য করি দূর আকাশে জমতে—শেষকালে বৃষ্টি পাওয়া যাবে চাষের জন্যে তৃষার জন্যে। কিন্তু কলের পাইপটা যদি মেঘের মধ্যে চালান ক'রে দেওয়া যায় তাহ'লে সহরের মেয়র সাহেবকে কাগজে গাল দিতেই হবে।···

তোমার হাল আমলের কবিতার পরে হস্তক্ষেপ করতে কুণ্ঠিত হই। শব্দের ধারা ও ধ্বনির কল্লোল বাধা পাচ্চে না কোথাও। হঠাৎ তুমি এ-ওস্তাদী কোথা থেকে অর্জ্জন করলে ভেবে পাই নে।

তোমার কবিতার বইয়ের নাম চাও? নামকরণ রূপকরণের চেয়েও শক্ত। রূপের পরিচয় স্বয়ং রূপেই, নাম এসে বেড়া লাগিয়ে দেয়—সীমা নির্ণয়টা ঠিক মতো হয় না। তুমি নাম দাও না—"অনামী"। যার নাম খুঁজে পাই না তারি কথা বলি ছন্দে—ডিক্সনারি দূরে প'ড়ে থাকে। ইতি ৫ই বৈশাখ ১৩৩৮

স্নেহাসক্ত

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

কল্যাণীয়েষু

এইমাত্র কোনো পত্রলেখক আমাকে জানিয়েছেন যে, শরতের বিশ্বাস আমি তাঁর উপর বিরক্ত। যাঁরা আমাকে ভালো রকম জানেন তাঁরা এত বড় ভুল করতেই পারেন না। রাষ্ট্রনীতি বা কোনো বিষয়ে আমার সঙ্গে মতে না মেলাকে আমি কোনোদিনই ফৌজদারী দণ্ডবিধির অন্তর্গত ব'লে মনে করতে পারিনে। আমি যদি কোনোদিন স্বরাজ গবর্মেণ্টের অধিনায়ক হই তাহ'লে তুমি সম্পূর্ণ নিশ্চিন্ত থাকতে পারবে যে আমার সঙ্গে তোমার রাষ্ট্রনীতিক মত-বিরুদ্ধতা থাকা সত্ত্বেও তুমি ধনে প্রাণে সুরক্ষিত থাকবে। শরৎ আমার সম্বন্ধে কোনো অপরাধই করে নি—বোধ করি তুমি জানো শরৎ সম্বন্ধে আমি কখনই অশ্রদ্ধা প্রকাশ করিনে। (সাহিত্য সম্বন্ধে) প্রথম থেকেই আমি তাকে প্রশংসাই ক'রে এসেছি। অনেকে গল্প রচনা সম্বন্ধে শরৎকে আমার 'চেয়ে শ্রেষ্ঠ ব'লে থাকে তাতে আমার ভাবনার কারণ এই জন্যে নেই যে, কাব্য রচনা সম্বন্ধে আমি যে শরতের চেয়ে শ্রেষ্ঠ সে কথা অতি বড় নিন্দুকও অস্বীকার করতে পারবে না। ভাবী কালের লোকের কাছে নিজের স্থায়ী পরিচয়ের দলিল রেখে যাওয়া যদি লোভনীয় হয় তাহ'লে কোনো একটামাত্র

পাকা দলিলই কি যথেষ্ট নয়? তুমি বোধ হয় খবর পেয়ে থাক্‌বে অনেক দিন থেকে আমি হোমিওপ্যাথির চর্চ্চা ক'রে এসেছি—তৎসত্ত্বেও তোমার পরলোকগত মাতামহকে জনসাধারণে আমার চেয়ে বড় ডাক্তার ব'লে থাকে—তখনো আমার এই একটি সান্ত্বনা যে তিনি আমার মত ছোট গল্প লিখ্‌তে পার্‌তেন না। সকলেই বলে আমার চেয়ে তোমার কণ্ঠস্বর ভালো—তা নিয়ে বৃথা অশ্রুপাত না ক'রে আমি ব'লে থাকি, মণ্টুর চেয়ে আমার হাতের অক্ষর অনেক ভালো। ভাবী কালের দখল সম্বন্ধে আমার যদি কোনো দলিল না থাকৃত, এ সংসারে আমার সকল অধিকারই যদি কেবল জীবনস্বত্ব মাত্র হ'ত তাহ'লেও আমি বল্‌তুম, শরৎ চাটুয্যে না হয় ভালো গল্প লিখ্‌তেই পারেন, আমি পারি না ব'লে সে গল্প আমার ভালোও লাগবে না এত বড় বোকামি যে আমার নেই সে আমার কম গৌরবের কথা নয়। সকল বিষয়েই আমার ক্ষমতা যদি সকলেরই সমান না থাকে তাই ব'লেই ক্ষমতাশালীদের যদি ঢুঁ মেরে বেড়াতে থাকি তাহ'লে ভাঙা কপাল যে আরো ভেঙে চৌচীর হ'য়ে যাবে। আমার দেশে যে-কেউ যে-কোনো বিষয়েই শ্রেষ্ঠতা লাভ করুন না কেন আমি যে সেই গৌরবের সরীক। সেই শ্রেষ্ঠতাকে নামঞ্জুর করার দ্বারা নিজেকেই বঞ্চিত করা হয়। আমার দেশে আমার চেয়ে নানা বিষয়েই নানা লোক বড় এই অহঙ্কার জগতের কাছে যেন করতে পারি। শরতের এককালীন চরকা-ভক্তি নিয়ে আমি তোমাদের কাছে বারবার হেসেছি, কখনো হাস্‌তুম না, গম্ভীর হ'য়ে নীরব হ'য়ে থাক্‌তুম যদি আমার মনের মধ্যে লেশমাত্র কাঁটার ক্ষত থাক্‌ত। কারণ ব্যক্তিগত কারণে যার উপরে আমার বিমুখতা আছে তাকে নিন্দা কর্‌তে আমি ভারি লজ্জাবোধ করি। যাকে প্রশংসা কর্‌তে পারিনে তাকে আমি নিন্দাও কর্‌তে নারাজ। যখন আমার হাতে 'সাধনা' কাগজ ছিল তখন আমি সাহিত্যিক স্বল্পায়ুদের ভালোও বলি নি মন্দও বলি নি। বঙ্কিমকে দুই একবার নিন্দা করেছি কেননা তাঁকে প্রশংসা করাই আমার পক্ষে স্বাভাবিক ছিল। শরৎ শুনেছি নিজের আইনে নিজেকে কোন্ দ্বীপান্তরে চালান ক'রে দিয়ে নিঃসঙ্গ বন্দীব্রত গ্রহণ ক'রে ব'সে আছেন—তাঁর ঠিকানা জানিনে—তুমি নিশ্চয়ই জানো; অতএব তাঁকে মোকাবিলায় বা ডাকযোগে জানিয়ো যে সর্ব্বান্তঃকরণে আমি তাঁর কল্যাণ কামনা করি। তিনি চরকা ছেড়ে কলম ধরেচেন তাতে আমি খুসি হয়েছি এই জন্যে যে, তাঁর কলম থেকে দেশোন্নতির যে সূত্রপাত হবে চরকা থেকে তা হবে না—কিন্তু খেয়ালের বশে যদি তিনি চক্রধর হ'য়েই থাকেন তাহ'লেও তাঁর বিরুদ্ধে আমি কখনোই চক্রান্ত করব না।

একটা কথা তোমরা কোনোদিন ভুলো না যে আমার পক্ষপাতী বন্ধুবান্ধবদের মুখভারতী আমার বীণাপাণির পদ্মবনের প্রতিবেশিনী নন্। নিজের ছাড়া আর কারো মতামতের জন্যে আমি দায়ী নই,—যাঁরা আমার অনুকূলবাদী তাঁদের সকলেরই মত যে আমারই মতের কারখানাঘরের ছাঁচে ঢালাই ক'রে আমি মাল চালান ক'রে থাকি এ একেবারেই অসত্য। বস্তুত যাকে বলে দল আমার সে জিনিষটি নেই—আমি ছড়া বাঁধ্‌তে পারি, গান বাঁধ্‌তে পারি, দল বাঁধ্‌তে পারি নে। আমাকে ভালোবাসেন বিধাতার কৃপায় এমন সব লোক নিশ্চয়ই আছেন, কিন্তু আমি গর্ব্ব ক'রে বল্‌তে

পারি যে, আমার অনুবর্ত্তী প্রায় কেউই নেই। অতএব আমার আত্মকৃত পাপের জন্যেই তোমরা আমাকে দণ্ড দিয়ো, vicarious punishment গ্রহণ কর্‌বার মত পরম শক্তি আমার নেই।

আমার সম্বন্ধে বিকৃত ধারণার আবহাওয়াতেই আমার শনিগ্রহ এতকাল আমাকে মানুষ করেছেন। তাই যখন দেখি যাঁরা অনুকূল হ'য়ে আমার কাছে আসেন তাঁরা প্রতিকূল হ'য়ে দূরে চ'লে যান তখন দীর্ঘ নিঃশ্বাসও ফেলি আবার একটু হাস্‌বারও চেষ্টা করি—আমার নক্ষত্রের বাঁকা চালের সঙ্গে আমার বন্ধুরা তাঁদের সিধে চাল যদি না রাখ্‌তে পারেন তাহ'লে আদালতে নিজের কুষ্ঠির নামে ত লাইবেল কেস্‌ আনতে পারি নে। আমার অনুরোধ এই যে, যখন খামকা তোমাদের মনে আমার সম্বন্ধে খট্‌কা লাগ্‌বে তখন তোমার গ্রহাচার্য্যকে ডেকে স্বস্ত্যয়ন করিয়ো—তার খরচ নিজে দিতে আমি রাজি আছি। ইতি ৩ বৈশাখ ১৩৩৩

স্নেহাসক্ত

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

ম্যাণ্ডেলে জেল

৯।১০।২৫

এ কথা কিছুতেই মনে কোরো না যে, আমার দৃষ্টি নিতান্তই সঙ্কীর্ণ। "Greatest good of the greatest number"-এতে আমি যথার্থই বিশ্বাস করি, কিন্তু সে "good" আমার কাছে সম্পূর্ণ বস্তুগত নয়। অর্থনীতি বলে, মানুষের সকল কাজ হয় "productive", নয় "unproductive"; তবে কোন্‌ কাজ যে "productive", তা নিয়ে অনেক বাক্‌বিতণ্ডা হ'য়ে থাকে। আমি কিন্তু কারুকলা বা সে-সংক্রান্ত কোন প্রচেষ্টাকে "unproductive" মনে করিনে, আর দার্শনিক চিন্তা বা তত্ত্ব-জিজ্ঞাসাকে নিষ্ফল বা নিরর্থক ব'লে অবজ্ঞা করিনে। আমি নিজে একজন আর্টিষ্ট না হ'তে পারি—আর সত্যি বল্‌তে কি আমি জানি যে তা নই—কিন্তু সে জন্যে দোষী প্রকৃতি বা ভগবান যাই বল, আমি নই। অবশ্য যদি বল যে আর জন্মের কর্ম্মফল এ জন্মে ভোগ কর্‌ছি, তাহ'লে আমি নাচার। সে যাই হোক্‌, এ জন্মে যে আর্টিষ্ট হ'লুম না তার কারণ, হ'তে পারলুম না; আর আমার বিশ্বাস, শিল্পী জন্মায়, তৈরী করা যায় না," এ কথা অনেকটা সত্য। কিন্তু নিজে আর্টিষ্ট না হ'লেই যে আর্ট উপভোগ করা যায় না, এমন কোন কথা নেই; আর কোনও কলার সমঝদার হ'তে গেলে তা'তে নিজের যেটুকু পরিমাণ দখল থাকা দরকার, আমার মনে হয় তা প্রত্যেক শিক্ষিত ব্যক্তির পক্ষেই সুলভ।

দীর্ঘশ্বাস ত্যাগ ক'রে এ আক্ষেপ কোরোনা যে, সঙ্গীত নিয়ে তুমি সময়টা হেলায় কাটিয়ে দিচ্ছ, যখন শেক্সপীয়রের কথায় বল্‌তে গেলে "the time is out of joint।" বন্ধু, সারা দেশকে সঙ্গীতের বন্যায় প্লাবিত ক'রে দাও, আর

যে সহজ আনন্দ আমরা প্রায় হারিয়ে বসেছি, তা' আবার জীবনে ফিরিয়ে আনো। যার হৃদয়ে আনন্দ নেই, সঙ্গীতে যার চিত্ত সাড়া দেয় না, তার পক্ষে জগতে বৃহৎ কি মহৎ কিছু সম্পাদন করা কি কখনও সম্ভব? কার্লাইল বলতেন সঙ্গীত যার প্রাণে নেই, সে কর্‌তে পারে না হেন দুষ্কার্য্যই নেই। এ কথা সত্যি হোক বা না হোক, আমার মনে হয় যার প্রাণে সঙ্গীতের কোন সাড়া নেই, সে চিন্তায় বা কার্য্যে কখনও মহৎ হ'তে পারে না। আমাদের প্রত্যেক রক্ত-কণিকায় আনন্দের অনুভূতি সঞ্চারিত হোক এই আমরা চাই, কারণ আনন্দের পূর্ণতাতেই আমরা সৃষ্টি কর্‌তে পারি। আর সঙ্গীতের মত এমন আনন্দ আর কিসে দিতে পারে?

কিন্তু আর্ট ও তজ্জনিত আনন্দকে দরিদ্রতমের পক্ষেও সহজলভ্য কর্‌তে হবে। সঙ্গীতে বিশেষজ্ঞতার চেষ্টা অবশ্য ছোট ছোট গণ্ডীর মধ্যে চল্‌বে, আর সেরকম চর্চ্চা হওয়াও উচিত; কিন্তু সঙ্গীতকে সর্ব্বসাধারণের উপযোগীও ক'রে তুল্‌তে হবে। বিশিষ্ট সাধনার অভাবে আর্টের উচ্চ আদর্শ যেমন ক্ষুণ্ণ হয়, তেমনি জনসাধারণের কাছে সুগম না হ'লেও আর্ট এবং জীবনে বিচ্ছেদ ঘটে, আর তা'তে আর্ট নির্জ্জিত ও খর্ব্বই হ'য়ে যায়। আমার মনে হয় লোকসঙ্গীত ও নৃত্যের (folk music and dancing) ভিতর দিয়েই আর্ট জীবনের সঙ্গে যোগ রাখে। ভারতবর্ষে জীবন ও আর্টের মধ্যে এই যোগটি পাশ্চাত্য সভ্যতা প্রায় ছিন্ন ক'রে ফেলেছে, অথচ তার স্থানে নূতন কোন যোগসূত্র যে আমরা পেয়েছি, তাও নয়। আমাদের যাত্রা, কথকতা, কীর্ত্তন প্রভৃতি যেন কোন্ অতীত যুগের স্মৃতিচিহ্ন মাত্র হ'য়ে দাঁড়িয়েছে। বস্তুতঃ যদি আমাদের গুণী শিল্পীরা অচিরে আর্টকে পুনরায় জীবনের সঙ্গে সম্বন্ধযুক্ত না কর্‌তে পারেন, তাহ'লে আমাদের চিত্তের যে কি দৈন্যদশা ঘটবে, তা ভাব্‌লেও শিউরে উঠ্‌তে হয়। তোমার হয়ত মনে আছে তোমাকে আমি একবার বলেছিলাম যে, মালদার "গম্ভীরা" গানের সৌন্দর্য্যে আমি অত্যন্ত মুগ্ধ হয়েছিলাম। তা'তে সঙ্গীত ও নৃত্য উভয়ই ছিল। বাঙলার অন্যত্র ওরূপ জিনিষ কোথাও আছে ব'লে ত আমি জানিনে; আর মালদাতেও ওর মৃত্যু শীঘ্রই অবশ্যম্ভাবী, যদি নূতন ক'রে প্রাণশক্তি ওতে সঞ্চারিত কর্‌বার চেষ্টা না হয়, আর বাঙলার অন্যান্য স্থানেও ওর প্রচলন না হয়। বাঙলা দেশে লোকসঙ্গীতের উন্নতিকল্পে মালদায় তোমার শীঘ্রই যাওয়া উচিত। গম্ভীরার মধ্যে জটিল বা বিশাল বা মহৎ কিছুই নেই,—তার গুণই এই যে তা সহজ, সাধাসিধে। আমাদের নিজস্ব folk-music ও folk-dancing একমাত্র এই মালদাতেই এখনও বেঁচে আছে, আর সেই হিসেবেই গম্ভীরার যা মূল্য। সুতরাং যাঁরা ও-প্রকার সঙ্গীত ও নৃত্য পুনর্জ্জীবিত কর্‌তে চান, তাঁদের মালদা থেকে কাজ আরম্ভ করাই সুবিধা।

লোকসঙ্গীত ও নৃত্যের দিক থেকে বর্ম্মা এক আশ্চর্য্য দেশ। খাঁটি দিশী নাচ ও গান এখনও পুরোদমে এখানে চলেছে, আর সুদূর পল্লীতে পর্য্যন্ত লক্ষ লক্ষ লোককে আমোদ-আহ্লাদের খোরাক জোগাচ্ছে। ভারতীয় সঙ্গীতের বিভিন্ন পদ্ধতিগুলি অনুশীলন করার পর, তুমি যদি ব্রহ্মদেশের সঙ্গীতের চর্চ্চা কর ত' মন্দ হয় না। সে সঙ্গীত হয়ত তত সূক্ষ্ম বা উন্নত নয়, কিন্তু দরিদ্র ও অশিক্ষিতকেও প্রচুর আনন্দ দান কর্‌বার যে ক্ষমতা তার আছে, আপাততঃ আমি

তা'তেই আকৃষ্ট হয়েছি। শুনি নাকি এখানকার নাচও বড় সুন্দর। বর্ম্মায় জাতিভেদ না থাকাতে এখানকার শিল্প-কলার চর্চ্চা কোন শ্রেণী বিশেষের গণ্ডীর মধ্যে আবদ্ধ নয়। ফলে বর্ম্মায় আর্ট চারিদিকে ব্যাপ্ত হ'য়ে পড়েছে। বোধহয় এই কারণে, আর লোকসঙ্গীত ও নৃত্যের প্রচলন থাকার দরুণ, ব্রহ্মদেশে ভারতবর্ষের চেয়ে জনসাধারণের মধ্যে সৌন্দর্য্য-জ্ঞান অনেক বেশী পরিণতি লাভ করেছে। দেখা হ'লে এ বিষয় আরও কথা হবে।

দেশবন্ধুর সম্বন্ধে তোমার সঙ্গে আমি একমত। আমিও সম্পূর্ণ মানি যে, অনেক সময়ে সমাজ বা রাষ্ট্রের বৃহৎ ক্ষেত্রের চেয়ে জীবনের ছোটখাটো ঘটনায় মানুষের মহত্ব ঢের বেশী প্রকাশ পায়। দেশবন্ধুর ব্যক্তিগত জীবনের সঙ্গে ঘনিষ্ঠভাবে পরিচিত হয়েছিলাম ব'লেই তাঁর প্রতি আমার গভীর শ্রদ্ধা ভক্তি, ভালবাসা জন্মেছিল—দেশনেতারূপে তাঁর অনুগামী ছিলাম ব'লে নয়। তাঁর বেশীর-ভাগ ভক্তেরও ঠিক আমার মতই হয়েছিল। বস্তুতঃ তাঁর সহকর্ম্মী ও অনুচর ছাড়া তাঁর অন্য কোন পরিজন ছিল না বল্‌লেই হয়। আমি তাঁর সঙ্গে জেলে আট মাস একসঙ্গে ছিলাম—দু'মাস পাশাপাশি ঘরে, আর ছ'মাস একই ঘরে। এইরূপে তাঁকে সম্পূর্ণ ঘনিষ্ঠভাবে জান্‌বার সুযোগ পেয়েছিলাম,—তাইত তাঁর পদতলে আশ্রয় নিয়েছিলাম।

তুমি শ্রীঅরবিন্দ সম্বন্ধে যা' লিখেছ, তার সবটা না হ'লেও বেশীর ভাগই আমি মানি। তিনি ধ্যানী—আর আমার মনে হয়, বিবেকানন্দের চেয়েও গভীর, যদিও বিবেকানন্দের প্রতি আমার শ্রদ্ধা প্রগাঢ়। আমিও তোমার কথায় সায় দিই যে, "নীরব ভাবনা, কর্ম্মবিহীন বিজন সাধনা" সময়ে সময়ে দরকার হয়, এমন কি দীর্ঘকালের জন্যেও। কিন্তু আশঙ্কা এই যে, সমাজের বা দেশের জীবনস্রোত থেকে নিজেকে দূরে সরিয়ে রাখ্‌লে মানুষের কর্ম্মের দিকটা পঙ্গু হ'য়ে যেতে পারে, আর তার প্রতিভার একপেশে বিকাশের ফলে সে সমাজ বিছিন্ন অতিমানুষের মতন কিছু-একটা হ'য়ে উঠ্‌তে পারে। অসাধারণ প্রতিভাসম্পন্ন দু'চার জন প্রকৃত সাধকের কথা অবশ্য আলাদা, কিন্তু বেশীর ভাগ লোকের পক্ষে কর্ম্ম বা লোকহিতই সাধনার একটা প্রধান অঙ্গ। নানা কারণে আমাদের জাতির কর্ম্মের দিকটা শূন্য হ'য়ে এসেছে, তাই এখন আমাদের দরকার রজোগুণের "double dose"। সাধক বা তাদের শিষ্যদের মধ্যে অতিরিক্ত চিন্তার ফলে ইচ্ছাশক্তি অসাড় যদি না হ'য়ে যায়, তাহ'লে নির্জ্জনে ধ্যান যতদিনের জন্যে তারা করে করুক, আমি তাদের সঙ্গে ঝগড়া কর্‌তে যাব না। কিন্তু আমরা যেন "sicklied o'er with the pale cast of thought" না হ'য়ে পড়ি। সাধক নিজে হয়ত নিস্তেজকারী সকল প্রভাব এড়িয়ে চল্‌তে পারে,—কিন্তু তার চেলারা? গুরুর সাধন-পদ্ধতি কি সজ্ঞানে না হোক অজ্ঞানে তাদের কোন অনিষ্ট কর্‌বে না?

আমি একথা সম্পূর্ণ মানি যে, প্রত্যেকেরই নিজের ক্ষমতার পূর্ণ বিকাশ কর্‌বার চেষ্টা কর্‌তে হবে। নিজের মধ্যে যা সর্ব্বোৎকৃষ্ট, তার দানই হচ্ছে প্রকৃত সেবা। আমাদের অন্তরপ্রকৃতি, আমাদের স্বধর্ম্ম যখন সার্থকতা লাভ করে, তখনই আমরা যথার্থ সেবার অধিকারী হই। এমার্সনের কথায় বল্‌তে গেলে, নিজের ভিতর থেকেই আমাদের গ'ড়ে

উঠ্‌তে হবে ; তা'তে আমরা সকলেই যে এক পথের পথিক হব এমন কোন কথা নেই, যদিও একই আদর্শ হয়ত আমাদের অনুপ্রাণিত করবে। শিল্পীর সাধনা কর্ম্মযোগীর সাধনা থেকে ভিন্ন, তপস্বীর যে-সাধনা বিদ্যার্থীর সে-সাধনা নয় ; কিন্তু আমার মনে হয় এ সকলের আদর্শ প্রায় একই। গোলাকার ব্যক্তিকে চতুষ্কোণ গর্ত্তের মধ্যে পুরতে আর যেই চা'ক না কেন, আমি কখনই চাইনে। নিজের প্রতি সত্য হ'লে বিশ্ব-মানবের প্রতি কেউ অসত্য হ'তে পারে না। তাই আত্মোন্নতি ও আত্মবিকাশের পথ নিজের প্রকৃতিই দেখিয়ে দেবে। প্রত্যেক ব্যক্তি যদি নিজের শক্তি ও প্রকৃতি অনুসারে নিজেকে সার্থক ক'রে তুল্‌তে পারে, তাহ'লে অচিরেই সমগ্র জাতির নব-জীবন দেখা দেয়। সাধনার অবস্থায় হয়ত মানুষকে এমন ভাবে জীবন যাপন করতে হয়, যাতে তাকে বাইরে থেকে স্বার্থপর বা আত্মসর্ব্বস্ব মনে হ'তে পারে। কিন্তু সে অবস্থাতে মানুষ বিবেকবুদ্ধির দ্বারা চালিত হবে, বাইরের লোকের মতামতের দ্বারা নয়। সাধনার ফল যখন প্রকাশিত হবে, তখনই লোকে স্থায়ী বিচার করবে ; সুতরাং আত্ম-বিকাশের সত্যপথ যদি অবলম্বন করা হ'য়ে থাকে, তাহ'লে লোকমত উপেক্ষা করা যেতে পারে। অতএব দেখা যাচ্ছে যে, তোমার সঙ্গে আমার মতের যে বিশেষ পার্থক্য আছে, তা নয়। ইতি।

তোমার স্নেহবদ্ধ—সুভাষ

কল্যাণীয়েষু—

তোমার চিঠিখানি কাল পেয়ে বড় খুসি হলুম। সুভাষের চিঠি বড় সুন্দর—এই লেখার ভিতর দিয়ে তাঁর বুদ্ধি ও হৃদয়ের পরিচয় পেয়ে তৃপ্তিলাভ করেছি। সুভাষ আর্ট সম্বন্ধে যা লিখেছেন, তার বিরুদ্ধে বলবার কিছুই নেই। যেখানে আর্টের উৎকর্ষ, সেখানে গুণী ও গুণজ্ঞদের ভাবের উচ্চশিখর। সেখানে সকলেই অনায়াসে পৌঁছবে এমন আশা করা যায় না—সেইখানে নানা রঙের রসের মেঘ জমে ওঠে—সেই দুর্গম উচ্চতায় মেঘ জমে ব'লেই তার বর্ষণের দ্বারা নীচের মাটি উর্ব্বরা হ'য়ে ওঠে। অসাধারণের সঙ্গে সাধারণের যোগ এমনি ক'রেই হয়, উপরকে নীচে বেঁধে রেখে দিলে হয় না। যারা রসের সৃষ্টিকর্ত্তা তাদের উপর যদি হাটের ফরমাস চালানো যায়, তাহলেই সর্ব্বনাশ ঘটে। ফরমাস তাদের অন্তর্যামীর কাছ থেকে। সেই ফরমাস অনুসারে যদি তারা চিরকালের জিনিষ তৈরী করতে পারে, তাহ'লেই আপনিই তার উপরে সর্ব্বলোকের অধিকার হবে। কিন্তু সকলের অধিকার হ'লেই যে হাতে হাতে সকলে অধিকার লাভ করতে পারে—ভালো জিনিষ এত সস্তা নয়। বসন্তে যে ফুল ফোটে সে ফুল তো সকলেরই জন্যে, কিন্তু সকলেই তার মর্য্যাদা সমান বোঝে, এ কথা কেমন ক'রে বলব ? বসন্তে আমের মুকুলে অনেকেরই মন সায় দিলে না ব'লেই কি তাকে দোষ দেব ? বলব, তুমি কুমড়ো হ'লে না কেন ? বলব কি, গরীবের দেশে বকুল ফুল ফোটানো বিড়ম্বনা—সব ফুলেরই বেগুনের ক্ষেত হয়ে ওঠা নৈতিক কর্ত্তব্য ? বকুল ফুলের দিকে যে অরসিক চেয়ে দেখে না, তার জন্যে যুগযুগান্তর ধ'রেই বকুল ফুল যেন অপেক্ষা ক'রে থাকে, মনের খেদে এবং লোকহিতৈষীদের তাড়নায় সে যেন কচুবন হ'য়ে ওঠ্‌বার চেষ্টা না করে। গ্রীসে সর্ব্বসাধারণদের জন্যেই সফোক্লীস্ এস্কিলাসের নাটক রচিত ও অভিনীত হয়েছিল, কেবল বিশিষ্ট কতিপয়ের জন্যে নয়।

সেখানকার সাধারণের ভাগ্য ভালো যে, তারা কোনো গ্রীসীয় দাশুরায়ের শরণাপন্ন হয় নি। সাধারণকে শ্রদ্ধাপূর্ব্বক ভালো জিনিষ দিতে থাকলে ক্রমশই তার মন ভালো জিনিষ গ্রহণ কর্‌বার উপযুক্ত হয়ে ওঠে। কবিকে আমরা যেন এই কথাই বলি—তোমার যা সর্ব্বশ্রেষ্ঠ তাই যেন তুমি নির্ব্বিচারে রচনা কর্‌তে পারো; কবি যদি সফল হয়, তবে সাধারণকে বল্‌ব—যে-জিনিষ শ্রেষ্ঠ তুমি যেন সেটি গ্রহণ কর্‌তে পারো। যারা রূপকার, যারা রসস্রষ্টা, তারা আর্টের সৃষ্টি সম্বন্ধে সত্য ও অসত্য, ভালো ও মন্দ এই দুটি মাত্র শ্রেণী-ভেদই জানে—বিশিষ্ট কতিপয়ের পথ্য ও ইতরসাধারণের পথ্য ব'লে কোনো ভেদ তাদের সামনে নেই। শেক্‌স্‌পীয়র সর্ব্বসাধারণের কবি ব'লে একটা জনশ্রুতি প্রচলিত আছে, কিন্তু জিজ্ঞাসা করি হ্যাম্‌লেট কি সর্ব্বসাধারণের নাটক? কালিদাস কোন্ শ্রেণীর কবি জানিনে, কিন্তু তাঁকে আপামর-সাধারণ সকলেই কবি ব'লে প্রশংসা ক'রে থাকে। জিজ্ঞাসা করি, যদি মেঘদূত গ্রামের দশজনকে ডেকে শোনানো যায়, তাহ'লে কি সেই অত্যাচার ফৌজদারী দণ্ডবিধির আমলে আস্‌তে পারে না? সর্ব্বসাধারণের মোক্তার যদি কালিদাসের আমলে বিক্রমাদিত্যের সিংহাসন বেদখল ক'রে কালিদাসকে ফরমাসে বাধ্য কর্‌তেন, তাহ'লে মেঘদূতের জায়গায় যে পদ্যপাঠ তৈরী হ'ত, মহাকাল কি সেটা সহ্য কর্‌তেন? আমাকে যদি জিজ্ঞাসা কর, এ-সমস্যার মীমাংসা কী? আমি বল্‌ব মেঘদূত গ্রামের দশজনের জন্যেই, কিন্তু যাতে সেই দশ জনে মেঘদূতে নিজের অধিকার উপলব্ধি কর্‌তে পারে, তারই দায়িত্ব দশোত্তরবর্গের লোকের। যে দশ জন মেঘদূত বোঝে না, তাদের খাতিরে মেঘদূতের বদলে পয়ার-ত্রিপদীর পাঁচালিতে সস্তা অনুপ্রাসের চক্‌মকি ঠোকা কবির দায়িত্ব নয়। কৃত্রিমতা সকল কবি সকল আর্টিস্টের পক্ষেই দূষণীয়, কিন্তু যা সকলেই অনায়াসে বোঝে সেটাই অকৃত্রিম, আর যা বুঝ্‌তে চিত্তবৃত্তির উৎকর্ষ-সাধনের দরকার সেটাই কৃত্রিম, এ-ধরণের কথা অশ্রদ্ধেয়। সর্ব্বসাধারণকে আমরা মনে অশ্রদ্ধা করি ব'লেই রসের নিমন্ত্রণসভায় আমরা বাইরের আঙিনায় তাদের জন্যে চিঁড়ে-দইয়ের ব্যবস্থা করি—সন্দেশগুলো বাঁচিয়ে রাখি যাদের বড় লোক বলি তাদের জন্যেই। শিশুদের আমরা অশ্রদ্ধা করি ব'লেই শিশু সাহিত্যের রচনার ভার গোঁয়ার সাহিত্যিকদের ওপর। তারা ছেলেমানুষির ন্যাকামি করাকে ছেলেদের সাহিত্য ব'লে মনে করে। আমি ছেলেদের শ্রদ্ধা করি, এই জন্যে আমি আমাদের বিদ্যালয়ে যখন ছেলেদের পড়াই তখন তাদের জন্য যথার্থ সাহিত্যেরই আয়োজন করি—এমন সাহিত্য যা আমাদের সকলেরই ভোগের জন্য। অবশ্য আমাকে চেষ্টা করতে হয় যাতে শিশুরা এই সাহিত্যের রস বুঝতে পারে। এ-চেষ্টা ক'রে আমি বিফল হয়েছি, তা বল্‌তে পারিনে।

এত কথা তোমাকে বল্‌বার দরকার ছিল না,—বাচালতা ক্রমে বেশি ক'রে অভ্যস্ত হ'য়ে আস্‌ছে ব'লে বন্ধুসমাজে কথার মাত্রা রাখ্‌তে পারি নে। যাহোক্, সুভাষের চিঠিখানি পাঠিয়ে তুমি আমাকে বিশেষ আনন্দ দিয়েছ—সেই কৃতজ্ঞতাবশতই, আমার ডান হাতের তর্জ্জনী এই খানিক আগে ছুরিতে বিক্ষত হওয়া সত্ত্বেও এতখানি লিখে ফেল্‌লুম।

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

দার্জ্জিলিং

কল্যাণীয়েষু

মন্টু, তোমার পূর্ব্ব চিঠির জবাব দিতে বিলম্ব করি নি। যদি না পেয়ে থাকো তবে পত্র-দৌত্য-বিধাতা ডাকঘরকে দোষ দিয়ো। কিছুদিন হোলো আমার একখানা চিঠি ডেড লেটর অফিস থেকে আমার কাছে ফিরে এসেছিল। বড়ো দুঃখেও মনে মনে হাসি পেল—আমার কতো পত্রই ডাকঘরের গর্ভপাত স্বরূপে মারা গেছে, হিজ্ ম্যাজেষ্টিজ্ পোষ্টাল পাণ্ডারা তাদের সবগুলোকেই কি পিণ্ডি দিয়েচে কেবল এই একটিমাত্র প্রেতকে ছাড়া? এবার তোমাকেও যে চিঠিখানা লিখেছিলুম সেটাও যে কেবলমাত্র মরেচে তা নয় তার কৈবল্য-প্রাপ্তি হয়েচে, সে আর ফিরবে না।

আজকাল খুব দরাজ ভাবে কুঁড়েমি করি, সুতরাং আর যা কিছু কর্ত্তব্য আছে তার অবকাশ খুব সঙ্কীর্ণ হ'য়ে এসেচে। এমন দিন ছিল যখন চিঠি পেলেই তার উত্তর দেওয়া আমার একটা ব্যসনের মতোই ছিল, এখন সেই রিপুটা প্রায় ছেড়েছে বল্‌লেই হয়। ভূতটাকে আমার স্কন্ধ থেকে ঝাড়িয়ে নিয়ে অমিয়র উপরে চালান ক'রে দিয়েছি। অনেকে তার হস্তাক্ষর আমারই মনে ক'রে সযত্নে সংগ্রহ ক'রে রাখ্‌চে। ভাবীকালের প্রত্নতত্ত্ববিদ্‌দের জন্যে গবেষণার খোরাক জমা হচ্ছে। হয়তো ৩০১৩ খৃষ্টাব্দে এই গৌড় দেশেই কোনো পণ্ডিত নিঃসংশয়ে প্রমাণ করবেন যে, রবিঠাকুর ছিল Solar myth, তাঁর একচক্র রথের বঙ্গীয় নাম ছিল অমিয়চক্র, এইজন্য তাঁর বাহনের প্রতি লক্ষ্য ক'রে তাঁকেই বলা হ'ত অমিয় চক্রবর্ত্তী। ডকুমেণ্টরি এভিডেন্স থেকে দেখানো শক্ত হবে না যে, ভারতের পূর্ব্বগগনে যেখানে রবিঠাকুরের পীঠস্থান, অমিয় চক্রবর্ত্তীর অধিষ্ঠানও ঠিক্ সেই একই স্থানে। ভাবী জন্মে আমি হয়ত অতি আশ্চর্য্য পাণ্ডিত্য সহকারে এই মত সমর্থন ক'রে তৎকালীন কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে পুনশ্চ ডাক্তার উপাধি লাভ ক'রে সম্মানিত হব। আশা করি, আমার প্রতিপক্ষ কোনো এক অধ্যাপক আমার আজকের লেখা এই চিঠিখানা হঠাৎ আবিষ্কার ক'রে রবীন্দ্রনাথের ভাবী জন্মান্তরীনকে যথোচিত লাঞ্ছিত করতে পারবে এবং সেই সঙ্গে উপাধিদাতা কলিকাতা বিশ্ববিদ্যালয়কেও।

এবারে তোমার রাণী মাসীর যোগে এই চিঠি তোমার কাছে পাঠাব। বরাহনাগরিকার স্পর্শমন্ত্রগুণে যদি এ চিঠিখানা রক্ষা পায়।

তোমার "আড়াল" কবিতাটি ভালো হ'য়েছে সন্দেহ নেই। ছন্দেরও নূতনত্ব আছে। "দৃষ্টিহারা"* নিয়ে দুশ্চিন্তার কারণ নেই, ওর মধ্যে বিজাতীয়ত্ব অনুভব করলাম না। ইতি

স্নেহরত

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

---

* আমি কবিকে লিখেছিলাম "দৃষ্টিধারা ফল্গুধারা" blind subterrannean currentsএর অনুবাদ মতন শোনাচ্ছে না তো? ১২৮ পৃষ্ঠা

পরম কল্যাণীয়েষু

মণ্টু,

তোমার ভ্রাম্যমানের দিনপঞ্জিকা পেলাম। কাল দিনে রেতে প'ড়ে শেষ ক'রলাম। চমৎকার লাগলো। তবে দুএকটা ত্রুটিও আছে। ভারতের বড় বড় গাইয়ে বাজিয়ের মধ্যে আমার নাম না দেখ্‌তে পেয়ে কিছু ক্ষুণ্ণ হ'লাম। তবে নিশ্চয় জানি এ তোমার ইচ্ছাকৃত ত্রুটি নয়, অনবধানতা-বশতই হ'য়ে গেছে, এবং ভবিষ্যতে এ-ভ্রম যে তুমি শুধ্‌রে দেবে তাতেও আমার লেশমাত্র সংশয় নেই। ওটা দিয়ো, ভুলো না। আর রায় বাহাদুর সুরেন্দ্রনাথ মজুমদার মহাশয়ের "রাঙা জবা কে দিল তোর পায় মুঠো মুঠো" গানটির উল্লেখ? ওটাও চাই। কারণ তিনিও ক্ষুণ্ণ হ'য়েছেন ব'লেই আমার বিশ্বাস। এ তো গেল বইয়ের ত্রুটির কথা, এছাড়া একটা মতভেদের বিষয়ও আছে। তুমি পূজনীয় রবিবাবুর একটা উক্তি তুলে দিয়েছ যে, "সর্ব্বসাধারণকে আমরা মনে অশ্রদ্ধা করি ব'লেই রসের নিমন্ত্রণসভায় বাইরের আঙিনায় তাদের জন্যে চিঁড়ে দইয়ের ব্যবস্থা করি—সন্দেশগুলো বাঁচিয়ে রাখি যাদের বড় লোক বলি তাদের জন্যেই।" কথাটা শুনতে ভালো এবং যিনি লেখেন তাঁর মানসিক ঔদার্য্য এবং নিরপেক্ষতাও প্রকাশ পায় সত্য, কিন্তু আসলে এত বড় ভুল বাক্যও আর নেই। শিক্ষা সভ্যতা কালচারের জন্যে সন্দেশই যে চাই, মণ্টু। সত্যিকারের শিক্ষিত সুকুমার হৃদয় মানুষকে যদি চিঁড়ে মুড়কি খাওয়াও তারা কি পেটকামড়ানিতে সারা হবে না? আর সর্ব্বসাধারণ? অন্ততঃ আজকের দিনে তাদের সন্দেশ দেবে কি ক'রে বল তো—রাতারাতি? আজকের দিনে তারা চিঁড়ে মুড়কিতেই থ্রাইভ করে একথা অস্বীকার করবে কি ক'রে? একটা দৃষ্টান্ত নেও। জনকয়েক এই সর্ব্বসাধারণ পয়সাওয়ালারা তোমাদের মতন দুচারজনের প্রশ্রয় পেয়ে আজকাল রেলগাড়ীতে তৃতীয় শ্রেণী ছেড়ে হঠাৎ দ্বিতীয় শ্রেণীতে উঠ্‌তে আরম্ভ ক'রেছেন। আচ্ছা, কোনো কম্পার্টমেণ্টে এঁদের দুতিন জনকে ঘণ্টা তিন চার ঢুকিয়ে রাখ্‌বার পরে দেখেছ কি কী কাণ্ডটা হয়? আর কারও সাধ্য থাকে, প্রবৃত্তি যাকে সে-কামরা ব্যবহার করে?···একঝুড়ি মাটি থেকে সুরু ক'রে, ছোলা সেদ্ধ, পকোড়া, থুথু···তীর্থসলিল·· সে-দৃশ্য যে দেখেচে সে কি আর কখনো ভুল্‌তে পারে? আসল কথা অন্দরে শোবার-ঘরে ব'সে সন্দেশ সেবা করারও যে একটা যোগ্যতা আছে অর্জ্জন করা চাই। একথা পৃথিবীর সব দেশের বড় বড় চিন্তাশীল মানুষই ব'লেছেন, তুমিও স্বীকার ক'রে থাকো। নইলে অন্দরের দোর খোলা পেয়ে একবার "বাইরের আঙিনার" লোকরা চিঁ হিঁ হিঁ হিঁ হিঁ ক'রে ঢুকে পড়্‌লে আমরা কি আর বাঁচ্‌বো? অতএব এরূপ বিপজ্জনক অতি-উদার বাক্য আর কখনো বোলো না।

তুমি বিলেত যাচ্ছ খবরের কাগজে দেখ্‌লাম। আশীর্ব্বাদ করি তোমার যাত্রা নির্বিঘ্ন হোক্, উদ্দেশ্য সফল হোক্। আমার বয়স হয়েছে; যদি ফিরে এসে দেখা আর না হয় এই কথাটি মনে রেখো আমি চিরদিন তোমার শুভ কামনা ক'রে গেছি। ইতি। ২২শে ভাদ্র ১৩৩৬।

শ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যায়

পরম কল্যাণীয়েষু,

মণ্টু,

ভারি ইচ্ছে ছিল বিলেত যাত্রা উপলক্ষে ইনষ্টিটিউটে তোমার বিদায়-সংবর্দ্ধনায় যোগ দেওয়ায়। কিন্তু এদিকে রেলের ষ্ট্রাইক।···আর নাই-ই গেলাম, চোখের দেখাশোনার এম্‌নিই কি দরকার? এখান থেকেই সমস্ত মন দিয়ে আশীর্ব্বাদ করচি তোমার পথ যেন নির্বিঘ্ন হয়, তোমার যাওয়া যেন সার্থক হয়।···

তোমার "মনের পরশ" ও "ভ্রাম্যমানের দিন-পঞ্জিকা"—দু-খানি বই-ই বড় মন দিয়ে পড়েছি। মনের পরশের শেষটি বড় মধুর। বুকের দরদ দিয়ে যে সংসারটাকে দেখ্‌তে শিখেচে তার লেখার ভিতরে যে কত ব্যথা, কত আনন্দ সঞ্চিত হ'য়ে আছে, এ বইখানি পড়্‌লে তা জানা যায়।···এর শেষ অংশটা যে আমার কত ভালো লেগেছিল তা বল্‌তে পারিনে।

সত্যিকার ব্যথা ও দুঃখের মধ্যে দিয়ে সমস্ত পৃথিবীময় মানুষ যে মানুষের কত আপনার এই কথাটি কত সহজেই না তোমার বইয়ের শেষটুকুতে ফুটে উঠেছে। তাই আমার কেবলি মনে হয়েছিল তুমি বুঝি কার যথার্থ জীবনের দুঃখের কাহিনীটি লিপিবদ্ধ ক'রে গেছ। কিন্তু ফের বলি—এই লিপিবদ্ধ করার প্রণালীটি তোমাকে আর একটুখানি যত্ন নিয়ে শিখ্‌তে হবে। তোমার বাবাকে আমি জান্‌তাম না, তবে তাঁর অন্তরঙ্গদের মুখে শুনি মানুষের বেদনা বোঝ্‌বার দরদ খুব বড় রকমের ছিল। এইটি হয়ত তুমি উত্তরাধিকার সূত্রে পেয়েছ। এখন তোমাকে এই বস্তুটিকে মনের মধ্যে দিবারাত্রি লালন ক'রে তুল্‌তে হবে। ইতি। ফাল্গুন, ১৩৩৩।

তোমাদের

শ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যায়

পরম কল্যাণীয়েষু,

মণ্টু,

কতদিন থেকে তোমার চিঠির জবাব দিতে পারিনি। না জানি কত রাগই তুমি ক'রেছ। সেদিন তোমাদের থিয়েটার রোডের বাড়ীতে গিয়েছিলাম। কিন্তু না ছিলে তুমি, না ছিলেন তোমার ব্যারিষ্টার মাতুল তরু সাহেব। সাহেবের বাড়ী! অপেক্ষা করা রীতি-সঙ্গত, না রীতি-বিরুদ্ধ—শেষ পর্য্যন্ত স্থির হোলো না। আমার সঙ্গে ছিলেন—শ্রীযুক্ত শৈলেশ বিশি—তিনি পাকা লোক। দালালি কাজে সাহেবদের বাড়ীতে বিলক্ষণ যাতায়াত আছে যে। তিনি বল্লেন কার্ড রেখে যাওয়াই এটিকেট—হাঁ ক'রে ব'সে থাক্‌লে এরা রাগ করে। কিন্তু হ'লে হবে কি—কার্ড না থাকায় আমরা নিঃশব্দে ফিরে এলাম।

কালও অনেক রাত্রি পর্য্যন্ত তোমার "দুধারা"-র অনেক যায়গা আর একবার প'ড়ে গেলাম। বাস্তবিকই বইখানি ভালো। অবহেলা ক'রে যেমন তেমন ভাবে প'ড়ে যাবার জিনিষ নয়। মন দিয়ে পড়্বার মতই বই। কিন্তু মুস্কিল কি জানো, মণ্টু? পাঠকের দল প্রায়ই এমনি কুঁড়ে যে বেশি সিঁড়ি ভাঙ্তে হ'লে স্বর্গে যেতেও চায় না—যদি একটুখানি মাত্র ডিগবাজি খেয়ে নরকে গিয়েও পৌঁছতে পারে।···(আমিও ঐ বুলিগুলো মানি নে—যেমন art for art's sake ধর্ম্ম কর ধর্ম্মের সেক—ইত্যাদি। আসল কথা আর্টের উপলব্ধি সকলের এক নয়, ওটা ভিতরের বস্তু, ওর সংজ্ঞা নির্দ্দেশ কর্‌তে যাওয়া এবং তারই পরে এক-ঝোঁকা জোর দেওয়া অবৈধ। ধর্ম্ম, সত্য, প্রভৃতি শুধু কথাই নয় তার চেয়ে বেশি কিছু এটা সর্ব্বদা মনে রাখা চাই। গল্পের উদ্দেশ্য যদি চিত্তরঞ্জন করাই হয় তবুও এই ফ্যাক্টটা থাকে যে ওটা দুটো কথা চিত্ত এবং রঞ্জন। ডাক্তার জি—মজুমদার, এম্-ডি, এবং দিলীপকুমার রায়ের চিত্ত ঠিক্ এক পদার্থ নয়। একটা চিত্ত যাতে খুসিতে ভরে ওঠে অপরটা হয়ত তাতে কোনো আনন্দই পাবে না। একজন উচ্চশিক্ষিত লোককে আমি জানি যিনি তোমার "দু-ধারা"-র পনের-কুড়ি পাতার বেশি এগুতেই পার্‌লেন না, অথচ আমার কি ক'রে যে বইটা শেষ হ'য়ে গেল জান্‌তেই পার্‌লাম না। এমন কি, গল্প লেখার আইন ওতে কতখানি ভাঙা হ'য়েচে তা-ও আমার জান্‌বার ইচ্ছে হয় নি। খুসি হ'য়েছিলাম, তৃপ্তি পেয়েছিলাম এ একটা ফ্যাক্ট; অথচ যদি তর্ক করা হয় যে আর্ট যে কি-বস্তু সে আমি জানিনে বুঝিনে তাহ'লে চুপ ক'রে যাবো।) *···কিন্তু জানো তো আজকাল প্রশংসাপত্রের দাম নেই। কারণ, কথার দাম যাঁদের আছে তাঁরা নিজেরাই তার অমর্য্যাদা করেন। তাই সহজে আমি কথা কইনে। কিন্তু আমার কথায় যাঁরা বিশ্বাস করেন তাঁদের সকলকেই বলি তোমার "দু-ধারা" বইটি যেন তাঁরা শ্রদ্ধার সঙ্গে

---

* ওই বন্ধনীর মধ্যেকার অংশটুকু শরৎচন্দ্র ১৩৩৮ শে কার্ত্তিক মাসের একটি পত্রে লেখেন; এখানে খাপ খায় ব'লে বসিয়ে দিলাম। একথাগুলি লেখেন তিনি আমার একটি চিঠির উত্তরে যাতে আমি তাঁকে লিখেছিলাম যে সাহিত্য রস বিচারে Art for Art's sake শ্রেণীর কোড আমার ভালো লাগে না—যে বুলির বিরুদ্ধে মনস্বী আলডুস হাক্‌সলি তাঁর স্বাভাবিক দীপ্ত ভাষায় লিখেছেন :—

"Life" he said, "life—that's the great essential thing ; You' ve got to get life into your art ; otherwise it's nothing. And life only comes out of life, out of passion and feeling ; it can't come out of theories. That's the stupidity of all this chatter about art for art's sake and the aesthetic emotions and purely formal values and all that. It's only the formal relations that matter, one subject is just as good as another—that's the theory. You've only got to look at the pictures of the people who put it into practice to see that it won't do. Life comes out of life. You must paint with passion and the passion will stimulate your intellect to create the right formal relations. And to paint with passion you must paint things that passionately interest you—moving things, human things. Nobody...can seriously be as much interested in napkins, apples and bottle as in his lover's face, or the resurrection, or the destiny of man....

আদ্যোপান্ত একবার প'ড়ে দেখেন। আমার নিজের তো নেশাই এই, তবুও এতে এমন ঢের কথা আছে—যা আমি ইতিপুর্ব্বে চিন্তা ক'রে দেখিনি।...আর একটা জিনিষ দেখ্‌চি তোমার চমৎকার develop ক'রে উঠ্‌ছে—সে তোমার dialogue.

সেদিন বার্টরাণ্ড রাসেলের Ontline of Philosophy বইখানি পড়্‌লাম। ও বইখানি শক্ত, কিন্তু মুগ্ধ হ'য়ে যেতে হয় মানুষটির সরলতা দেখ্‌লে, এবং অনভিজ্ঞ মানুষকে সোজা ক'রে বুঝিয়ে দেবার চেষ্টা দেখে। আনাড়ি লোকদের ওপর এঁর করুণার অবধি নেই। আহা! এ-বেচারারা ছুটো কথা বুঝুক—সত্যিকার এ ইচ্ছেটুকু যেন এঁর লেখার ছত্রে ছত্রে অনুভব করা যায়। ভাবি যাঁরা বাস্তবিকই পণ্ডিত, জ্ঞানী তাঁদের লেখার সঙ্গে ফোকড়দের লেখার কতই না প্রভেদ! এটা কতই না স্পষ্ট হ'য়ে ওঠে এর পাশাপাশি ওয়েলস্ সাহেবের লেখা পড়্‌লে। এঁর কেবলই চেষ্টা ছুটো বড় বড় কথা চালাকি আর জুজুড়িতেই মেরে দেওয়া। রাসেলের On Education বইটা কিনে এনেচি। ভাব্‌চি কাল পড়ব। আস্‌ছে বছরে বিলেতে একবারটি ঘুরে আস্‌বার জন্যে ধ'রেচ। যদি যাই শুধু এই লোকটিকে একবার চোখে দেখে আস্‌বার জন্যেই যাবো।

সেদিন জন কয়েক ছেলে এসে তোমার "মনের পরশের" ভারি সুখ্যাতি কর্‌ছিলো। তারা বলে এ বইটির সম্বন্ধে আমি যা ব'লেছিলাম তা বাস্তবিক সত্য। শুনে বড় খুসি হ'য়েছিলাম। আমার স্নেহাশীর্ব্বাদ জেনো, মণ্টু।

ইতি। ১৯২৮ সাল।

শ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যায়

পরম কল্যাণীয়েষু,

মণ্টু,

হ্যাঁ, তোমাদের নতুন কাগজ Orient আমাকে পাঠিয়ো। তোমার লেখা বেরুবে ওটা পড়্‌বার জন্যে আমার সত্যিই আগ্রহ হয়। তুমি লিখেচ সাহিত্য ব্যাপারে আমার কাছে তুমি ঋণী,—অন্ততঃ এর সংযম সম্বন্ধে আমার কাছে নাকি অনেক কিছু শিখেচ। ঋণের কথা আমার মনে নেই, কিন্তু এই কথাটা তোমাদের আগেও বলেচি যে কেবল লেখাই শক্ত নয়, না-লেখার শক্তিও কম শক্ত নয়। অর্থাৎ, ভেতরের উচ্ছ্বাস ও আবেগের ঢেউ যেন নিরর্থক ভাসিয়ে নিয়ে না যায়। আমি নিজেই যেন পাঠকের সবখানি আচ্ছন্ন ক'রে না রাখি। অলিখিত অংশটা তারাও যেন নিজেদের ভাব রুচি এবং বুদ্ধি দিয়ে পুর্ণ ক'রে তোল্‌বার অবকাশ পায়। তোমার লেখা তাদের ইঙ্গিত কর্‌বে, আভাস দেবে, কিন্তু তাদের তল্পি বইবে না। শ্রী—তাঁর কি-একটা বইয়ে মরা ছেলের বাপ মায়ের হ'য়ে পাতার পর পাতা এত কান্নাই কাঁদ্‌লেন যে, পাঠকেরা শুধু চেয়েই রইলো—কাঁদ্‌বার ফুরসৎ পেলে না। বস্তুতঃ লেখার অসংযম সাহিত্যের

মর্য্যাদা নষ্ট ক'রে দেয়। হাস্যরসিক—বাবু চমৎকার লিখ্‌তেই পারেন, কিন্তু চমৎকার না-লিখ্‌তে পারেন না। তিনি সত্যিই বড় লেখক, কিন্তু না-লেখ্‌বার ইঙ্গিতটা যে ঠিক বুঝ্‌তে পারেন না একি তাঁর বই পড়্‌তে গিয়ে দেখ্‌তে পাও না? আর এক ধরণের অসংযম দেখ্‌তে পাই—র লেখায়। ছেলেটি লেখে ভালো, বিলেতেও গেছে, কিন্তু এই যাওয়াটাও একটা মুহূর্ত্তের জন্যেও ভুলতে পারে না। বিলেতের ব্যাপার নিয়ে ওর লেখায় এম্‌নি একটা অরুচিকর ভক্তি গদ্‌গদ 'আদেক্‌লেপনা' প্রকাশ পায় যে পাঠকের মন উৎপীড়িত বোধ করে। আমার—মামাকে মনে পড়ে। একবার বৈষ্ণব মেলা উপলক্ষে আমরা শ্রীধাম খেতুরিতে গিয়েছিলাম। মামার বিশ্বাস ছিল, খেতুরির প্রসাদ খেলে অম্বল সারে। ষ্টীমার থেকে গঙ্গার ঘাটে নেমেই মামা অ্যাঃ—ক'রে উঠ্‌লেন। দেখি—ভয়ার্ত্তমুখে এক পা উঁচু ক'রে আছেন।

কি হোলো?

বড্ড কাঁচা শ্রী—মাড়িয়ে ফেলেচি।

তাঁর ভয় ছিল, ভক্তিহীনতা প্রকাশ পেলে অম্বল যদি না সারে? তোমার দোলার ব্যাপারটাও বিলেতের। সেদিন কয়েকটা অধ্যায় পড়্‌ছিলাম। তাতে এই অহেতুক ভক্তি-বিহ্বলতা, অকারণ অসংযত বিবরণের ঘটাপটা নেই। মনে হয় এ ও তো বিলেতে গেছে, জানেও অনেক কিছু, কিন্তু জানানোর মাতামাতি নেই।...যদি কেউ চ্যালেঞ্জ ক'রে বলে—র লেখার মধ্যে মাতামাতি কোথায়—দেখাও দিকি, তবে হয়ত আমাকে প্রত্যুত্তরে শুধু এই কথাই বলতে হবে যে, এ-সব জিনিস এমন ক'রে দেখানো যায় না—রসজ্ঞ পাঠকের মন আপনি অনুভব করে। শ্রীমতী—দেবীর উপন্যাসে দেখ্‌তে পাবে বেদ-বেদান্ত উপনিষৎ পুরাণ কালিদাস ভবভূতি সবাই ঢোক্‌বার জন্যে ঠেলাঠেলি লাগিয়ে দেয়। ছত্রে ছত্রে গ্রন্থকারের এই মনোভাবটিই ধরা পড়ে—ভ্যাখো তোমরা সবাই, আমি কি বিদুষী! কি পড়াটাই পড়েচি, কি জানাটাই জেনেচি। এই আতিশয্য যেন কোনো মতেই প্রশ্রয় না পায়। অথচ বড় ভাব, বড় তত্ত্ব, বড় আইডিয়া, বড় প্রকাশ এই নিয়েই চলা চাই—জীবনেও, সাহিত্যেও। জল পড়ে, পাতা নড়ে, লাল ফুল, কালো জল, আর যায়ে যায়ে ঝগড়া, আর বৌয়ে বৌয়ে মনোমালিন্য—কিম্বা—র কলানৈপুণ্যঃ ঘরের মধ্যে ক'টা আলমারি ক'টা সোফা, প্রদীপে ক'টা সল্‌তে দেওয়া এবং আল্‌নায় ক'টা এবং কি পাড়ের কোঁচানো শাড়ী—এ সকলের দিনও গেছে প্রয়োজনও শেষ হ'য়েছে। ও কেবল লেখার ছলে সাহিত্যকে ঠকানো। তুমি এসব করো না আমি লক্ষ্য ক'রেচি। এতে ও অন্য অনেক কারণে তোমার লেখার মধ্যে আজকাল আমি অনেক আশা পাই, মণ্টু। এবং তোমার একথাও খুব সত্যি যে সবচেয়ে জ্যান্ত লেখা সেই যা পড়্‌লে মনে হবে গ্রন্থকার নিজের অন্তর থেকে সব কিছু ফুলের মতো ফুটিয়ে তুলেছে। তুমিই একদিন আমাকে ব'লেছিলে যে বাংলাদেশে আমার সব বইগুলোর নায়ক-নায়িকাকেই লোকে ভাবে—এসবই বুঝি গ্রন্থকারের নিজের জীবন, নিজের কথা। তাই তো সজ্জন-সমাজে আমি অপাংক্তেয়।

কল্যাণীয়েষু—

তোমার যে কয়টি কবিতা পড়িয়াছি তাহাতে তোমার বিকাশের চিত্র লক্ষ্য করিতে চেষ্টা করিয়াছি সাগ্রহে ও সস্নেহে। আরও সানন্দে পড়িলাম ঋষি অরবিন্দের অত্যন্ত চিত্তাকর্ষক ও চিন্তাপূর্ণ মন্তব্য। ঠিক বলিতে পারি তোমার লেখায় একটি সত্য নূতন সুর বাজিয়াছে—you have struck a new note যিনি আমাদের প্রাণের ও প্রাণের অভিব্যক্তির নেতা তিনিই তোমাকে চালাইতেছেন দেখিয়া পরম আনন্দ লাভ করিলাম।

সাহিত্য জীবনেরই অভিব্যক্তি; উহার অন্ত মানে নাই। যে টানে বা প্রেরণায় বিশ্ব ঘুরিতেছে বা সিন্ধুকে আলোড়িত দেখি, সেই টানের দিকে বা বীজমন্ত্রের দিকে যাহাদের নজর পড়ে নাই বা যাহারা কান পাতে নাই, তাহারা কয়েকটি ফুটন্ত রমণীয়তার অথবা বুদ্‌বুদের পানে তাকাইয়াই ভোগের ক্ষুধা মিটাইতে চায় আর সেই ক্ষুধার তৃপ্তির আনন্দ বা অতৃপ্তির জ্বালায়ই কবিতা লেখে; অর্থাৎ যে যেমন, সে সেই চিত্রই ফুটায়। বেশির ভাগ লোক এই সহজ ভোগ্য সামগ্রীকেই আদর করে। যে রচনার নিয়তি সহজ ভোগ্য হইবার দিকে তাহাকে রূপের ঝলকে ও মোহন ঝঙ্কারে খাড়া না করিলেই নয়। যে যুবতীর আকৃতি প্রাকৃতিক ভাবেই মধুর নয়, তাহাকে বল্কল না পরাইয়া লোকে ভয়ে ভয়ে নানা ভূষণ পরায়।

ঢেউয়ের মাথার উপরকার ফেনায় যে বুদ্‌বুদ ফোটে আলোকের ঝলকে সেগুলি রমণীয় হয় বই কি; তবে বুদ্‌বুদ ও ঢেউ যে অতলের প্রশান্তির উপরে খেলা করে সেদিকে যাহার অনুভূতি যত অধিক সে তত পরিমাণে সীমার মধ্যে অসীমের ইঙ্গিত দিয়া রচনাকে চিরস্থায়ী করিতে পারে। তোমার রচনায় এই ইঙ্গিত যথেষ্ট ফুটিতেছে লক্ষ্য করিলাম ও সেই জন্যই রচনা এত মনোহর হইয়াছে।

প্রাচীন ছন্দ সম্বন্ধে একটি কথা বলি। প্রাচীনের চিন্তার ধারা যে অবস্থার ফলে, যে ভাবে ছুটিতে গিয়া যে সব ছন্দের কাঠাম গড়িয়াছে, সে কালের সেই ভাবের অনুভূতি জন্মিলে সে ছন্দ একালে মনোহর হইতে পারে। আমাদের শিক্ষায়, পরিবর্ত্তনে ও বিবর্ত্তনে যে নূতনত্ব পাইয়াছি তাহাকে আমরা মুছিয়া ফেলিতে পারিনা, তবুও প্রাচীনতার সৌন্দর্য্যে ডুবিতে পারি ও প্রাচীন ছন্দের গতিতে নূতন ভাব বহাইতে পারি। আমি লক্ষ্য করিলাম তুমি প্রাচীনের মহিমায় যেখানে মুগ্ধ হইয়াছ, সেখানে তোমার প্রাচীনের ছন্দ বেশ খাটিয়াছে।

"বাণী" কবিতাটির সংস্কৃত মদিরা ছন্দ যথার্থ-ই ছন্দের সহজ গতিতে ও পদ-বিন্যাসে সুললিত হইয়াছে; তবে আমি সঙ্গীতে একেবারেই অনভিজ্ঞ,—কাজেই গানের সুরে আঁখরের পদগুলি কেমন শুনাইবে, তাহা ধরিতে পারিনা। তবে মাত্রা বৃত্তে চরণগুলি অবশ্য খুবই স্বাভাবিক ভাবে বসিয়াছে, তাই মনে হয় স্বর সংযোগে ভালই হইয়াছে, কেননা গানে তুমি ওস্তাদ। "শিব" কবিতাটিতেও তোটক ছন্দ খেলিয়াছে ভালো। "লক্ষ্মী" কবিতাটিও রুচিরা ছন্দে যথার্থ-ই খুবই মনোহর ও শ্রুতি মধুর লাগিল। কিন্তু তোমার "দরদী" ও "প্রার্থনা" কবিতা সম্বন্ধে কিছু বলিবার আছে। আমার কাণে খুবই ভালো লাগিয়াছে—বিশেষতঃ "দরদী" কবিতাটি। ভাব সম্পদে ছন্দ-লালিত্যে, ধ্বনিবৈশিষ্ট্যে বাংলাভাষার

একটি অপূর্ব্ব কবিতা বলিয়া আমার মনে হয়। কিন্তু তবু আমার মনে হয় পাঠকেরা যদি ঠিকভাবে পড়িতে না পারে তবে এ দুটি কবিতার ভাব গ্রহণে ত্রুটি ঘটিবে। কারণ ছন্দের প্রবাহে ভাবের যে স্ফুরণ আছে তাহা বেতালা পড়িলে সে ভাবের রস কেহ অনুভব করিতে পারিবে না।

সত্যেন্দ্রনাথ সম্বন্ধে জিজ্ঞাসা করিয়াছ। তাঁহার কয়েকটি বিক্ষিপ্ত কবিতা ছাড়া তাঁহার রচনা আমার কোনোদিনই ভালো লাগে নাই। আমার মনে হয় রবীন্দ্রনাথের স্নেহাতিশয্যেই তিনি বাংলাদেশে কবি খ্যাতি লাভ করিয়াছিলেন।

একালে যাঁহাদের রচনা popular হইয়াছে বা হইতেছে আমি প্রায় তাঁহাদের কাহারও লেখার সহিতই পরিচিত নই। কাজেই বলিতে পারিব না তোমার রচনা লোক প্রিয় হইবে কিনা। নাই-ই যদি হয় তবুও তোমাকে তোমার মত করিয়াই লিখিতে হইবে ও অল্পলোকের রসগ্রহণে তুষ্ট থাকিতে হইবে। তা ছাড়া কবিতা লোকপ্রিয় হউক—ইহা যে কোনো একটা আদর্শ ই নহে তুমি নিজেও খুব ভালো করিয়াই জানো।

তোমার কবিতার সঙ্গে হারীনের ইংরাজী কবিতা ও অনুবাদ পড়িলাম। অতি চমৎকার হইয়াছে। হারীন যখন বালক তখন স্বর্গীয় ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরি কয়েকটি রচনা আমাকে পড়িতে দিয়াছিলেন তখনই মুগ্ধ ও আশ্চর্য্য হইয়াছিলাম। কবিতা-গুলি স্বভাব কবির স্বতঃ-উৎসারিত মনোহারিত্বে মণ্ডিত।

শ্রীমীরা দেবীর রচনা সম্বন্ধে শুধু এইটুকু বলিতে ইচ্ছা হয় যে তাঁর প্রতি কথা দিব্যভাবে গরিমাময়। ইতি।

তোমার স্নেহবদ্ধ

শ্রীবিজয়চন্দ্র মজুমদার

প্রীতিভাজনেষু—

আপনার 'অনামী' শীগ্‌গিরই প্রেসে যাচ্ছে শুনে খুব খুসি হ'লাম। ও বইয়ের অন্তর্গত সব না হোক্ বেশির ভাগ কবিতার পাণ্ডুলিপি দেখ্‌বার সৌভাগ্য আমার হ'য়েছিলো। স্বীকার করবো, গোড়ায় আপনার কবিতার আমি বিশেষ ভক্ত ছিলাম না; ছন্দোভঙ্গ প্রায়ই রসোপভোগকে ব্যাহত কর্‌তো—এবং কবিতার পক্ষে এ-ত্রুটি গুরুতর। কিন্তু ক্রমে ছন্দে আপনার সম্পূর্ণ দখল জন্মালো; এবং তার পর থেকে আপনার অনেক কবিতা প'ড়ে আমি অবিমিশ্র আনন্দ পেয়েছি।

তবু এ-ও আমার মনে হয় যে আপনার কবিতা সে জাতের নয়, যা বাঙ্‌লাদেশের পাঠকসাধারণের প্রিয় হ'তে পারে। প্রথম কথা আপনার কবিতার সূক্ষ্ম আধ্যাত্মিকতা; রূপকের সাহায্যে বাস্তবের প্রকাশ বেশির ভাগ লোক উপলব্ধি করতে পারবে না। আপনি বাঙ্‌লা কবিতার প্রচলিত প্রথা গ্রহণ না করে' সম্পূর্ণ নিজস্ব একটি টেকনিক গঠন করেছেন; আপনার কাব্য উপভোগ কর্‌বার আগে সেই বিশেষ টেকনিকে শিক্ষিত হওয়া দরকার। যাদের

সহানুভূতি উদার নয়, মননশক্তি গভীর নয়, তারা সে শিক্ষা গ্রহণ করতে পারবে না ; তাদের পক্ষে আপনার কবিতা দুর্ব্বোধ্য হেঁয়ালি থেকে যাবে। আপনার কবিতা সাধারণ পাঠকের জন্য নয়। এবং এ-কথা আপনি নিজেও জানেন।

আমার নিজের কথা বল্‌তে পারি, বাঙ্‌লা কাব্যসাহিত্যে আপনার 'অনামী'কে আমি সাদরে সম্ভাষণ করছি ; ও-রকম কবিতার প্রয়োজন ছিলো। বাঙ্‌লাদেশ গীতগোবিন্দের দেশ ; বাঙালী পাঠক কবিতার ধ্বনি-মাধুর্য্যের ভক্ত—বড় বেশি ভক্ত। এত বেশি ভক্ত যে ছন্দের টুংটাং পেলে সে আর কিছু চায় না ; যে-কবিতা পড়্‌তে-পড়্‌তে নৃত্য না-করা যায়, তাকে কবিতার আসন দিতেই সে প্রস্তুত নয়। কবিতার প্রকৃত রসবস্তু বেশির ভাগ পাঠকই খোঁজেন না—এবং পেলেও বোঝেন না। নইলে বলুন, সত্যেন্দ্রনাথ দত্তও প্রথম শ্রেণীর কবি ব'লে স্বীকৃত হন্‌!—এবং গোবিন্দচন্দ্র দাসের নাম লোকে কদাচিৎ উল্লেখ করে! বাংলাদেশের একমাত্র কাব্যসংগ্রহে স্বয়ং রবীন্দ্রনাথের যে-সমস্ত কবিতা সঙ্কলিত হ'য়েছে, তাদের বেশির ভাগ ছন্দের কারুকার্য্যের জন্যেই উল্লেখ যোগ্য। সমস্ত 'মহুয়া' খুঁজে খুঁজে কি না "সাগরিকা"র মত একটা বাজে কবিতা নির্ব্বাচন করা হ'ল! কারণ কী? না, সাগরিকা পড়তে পড়তে নৃত্য করা যায়। কবিতাকে মিলে, অনুপ্রাসে, অলঙ্কারে, ছন্দোমাধুর্য্যে একেবারে জমকালো হ'তে হবে ; নতুন-বড়লোক-গিন্নির মত তার পা থেকে মাথা পর্য্যন্ত সোনার গয়না, দশ আঙুলে দশটা হীরের আংটি থেকে আলো ঠিক্‌রে বেরুচ্ছে—এ না হ'লে কি আর কবিতা হ'ল? রবীন্দ্র পরবর্ত্তী যুগের কবিদের ছন্দসরস্বতীই একমাত্র উপাস্য দেবী ; তাঁরা শুধু কানকে খুসি করেছেন, মনকে স্পর্শও করতে পারেন নি। তাঁদের মধ্যে কোনো কাব্যের ঝোঁক ছিলো না ; রবীন্দ্রনাথের প্রভাবে ছন্দগুলোকে আয়ত্ত করে' সস্তা প্রাচুর্য্য ও চাতুর্য্যে তাঁরা রঙীন খেলেনার দোকান খুলেছিলেন। বাঙ্‌লা কাব্যের এ-যুগটা বন্ধ্যা, একেবারে নিষ্ফল।

আপনি জানেন কবিতার এই ছন্দসর্ব্বস্বতার বিরুদ্ধে আমি মতে ও আচরণে বিদ্রোহ করে' এসেছি। আমার নিজের কবিতার বই 'বন্দীর বন্দনা' সম্বন্ধে অনেকে বলেছেন যে, বইটা একঘেয়ে। একঘেয়ে—মানে ছন্দের বৈচিত্র্য নেই, কথা নিয়ে acrobatic tricks নেই। একদল লোকের কাছে—যে যত বেশিরকম ছন্দ নিয়ে কসরৎ করতে পারে, সে-ই তত বড় কবি। একথা সেই দলকে বোঝানো মুস্কিল, ছন্দের বৈচিত্র্য যে অনেকে এড়িয়ে চলেন, সেটা অক্ষমতার জন্য নয়, ছন্দ নিয়ে সার্কাস করা তাঁদের পক্ষে হীন কাজ বলে'। যিনি প্রকৃত কবি, মনকে মুগ্ধ করবার জন্য ছন্দ-ঝঙ্কারের শরণ নেবার প্রয়োজন তাঁর হয় না। তাঁর গাঢ় হৃদয়াবেগ নিজের ছন্দ, নিজের ধ্বনি-গাম্ভীর্য্য সৃষ্টি করে। চমক লাগাবার জন্য বিচিত্র মিল বা বিচিত্র পংক্তি আয়োজনের সাহায্য নেবার প্রয়োজন তাঁর হয় না। কবিতার আসল কথা হচ্ছে rhythm ; rhythm নিয়েই 'ধ্বনি', যার জন্য সাধারণ গদ্য থেকে কবিতাকে চিনে' নিতে পারে ; এবং অত্যন্ত ভালো গদ্যেও যা পাওয়া যায়। ধ্বনি যেখানে অপ্রতিহত গভীরতা

লাভ করেছে, গম্ভীর স্বরের আত্মঘোষণা যেখানে শুনতে পাই, সেখানেই কাব্যের শ্রেষ্ঠতা উপলব্ধি করি ; তার তুলনায় অলঙ্কার-ভারাক্রান্ত অর্থ-হীনতার ভাল্‌গ্যারিটি অসহ্য ঠেকে ।

আমাদের দেশে ছন্দকুশলতাকে যে-অতি প্রাধান্য দে'য়া হয়, এই মূঢ়তাকে খণ্ডন করবার সময় এসেছে। আপনার কবিতার দীপ্তি বহিরবয়বের ওপর ততটা নির্ভর করে না ; তার প্রতিষ্ঠা ভাব গৌরবে। আমার নিজের কথা বলতে পারি, আমি এই ধরণের কবিতার ঘোর পক্ষপাতী। কবিতায় যা প্রাণ—সেই হৃদয়াবেগের প্রগাঢ়তা পেলে শব্দের roughness বা austerity শুধু যে ক্ষমা করতে পারি তা নয়, উপভোগ করি। অবিশ্যি austerity বা roughness মানে তালভঙ্গ নয়, rhythmএর অসম্পূর্ণতা নয়। শ্রেষ্ঠ কবিতায় প্রাণ ও বহিরবয়বের অবিচ্ছেদ্য সম্বন্ধ ; সেখানে formকে তার থেকে আলাদা করে' নিতে পারি নে। আমি নিছক বহিঃসৌন্দর্য্যের উপাসক নই ; কবিতা যদি মনকেই নাড়া না দিলে, তাহ'লে যতই ঘটা ক'রে তাকে সাজানো হোক্, তা যে মিথ্যা সে মিথ্যাই থেকে যাবে। কেবল কথা নিয়ে খেলা করে' করে' বাংলা কবিতা আজ নিতান্ত অ্যানেমিক হ'য়ে পড়েছে ; এখন তেজোময় প্রাণসঞ্চার দরকার। মিন্‌মিনে চিন্‌চিনে অতিমাধুর্য্য ঢের হ'য়েছে, আর নয়। ইতি

শ্রীতিমুগ্ধ

শ্রীবুদ্ধদেব বসু। ২৯।১২।৩১

শ্রীঅরবিন্দ শ্রীচরণেষু

শ্রীবুদ্ধদেব বসুর পত্রটি আপনাকে পাঠাচ্ছি বিশেষ ক'রে এই জন্যে যে এঁর "বন্দীর বন্দনা" প'ড়ে আপনি লিখেছিলেন আমাকে : "Buddhadeva has certainly remarkable powers. His Bandir Bandana is strikiug for so young a poet. There is an extraordinary power of Ianguage and a great force in the writing and a strong flow in the verse. The thought-substance I find a little deficient. less mature, rather crude in places. This kind ot God-baiting, due, I suppose, to Russian influence, seems to be now popular in the "advanced" minds of the East—but it is childish and out-of-date. Russia is still in the nursery in these matters, but I don't see why millennial India and China should want to prelude their new life by a second childhood. This kind of thing was done and done with in Western Europe fifty years ago, and done, too, in a much more profound, and as I may say, grown-up manner.

Apart from that, the gifts he begins with are considerable, and if he develops and achieves depth and subtlety as well as power—for power is not enough—and if he can acquire acquire more of the inevitable in his language and rhythm, a greater Power of what

has been called architec-tures in poetry—(something that corresponds to design in painting and the arrangements of masses in architecture)—may lead to something very great. One can be a famous poet without these things, but it is these gifts that mark the greater immortals. The great danger for him arises from his early facility—for that sometimes stands in the way of the arduous growth that alone can raise the poetic stature to the level of the highest summits."......

রবীন্দ্রনাথও সাধে মুগ্ধ হ'ন নি এঁর কবিতা পড়ে। কিন্তু শুধু কবিতা লেখা না কবিতা সম্বন্ধে ওঁর একটা সহজাত অন্তর্দৃষ্টি আছে ও স্বাধীন নির্ভীক রসবোধ আছে যা আমাদের দেশে বড়ই বিরল। সত্যেন্দ্রনাথ সম্বন্ধে বুদ্ধদেব আমাকে একাধিক পত্র লিখেছেন, তাদের অধিকাংশ কথাই সত্য শুধু এইটুকু ছাড়া যে সত্যেন্দ্রনাথ অকবি হওয়ার দরুণ তাঁর সৃষ্ট ছন্দের কাব্যমূল্য নেই। নতুন ছন্দ সৃষ্টি করার মূল্য আছেই যদিও শুধু নতুন ছন্দ সৃষ্টি ক'রে কবি হওয়া যায় না—যেজন্যে সত্যেন্দ্রনাথ কবি পদবাচ্য নন। কিন্তু একসময় ছিল যখন সত্যেন্দ্রনাথের "ছন্দের টুং টাং" আমার ভালোই লাগ্‌ত—মানে, তরুণ বয়সে। পরে রসবোধ গভীরতর হতে বুঝেছি কেন সত্যেন্দ্রনাথের কবিতা কাব্য পদবাচ্য নয়। মনস্বী রসিক আচার্য্য বিজয়চন্দ্র সেদিন যথার্থ ই আমাকে লিখেছেন: "মনে হয় রবীন্দ্রনাথের স্নেহদৃষ্টিতেই সত্যেন্দ্রনাথ দেশে কবি খ্যাতি পাইয়াছিলেন। এ কথা খানিকটা সত্য যদিও পুরো সত্য নয়। কারণ সত্যেন্দ্রনাথের কবিতার ছন্দের সস্তা চটকও তাঁর কবিতাকে অনেকখানি লোকপ্রিয় করেছিল বই কি। তা ব'লে আবার এ-ও প্রমাণ হয় না—যা এ পত্রে বুদ্ধদেব বলছেন—যে লোকে খাঁটি জিনিষের আদর করতে একদম জানেনা। যদি একদম না জান্‌ত তবে রসজ্ঞ মহলে বঙ্কিম মাইকেল রবীন্দ্রনাথ শরৎচন্দ্র দ্বিজেন্দ্রলাল গোবিন্দচন্দ্র দাস, মোহিতলাল বুদ্ধদেব প্রেমেন্দ্র মিত্র নিরুপমা দেবী প্রভৃতির আদর হ'ল কেমন ক'রে? তবে লোকে যে অনেক সময় মুড়ি মিছরির একদর করে তার কারণ সাঁচ্চা ও মেকির তফাৎ বুঝতে হ'লে যতটা সূক্ষ্ম রসবোধ দরকার ততটা সৌকুমার্য্য কোনো দেশের জনসাধারণেরই থাকে না। বিখ্যাত আলডুস হাক্সলি এই কথাই ব'লেছেন তাঁর Along the Road-এ একটি সুচিন্তিত প্রবন্ধে:

"That it is difficult to tell the genuine from the sham is proved by the fact enormous numbers of people have made mistakes and continue to make them. Genuineness, as I have said, always triumphs in the long run, but at any given moment the majority of people, if they do not actually prefer the sham to the real, at least like it as much, paying an indiscrminate homage to both."

এসম্বন্ধে কল্পনা কুমারকে লেখা পত্রে আমার আরও যা যা বক্তব্য ছিল ব'লেছি। আমি শুধু ব'লে রাখি সত্যেন্দ্রনাথকে মানুষ হিসেবে আমি শ্রদ্ধা করতাম তবে কবি হিসেবে তাঁর বিরুদ্ধে যে কিছু বলতে বাধ্য হ'য়েছি তার কারণ তাঁর কাব্যাদর্শে বাংলায় অনেকেরই ঠিকে ভুল হ'য়েছে মনে করার কারণ আছে। ইতি—

প্রণত

দিলীপ

মণ্টুদা ভাই,—

আপনার চিঠি ও শ্রীমার (মীরা দেবীর) কথোপকথনগুলি পেয়েছি। এগুলি প'ড়ে আমার ভারি উপকার হ'য়েছে; শুধু ভালো লেগেছে নয়, অনেকদিনের পর তৃষ্ণার বস্তুকে অত্যন্ত অপ্রত্যাশিত ভাবে পেলে যত ভালো লাগে তত ভালো লেগেছে। আপনি কোন্ কোন্ প্রশ্নগুলি ক'রেছিলেন নম্বর দিয়ে বুঝিয়ে দেবার কোনো প্রয়োজন ছিলনা।···শ্রীমার মনের কী অসীম পরিধি! বল্‌বার ভঙ্গী কী প্রশান্ত স্বচ্ছ! হ্যাভেলক এলিসের Dance of life-এর কোন এক স্থলে প'ড়েছিলাম, জীবনের সর্ব্ববিধ সমস্যার গোড়াকার কথাটা হচ্ছে "a question of harmony"—সেই কথাটাই শ্রীমার কথোপকথন পড়তে পড়তে বার বার মনে হয়েছে। রাসেল প্রভৃতি অনেক তীক্ষ্ণধী মানুষও যখন কর্ম্ম নিয়ে আলোচনা করতে ব'সেচেন তখন তাঁদের সমাহিত harmony প্রায়ই নষ্ট হ'য়ে গেছে দেখেছি, তীব্রতার আভাবে সত্য হ'য়েছে বাষ্পাচ্ছন্ন। কিন্তু ধরুন শ্রীমার কথোপকথনে যেখানে প্রশ্ন র'য়েচে "What is the aim of religion? is it an obstacle to spiritual life?" সেখানে তাঁর উত্তর, তাঁর কথাবার্ত্তা, সমাহিত প্রশান্তি, গভীর দৃষ্টি সুন্দর সামঞ্জস্যের মধ্য দিয়ে আস্তে আস্তে কেমন সহজ ছন্দেই না স্ফুট হ'য়ে উঠেছে! আনুষ্ঠানিক ধর্ম্মের বিরুদ্ধে তাঁর অভিযোগ কারুর চেয়েই কম নয়, কিন্তু এতটুকু তীব্রতার আভাব নেই, যেটুকু কাজে সে লেগেচে সেটুকু তিনি কী চমৎকার ক'রেই না দেখিয়েছেন। নয়? রাসেলের এ সম্বন্ধে কথাবার্ত্তার দু একটা টুকরো আমার মনে র'য়েচে কিন্তু সে প'ড়ে কই মন তো এমন ভ'রে ওঠে না? বুদ্ধির প্রখরতায় বিস্ময় আসে—সত্য, কিন্তু প্রশান্তির অভাব তো কিছুতেই ঢাকা দিয়ে রাখতে পারা যায় না।···

শ্রীমাকে একটা প্রশ্ন করা হ'য়েছিল—যোগের দ্বারা এমন শক্তি অর্জ্জন করা সম্ভব কি না যাতে ক'রে সমস্ত রকম প্রশ্নের এমন-কি সর্ব্ববিধ জটিল সমস্যার সমাধান হওয়া সম্ভব। উদাহরণ দেওয়া হয়েছিল যেমন—থিওরি অব রিলেটি-ভিটি। এর উত্তরে শ্রীমা যা বলেছেন আমার ভারি ভালো লেগেচে: "The very common conception that you can put any ignorant question to the yogi as to some super school-master or demand from him any kind of information past, present or future and that he is bound to answer, is a foolish idea. It is as inept as the expectation from the spiritual man of feats and miracles that would satisfy the vulgar external mind and leave it gaping with wonder."

সত্যি আমারও মনে হয় এরকম প্রশ্নের attitude-টাই ভালো নয়। এর মধ্যে আছে একটা charlatan-এর মনোভাব, নয়? থিওরি অব রিলেটিভিটি এক নিমিষে প্রত্যক্ষ করব, এতবড় একটা জটিল বিষয়কে যদি কোনো সহজ পথে আবিষ্কার করা যায় যাতে না আছে বৈজ্ঞানিক সাধনা, না তপস্যার কঠোরতা—তবে মন্দ কি? এই হচ্ছে এ ধরণের প্রশ্নের পিছনকার কৌতূহলী মনোভাব। শ্রীমা কেমন সুন্দর দেখিয়েছেন যোগের কাজই এ নয়—সে-রাজ্যে ও বাসই করে

না যেখানে প্রতিপদের লোককে অভিভূত ক'রে আমাকে কাজ করতে হবে। কিন্তু মানুষ এই ধরণের কাজ আদায়ই চায় —সহজ সুবিধের জন্য। ধরুন যেমন Whitehead সাহেব তাঁর Religion in the Making বইটিতে ক'রেছেন intuition এর বিরুদ্ধে : "Another objection against this appeal to such an intuition merely expirienced in exceptional moments is that the intuition is thereby a function of these moments. Thus the intuition becomes a private psychological habit and is without general evidential force." অর্থাৎ আদালতের সাক্ষ্যের মূল্য intuition-এরও থাকা চাই নইলে ডিক্রি হবে তার বিরুদ্ধে। এ-মনোভাব সত্যিই vulgar···

আপনার বই কয়েকটি পাঠাচ্ছি। আরও গুটি তিনচার ভাল বই পাঠিয়ে দেবেন। রাসেলের Conquest of Happiness—যা আপনি পাঠিয়েছিলেন ফেরত দিচ্ছি। বইটি আমার ভালো লেগেছে। কিন্তু যা খুঁজছিলাম তা পেলাম না। আপনি হয় ত বলবেন : "কি খুঁজছিলে বল তো? সুখী হবার একটা সোজা উপায়?" তা নয়। ভাবছিলাম, তিনি যাদের পথ দেখাবার জন্যে ভূমিকায় লিখেছেন "I venture to hope that some among those multitudes of men and women who suffer unhappiness without enjoying it, may find their situation diognosed and a method of escape suggested?, তাদের সমস্যা ঠিক আমার সমস্যার সঙ্গে মিললো না। কিন্তু স্থানে স্থানে কী ভালোই না লাগলো। না-মেলার কথাটা এই : ধরুন রাসেল গোড়ার দিকে এক জায়গায় লিখেছেন—সুখী হ'তে চাইলে, গোটাকতক চির অপ্রাপ্ত, চির-দুর্লভ বস্তুর প্রতি লোভ ছাড়তেই হবে. এবং তাদের যে পাওয়া যায় না এইটে বেশ ভালো ক'রে মনের মধ্যে গেঁথে নিয়ে ভুলতে হবে। কিন্তু পৃথিবীতে সুচিরদিনের অপ্রাপ্ত হ'লেও যে কোনো কোনো বস্তু কিছুতেই ভোলা যায় না, ভুলবার যো নেই এ কি তাঁর স্মরণ ছিল না?······

সেদিন "স্বদেশ" মাসিকে অন্নদাশঙ্করের শরৎচন্দ্রের ওপর গোটাকতক কথা পড়লাম। কিন্তু কি হ'য়েচে বলুন তো? এই সেদিন তাঁর তারুণ্যে পড়লাম—শরৎচন্দ্র কী শিল্পী, কী তাঁর অন্তর্দৃষ্টি! কথাগুলো আমার অক্ষরে অক্ষরে মনে নেই কিন্তু তার ভাবটা প্রাঞ্জল ক'রে এই যে কমল যে খাঁটি ভারতীয় নারী হ'তে পারে না, ব্রাহ্মসমাজেরও না, তার চরিত্র যে নিঃসন্দেহরূপে নিরন্তর ইউরোপের কূলের দিকে হাতছানি দিচ্ছে এ শরৎবাবু দিব্যদৃষ্টিতে দেখ্‌তে পেয়েচেন ব'লেই তার বাবাকে ক'রেচেন ইউরোপীয়, নইলে কমল যে সবদিক দিয়েই ব্যর্থ হ'য়ে যেত। হঠাৎ এর মধ্যে হোল কি?

তাঁর সমালোচনার মধ্যে একটা জিনিষ আমাকে আঘাত ক'রেচে এবং আঘাত ক'রেচে তার কারণ অন্নদাশঙ্করের লেখার প্রতি আমার শ্রদ্ধা আছে। তাঁর এ-সমালোচনাখানিতে এতটুকু সংযম নেই, শ্রদ্ধা নেই, তাঁর তীক্ষ্ণ কথাগুলি যেন "অক্ষয়ের" বক্তৃতার ছাঁদে—'গায়ে-পড়া দুঃসহ বিরুদ্ধতা'। বেশ তো মতামত সকলের এক হয় না, সত্য কথাটা সোজা করে বলাই উচিত এ-ও না হয় মান্‌লুম, কিন্তু সত্য কথা বলার মধ্যে এ অহেতুক আঘাত দেবার উগ্রতা পদে পদে আত্মপ্রকাশ করচে কেন? তাছাড়া তাঁর গোটাকতক কথাও আমার খাপছাড়া ব'লে মনে হ'য়েছে।—"পথের

দাবী' "ভাগ্যক্রমে বাজেয়াপ্ত হ'ল নইলে শরৎচন্দ্রের কলঙ্ক তাঁকে আকাশের চাঁদের সঙ্গে তুলনীয় করতো।" এই কথাটি প'ড়েই মনে হ'ল পৃথিবীতে কত যে "ভিন্নরুচির লোক" সে কথা কালিদাস কত দিন আগেই না কি সুমিষ্ট ক'রে বলে গেছেন :

"অথাঙ্গরাজাদবতার্য্য চক্ষুর্যাহীতি জন্যামবদৎ কুমারী
নাসৌ ন কাম্যো ন চ বেদ সম্যক্ দ্রষ্টুং ন সা ভিন্নরুচির্হি লোকঃ।" *

কিম্বা ভবভূতি :—

যে কেচিদিহ নাম প্রথয়ন্ত্যবজ্ঞাং জানন্তি তে কিমপি তান্ প্রতি নৈব যত্নঃ
উৎপৎস্যতেঽস্তি মম কোঽপি সমান ধর্ম্মা কালোহ্যয়ং নিরবধির্বিপুলা চ পৃথ্বী। †

ভবভূতির এ-কথাগুলির মধ্যে যদি বা একটুখানি আহত গর্ব্ব ছিল—কিন্তু নম্র সৌন্দর্য্যের তো অভাব ছিল না। কিন্তু আজ সত্য কথা প্রাঞ্জল ক'রে বলার অহমিকায় কেবল নিজের মত নিজের রুচি সাজিয়ে বল্‌বার এ কী বিশ্রী কুরূপ বলুন তো! 'পথের দাবী'র বিপ্লবের অংশ বাদ দিলেও অপূর্ব্ব ভারতী সমস্যাটির নানান সংস্পর্শের কাহিনী মধুরতম হ'য়ে তাঁর এ-সৃষ্টিকে কত সুন্দরই না করেছে!—একে যদি দীনেন্দ্রকুমার রায়ের পেশার সঙ্গে তুলনা করা হয় তাহ'লে আমি বল্‌ব এ সমালোচনার নামে দম্ভ ছাড়া আর কিছুই নয়।

অন্নদাশঙ্কর আরও বলেন—শরৎবাবুর অচলা এবং সতী বাস্তব দিক্ থেকে সত্য নয়—যেমন সত্য অভয়া কিম্বা সাবিত্রী। কারণ কি? না, শরৎবাবু ব্রাহ্মসমাজের তরুণীদের সঙ্গে মেশেন নি, অতএব না মিশেও এ-চরিত্র সৃষ্টি করা তাঁর কিছু পরিমাণে অনধিকার-চর্চ্চা হ'য়েছে,—কেবল অদৃষ্টক্রমে তিনি কেবলমাত্র শিল্পী ব'লেই অচলা ও সতীকে কোনো-রকমে টেনে তুলেচেন—যদিও তাতে ক'রে ওঁরা মাত্র কল্পনার দিক্ থেকেই সত্য র'য়ে গেছেন—বাস্তব দিক থেকে সত্য হ'তে পারেন নি।

এধরণের কথাগুলো ভারি ঝাপ্‌সা নয় কি, নয়? অন্ততঃ আমি তো কল্পনার দিক্ থেকে সত্য কাকে বলে এবং বাস্তব দিক্ থেকে সত্যই বা কাকে বলে তার হদিস অনেক ভেবেও পরিষ্কার ক'রে বুঝতে পারলাম না। কারণ কল্পনা আর সত্য যাচাই করবার মোটা দিক্‌টা তুলনা করলে আমি যা দেখ্‌তে পাই সেটা এই যে শরৎবাবুর সৃষ্টিতে এরা একেবারে এক হ'য়ে মিশে আছে, সাধ্য কি যে অতি নির্দ্দিষ্ট ক'রে নির্দ্দেশ ক'রে দিই কতটুকু বা এর কল্পনার দিক্ থেকে সত্য এবং কতটুকু বাস্তব দিক থেকে। ধরুন, সাবিত্রীর মতন দাসী কি সাধারণ মেসে খুঁজলেই পাওয়া যায়? অভয়াকেই বা কে কতবার প্রত্যক্ষ ক'রেছে বলতে পারেন? আসলে, এই বাস্তব দিক্ থেকে কে কতদূর সত্য সে-প্রশ্ন

* অনামী ৯১ পৃষ্ঠা   † অনামী ৯৩ পৃষ্ঠা দ্রষ্টব্য।

একেবারেই অনাবশ্যক! এবং অন্নদা ও অভয়াকে সৃষ্টি ক'রে শরৎচন্দ্র ক'ডিগ্রী অনধিকার চর্চ্চা ক'রেছেন সেটা মাপবেই বা কে? আর যে-সব অত্যাধুনিকরা অহরহ এই সব তরুণীর সঙ্গে মেলামেশা করছেন তাঁদের চরিত্র-চিত্রণ তাঁদের প্রত্যক্ষ দর্শন কেন এমনই অসার প্রাণহীন, অবাস্তব মনে হয়?...এঁদের লেখা প'ড়ে আমার তো প্রায়ই মনে হয় এঁরা নারীকে বোঝবারই চেষ্টা করেন নি—হাজার মেলামেশা সত্ত্বেও। কেবলই নিজের একটা মনগড়া attitude-এর ছাপ দিয়ে তাকে সৃষ্টি করতে ছুটেছেন। হাল আমলের তরুণ হ'লেই কি হাল আমলের তরুণীর মর্ম্মলোকের সন্ধান আপনা-আপনি উন্মুক্ত হ'য়ে যাবে? যৌবনের স্বভাবতই উচ্ছল অমিতাচারকে সংহত ক'রে সৌন্দর্য্য-সৃষ্টি করতে হ'লে নবজাগ্রত প্রবৃত্তির চারদিকে একটি নির্জ্জন তপস্যার মণ্ডল চাই—হাল আমলের তরুণরা তা আমলে আনছেন কই? তাছাড়া আপনার কি মনে হয় কোনো একটা বস্তুর নিরতিশয় নিকটে থাকলেই তাকে সর্ব্বতোভাবে বোঝা যায়? কোন্ বহু-সন্তানবতী সন্তানবৎসলা নারী শরৎবাবুর মতন বাৎসল্যরসের সন্ধান পেয়েছেন বলুন তো? রবীন্দ্রনাথ লিখেছেন—

ছিলি আমার পুতুল খেলায়
তোরে শিব পূজার বেলায়
তোরে আমি ভেঙেছি আর গড়েছি।

তাঁর আগে কোন্ মা তাঁর নিভৃত জননীহৃদয়ের এ গভীর বাণীটিকে এত মধুর, এত সত্য ক'রে বলতে পেরেছেন? খুব কাছাকাছি থাকলেই খুব বড় ক'রে খুব ভালো ক'রে দেখা হয় কি মণ্টুদা? আমার তো বারবারই মনে হ'য়েছে—'তরুণদের লেখা পড়ার সময়ে—যে সত্য ক'রে জানবার ও বুঝবার, কামনার ভিতর যে-একটা দুঃসহ নির্জ্জন এবং একাগ্র তপস্যা আছে তা এঁরা কখনো জানেন নি—বোঝেন নি। তাই তাঁদের লেখার ভিতর রাত্রিকালের নিগূঢ় শক্তি একান্ত হ'য়ে আড়ালে থেকে কাজ করচে না, সত্যকার প্রশান্তি এতটুকু ফুটছে না, অহরহ ঠিকরে পড়ছে কেবল অস্বাভাবিক আলোর উগ্র কৃত্রিমতা। যাক্ একথা।...

আপনি "শ্রীমায়" প্রকৃতি-সম্বন্ধে কয়েকটি কথা লিখেছেন। এত সুন্দর কথাগুলি। এ আমি নিজেও কতবার দেখেছি, কত পূর্ণিমাতে নিস্তব্ধ প্রশান্ত গঙ্গাতীরের সৌন্দর্য্য হয়ত উপভোগ করব ব'লেই বসেছি, মন তেমনিই শূন্য র'য়ে গেছে। এবং অনেকদিনের অনেক—আয়োজনহীন মুহূর্ত্তে একটুখানি দৃশ্য কী অপরূপ হ'য়েই না দেখা দিয়েছে। আমার মনে হয় কি জানেন? মনে হয়, মনের ওপর যখন একটা অসামান্যতার আবির্ভাব হয়—যেদিক দিয়েই হোক্—তখন বহিঃপ্রকৃতির উপরও সেই আলো এসে পড়ে, ও সমস্ত জিনিষের উপর থেকে তুচ্ছতার আবরণ ঘুচে যায়। তখন উপভোগ করবার জন্যে বড় বেশি প্রচুর সৌন্দর্য্যের দরকার করে না, যা রয়েচে তাকেই অতি সহজে নিবিড় ক'রে গ্রহণ করতে পারি। তাছাড়া হ'য়েছে কি জানেন? প্রতিদিনকার অভ্যাসের ফলে নিজেদের চারিদিকে আমরা প্রায়ই একটা অস্বচ্ছতা সৃষ্টি করে তুলি, তাই বহিঃপ্রকৃতিতে দিনের পর দিন কোথাও যখন কার্পণ্যের লেশ নেই—তখনও মন

র'য়েচে অত্যন্ত অচেতনতায় উদাসীন। আমরা যদি কখনো ব্রতযাপনের মত ক'রে দিনযাপন করি, তবে অতি সামান্য বস্তু থেকেও রস আহরণ করবার ক্ষমতা হারাব না। আমাদের জীবনের উপকরণ-পরিস্ফীতি একটু কমলে বোধ হয় ভোগের দিক্‌ দিয়েও লাভ বেশি হয়। কোথায় প'ড়েছিলাম গ্যেটের একটি সুন্দর কথা—Thou must do without, thou must do without.…

আপনার আধুনিক কবিতা-সম্বন্ধে রবীন্দ্রনাথের মত পড়লুম যদিচ নিজে এক লাইন কবিতা মেলাতে পারি নে—কিন্তু ছোট থেকে সমস্ত ইন্দ্রিয়ের মাঝে শ্রবণেন্দ্রিয় আমার এত প্রশ্রয় পেয়েচে যে তার আর অবধি নেই। আপনার আগেকার কবিতা যখন পড়তুম তখন কানকে কিছুতেই তুষ্ট করতে পারতুম না। কিন্তু আপনার আজকালকার কটি কবিতা সেদিন কতবার যে প'ড়েছি তার ঠিক নেই। "কথা কথা কথা"—কবিতাটিও খুব ভালো লেগেছিল। আপনার "বহিঃস্তবী" ও "দ্বিতীয়া" * কবিতা দুটিও এত ভালো লেগেছে! বিশেষ ক'রে 'বহিঃস্তবী' কবিতার গোটাকতক স্থান যেমন,

> যাহা বাতাস চেয়ে
> রহে পরাণ ছেয়ে
> তারি মিলনের পথে উঠে লক্ষ বাধা
> তাই বিরহে অলখরূপ রহে না গাঁথা
> যারে না চিনি জানি
> যারে না হেরি' মানি
> হৃদি নিতল তলের সেই মোহন রতন,
> যার লাগি' ঝাঁপ দিলে মিলে মরণে জীবন।

এই রকম অল্প কথায় অনেকখানি ভাবকে এমনি সংহত অথচ সম্পূর্ণ করে প্রকাশ। এই ধরণের কবিতা আমার এত মনে ধরে।…কিন্তু হয়েছে কি জানেন? ভালো কবিতা এভাবে খণ্ড খণ্ড ক'রে পড়তে আমার তেমন ভালো লাগে না। তাদেরকে নিবিড়ভাবে গ্রহণ করবার mood যখন আসবে তখনই তাদের সম্পূর্ণ ক'রে বুঝতে পারব—তার আগে নয়। তাই আপনার কবিতা বই হ'য়ে বেরুলে তবেই ভাল করে পড়তে চাই—পড়ার মতন ক'রে। এখন মাসিক প্রভৃতির পাতায় ওদের গীতমাধুর্য্য ও ছন্দের সৌন্দর্য্য যতটুকু পড়তে-না-পড়তে বুঝতে পারি ততটুকুই লাভ মনে করি। কিন্তু সমস্ত দিয়ে পড়া হ'ল কই? আপনার "অনামী" প্রকাশ হতে না হ'তে যেন আমি যেখানেই থাকি একখানি পাই।…

---

* অনামী ১৩৪ ও ১৫ পৃষ্ঠা দ্রষ্টব্য।

উত্তরায় আপনার 'দোলা' মুগ্ধ হ'য়ে পড়ছি। আপনার চিন্তার পরিধি কী বিস্তৃত! আলডুস হাক্স্‌লির পরে চিন্তার এত প্রসার ও উজ্জ্বলতা বড় একটা প'ড়েছি ব'লে মনে হয় না। কিন্তু এখনো এমন অনেক অন্তঃপুরিকারা র'য়েছেন যাঁরা এ-ধরণের লেখা পড়লে বিভ্রান্ত হ'য়ে পড়েন—ক্রুদ্ধ হ'য়ে ওঠেন। তাঁদের এ-ধরণের লেখার বিরুদ্ধে যুক্তিতর্ক শুন্‌লে হাসি পায়, অথচ তর্ক ক'রে কোনো কিছু একটা খণ্ডন করবার উগ্র চেষ্টাটাকেই এত হাস্যকর ব'লে মনে হয় যে চুপ ক'রে উপভোগ করি শুধু!···

আপনি আমাকে লিখেছেন আমার খবর জানাতে। অথচ বাইরের দিক্ থেকে খবর দেবার মতন কীই বা আছে বলুন তো যে দেব? কিন্তু একটা কথা ক্রমশঃ স্পষ্ট ক'রে বুঝতে পারচি যে—চুপ ক'রে থাকার সৌন্দর্য্য কত বেশি। একদা এমন কাল ছিল, যখন যা কিছু মনের দুয়ারে আঘাত ক'রেছে তাকে কোনো আকারে প্রকাশ করতেই ব্যাকুলতা এসেচে, এবং তারই আবেগে যত অতিরঞ্জন এবং আতিশয্যই আসুক না কেন কোনো দিক্ দিয়েই বাহুল্য মনে হয় নি। কিন্তু আজকাল এমনই হ'য়েছে, কোনো একটা বই খুলে যদি বসলুম তো তার বেশির ভাগ কথাগুলোই পীড়া দেয়। অথচ ভাবি এসম্বন্ধে এত তীব্র চেতনা এতদিন ছিল কোথা? তাই লিখ্‌তেই ভালো লাগে না আজকাল। ·····ইতি আপনার স্নেহের আশা।

শ্রীচরণেষু, মণ্টুদা ভাই,

আপনার পাঠানো শ্রীঅরবিন্দের দুএকটি পত্র পেলাম। বিশেষ ক'রে তাঁর বার্ণার্ড শ'-র সম্বন্ধে চিঠিখানি এত ভালো লেগেছে যে ব'লে বোঝাতে পারি নে। শুধু অবাক্ হ'য়ে ভাবি: শ' তো অনেকেই পড়েছেন, এবং এ নিয়ে তদ্‌গত প্রশংসা বা চেষ্টারটন ওয়েল্‌স্ সম্প্রদায়ের মতন অজস্র নিন্দা কোনোটারই তো অভাব নেই;—কিন্তু শ্রীঅরবিন্দের চিঠিতে তাঁর যে-দৃষ্টিভঙ্গী ফুটে উঠেচে এমনটি কবে দেখেচি? দেখেচি কি কখনো?···খুবই আনন্দে আছেন, না? সত্যি, আপনাদের ওখানকার বর্ণনা প'ড়ে মনে হয় রবীন্দ্রনাথের "রশ্মিহীন মণিদীপ্ত প্রদোষের দেশে"। ও যেন জ্ঞানের সৌন্দর্য্যের অলকা, শ্রদ্ধা এবং সৌন্দর্য্য টলটল করচে, মনে হয় ধূপের মত এক নিমেষে লুটিয়ে পড়ি, কিন্তু জীবনে যা মনে হয়, মুহূর্ত্তে যার কাছে নিজেকে উৎসর্গ ক'রে দিতে ইচ্ছে করে তা কি করবার যো আছে? আমি দূরে থেকেই শ্রীঅরবিন্দকে ধ্যান করব। আমার সমস্ত অপূর্ণতা সমস্ত বেদনা সকল অসার্থকতার মাঝেই তপস্যাপরায়ণ হ'য়ে প্রতীক্ষা করব যদি কোনোদিন—সেদিন আসে।

আপনার এবারকার কবিতাগুলিও ভারি সুন্দর লেগেছে। কিন্তু এ ভালো-লাগার বিশেষ ক'রে কী-ই বা বল্‌ব বলুন—স্বয়ং শ্রীঅরবিন্দ যাঁর উপর অজস্র মুগ্ধ প্রশংসা বর্ষণ করেছেন!···শ্রীক্ষিতীশচন্দ্র সেনের চিঠিও বড় সুন্দর লাগ্‌ল। ওঁর চিঠি লেখার ঢং আমার অত্যন্ত ভালো লাগে। ইঙ্গিতে ওঁর শরৎবাবুকে লেখা চিঠিটি সাত আটবার প'ড়েছিলাম এত ভালো লেগেছিল। ওঁর কৃত নানা-কবিতার অনুবাদও খুঁজে-পেতে পড়ি। কী সুন্দর অনুবাদ!···

কাল রাত্রে অনেক রাত্রি অবধি আবার ক'রে "দুধারা" পড়তে ব'সে কী ভালোই লাগল। সত্যি, মানুষের কে কবে ইয়ত্তা করতে পেরেছে? তার মনের সহস্র দিকের সহস্র বিকাশকে একটি মাত্র বিধানের গৎ-এ বাঁধা? একটি মাত্র চিঠি দিয়ে তার হৃদয়ের আবরণকে নিয়ন্ত্রণ করা?—যায় কখনো?—কিন্তু 'দুধারা'য় যে-প্রশ্ন আপনি তুলেছেন সেটা মনের মধ্যে ভারি ঘোরাফেরা করছিল এবার—যে, একজন স্ত্রীলোক একত্রে দুজনকে ভালোবাসতে পারে কি না? মিনার ক্ষেত্রে এ-প্রশ্নের মীমাংসা হয় নি কিন্তু। হ'ত—যদি সে নিরুদ্বেগে ও বেশ প্রশান্তভাবে সাংসারিক সামঞ্জস্য বজায় রেখে হারমান ও নিলয়কে একসঙ্গে ভালোবাসত। তাহ'লে কিন্তু ও গল্পটারই সৃষ্টি হ'ত না যে—তাহ'লে না উঠ্‌ত কোন ঝড়ঝাপটা—না কোনো প্রশ্ন। এবং সম্ভবতঃ মিনার মৃত্যুও ঘটত না। কিন্তু এসব অসামঞ্জস্য অন্তর্দ্বন্দ্ব উঠ্‌ল কেন?—এইজন্যেই নয় কি যে একজন স্ত্রীলোক একাধিক প্রণয়ীকে একসঙ্গে ভালোবাসতে পারে না? আমাকে ভুল বুঝবেন না যেন। মামুলি সতীত্বের তরফ থেকে একথা বলছি না আমি মোটেই। আমার খুবই মনে হয় যে একজন স্ত্রীলোক পরপর একাধিক প্রণয়ীকে গভীরভাবেই ভালোবাসতে পারে। কিন্তু একত্রে পারে কি? যুগপৎ?—এইটেই না আপনার বইটির প্রশ্ন? আপনি এ-প্রশ্নের উত্তর দেন নি—একটা ছবি এঁকেছেন—অন্তর্দ্বন্দ্বের। বেশ ক'রেছেন। কিন্তু নিলয় যা ব'লেছে তা প্রমাণ হয় নি—এই আমার বক্তব্য। বরং মিনার নানা অন্তর্দ্বন্দ্ব প্রভৃতি পড়তে পড়তে ওই কথাই ক্রমাগত মনে হ'য়েছে যে নারী একসঙ্গে দুজনকে একই ভাবে ভালোবাসতে পারে না। আর পারে না ব'লেই না মিনার মনে ঐরকম উদ্বেলতা এসেছিল। শরৎচন্দ্রের কমলও শেষটা অজিতের কাছে ধরা দিল, কিন্তু তার প্রথম প্রণয়ী শিবনাথ, তার হৃদয়ে যে পথ দিয়ে এসে পৌঁছেছিল—যতরকম বর্ণ মোহ নেশার সাথে—দ্বিতীয় প্রণয়ী অজিত কি সেই পথ বেয়ে এসেছিল? তা তো নয়। এমন কি সকাল বেলাকার আলগোছে ছোঁওয়া একটুখানি শিশিরবিন্দুর মত তার প্রথমাগতের স্মৃতির অনুরাগ দ্বিতীয়াগতের অবদানকে রাঙিয়ে তুলেছিল—তার সঞ্চিত মাধুর্য্য অজিত আবেশ ও ঈষৎ সংশয়ের কুহকের সাথে সাথে এক বিচিত্র মায়া রচনা ক'রে তুলেছিল। এ-রকম হয় ব'লেই তো এসব চিত্র ফলিয়ে এত তৃপ্তি দেওয়া যায়, নয়? সমস্তই যদি একাকার প্রত্যাশিত ও বৈচিত্র্যহীন হ'য়ে একই ভাবে মনের দিগন্তে প্রতিভাত হ'ত তবে সৌন্দর্য্যের চমক থাকৃত কোথা? নেশার ঘোর জমে উঠ্‌ত কেমন ক'রে? আলো-ছায়ার পেলবতা।

আপনি দ্রৌপদীর কথা তুলেছেন। কিন্তু দেখুন দ্রৌপদী সমাজের এত বাহবা পেয়েই বা কই পারল তার পাঁচ স্বামীকে একসঙ্গে একরকম ক'রে ভালোবাসতে? দ্রৌপদীর ক্ষেত্রে যে এ-সুযোগ ছিল তা তো অস্বীকার করা যায় না। চেষ্টাও তো সে ক'রেছিল—স্বামীবৃন্দের মধ্যে দ্রৌপদীর সহবাসের নিয়মও তো ছিল বাঁধাধরা। কিন্তু পারল কি সে? অর্জুন তাকে অর্জন করেছিল বলে সেই যে অর্জুনের প্রতি তার সমস্ত হৃদয়টি ঝুঁকে প'ড়েছিল প্রথম দিন থেকে—শেষদিন অবধি সে-পক্ষপাত তো গেল না। আমি বলছি না অবশ্য যে অন্যদের সে ভালোবাসতই

না একটুও। কিন্তু অর্জুনের ক্ষেত্রে তাঁর ভালোবাসার স্পন্দনের যে wave-length ও বর্ণ-বিহ্বলতা ছিল অন্তরের ক্ষেত্রে তা ছিল কি?

চিঠির উত্তর দিলেন না কেন? বিনম্র প্রণাম নেবেন। ইতি

স্নেহের আশা।

প্রিয়বরেষু,

আপনার চিঠি পেয়ে আজ ভীষণ খুসি হ'য়েছি। কই আমি তো বলিনি যে আমি হীরো-ওয়ার্শিপে বিশ্বাস করি না। আমি যে আজ বাইশ বছর ধ'রে শ্রীঅরবিন্দের ভক্ত, তবে এ হয়ত সত্যি যে আমার টেম্পারামেন্ট খুব বেশি আর্ডেন্ট নয়। কিন্তু তাতে ত গৌরব করবার কিছু দেখতে পাইনে—বরং দুঃখ করবারই কথা। কারণ আর্ডরের অভাব যে জরার লক্ষণ,—অন্ততঃ হৃদয়ের তো বটেই। কবীরের যে গানটি আমাকে ইংরাজীতে অনুবাদ করতে অনুরোধ ক'রেছেন সেজন্য আমি সত্যই আপনার কাছে কৃতজ্ঞ। * কারণ এত সুন্দর গান খুব কমই পড়েচি—এই কয়েক লাইনের মধ্যে যে সরল আন্তরিক উপলব্ধির রূপ দেখতে পাই তা বাস্তবিকই অপরূপ!

গানটি বড়োদার মারাঠী গায়কের কাছ থেকে উদ্ধার করে ভাল কাজই ক'রেচেন। এর অনুবাদ আমি যেটা করেচি সেটা এই—

Whose heart is Rama's dear abode,
What matter if at all he pray
And fast, or nay?
Whose refuge is some Saint's pure feet,
What matter if the pilgrim's way
Be his, or nay?
Whose soul is moved with love for all,
What matter if he gives away
His wealth or nay?
Whose thoughts the form of Rama fills,
What matter if his lips should say
His name or nay?

---

* অনামী ১০৪ পৃষ্ঠা দ্রষ্টব্য।

কিন্তু এডিংটন প্রমুখ ধর্ম্মপন্থীদের সঙ্গে তাই বলে আমি কিছুতেই সায় দিতে পারি নে। আমার মনে হয় কি বলব? (হয় ত আপনাকে এতটা শক্ করা ঠিক হবে না—তবু বলি) আমার বোধ হয় যে আজকালকার এক "ফাউষ্ট" রচনা হ'তে পারে যাতে এডিংটন, হোয়াইটহেড, জীন্স, মিলিক্যান প্রমুখ 'হঠাৎ-ধর্ম্মপ্রাণ' বৈজ্ঞানিকদের টেম্পটার মেফিস্টো-ফিলিসের পংক্তিতে বসিয়ে দিলে বেশ নাটক রচনা হয়। সত্যি বলচি, এই সব বৈজ্ঞানিকদের এমন সহসা ও খামকা ধর্ম্মভাবের ওকালতি করতে দেখে আমার মনে খুব রেভারেন্সের উদয় হয় না—যদিও আপনি আমার রেভারেন্সের বিশেষ ক'রে উল্লেখ ক'রেছেন। বিজ্ঞানের রাজ্যে এঁরা হলেন গৃহশত্রু বিভীষণের দল। এঁদের সাক্ষ্যর চেয়ে আমি ধরুন না কেন শ্রীরামকৃষ্ণের সাক্ষ্যকে ঢের বড় মনে করে থাকি। কজালিটির (Causality) চেন গেল আর ঐ ফাঁকে ভগবান্ প্রবেশ করলেন—কেন মশাই, ভূত প্রেত শাকচুন্নিও ত প্রবেশ করতে পারত? করল না কেন? না, তাদের খুসি। এমন অপল্‌কা ভিত্তির উপর যে-দুর্গের প্রতিষ্ঠা সে-দুর্গে ভগবান বাসা বাঁধলেন কেন? না, তাঁর খুসি। যদি রাগ না করেন তবে একটা ছড়া তৈরি করেছি এ-ধরণের খুসির সম্বন্ধে—পাঠাই? পাঠিয়েই ফেলি, যদিও হয় ত তাতে রেভারেণ্ট সুনামটা ঘুচ্‌বে।

ওরে হলধর, কুঁড়েমি করিস কেন?
ও নগেন, কেন দাড়িখানা তোর হেন?
ও হারান, তুই কেন রে পুষিলি পুষী?
—"মোদের খুসি"।
ও জিতেন, কেন গাঁজায় দিতেছ দম?
ও এডিংটন কারে করো নমো নম?
বিজ্ঞানে কেন খামকা মারিলে ঘুঁষি?
—মোদের খুসি।

ইতি। প্রীতিমুগ্ধ
শ্রীক্ষিতীশচন্দ্র সেন

প্রিয়বরেষু—

আপনার ইংরাজ যোগপন্থী বন্ধু চ্যাডউইক বাস্তবিকই চমৎকার লোক। বুদ্ধি ধারাল ও আলোর জন্য উন্মুখ। ক্রিটিকাল অথচ সিনিকাল ন'ন। এ যুগে এ সমন্বয় বোধ হয় বিরল। শুনতে পাই আজকালকার ইংরাজ যুবকদের মধ্যে রেভারেন্স বড় বেশি দেখা যায় না;—যথা, আলডুস হাক্‌স্‌লি ও নোএল কাওয়ার্ড। এঁরা সব জিনিষকেই হালকা চোখে দেখে থাকেন। আপনার সুপণ্ডিত মডার্ণ বন্ধুটিকে দেখ্‌লুম সিনিসিস্‌মকে নিয়েও ঠাট্টা করতে। আমার

মধ্যেও নাকি উনি এই অ্যান্টি-সিনিসিজম্ পদার্থটি দেখেছেন···ওঁর সঙ্গে আলাপ ক'রে বড্ড ভাল লেগেচে। এজন্য আমি আপনাকে ফের ধন্যবাদ দিতে বাধ্য।

কিন্তু রেস্পণ্ড করা বলতে আপনারা কি বোঝেন খুলে লিখ্‌বেন? আমার বলবার কথা এই যে মানুষেরও তো একটা আত্মমর্যাদা আছে—তেমন ক'রে নিমন্ত্রণ না করলেই বা সে সাড়া দেবে কেন? যাবে কেন? বেদনার প্রেরণায় যাওয়া বা অভাবে পড়ে যাওয়া—সে ত ভিক্ষিরির যাওয়া। তবে এ-জীবনে যখন যে কারণেই হোক্ নিবিড় বিতৃষ্ণা আসে তখন যে ওপরের দিকে চাওয়া—সে-বৈরাগ্যে আমি বিশ্বাস করি। পরমহংসদেব বল্‌তেন দুরকম বৈরাগ্য—মর্কট-বৈরাগ্য ও আন্তরিক বৈরাগ্য। বিনা বৈরাগ্যে ও-পথে যাওয়া কি অনেকটা লোভীর মতন কাজ হয় না?···

আমার মনে হয় যে চাওয়া ও আত্মসমর্পণ একমাত্র প্রেমের রাজ্যেই শোভা পায়; শুধু প্রেমাস্পদকেই চাওয়া ও তাঁর কাছেই ধরা দেওয়া শোভন-সুন্দর—অন্য সব চাওয়া হাঁকাহাঁকি, কাড়াকাড়ি বড্ড ইতর ও থেলো। আর প্রেমাস্পদ যে হ'তে পারে নি তার কাছে আত্মসমর্পণ করা—সেও যে ভারি একটা বিশ্রী ব্যাপার। এ কথা তো আপনিও মানেন! কিন্তু মানেন যদি—তবে এও আপনাকে মানতেই হবে যে 'ডিভাইন' যতক্ষণ আমাদের প্রেম আকর্ষণ করতে না পারচেন ততক্ষণ চাওয়া বা আত্মসমর্পণের প্রশ্নই উঠ্‌তে পারে না। কারণ সে-চাওয়া তো শক্তি বা অন্য কিছু কামনা করারই সামিল। নয় কি?

আর প্রেমাস্পদ হ'তে হ'লে ডিভাইনকে খাটতে হবে। সুদূরে লুকিয়ে থাক্‌লে চলবে না। "অমন আড়াল দিয়ে লুকিয়ে গেলে চলবে না।" আমার জানলার কাছে এসে তাঁকে নিশীথে ডাক্‌তে হবে গানের কান্নায়, ছন্দের আবেদনে—না হয় স্পন্দিত নীরবতার কম্প্র স্পর্শে তাঁর প্রেম নিবেদন করতে হবে—তবে ত পাষাণ হৃদয় গল্‌বে—তবে ত তাঁর দিকে চেয়ে দেখ্‌ব, তাঁর জন্য আকাঙ্ক্ষা জাগবে!

অনেক বকলুম! রাত হ'তে চল্‌ল, আর নয়। লিখ্‌তে গেলে হয় ত এরকম আরো বাজে বক্‌ব। হয়তো ডিভাইনের সান্নিধ্য হঠাৎ একটু অনুভব করে থাকব—তাই এরকম ব্যাপারটা ঘটল। ডিভাইন কথাটা কিন্তু আমার ভাল লাগে না, 'গড্' যে ভারি সেকেলে হ'য়ে গেছেন। অমন বুড়োকে ভালোবাসা সহজ নয়—যদিও বুড়োদের আমার মন্দ লাগে না, অন্ততঃ তাদের সঙ্গে ঝগড়া করতে ইচ্ছে করে না।

আমার প্রিয়কে এক এক সময়ে স্বপ্নে দেখি। তাকে কি জাগ্রতে কখনো দেখ্‌তে পাবো? আমার মধ্যে ভালবাসার সে কী দেখে তা অনেকদিন ভেবেছি, কিন্তু কূলকিনারা পাইনি আজ অবধি। তাকে বুঝতে কিন্তু কষ্ট পেতে হয় না—যদিও তার হাসি আর চাহনিটা রহস্যে-ভরা। কিন্তু দিনের আলোতে সে কোথায় মিলিয়ে যায় কে জানে? তাই আমি অভিমান করে তাকে বলি—তুমি মিথ্যা, তুমি নেই, তোমাকে আমি চাই না। ইতি—প্রীতিমুগ্ধ

শ্রীক্ষিতীশচন্দ্র সেন

প্রিয়বরেষু—

আপনার চিঠিতে এক অতি ভয়ঙ্কর প্রস্তাব রয়েচে, তার বিরুদ্ধে আমি ভীষণ রকম প্রতিবাদ করচি। তবে আপনি যদি আমার চিঠির জবাব ছাপাতে চান তবে আমার চিঠিটাও যে ছাপাতে চাইবেন এতে বিচিত্র কিছু দেখচিনে। কিন্তু ভেবে দেখুন, আমি আপনাকে যে পত্রগুলি লিখেছিলুম ব'কে ঝকে—সে সব খোলা চিঠি মোটেই ছিল না—দস্তুরমত বন্ধ করেই পাঠিয়েছিলুম। তখন তো ছাপাবার কথা মাথায় আসে নি—সুতরাং লেখাটাও সভ্য বেশ প'রে নেবার ফুর্সৎ পায় নি। তা ছাড়া ওদের মধ্যে অনেক কথাই ছিল গায়ের-জোরের কথা। তা-ও আবার ভাল করে গুছিয়ে বলা হয় নি। সবটা মনে পড়চে না—পড়লে মনটা নিশ্চয়ই আরো খারাপ হ'য়ে যেত। এ-হেন চিঠি ছাপাতে চান আপনি! রক্ষে করুন।

না না সত্যি শুনুন—ছুটো প্রাণের কথা বলি আজ।

আমি কথায় কথায় যে যুক্তির দোহাই পাড়ি সেটা অনেকটা আত্মরক্ষার জন্যে। আপনার সঙ্গে যে তর্কে কোমর বেঁধে র্যাশনালিষ্ট সেজে বসি সেটাকেও ওই ভাবেই নেবেন। কারণ বিশ্বাস করবেন, নির্জলা র্যাশনালিষ্টদের নিয়ে আমি প্রায়ই ঠাট্টা তামাসা ক'রে আনন্দ আহরণ ক'রে থাকি। যেমন আপনার পরিচিত মহারাষ্ট্রীয় অধ্যাপক এক্স্। তিনি একেবারে শুদ্ধমপাপবিদ্ধম্ র্যাশনালিষ্ট। তিনি হসনীয় হ'য়ে আমাকে ও একজন বন্ধুকে যেরকম আনন্দ দিয়েচেন তা জান্‌লে খুসী হতেন। তাই আপনার সঙ্গে চৈঠিক তর্কের পাকচক্রে প'ড়ে আমি যদি লোকচক্ষে র্যাশনালিষ্ট ব'নে যাই সে দুঃখ কি আমার ম'লেও যাবে ভেবেছেন? আমার কি মনে হয় সংক্ষেপে বলি একটু।

Physical রাজ্যে স্বাস্থ্য যে রকমের আদর্শ, আমার মনে হয় mental রাজ্যে reason-ও অনেকটা তেমনি। দিনরাত স্বাস্থ্যের চর্চ্চা করলে অন্য সব চর্চ্চা বন্ধ হয়ে যায়, এবং যার জন্যে করি চুরি—সেই শরীরেরও সুখ-সোয়াস্তি থাকে না—সেই বলে আমাকে চোর। reason-কে আঁকড়ে ধরে থাকলে মেণ্টাল রাজ্যেরও ঐ রকম দশা হয় বোধ হয়। অর্থাৎ স্বাস্থ্য যেমন নেগেটিভ আদর্শ মাত্র—reason-ও তাই। ও নিয়ে কি আর কাজ চলে, না চতুর্বর্গ লাভ হয়? দাঁড়িপাল্লার মতন আর কি—বাজারে খুব কাজে আসে বটে, কিন্তু সংসারে আহার-বিহার কাজ-কর্ম্ম বিশ্রাম সামাজিকতা প্রভৃতিকে নিরন্তর মেপে চলতে হ'লে যে পাগলাগারদে স্থান পাবার সম্ভাবনা বেশ একটু ক্রুতরেটে বেড়ে চলে তা নিশ্চয়। আনন্দকে ক্রমাগত মাপতে গেলেই যে সে নিরানন্দে পরিণত হয়। কিন্তু তাই বলে স্বাস্থ্য ও যুক্তিকে গঙ্গাযাত্রা করান যায় না। ওদের নিজ নিজ ক্ষেত্রে ওরাও ছত্রপতি।

জানি এখানে আপনাতে আমাতে মিল রয়েছে। রিলিজনের ক্ষেত্রে যে মিল নেই তার কারণ বোধ হয় ও বস্তুটির প্রকৃত স্বাদে আজ অবধি বঞ্চিত হয়ে আছি, এবং বোধ করি সেই জন্যেই রিলিজনের বাহ্য বিকৃত রূপই আমার কাছে এত বড় আকার ধারণ করেছে। কিন্তু এ প্রসঙ্গ এখন থাক্।

আপনার চিঠি ও কবিতা ক'টি পেয়েছি। সবগুলি প'ড়ে ভয়ঙ্কর খুসি হ'য়ে পড়েছি। আপনার কবিতাগুলি প্রকাশক্ষমতায়, অন্তর্মুখিতায়, স্বকীয়তায়, গভীরতায়, শব্দসম্পদে ও ভাবগৌরবে আমার মনে এক অপূর্ব্ব সাঁড়া তুলেচে। রবীন্দ্রনাথ সত্যিই ব'লেচেন হঠাৎ ছন্দে আপনার কান কোন অভাবনীয় উপায়ে তৈরী হ'য়ে গেছে। আপনার কবিতা ও তর্জ্জমাগুলি প'ড়ে এদিক্‌কার কথা ভেবেও তাই ভাবি আশ্চর্য্য হ'য়েছি—সত্যি। আপনার আর্টিষ্টিক উন্নতি এত দ্রুত ও অবিসংবাদিত রূপে—স্পষ্টভাবে—হ'য়ে চ'লেছে যে মনে আশাজাগেই যে আপনার আধ্যাত্মিক উন্নতিও ঐ তালেই হচ্ছে—উত্তরোত্তর। এরকম উন্নতি যদি বেশি দিন চল্‌তে থাকে তাহ'লে কিন্তু একদিন আমাকেও বল্‌তে হবে যে আমাদেরই ভূগোলে ভুল ছিল—গ্রীকদের Parnassus পণ্ডিচেরীতেই ছিল।···কিন্তু আশ্চর্য্য হ'য়ে গেছি শ্রীঅরবিন্দের Revelation* কবিতাটি প'ড়ে। আপনার তর্জ্জমাটিও কী সুন্দর! পড়া অবধি কবিতাটি আমাকে পেয়ে ব'সেছে। "Someone leaping from the rocks" তার windblown locks হাওয়ায় উড়িয়ে দিয়ে একশোবার আমার মানস চক্ষুর সাম্‌নে দিয়ে উড়ে বেড়াচ্ছে— পালিয়ে পালিয়ে বেড়াচ্ছে। মনে হচ্ছে, অতীন্দ্রিয়ের ও ইন্দ্রিয়ের এই অপূর্ব্ব মিলন···অপার্থিব সৌন্দর্য্যের এই দীপ্তিময় আভাষ, মূর্ত্ত ভাষার ঝঙ্কারের মধ্যে অমূর্ত্তের—ভাষাতীতের—এই অনির্ব্বচনীয় সঙ্গীত··এ শুধু শ্রীঅরবিন্দেই সম্ভব। মনে হয় এই আর্টিষ্ট অরবিন্দ, কবি অরবিন্দ, দ্রষ্টা অরবিন্দকে হয়ত আমি একটু বুঝি। তাঁর চরণে আমার অন্তর শতবার ভক্তিভরে প্রণাম করেছে—আজও তেমনি তার আনন্দ-পুষ্প ও ভক্তি-চন্দন নিয়ে তাঁকেই পূজা করতে চাইছে। এমন গুরুর শিষ্য আপনি—আপনি ধন্য। এমন গুরুর আশীর্ব্বাদে আপনার অন্তঃকরণ যেমন বিকশিত হচ্ছে, আপনার ভাষাসম্পদ ও কাব্যসুষমাও তেমনি দিন দিন প্রস্ফুটিত হ'য়ে উঠ্‌ছে। রবীন্দ্রনাথ মিথ্যা বলেন নি—আপনার ভিতরে যে নানা নূতন কথা নূতন সুর জমে উঠেছে তা আপনার এই কবিতাগুলি পড়লে বেশ বোঝা যায়।—"নেপথ্য বাঁশরী সর্ব্বনাশা"—কবিতায়, "কথা—কথা—কথা—" কবিতায়, "ত্যাগপন্থী ও অশ্রুপন্থী" কবিতায়—আরো কত কবিতায়। এসব কবিতাতেই আপনার নিজস্ব ভাব ভাষা ও ছন্দ রয়েচে, এবং এসবের মধ্যে এমন এক উন্মুখ বিশ্বাসের তৃপ্তি, এক দিব্যালোক-উদ্ভাসিত চিত্তের পরিচয় পাই যা অন্য কোনো বাঙালী কবির লেখায় বিরল মনে হয়। আপনি আপনার "কথা—কথা—কথা" কবিতায় লিখেছেন বটে—

> "কবে মুখরতা-ফণা নম্রশীর্ষ হবে মাগো, তোর
> মৌনস্পর্শে—মন্ত্রশান্ত ভুজঙ্গম সম ?" †

---

* অনামী ৫৩ পৃষ্ঠা দ্রষ্টব্য † রূপান্তর ১৩৬ পৃষ্ঠা দ্রষ্টব্য।

কিন্তু আমাদের কামনা ঠিক উল্টো : আমরা আশা করি যেন শীঘ্র আপনার "মুখরতা-কণা" নত্রশীর্ষ না হয়—বহু বহু কবিতা লিখে আপনি বাংলা ভাষাকে সমৃদ্ধ ও অলঙ্কৃত এবং আমাদের আনন্দিত ও আশান্বিত করতে থাকুন।

ইতি—প্রীতিমুগ্ধ

শ্রীক্ষিতীশচন্দ্র সেন

প্রিয়বরেষু,

আপনার "কুসুমের বুকে ঝুরে যে সুবাস"—গানটির* অনুবাদ এই দাঁড়ালো :

The blossom knoweth not the fragrance sweet
That in its bosom's mystery lies,
The deeps that mirror forth the Infinite
Question its secrets with their sighs
For whom in spring grow murmuring bees
Restless amid the perfumed trees ?
Whose memory packs the impassioned breeze
And paints the magic skies ?
Whose lamps through the dim tremulous night
Glimmer in moon and starry light ?
Whose glory in the dawn breaks bright ?
For whom yearns all and cries ?
For whose greatness down the ages long
Are the wide heavens a sapphire song ?
For whom runs the stream with babbling tongue.
Repeats whose harmonies ?
Whose breath perfumes trees, flower and grass,
Inspires the atoms' dance in space ?
Whose trailing robes in twilight pass,
A shadow in longing eyes ?

---

* ৩ পৃষ্ঠা দ্রষ্টব্য

Oh, if thou never wilt appear,
Why are thy masks of Beauty here ?
Why sound thy anklets everywhere,
The spell that never dies ?
My heart forgets that in my heart
Thy throne for ever lies.

শ্রীঅরবিন্দের Rishi কবিতার অনুবাদ সুরু তো ক'রেছি এই ভাবে, দেখুন তো : ("অঞ্জলি" দ্রষ্টব্য)

এ সঙ্গে আপনার প্রেরিত কবিতা, অনুবাদ চিঠি প্রভৃতি (একটা বাদে) ফেরৎ পাঠাচ্চি।

বাংলা ছন্দ ও ভাষার ওপর আপনার দখল দেখচি ক্রমেই বেড়ে চলেচে। মন্দাক্রান্তা ছন্দে লেখা কবিতাটি ও 'আশাপূরণ' কবিতায় দেখা যায় ছন্দের ওপর আপনার ক্ষমতা কত প্রবল ও সুস্পষ্ট। এ-উন্নতি যদি যোগের ফল হয় তাহলে আপনাদের প্রতি এতদিন যে কটুক্তি করে এসেচি তা'র জন্যে আমাকে চিরকাল অনুশোচনা ও অনুতাপ করে বেড়াতে হবে। আপনার ভাষায় এক প্রাচুর্য্য এবং অনর্গলগতি এসেচে, বন্ধনমুক্ত এক প্রকাশাবেগ জেগে উঠেচে যা অস্বীকার করবার উপায় নেই। "বৈষ্ণবের" মধ্যে এই আবেগের যে-খরস্রোত দেখতে পাই তার মধ্যে অবগাহন করে আমার মত বিশ্বাসহীন পাষণ্ডও আনন্দ পেয়েচে। মনে হয় আপনার হৃদয়ের অর্গল খুলে গেচে, সব সংশয় দ্বিধা ইতস্তত ভাবের বাঁধ ভেঙে' গেচে,—ঐকান্তিক আত্মনিবেদনের প্রবল বন্যার বাধাহীন উচ্ছাসময় কল্লোল আকাশ ও ধরণীকে মুখর করে নিজের বেগে অপ্রতিহতভাবে এগিয়ে চলেচে। দৃশ্যটি এত সুন্দর যে তীরবাসী আমাদেরও ওদিকে চেয়ে চেয়ে আর দৃষ্টি ফেরাতে ইচ্ছে হয়না! যোগী, এই কি তোমার যোগ? তোমার হৃদয়ের যে নিভৃত আবেগ আজ ধরা দিল তাকে এতদিন কোথায় লুকিয়ে রেখেছিলে? আজ জানলুম, তুমি শাশ্বত প্রেমিক, তুমি চাও ধরা দিতে—নিজেকে বাঁচিয়ে চলতে চাওনা, এতকাল মনের মানুষেরই সন্ধানে ফিরছিলে!... প্রেমিকের সঙ্গে আমার কোন তর্ক নেই, কোন ঝগড়া নেই। প্রেমের কৈফিয়ৎ চেয়ে নিজেকে হাস্যাস্পদ করি না।

ভগবান যদি প্রেমিক হন তাহলে আপনার আবেদন ঠেল্‌তে পারবেন না ; তা একদিন সফল হবে একথাই বিশ্বাস করতে ইচ্ছে হয়।

শ্রীঅরবিন্দের Vedantin's Prayer* আমাকে আশ্চর্য্যভাবে অভিভূত করেচে। আমি যোগের মর্ম্ম বুঝি না, কিন্তু কবিতার কিছু কিছু হয়ত বুঝি। এই কবির আশ্চর্য্য শক্তির কাছে অতি সহজে মাথা নত হয়ে আসে। ভাষার ভঙ্গীর কী অপ্রতিহত সৌন্দর্য্য! কী পূতোজ্জ্বল গৌরবদীপ্ত সুষমা! কী রোমাঞ্চকারী ঝঙ্কার! শব্দই যদি ব্রহ্ম হয়

* অনামী ৫৯ পৃষ্ঠা

তবে এমন শব্দসম্ভারের ভিতর দিয়েই সে ব্রহ্ম কথা কন। এ কবিতার আপনি যে অনুবাদ করেচেন তা সুন্দর হয়েছে, তবু মনে হয় আসলটার শান্ত গম্ভীর ও তেজোময় সৌন্দর্য্য সবটা প্রতিফলিত হ'তে পারে নি। এরকম ধরণটা আপনার কেমন লাগে ?—

আত্মা মহীয়ান্,
হৃদয়ের নীরবতা মাঝে যার স্তব্ধ ধ্যানভূমি,
জ্যোতিঃ অনির্ব্বাণ,
আছ শুধু তুমি!
হায় তবে অন্ধকার কেন ছায় আমার নয়নে
মেঘ উঠে ধুমি'
আলোর গগনে ?
কেন মোরে বাসনা দুর্ব্বার করে শতক্ষতাঙ্কিত ?
কেন প্রতিক্ষণে
লালসা-পীড়িত
দগ্ধ দীর্ণ ক্ষুব্ধ হই, দূরে ফেলি তব শান্তি, হায়,
হই বিতাড়িত
প্রতি ঘূর্ণী ঘায় ?
কেন পড়ি দুঃখের কবলে নিত্য, আবর্ত্তে শঙ্কার,
কামের দংষ্ট্রায় ?
করুণা তোমার
ফিরায়োনা, যদিও অতীত মোর আসে রক্ত মাখি ?
মলিন আঁধার,
হে সত্য একাকী!
দিয়ো না সে দেবগণে তব ছদ্মরূপে দিতে মম
যৌবনেরে ফাঁকি।
এ রোল বিষম
স্তব্ধ কর—চাহি তব চিরন্তন স্বর শুনিবারে

পিপাসার্ত্তসম।
এ দীপ্ত মায়ারে
দূর কর—অনন্তের তটপ্রান্ত ভারাক্রান্ত করে
যাহা নিজ ভারে।
দাও নির্ব্বিকার
দৃষ্টি মোরে, স্বচ্ছ হৃদি যৌবনের। তব তিরস্কারে
ঘুচুক আশার
তীব্র মুখরতা।
নাশো মম কলুষ-শতাব্দীরাশি, ফিরায়ে আমার
দাও পবিত্রতা।
জ্ঞানের দুয়ার
সুগোপন, খোলো খোলো আজ! বীর্য্য লভ সফলতা!
বর্ষ প্রেমধার!

আর নয়! এর আগে ইংরাজি কবিতার বাংলা অনুবাদ কখনো করিনি তো—তাই হাত কাঁপে! শ্রীঅরবিন্দের Rishi কবিতার অনুবাদ করতে দিয়ে আরও মুস্কিল হয়েচে—আপনার মতন বাংলা শব্দসম্ভার যদি আমার থাকত! কিন্তু "বৈদান্তিকের প্রার্থনায়" এ শব্দসম্ভার একটু কমানোই উচিত নয় কি? শ্রীঅরবিন্দও তো আপনার অনুবাদের উপর অনেকটা ঐ মন্তব্যই দিয়েছেন যে "Perhaps so high and rocky a person as the Vedantin would not think of using such a luscious word as কুসুমি'।" ঠিক্ কথা। বেদান্তীর গান বেদান্তের সূত্রের মতই প্রাচুর্য্য-বর্জ্জিত হবে, অথচ এমন ভাববৈভবে ভরপুর হবে যে প্রতি কথাটি তীরের মত গিয়ে মরমে পশবে। এই না?...এ ছাড়াও আপনার অনুবাদের দুএক স্থলে আমার মনে হয় একটু বদলালে ভালো হয়। ধরুন বেদান্তী যখন বলেছেন, "Remove my sullied Centuries." তখন তার মধ্যে মনে হয় গ্লানি-অপসরণের চেয়ে অনেক বেশী চাইচেন;—কালের সব আবর্জ্জনাই দূর হয়ে যাক্—এ সব শতাব্দী যা আমার দৃষ্টি ভারাক্রান্ত করচে তাদের দূর করো—এই প্রার্থনাই শুনচি, অসহ্য এক মুক্তিকামনার আবেশ ধ্বনিত হয়ে উঠ্‌চে। কিম্বা ধরুন, This brilliant show Cumbering the threshold of eternity; এখানে "চিরন্তন দ্বারের" চেয়ে অনেক বেশী কিছু বলা দরকার অনুবাদে, নয়? আরো দু একটা কথা মনে হয়েছিলো কিন্তু আজ থাকুক সে সব। আজকের দিনে কবি শ্রীঅরবিন্দ আমার হৃদয়ে যে অপূর্ব্ব রাগিণীর ঝঙ্কার তুলেছেন ভক্তিসিক্তচিত্তে তারই অনুরণন কেবল কান পেতে শুনতে ইচ্ছে

করচে। এ কবিতাটি একটী স্বয়ং-ভাস্বর মণি। বহুদিন এ আমার চিত্তে এক বিচিত্র শান্তির বারতা বহন করে এনে দেবে মনে হয়। তাই এর স্রষ্টা কবিশিরোমণির চরণে আমার ঐকান্তিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানিয়ে এ পত্র শেষ করছি।

ইতি প্রীতিমুগ্ধ

শ্রীক্ষিতীশচন্দ্র সেন

পুঃ। শ্রীঅরবিন্দের God কবিতাটি প'ড়ে সুরহৃবার্দি মুগ্ধ হবেনই তো। সত্যিই কী অপূর্ব্ব কবিতা মাত্র কয়টী ছত্রে! আমার কৃত এর প্রথম অনুবাদটি সম্বন্ধে আপনি যা' যা' বলেছেন সত্য। এটী অনুবাদ করা বড়ই শক্ত। দেখুন তো এবার কি রকম হ'ল? আমার খুব মনঃপূত হয় নি এটাও, তবে এর আগে যেটী পাঠিয়েছিলাম তার চেয়ে ভালো এই যা :

> লোক লোকান্তর মাঝে ব্যাপ্ত, তবু রয়েচে আসীন সবার উপর,
> জ্ঞানী কর্ম্মী শাসকের দণ্ডপাণি প্রভু, তুমি দীন প্রেমের কিঙ্কর।
> নাহি তব ঘৃণা—হ'তে তুচ্ছতম কীট—লোষ্ট্রখানি মলিন, নিষ্প্রাণ ;
> মহান দীনতা তব হেরি তাই মোরা সবে জানি— তুমি ভগবান্!

কিন্তু শ্রীঅরবিন্দের হাজার লাইনের কবিতা Rishir অনুবাদের গুরুভার আমার ঘাড়ে চাপানো কেন বলুন ত? এ জন্যে আবার ঘোরতর প্রোটেষ্ট করচি জান্‌বেন। একশো লাইন হ'তে না হ'তে ঠেকে গেচি যে।···বলুন তো ওর এগার পাতায় sparse circle মানে কি—কিন্তু আপনিও এর খানিকটা অনুবাদের ভার নিন না।—কী ফ্যাসাদেই পড়লাম এ অনুবাদের ভার নিয়ে ;—

> বলুন দেখি দারুণ এ কি কাণ্ডখানা সর্ব্বনাশা? পড়ে কি কেউ এমন দশায়?
> বেড়াচ্ছিলাম হেসে খেলে—গায়ে দিয়ে ফুঁ দিব্যি খাসা—সইলো নাকো তাও কি মশায়?
> না বুঝে হায় বিষম এ দায় নিলাম কেন স্কন্ধে তুলে, ভাবি শুধু, নির্ব্বিবাদে
> এ ঝঞ্ঝাটে এ বিভ্রাটে পড়তে গেনু কোন্ সে ভুলে—এই ফ্যাসাদে—এমন ফাঁদে?

শ্রীক্ষিতীশচন্দ্র সেন প্রিয়বরেষু

আপনার অনুবাদ দুটিই সুন্দর হয়েচে! শ্রীঅরবিন্দের Rishir অনুবাদ এখন শেষ করাই চাই। যদিও জানি ওর মাত্র একশো লাইন অনুবাদ হয়েছে—এখনো নয়শো লাইন বাকি—তবু এ ধরণের কঠিন কাজে হাত দিলে শেষ না করলে প্রত্যবায় ঘটে। এ কাজ আপনাকে সমাধা করতেই হবে। সত্যি, আমার এত দুঃখ হয় যে এতখানি প্রতিভা নিয়ে আপনি বেশির ভাগ সময়ই দিলেন জজিয়তিতে। কিন্তু "ঋষি"র অনুবাদ আপনাকে শেষ করতেই হবে। গদ্যে পদ্যে আপনার এত ক্ষমতা—অথচ—কিন্তু যাক্—আপনি সন্দেহ করবেন হয়ত যে কার্য্যসিদ্ধির জন্তেই বুঝি বা এতটা স্তবস্তুতি। কিন্তু মনে রাখবেন এ আমার আজকের ধারণা নয়—বহুদিনের—যে বাংলাভাষায় আপনার সত্যিকার দেবার আছে। যাক্, আপনার "বৈদান্তিকের প্রার্থনা" ও "ঈশ্বর" অনুবাদ দুটি শ্রীঅরবিন্দকে পাঠিয়েছিলাম লিখে যে দুটোরই অনুবাদ আমার অনুবাদের চেয়ে ঢের ভালো হয়েছে। অবশ্য God কবিতাটির অনুবাদ আমার হাতে একদম উতরোয়নি জানেনই তো—কিন্তু "বৈদান্তিকের প্রার্থনা" অনুবাদে আপনার কৃতিত্ব বিস্ময়কর। অভিনন্দন নিন। শ্রীঅরবিন্দও আমাকে লিখেছেন: "Khitish Sen's translation of my "Vedantin's Prayer" is, indeed, very fine. He has quite caught the tone of the original, its austerity and elevation of thought and feeling and severe restraint of expression with yet a massiveness of power in it—these at least were what tried to come out when I wrote it, and they are all unmistakably and nobly there in his rendering. Besides, he has translated it with remarkable exactness. Why, with such a gift, doesn't he write more in Bengali? I notice he has got the exactly corresponding verse-movement also. Yours is a fine poem, but I agree with you that it is at once poetic in a high degree and renders more closely the innate character of the "Vedantin's Prayer"......It is not surprising that he should have been so much moved by your poem "Vaishnava"; but Anilbaran is right: your "Vairagi" *is* the best of the four credos—a consummate achivement."

এই তো গেল শ্রীঅরবিন্দের কথা। এবার তাঁর Rishi কবিতাটির অনুবাদ নিয়ে উঠে প'ড়ে লাগুন—দোহাই। আপনি নিশ্চয় পারবেন।······

আমার কবিতা সম্বন্ধে আপনার উচ্ছ্বসিত প্রশংসায় আনন্দিত ও গর্ব্বিত হইনি বললে মিথ্যা বলব নিশ্চয়ই। কেন না আপনি শুধু কবিই নন সমালোচকও যে। মনে পড়ে বিলেতে আপনার সঙ্গে কত আলাপ আলোচনা। তাতে নিত্যই পরিচয় পেতাম আপনার রসবোধের, তীক্ষ্ণদৃষ্টির ও সর্ব্বোপরি দরদের। আপনার মধ্যে আমার সবচেয়ে ভালো লাগে কি জানেন?—এই দরদ। এ আপনার সহজাত—কর্ণের কবচকুণ্ডলের ন্যায়। সব দেশেই

রসজ্ঞদের বিদগ্ধদের মধ্যে এই রকম কয়েকজন রসিক থাকে ব'লেই শিল্পীরা যুগে যুগে সমসাময়িক অনাদর উপেক্ষার মধ্যেও বুকে বল পেয়েছে। আমার মনে পড়ে Sainte Benveএর কথা "Poëtes, allez donc á ceux qui sentent, dont l'esprit et le cœur sont disponibles. C'est parmi eux qu'il s'agit pour vous de se créer des amis fidéles, sincéres, qui vous aiment pour vos belles qualités, non pour vos défauts ; qui ne vous admirent point par mode, et qui sauront vous défendre contre la mode un jour, quand elle tournera."—

অর্থাৎ, "হে কবি, যাও তাদের কাছে যারা মনেপ্রাণে দরদী, যাদের দেবার মতন হৃদয় আছে, যারা দিতে জানে। তোমাকে আন্তরিক বিশ্রব্ধ বন্ধুর জন্ত হাত পাততে হবে তাদেরই কাছে যারা বন্ধুর গুণকেই বড় ক'রে দেখে, দোষকে না ;—যারা চলতি প্রথা আচারের প্রভাবে প'ড়ে প্রশংসা করে না ;—যারা একদিন তোমাকে চলতি ফ্যাশনের বিরুদ্ধে দাঁড়িয়েই সমর্থন করবে—যেদিন তারা তোমার দিকে ঘুরে দাঁড়াবে।"

আর শ্রীঅরবিন্দের Vedantin's Prayer ও Revelationএর অনিন্দ্য সুষমা সম্বন্ধে আপনার গভীর উচ্ছ্বাস দেখে মনে পড়ে রুষ ক্রিটিক বাইলিন্‌স্কির কথা যিনি অজ্ঞাত দরিদ্র ডষ্টয়েভস্কির প্রথম উপন্তাস Poor Folk প'ড়ে সোজা তাঁর বাড়ীতে গিয়ে জিজ্ঞাসা করেন: "Young man, do you know what you have written?" সমালোচকের এ-আবেগ বড় সুন্দর, না? অথচ আমাদের দেশে ক্রিটিকরা চান নিরপেক্ষ হ'তে—একটু আবেগ প্রকাশ ক'রে ফেল্‌লেই ভাবেন গম্ভীরাত্মা সমালোচকের মর্য্যাদা খোয়ালেন বুঝি বা! তাই তাঁরা নিজেদের 'পরে বিশ্বাস রাখেন না, রাখেন চলতি প্রথাচারের—'পরে। আমি নিশ্চয় ক'রে বলতে পারি শ্রীঅরবিন্দের এ-কবিতা ছুটি প'ড়ে আপনি যে গভীর আবেগ বোধ ক'রেছেন এ-শ্রেণীর বঙ্কিমগ্রীব সমালোচকগণ সে-আবেগ বোধ করতে অপারগ হবেনই। কিন্তু এই উচ্ছ্বাস ও আবেগপ্রবণতাই তো আপনাকে কবিপ্রকৃতি ক'রেছে।

এই সূত্রে একটা কথা আজকাল বড় মনে হয়: সমালোচনায় এই তথাকথিত নিরপেক্ষতাটি কী বস্তু? ভেবে কোনো কূল পাই নি, তাই আপনাকে জিজ্ঞাসা করছি। আমার কাছে বা আমার সমরুচি, সমপ্রকৃতি স্বধর্মীর কাছে যে-স্তুতি নিরপেক্ষ মনে হয় বিপরীত-রুচি অসমপ্রকৃতি বিধর্মীর কাছে তাকে কি পক্ষপাত দোষ-দুষ্ট মনে না হ'য়ে পারে? কি বলেন আপনি? কবি সাদে (Southey) বাইরণের খ্যাতনামা Don Juan প'ড়ে লিখেছিলেন: "Whatever remorse of conscience he may feel when the hour comes—and come it must!—will be of no avail," যেহেতু (সাদের মতে): "The publication of a lascivions book is one of the worst offences which can be committed against the well-being of society." শুধু তাই নয় যাঁরা এসব বইয়ের পক্ষপাতী তাঁদের সম্বন্ধেও সাদে বল্‌ছেন: "Their school may be properly

calle the Satanic school." অথচ ঠিক এই ডন জুয়ানই বাইরণের মুখে শুনে শেলি একটি বন্ধুকে পত্রে লিখেছিলেন: "It sets him not only above, but far above all the poets of the day...There is not a word which the most rigid assertor of the dignity of human nature could desire to be cancelled." এখন, শেলি ও সাদের কি পরস্পরকে নিরপেক্ষ মনে হ'য়েছিল?—হ'তে পারে কখনো? বহু উদাহরণ দিতে পারি।—যে-রিচার্ডসনের "পামেলার" সেন্টিমেণ্টালিটি আজকের বড় বড় সমালোচকদের কাছে অসহ তাই প'ড়ে বিখ্যাত মনস্বী গেটেও তো উচ্ছ্বসিত হ'য়ে উঠেছিলেন! বলবেন কি—গেটের কাছে রিচার্ডসন-বিরাগীদের বিরাগ নিরপেক্ষতার পরাকাষ্ঠা মনে হ'তে পারে? এ-সমালোচকদের আজকের দিনে কি মনে হয় না কি যে গেটের উচ্ছ্বাস পক্ষপাত-দোষদুষ্ট ছিল? অত দূরে যাওয়ার দরকার কি? বঙ্কিমচন্দ্র রমেশচন্দ্রের উপন্যাসের যে সুখ্যাতি ক'রেছিলেন তা কি রবীন্দ্রনাথের কাছে 'পক্ষপাতী' মনে না হ'য়ে পারে? না, রবীন্দ্রনাথ অনেক সময় এমন সব কবির প্রশংসা করেন নি (যাঁদের নাম করারও দরকার নেই আজ আর) যে-স্তুতি দ্বিজেন্দ্রলাল, বিজয়চন্দ্র, মোহিতলাল প্রমুখ রসজ্ঞের কাছে ঘোর একাদশদর্শী মনে হয় নি? (মোহিতলাল আজকাল কত লেখায়ই রবীন্দ্রনাথের পক্ষপাত নিয়ে ক্রোধ প্রকাশ করছেন দেখছেন তো?) এ নিয়ে আজকাল ভারি মাথা বকাচ্ছি।

আমার সত্যিই আজকাল সময়ে সময়ে তাই মনে হয় বুঝি সাহিত্যে নিরপেক্ষতা একটা মায়া—delusion—যেহেতু প্রশংসা বা নিন্দা কিছুই সম্পূর্ণ পক্ষপাত-বর্জ্জিত হ'তে পারে না। কারণ কোনো কিছু ভালো লাগার ফলে মনের আকাশে যে রং ধরে সেই রং-সম্বন্ধে সে-ব্যক্তি কি তেমন সচেতন হ'তে পারে—যার মনে সে রঙের লেশও একেবারেই ধরে নি? অন্ততঃ আমাদের মানবীয় ভালোবাসা, সাহিত্যিক ভালো লাগা, রুচিগত সাড়া দেওয়া—এ সবের প্রতিষ্ঠা তো স্বভাবজ পক্ষপাতেরই ভিত্তির 'পরে। এ কি একটি প্রাগৈতিহাসিক সত্য নয় যে মা-র চোখে কাণা ছেলে চিরদিনই পদ্মলোচন, নাগরের চোখে সূর্পণখাও তিলফুলনাসিনী? সাধে কি গেটে ব'লেছিলেন—

"Aufrichtig zu sein, kann ich versprechen, unparteiish zu sein, aber nicht. (I can promise to be sincere, but not—impartial)।

কিন্তু ও-তর্ক রেখে এবার একটু সাধু সজ্জনোচিত প্রসঙ্গে এসে ইতি করি।

আমার একটা মস্ত ঋণ রইল আপনার ও নলিনীকান্তের কাছে। কারণ আপনারা যখন আমার কবিতাগুলিকে অনুরাগের চোখে দেখেছিলেন তখন আর কেউ দেখে নি। সাহিত্য চর্চ্চায় এ-প্রথম উৎসাহের দাম "মন্দ কবি যশঃ প্রার্থীর" কাছে যে খুবই বেশি তা ভুক্তভোগী মাত্রেই জানে। এ হচ্ছে ঐ স্যাঁৎ বেভের কথা: বিদগ্ধজনার মধ্যে এমন দু'চারজন দরদী আবিষ্কার করার আনন্দ···বুঝলেন না?—এমন দু'চারজন মানুষের যাঁরা গুণ মূল্য দিতেই ব্যগ্র, যাঁরা

প্রচলিত প্রথা আচারকেই প্রামাণ্য করেন না, যাঁরা নতুন-কিছুর মধ্যে সত্য দেখ্‌লে অকুণ্ঠে তার অভ্যাগমকে অভিনন্দন করেন চল্‌তি মাপকাঠিতে উপেক্ষা ক'রে।

তবে সত্যের খাতিরে আমি বল্‌তে বাধ্য যে আমার কবিতার প্রশস্তি আমার প্রাপ্য নয়, প্রাপ্য তাঁর—যিনি "তুল্যনিন্দাস্তুতি মৌনী সর্ব্বভূতহিতে রতঃ"—অর্থাৎ শ্রীঅরবিন্দের। এ আমার কথার কথা নয়—প্রতিপদেই তিনি আমাকে নিয়ন্ত্রিত করেছেন—প্রেরণা দিয়েছেন—কাব্যের আদর্শ সম্বন্ধে তাঁর অমূল্য সময় ব্যয় ক'রে নিত্য অভিনব ইঙ্গিত দিয়েছেন অজস্র পত্রে, আলোচনায়, আমার লেখার নানা দোষ গুণ দেখিয়ে, অক্লান্তভাবে আমার অগণ্য প্রশ্নের ব্যাখ্যা ক'রে ও সর্ব্বোপরি অন্তরালে থেকে তাঁর যৌগিকশক্তিবলে আমার মধ্যে কবিত্বের বোধন ক'রে। এ আমার অতিরঞ্জন নয়,—উচ্ছ্বাসও নয়—উপলব্ধিগত প্রত্যয়। এ প্রত্যয় যদি না থাকত তবে আপনার ও আমার প্রশংসা পত্রগুলি আমি ছাপ্‌তে কুণ্ঠিত হ'তাম নিশ্চয়ই। কিন্তু নিজের কৃতিত্বে যা অর্জ্জন করি নি তার দরুণ বাইরের প্রশংসা ছাপ্‌তে বাধে নি—এ-প্রশস্তি আমার প্রাপ্য নয় ব'লেই। থুড়ি, যৌগিক মিস্‌টিসিস্‌ম্‌ আসে বুঝি বা। তাই এবার মধুরেণ সমাপয়েৎ করতেই হচ্ছে—ক্ষতিপূরণ স্বরূপ। আপনার অনুবাদে নিরুৎসাহ হওয়ার সংবাদ বিষম রেগে একটি ছড়া লিখেছি আপনার ছড়ার উত্তরে, শুনুন তো—

প্রিয়ংবদ!

নিরুৎসাহ? খবদ্দার হে! সইব না ও সইব না।
"বেড়াচ্ছিলেন হেসে খেলে?"—ঝঞ্ঝাট আর বইব না।
বাণীর কিম্বা অন্য কারুর—মন্ত্র জপি? দায়িত্ব
নাম কি এরই?—লো দরদী! সাপ্‌টে ফেলে সাহিত্য
দিলেন বেবাক্? অবাক্! আজও শেখেন নি কি বিচারক!—
(কোর্টে এবং অ-কোর্টে) যে—বোঝাই নিখিল নিয়ামক?
দায় হাজারো বইতে যে না চায়—সেই না ক্রিমিনাল?
হিউমানিটির বিজয় রাগে এম্‌নি দেবেন ঢিমি তাল?
রেপ্সন্সের এবিলিটি! নইলে 'কলৌ' নিষ্কৃতি
'নৈব' সখা! যোগের পরে আগুন হ'লেই শীষ বিধি
দেন কি দু'হাত তুলে? ব'লে—"রও জীতা হো সংসারী!
তুচ্ছুং ঠুকে—যারা ভবে জপ্‌ল শুধুই 'কংসারী'।"
কেবল কবি, 'কংসারী'রেই হায়, জপি না নিরন্তর:

প্রত্যয় কি বল্‌লে যাবেন ?—যোরাও হেথা ধুরন্ধর
বৃন্দ বোঝা বই,—কী ? না হয় চক্ষে দেখেই ভেরিফাই
যান না ক'রে ?—সায়েব্ বেদে বল্‌ছে যখন—"দেখি নাই
সীইং হ'লে বিলীভিঙের বেশি।" শুধু প্রত্যবায়
আছেই সেথায়। অন্ধ ?—সে দুখ্ চোখ খুললেই সত্য পায়।
হায় রে! আছে কর্ম্ম-কুক্কুর কর্ম্মভোগের বাড়া কি
পাপ কিছু আর ? 'দায়িত্বীরা' বেকার গোঁফে চাড়া কি
পারেন দিতে ? মানুষ ত নয় বুলবুল্ গুল্ বাগানে,—
একটুও তান ধ'রেছ—কি বিবেক চির-'দাগানে'
মনের গোসাখানায় গোঙায়।—কী ? প্রেম এতে চটে, না ?
বলি নি ?—হায় গরীব কথা বাসি হ'লে—বটে, না ?

প্রীতিমুগ্ধ—
নাছোড়বন্দ দিলীপ।

পুঃ। ভাল কথা আপনার ঋষির অনুবাদ "অঞ্জলি"র প্রথমে দিলাম।

[কবিবন্ধু কাজী নজরুল করকমলেষু,—

হঠাৎ এ পত্রাঘাতে ব্যস্ত হবেন না। আপনি ছন্দজ্ঞ ও রসিক তাই এ-সম্ভাষণ—যোগ সম্বন্ধে বক্তৃতা দিতে নয়। ব্যাপারটা এই : ভূদেবচন্দ্র স্বপ্নলব্ধ ইতিহাস শুনেছিলেন। আমি শুনলাম ছন্দ-দ্বৈরথ। বলি।—দেখলাম ("আধ জাগা ঘুমঘোরে") যে দিলীপ + প্রবোধ দুয়ের যোগফলে metempsychosisএ হয়ে গেছে প্রদীপ। এ-হেন প্রদীপ সূক্ষ্ম শরীরে রবীন্দ্রনাথের কাছে গিয়ে কর্‌ল তর্ক সুরু। ইতি অনুক্রমণিকা-পর্ব্ব।]

(অথ দ্বৈরথ-পর্ব্ব)

প্রদীপ। আচ্ছা কবি, এ বছরের কার্ত্তিকের পরিচয়ে এ কী লিখেছেন বলুন তো ?—"ছন্দের আলোচনাটা প্রথম যেদিন যাত্রা ক'রে বেরল সেদিন কোন্ গ্রহ তার উপর দৃষ্টি দিয়েছিল জানিনে, আজো তার ছুটি মিল্‌ল না। ভেবেছিলেম কথাটা চল্‌বে তো চলুক, আমি ওর থেকে সরে পড়্‌ব। কেন না ছন্দজ্ঞান যদি বা কমবেশি পরিমাণে আমার থাকে ছন্দ-বিজ্ঞান আমার মগজে নেই এই কথাটা ধরা পড়বার আশঙ্কা ক্রমে বেড়ে উঠচে।"

রবীন্দ্রনাথ। করি কি বলো ? তোমরা যে উঠে পড়ে লেগেছ! "আইনের জটিল ভাষায় আসামীকে যখন

অভিযুক্ত করা হয় তখন ভাবগতিক দেখে হতভাগার মুখ শুকিয়ে যায়, কিন্তু বুঝতে পারে না নালিশের বিষয়টা কি ?" তোমাদের ছন্দ-তার্কিকদের জেরায় আমার সত্যিই "সেইরকম ধাঁধাঁ লাগছে।" * তাবি কথাটি কইব না—কিন্তু সময়ে সময়ে একটু আধটু না বলেও পারি কই—যখন দেখি তোমরা নিয়মের ব্যারিকেডে পয়ার জাতীয় ছন্দকে—যাকে কী যৌগিক না অক্ষরবৃত্ত নাম দিয়েছ না ?—বঙ্গবাণীর কাব্যোদ্যানে জার্মাণদের ভাষায় Verboten প্রবেশ-নিষেধ—বলবার উপক্রম করছ। তবু আজকাল একটু সাবধান হয়েছি—"বিশ্লেষণের রাস্তা এড়িয়ে চলা সুরু করেছি।" তাছাড়া "তর্কের কথাটাকে যথাসাধ্য ছোট ক'রেই বলি আজকাল। "লাঠিয়াল যখন একা, আর তার প্রতিপক্ষ যখন অনেক, তখন সে গুটিসুটি হয়ে বসে লাঠি চালায়। কেন না দেহটাকে সংক্ষিপ্ত করলে মারটা কম লাগবার কথা।" † বুঝলে না ?

প্রলীপ। (ক্ষুণ্ণ) কী যে বলেন কবি ? আমরা আপনার 'প্রতিপক্ষ' হ'লাম কেমন ক'রে বলুন তো ? স্বরলিপিকার কি গায়কের প্রতিযোগী না সহযোগী ?

রবীন্দ্রনাথ। কিন্তু তোমরা যে নিয়মকানুন করে যৌগিক ছন্দকে চাও সীতার বনবাসে দিতে ওর'পরে শৈথিল্যের না কিসের কলঙ্ক চাপিয়ে—

প্রলীপ। আহা—কী যে বলেন ! যৌগিক ছন্দের সঙ্গে আমাদের অহিনকুল সম্বন্ধ থাকার কী কারণ থাকতে পারে বলুন তো যে এমন দুর্ম্মুখবৃত্তি অবলম্বন করে ওকে ওর রাজ্যভোগ থেকে বঞ্চিত করতে যাব ?

রবীন্দ্রনাথ। (নরম) আচ্ছা বলো বলো। তোমাকে দুর্ম্মুখ তো আমি বলিনি। তোমার মোদ্দা কথাটা কী তবে ?

প্রলীপ। আমি দেখাতে চেয়েছি শুধু এই কথা যে যৌগিকছন্দের মধ্যে একটা বিশেষ ধরণের শৈথিল্য আছে ও "আক্ষরিক ছন্দ ব'লে অদ্ভুত পদার্থ" থাকা উচিত না হলেও বাংলায় আবহমান কাল আছে। মানে পয়ারীরা সাধারণতঃ অক্ষর বা হরফকেই ওর ব্যষ্টি unit—ধরতেন। লঘুত্রিপদীর সূত্রই দেখুন না—যাকে আপনি বলেন অসমছন্দ ও যাতে যুগ্মধ্বনির উচ্চারণ বিশ্লিষ্ট, অর্থাৎ দু'মাত্রা। কিন্তু অক্ষর বা হরফ্ unit ছিল বলেই ও-ছন্দেও যুক্তবর্ণ নির্বিচারে এক ব্যষ্টি বলে গণ্য হ'ত। যথা—

বারবর্ণ আগে লিখ দুই ভাগে ছয়ে ছয়ে মিল হবে।
আটটি অক্ষর লিখ তারপর অষ্টাদশ যতি র'বে।

এতে আপনার আপত্তি যা-ই হোক—একথা বলার জন্যে আপনি আমাকে 'ব্যারিকেডার' ঠাওরাচ্ছেন কেন বলুনতো ? কেন বুঝতে চাচ্ছেন না এ সাদা কথাটা যে, যৌগিকছন্দে হরফ যে ব্যষ্টি (unit) হওয়া উচিত নয় এ বিষয়ে আপনার সঙ্গে আমাদের কারুর মতদ্বৈধ নেই ?

---

* বিচিত্রা, পৌষ ১৩৩৮ রবীন্দ্রনাথের প্রবন্ধ থেকে উদ্ধৃত। † পরিচয়, কার্ত্তিক, ৩৮।

রবীন্দ্রনাথ। কথাটা ন্যাকা নয় ব'লে বোধহয়।

প্রলীপ। একশোবার ন্যাকা।—মাফ করবেন, আমি—মানে ছাপোষা মনিষ্যি প্রবোধ—এ-রকম বেপরোয়া দৈলিপী ঢঙে কোনদিন ভুলেও কথা কইনে—কিন্তু দিলীপ আমার জিভে ব'সে এমন উদ্ধত ভাবে ন'ড়ে ন'ড়ে উঠ্‌ছে যে—সব্দোবাৎ—বুঝ্‌লেন না ?

রবীন্দ্রনাথ। (হাসিয়া) তাকে আমি জানি, সে ঐ রকম। দাও ওকে রাশ ছেড়ে। অনেক প্রশ্রয় দিয়েছি ওকে, প্রত্যবায় ভুগ্‌তে হ'বে বই কি। তাছাড়া শিষ্ট টোনে কথা বল্‌লে ওকে আবার এমন ভণ্ড ভণ্ড শোনায়—

প্রলীপ। (সাশ্রুনেত্রে) I protest—মানে প্রলীপের দৈলিপী অর্দ্ধাঙ্গ। I protest—in tears.

রবীন্দ্রনাথ। (হাসিয়া) লাগ্‌তে এসো কেন তবে আমার সঙ্গে ? যাক্—আর কেঁদোনা, ও-অপবাদ এখন ভুলে যাও। বলো, কী বল্‌ছিলে ? নির্ভয়ে বলো।

প্রলীপ। কিছু মনে করবেন না—আমাদের জিভটা প্রলীপী জিভ হ'লেও দিলীপই বেশি নাড়া দিচ্ছে ও গোড়া ধরে ;—কাজেই ঠেকাতে পার্‌বনা হয়ত ওকে অনেক ক্ষেত্রে—নির্ভয়ে বল্‌তে গেলে।

রবীন্দ্রনাথ। (হাসিয়া) আচ্ছা আচ্ছা। চলো জুড়িতে বা বিকল্পে স্বরমাত্রিকে। আমি আজকের এ ত্রৈরথপর্ব্বে একদিনের জন্যে তোমাদের অভয় দিচ্ছি।

প্রলীপ। (আশ্বস্ত) অস্তু। আমরা বল্‌ছি এই কথা যে আমাদের ভেবে চিন্তে মনে হয়েছে বই কি যে অক্ষর লেখার পদ্ধতি অনুসারে যৌগিক ছন্দে কান নানাধ্বনিকে নানারকম ওজনের মর্য্যাদা দেয়। যেমন ধরুন না কেন, 'হৈল' হেমচন্দ্রের সময় পেত দুয়ের মর্য্যাদা, কিন্তু 'হইল' লেখার পর থেকে পেল তিনের। "পউষ মাসের সাথে আসে পুলি পিঠে" সকলেই নির্ভয়ে লিখ্‌বে কিন্তু "পৌষ মাস সাথে সাথে আসে পুলিপিঠে"র স্থলে "পউষ" লিখে দেখুন না একবার দশাটা। অবশ্য মানি—আপনি যদি লেখেন তবে হয়ত পুলিপিটে মাঠে মারা যাবে না আপনার ; ভাগ্যবান্ লোক আপনি—রূপোর-চামচ-সহজাত। কিন্তু ছান্দসিকের শিরোপা যে মিলবে না এটা তো ধ্রুব। বুঝেছেন কি ? না আরও—

রবীন্দ্রনাথ ও আমি বুঝেছি। কিন্তু ওতে দোষটা কোন্ খানে সেইটেই বুঝ্‌তে না পেরে তোমাদের এ প্রলীপী ঝঙ্কারে ভীত হচ্ছি। তাই তো 'গুটি সুটি হ'য়ে লাঠি চালাচ্ছি" হে—কেন না—

প্রলীপ। কিন্তু Pen is mightier than the sword যে, ভুল্‌ছেন কেন ? আপনার উপমার বিরুদ্ধে আমাদের লাঠি ?

রবীন্দ্রনাথ। কিন্তু তোমরা যে ফ্যাসাদ বাধিয়েছ হে "শুদ্ধির গোময় লেপনে সব একাকার কর্‌বার জন্যে" মরীয়া

হ'য়ে উঠে। তাই তো উপমা দিতে হয় যে "স্নানের ঘাট থেকে বধূ এলোচুল পিঠে ছড়িয়ে রোদ পোহায়, সন্ধ্যাবেলায় নিমন্ত্রণে যাওয়ার সময় সেই চুলই খোঁপা করে। এক চুল নিয়ে দুরকম ব্যবহার।" * তেমনি ধ্বনির সম্বন্ধে, বা ভাষায় প্রাকৃত পদাদি ব্যবহার সম্বন্ধে। একটু আধটু কম বেশীতে মামলা চলেনা। আর এ কমি-বেশি যদি কান স্বীকার করে নেয় তবে বুঝতে হবে ভাষার মধ্যেই ওর প্রশ্রয় রয়েছে। হেমচন্দ্র হৈল' কে ধরতেন দুই, আমরা ওকে 'হইল' লিখে পড়ি তিন। তথাস্তু। কিন্তু এতে দোষটা কোন্‌খানে? আমি এতেও যদি বলি দো কর্ত্তব্যো—যেমন প্রাকৃত বাংলায় সংস্কৃত তথা দেশজ শব্দ ব্যবহার সম্বন্ধে বলেছিলাম—তবে তোমরা আপত্তি করবে কোন মুখে শুনি? আর 'উদয় দিগন্তে ঐ শুভ্রশঙ্খ বাজে"-তে 'ওই' না লেখার দরুণ আমি ধ্বনি-চোরই বা হ'লেম কেমন ক'রে?

প্রদীপ। (ত্রস্ত) কবি, কেন—আমার—মানে প্রবোধের অন্নটা মারছেন? আপনাকে ধ্বনিচোর বলেছি কবে? দোহাই ধর্ম্ম—ও কথাটা ফিরিয়ে নিন। কেউ আমার প্রবন্ধ ছাপ্‌বে না নইলে। পথে ঘাটে লোকে আঙুল দিয়ে দেখাবে—কবিকে 'ধ্বনিচোর' বলেছিল এই লোকটা।

রবীন্দ্রনাথ। (মৃদুহাস্য)

প্রদীপ। সত্যি কবি, আমিও—এবার সাক্ষাৎ নির্জ্জলা দিলীপ ভয় পেয়ে কথা বল্‌ছে—ও-দোহাইয়ে ডিটো দিচ্ছি। লক্ষ্মী কবি, অন্ততঃ উনিতো আমার মতন উদ্ধত ন'ন—ওঁর কথাটা ভুল হোক, বা ঠিক হোক "কাদায় নেমে চিংড়িমাছ তোলা" "খোকামণির লম্বা টুপি প'রে দাদামশায় সাজা" ওরকম উপমা-শায়কে ওঁকে ক্ষতবিক্ষত করা কি ঠিক হ'চ্ছে আপনার? তাছাড়া আরও একটা মিনতি জানাতে চাই: আপনি নিজেকে "হতভাগ্য" ব'লে আমাদের রৌরব নরকে প্রেরণ না ক'রে আমাদেরই হতভাগ্য ভেবে একটু বুঝতে চেষ্টা না হয় করলেনই বা। নইলে ছন্দতর্কে অমনধারা চোখা চোখা উপমা ছুঁড়লে লোকের মনে সন্দেহ হবে নাকি যে আপনার সঙ্গে ছন্দ নিয়ে তর্ক করে যে প্রদীপ তার যোগ্যস্থান পাগলাগারদই?

রবীন্দ্রনাথ। (প্রীত হাসিয়া) আচ্ছা আচ্ছা, তোমরা কী বল্‌ছ বলো শুনি।

প্রদীপ। আমরা বল্‌ছি এই কথা যে আপনার পয়ার জাতীয় ছন্দ—যাকে আমরা যৌগিক বলি—মোটামুটি হরফ গুনে গুনেই বহুদিন যাবৎ লিখে আসা হ'য়েছে ব'লে ও-ছন্দে কবিতা লেখার সময় কান

---

* বিচিত্রা, পৌষ ৩৮।

চোখের ফুলুখানি একটু শোনে বই কি। এটা হওয়া উচিত নয়—আপনিও মানবেন। এবং এই শৈথিল্যটুকুর দিকেই আমি—এবার প্রবোধ কথা কইছি—দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। তারপর এ-শৈথিল্যকে কবিরা আদর ক'রে চণ্ডীমণ্ডপে তুলে রাখেন বা রাতারাতি গঙ্গাযাত্রা করিয়ে দেন সে-দুশ্চিন্তা আমার নেই। আমি ছান্দসিক হিসেবে ছন্দের টেকনিকের নানা সম্ভাব্যতা ও গুণাগুণ দেখিয়েই খালাস। তাই আমি ব'লেছি যে, "বৈরী" যৌগিকছন্দে তিন ক'রে কেউই লিখ্‌বে না, কিম্বা "শিউলি" বা 'আওতা" ও দুই করে লিখ্‌বে না। কিন্তু ঔ-কারের মতন ইউ-কার, আও-কারের যদি আলাদা চিহ্ন থাকৃত যাতে করে শিউলি বা আওতা দু'অক্ষরে লেখা যেত তাহ'লে সকলেই নিশ্চয়বেগে ওদের দুই ব্যষ্টি ধরেই যৌগিকছন্দে কবিতা লিখ্‌ত। বুঝেছেন?

রবীন্দ্রনাথ। আগে কহ আর। না, দু একটা দৃষ্টান্ত দাও বরং।

প্রদীপ। ধরুন, "বৈরী আমার রাম সংহারিব তারে" একথা আজ রাবণের মুখে শুনলে আপনিও বলবেন রাবণের শ্রীরাম-সংহারী ধনুর্জ্ঞান থাকৃতে পারে, কিন্তু ছন্দজ্ঞান যে নেই এ ধ্রুব; তেম্‌নি "শিউলি ফুল নিবি মোতি—নে না যত চাস" বল্‌লে আপনার যোগাযোগের কুমুদিনী এস্রাজ বাজনায় বা গানে যত বড় ব'লেই গণ্য হোন না কেন সাধারণের চোখে ছন্দে বড় বলে যে প্রতিপন্ন হবেন না—এ অবধারিত।

রবীন্দ্রনাথ। কিন্তু গতবছরে মাঘের পরিচয়ে আমি কি দেখাইনি যে "চিম্‌নি ভেঙে গেছে শুনে গিন্নি রেগে খুন" ও "চিম্‌নি ফেটেচে দেখে গৃহিণী, সরোষ" এ দুই-ই হয়? একথা যদি তোমরা মানো তবে কেমন করে বলো যে হসন্তমধ্য শব্দকে পয়ারজাতীয় ছন্দে তিন অক্ষরে বিছিয়ে দুই ধরা যায় না?

প্রদীপ। কিন্তু "নিয়ে ঝরিয়া গেছে শুষ্ক ফুলদল' কিম্বা "সান্নিপাতিক জ্বরে কর্তাটি বেহুঁশ' কি ঐ নজীরে শুদ্ধ ছন্দ হবে বল্‌তে চান? যেহেতু ধ্বনির ওজন হিসেবে চিম্‌নি = নিয়ে = সান্নি।

রবীন্দ্রনাথ। কিন্তু এ থেকে কী প্রমাণ করতে চাইছ?

প্রদীপ। শুধু এই যে সান্নি, নিয়ে, শুষ্ক প্রভৃতি সংস্কৃত কথা যে যৌগিকে চট্‌ করে বিশ্লিষ্ট ভাবে উচ্চারণ করে মাত্রাবৃত্তের মতন তিনের মর্য্যাদা দেওয়া যায়না তার একটা কারণ নিশ্চয়ই এই যে, ওদের আমরা বরাবর দুটি হরফেই লিখিত দেখে এসেছি। কিন্তু চিম্‌নি, বাব্‌লা, চ্যাপ্‌টা, টাট্‌কা, থট্‌কা প্রমুখ দেশজ শব্দকে আমরা তিন অক্ষরেই দেখ্‌তে অভ্যস্ত ব'লে যৌগিকছন্দে ওদের টেনে তিনও করা যায়, ঠেসে দুইও করা যায়, যদিও—মাফ করবেন—মাঘের পরিচয়ে আপনার ঐ 'কুস্তির আখড়ায়

তিমিরের বক্ষে, জল ছিটাইয়া বাও ধুলা যাক মরে" কে ঠিক যৌগিক পয়ার না বলে মাত্রাবৃত্ত পয়ার বলাই সঙ্গত—আমাদের মতে।

রবীন্দ্রনাথ। কিন্তু যৌগিক পয়ার নয়ই বা কেন?

প্রদীপ। এই জন্যে যে তাহ'লে

কুস্তির আখ্ড়ায় স্বস্তি কোথায়

ধর্ম্মপ্রাণ কাশীরাম ব্রস্ত শুধায়—কেও ঐ নজীরে চতুর্দ্দশী কাশীরামী পয়ার ধরতেই হয়। অর্থাৎ "কুস্তির আখড়ায়"—কে "ধর্ম্মপ্রাণ কাশীরাম" এর সঙ্গে সমান ওজনের বল্‌তে হয়। যৌগিক পয়ারে—কয়েকটা ব্যতিক্রম ও বৈকল্পিকতা বাদে—শব্দ-মধ্যস্থিত যুগ্মধ্বনি এক-ব্যষ্টি ও প্রান্তবর্ত্তী যুগ্মধ্বনি দুই ব্যষ্টি এই-ই ওর ধ্বনিসাম্যের নিয়ম। ওর শতকরা নব্বুইটিরও বেশি পংক্তি এই নিয়মে scan করা যায়—ও সবচেয়ে স্বাভাবিক ভাবেই scan করা যায়। পক্ষান্তরে মাত্রাবৃত্তে যুগ্মধ্বনি বিশ্লিষ্ট হ'লে সর্ব্বত্রই দুই ব্যষ্টি এবং এ-প্রভেদ ওদের গঠনপ্রকৃতিগত। সুতরাং দেশজ কয়েকটা কথার নজীরে এ ভেদ ঘুচিয়ে দেওয়া একেবারেই অসম্ভব। অন্ততঃ আজকের দিনে অসম্ভব। কারণ পরে যৌগিক ছন্দে মাত্রাবৃত্তের বৈশ্লিষ্ট উচ্চারণ কাল অভ্যাসবশে স্বীকার ক'রে নিতে হয়ত পারে। কিন্তু আজকের দিনে এতে সে অভ্যস্ত নয়।

রবীন্দ্রনাথ। এই জন্যেই তো আমি লিখেছিলাম হে যে "ছন্দের আলোচনাটা প্রথম যেদিন যাত্রা ক'রে বেরল সেদিন কোন্ গ্রহ তার উপর দৃষ্টি দিয়েছিল জানিনে, আজো তার ছুটি মিল্‌ল না।" (দীর্ঘনিঃশ্বাস)

প্রদীপ। এতে এত দুঃখ পাচ্ছেন কেন কবি? কোনো টেকনিকাল আলোচনারই দুদিনে ছুটি মেলেনা। পণ্ডিত ভাতখণ্ডেকে—এবার আমি দিলীপ কথা বল্‌ছি—আপনি তপস্বী ব'লেছেন আমারই কাছে। অথচ তিনি গানের সুরের রাগরাগিণীর ঠাটের সমন্বয়-বিচারের প্রভৃতি নানা সূক্ষ্মাতিসূক্ষ্ম প্রসঙ্গ নিয়ে যে কী ভীষণ পরিশ্রম করেছেন তার কথা পরে বল্‌ব আপনাকে। এখন শুধু এইটুকু বলেই ক্ষান্ত হই যে এ আলোচনায় রাগিণীদেবী যে তাঁকে ছুটি দিতে চেয়েছিলেন একথা মনে করবার কোনো কারণই নেই। আর ছুটি তিনি চান্‌ওনি। বহুদিনব্যাপী অজস্র আলোচনা করে তবে আমাদের সঙ্গীতের মূলসূত্রগুলি বেঁধে দিতে পেরেছেন তিনি। কাজেই এ-ধরণের আলোচনার প্রতি অবজ্ঞাপ্রকাশ বা কটাক্ষপাত না ক'রে একটু দরদই আপনার কাছে আমরা প্রত্যাশা করেছিলাম। কিন্তু দরদ তো দূরের কথা, আপনার বাক্য ও উপমাবাণে অন্ততঃ আমার—মানে প্রবোধের—পাঁজরা তো আপনি ঝাঁঝরা করে রেখে গেলেন। যদিও ভদ্রসভায় আমি তা স্বীকার করি না—বলি আহা,

আপনি বড়ই নিষ্ঠাবাদী। কিন্তু সে কথা যাক্‌। বলুন তো এখন কেন Prosodist এর পরে আপনার এ-বিরাগ? আপনি নিজেই "ছন্দজ্ঞান ও "ছন্দবিজ্ঞান" দুয়ের মধ্যে তফাৎ মান্‌ছেন নইলে এ দুটো কথা এ ভাবে ব্যবহার কর্‌তেন না গত কার্তিকের পরিচয়ে। এবং সত্যিই তো ও দুটো এক বস্তু নয়! এমন ওস্তাদ আমি ঢের দেখেছি—এবার আমি খাস্‌ দিলীপ কথা কইছি—যারা গানে পাকা হ'লেও স্বরলিপি বিশ্লেষণ প্রভৃতিতে অত্যন্ত কাঁচা। কিন্তু তাতে কী এল গেল? কেউ কি বলে তার জন্যে তাদের সুরসৃষ্টির দাম একচুলও কমে? কিন্তু যদি রাগরাগিণীর বিশ্লেষণে সে মাথা ঘামিয়ে না থাকে তবে পণ্ডিত ভাতখণ্ডে নিশ্চয়ই তাকে বল্‌বার অধিকারী যে হে গুণী, তোমাকে নমস্কার করে জানাচ্ছি—গানের সুর ও কলাকারু তোমার কাছ থেকে শিখ্‌ব কিন্তু বিশ্লেষণাদি বিষয়ে তোমার রায় চরম নয়, নয়, নয়। তাছাড়া—এবার আমি প্রবোধ কথা কইছি—আপনি অনর্থক আমাদেরকে প্রতিপক্ষ কল্পনা ক'রে শুধু যে বিশেষ করে ছাপোষা ঐতিহাসিককে ফেল্‌ছেন মহামুস্কিলে তাই নয়—নিজেও হয়ে প'ড়্‌ছেন কেমন যেন বিরক্ত বিরক্ত—যেন আমরা একদল আপনার বিরুদ্ধে চক্রান্ত করতেই উঠে পড়ে লেগেছি।

রবীন্দ্রনাথ। (বিরক্ত) বিরক্ত হলেম আবার কোথায়?

প্রদীপ। বাঃ হননি?—এবার দৈলিপী জিহ্বা—নইলে ও রকম সব উপমার প্রয়োগ করেন? "শুদ্ধির গোময় লেপন," "খোকামণির দাদামশায়ের টুপি পরা" "ডাঙায় বসে চিংড়ি মাছ" এসব উপমা কি টেক্‌নিকাল আলোচনায় পার্লামেণ্টারি ভাষা?

রবীন্দ্রনাথ। উপমা দেবনা কেন শুনি?

প্রদীপ। টেক্‌নিকাল তর্কে উপমা—এবারও দিলীপ কথা কইছি—যুক্তি নয় ব'লে! Similes are like Rabbis in a synagogue: they can appeal esoterically, only to those already proselytised. রসসৃষ্টিতে ওর মূল্য অসীম, কিন্তু তর্কে না। কেন না উপমা দিয়ে কী না প্রমাণ করা যায় বলুন তো? দোহাই ধর্ম্ম, রাগ করবেন না কবি, একথা শুনে! আপনার উপমার ভক্ত কে নয়? কিন্তু বল্‌বেন কি তাই ব'লে যে আপনার "গান্ধারীর আবেদনে" দুর্য্যোধন যখন অম্লানবদনে বলেন—

"ঈর্ষা বৃহতের ধর্ম্ম। দুই বনস্পতি
মধ্যে রাখে ব্যবধান, লক্ষ লক্ষ তৃণ
একত্রে মিলিয়া যাবে বক্ষে বক্ষে লীন"

তখন তাতে করে প্রমাণ হয়ে গেল যে তৃণ ঈর্ষা জানেনা বলেই ছোট্ট ও বনস্পতি জানে বলেই বৃহৎ? না, সিদ্ধান্ত হ'ল যে, অতএব ঈর্ষা ছাড়া কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা? হ'ল না মানবেন নিশ্চয়ই? অথচ সেই সঙ্গে একথাও রসিক মাত্রেই মানবে যে এ-শ্রেণীর উপমা যুক্তিহিসেবে অত্যন্ত ত্রুটিসাপেক্ষ হ'লেও রসহিসেবে অতি সজ্জন। বললে না প্রত্যয় যাবেন—আমার বিষম ভয় রয়েছে পাছে প্রবোধচন্দ্রকে বাংলাদেশের সর্বশ্রেষ্ঠ ছান্দসিক—prosodist—বলার অপরাধে পরের সংখ্যা পরিচয়ে লিখে বসেন যা—

আমারে না মেনে	শ্রীপ্রবোধ সেনে	বাখানি' রে "লাঠিয়াল!"
"গুটি স্থুটি" মোরে	কেন মেরে ধ'রে	করিতে চাহিলি খাল?
সহজে না ফুঁসি	যদিই বা রুষি	দংশি ফুটুসি' ধীরে,
কিন্তু তা বলি'	তর্কিলে ছলি'	ভাবিস্ সহিব কিরে?
কেন মূঢ়, বাদ	সাধি' মোর সাথ	করিলি ফ্যাসাদ ব্রত?
উপমায় তোরে	ব্যঙ্গে অঝোরে	করি'ক্ষত বিক্ষত
যদি সেই?-তবে	কে রাখিবে ভবে?	দেখেছিস্ কিরে ভেবে?
ছুটো ছড়া রচি'	ভাবিলি কি শচী-	বল্লভ এলি? ক্ষেপে
গেলি রাতারাতি!	হেন মাতামাতি	কেমনে করিলি তুই!!
ভুলে গেলি বুঝি	মিল খুঁজি' খুঁজি'	আজিও লিখিস্? ছুঁই-
ফোঁড় কবি হ'য়ে	মোরই "ভুল" ক'য়ে	শমনে শিয়রে আজ
কেন বা ডাকিলি?	লিখিলি লিখিলি—	কেন ওকালতি-সাজ?

অথ সহসা স্বপ্নভঙ্গ।

২৮শে চৈত্র, ১৩৩৮

শ্রীদিলীপকুমার রায় প্রিয়বরেষু—

আপনার কাছ থেকে আমার পত্রের উত্তর পেয়ে আমি সত্যই খুব আনন্দিত হ'য়েছি। কারণ আপনার চিঠিতে যে সহৃদয়তার পরিচয় পেলুম তা সত্যই দুর্লভ।

আপনাকে যেন আমি ঠিক্ মতো বুঝি আপনি এই চেয়েছেন। আপনাকে সমগ্রভাবে এবং সত্যভাবে বুঝতে আমি যথাসাধ্য চেষ্টা করছি। আশা করি আপনাকে ভুল বুঝিনি। আর আপনাকে বুঝতে পেরে আমি শুধু আনন্দিতই নয়, উপকৃতও হ'য়েছি।

আপনার রচিত ও অনূদিত কয়েকটি কবিতা, শ্রীঅরবিন্দের পত্র ও আপনার অনামীর মুখবন্ধটি আমি গভীর মনোযোগ দিয়ে প'ড়েছি এবং প'ড়ে সত্য সত্যই খুব আনন্দ লাভ ক'রেছি। আপনার স্বরচিত এবং "রূপান্তরিত" কবিতাগুলিতে যে-একটি অকৃত্রিম শিল্পরচনার রসের সন্ধান পেয়েছি তা সত্যই দুর্লভ। এবং শ্রীঅরবিন্দের দুয়েকটি পত্র এত ভালো লেগেছে যে বলা যায় না। শুধু বল্‌তে হয় exquisite; আর আপনার কল্পনাকুমারকে লেখা দীর্ঘ পত্রটির রচনাভঙ্গীতে মুগ্ধ হ'য়েছি। শুধু তাই নয়, রচনাটি স্থানে স্থানে একটু কঠোর হ'লেও অত্যন্ত স্বচ্ছ ও নির্মল—তাতে আপনার মনের প্রতিচ্ছবি অত্যন্ত স্পষ্ট হ'য়ে ফুটে উঠেছে।

ছন্দের নিয়মভঙ্গ সম্বন্ধে আপনি কয়েকটি প্রশ্ন তুলেছেন। এই উপলক্ষ্যে আপনার সূক্ষ্ম ধ্বনিবোধের পরিচয় পেয়ে আমি যথার্থ ই খুসি হ'য়েছি। বাস্তবিকই বাংলা ছন্দের প্রকৃতি আপনি এতখানি গভীরভাবে উপলব্ধি ক'রতে পেরেছেন দেখে আমি অনাবিল আনন্দলাভ ক'রেছি। আর আপনার ছন্দের প্রবন্ধগুলি এবং ছন্দবিষয়ক চিঠিপত্রগুলি প'ড়ে এত আনন্দিত হবার কারণ এই যে আমি দশ বার বৎসর যাবৎ বিশেষভাবে ছন্দ আলোচনা ক'রে আস্‌ছি, কিন্তু এই দশ বার বৎসরের মধ্যে একজনও যথার্থ ছন্দজ্ঞ ও ছন্দরসিক ব্যক্তির সন্ধান পাই নি ব'লে আমার আক্ষেপ ছিল। (অবশ্য কবি গুরু রবীন্দ্রনাথকে আমি বাদ দিচ্ছি, কেন না তিনি যে ছন্দস্রষ্টা, যদিও ছন্দ সম্বন্ধে তাঁর বিশ্লেষণ বা সংজ্ঞার সাথে আমি একমত হ'তে পারি নি।) আপনার সঙ্গে পত্রালাপ ক'রে আমার সে আক্ষেপ দূর হ'য়েছে।···

আপনি Yeatsএর অনুবাদ যে-ছন্দে ক'রেছেন (৪১ পৃষ্ঠা) সেটি সুন্দর হ'য়েছে। ওর প্রথম পদে আট মাত্রা না দিয়ে সাত মাত্রা দিয়ে আপনি খুবই ছন্দ রসিকতার পরিচয় দিয়েছেন। আপনার "ফণিয়া অর্বুদ কনক-কঙ্কনা গর্জ্জি স্যন্দনে বাহিনী ধায়" কিম্বা "রাজে সে গেহে মম লক্ষ্মীস্বরূপিণী নয়নযুগলের অমৃত বাতি"-ও (৯৮ পৃষ্ঠা) ঐ একই ছন্দ।···কিন্তু মন্দাক্রান্তার প্রকৃতি অন্যরূপ। সে হ'চ্ছে স্বরমাত্রিক, মাত্রাবৃত্তও নয় স্বরবৃত্তও নয়। তাই এর স্বরমাত্রিক রূপটি বজায় না রাখ্‌লে ও ছন্দকে আর যা-ই বলা যাক্ না কেন মন্দাক্রান্তা বলা যাবে না। তাই আপনার "শ্রীকৃষ্ণের আবির্ভাব গানে (১৯৯ পৃষ্ঠা)

"বন্দিতে নারি তোমা তবুও তব পদ চিহ্ন অনুসরি হৃদয় পর" (২০৩ পৃষ্ঠা) প্রভৃতি লাইনের ছন্দকে মন্দাক্রান্তা বলা যায় না। একে বল্‌তে হবে মন্দাক্রান্তা ছন্দের "মাত্রিক প্রতিরূপ," অর্থাৎ quantitative equivalent substitute. কিন্তু তাই ব'লে ওর মূল্য কমে না। বাস্তবিক আপনার এ কবিতাটির ছন্দ আমার খুবই ভালো লেগেছে, বিশেষতঃ "কাটো নাগপাশ বন্ধন" থেকে "শুভ্র স্যন্দন রাগে সত্যসাথী" পর্য্যন্ত—বিশেষ ভাবে। এ ছন্দ বাংলা সাহিত্যে খুবই কম আছে; তাই আপনার এই রচনাটুকুর মূল্য ছন্দ হিসেবে খুবই বেশি।

আপনার "আগমনী" (২৩৭ পৃষ্ঠা) কবিতায় সংস্কৃত উচ্চারণের ধ্বনিমাধুর্য্য অতি সুন্দরভাবে রক্ষিত হ'য়েছে। সংস্কৃত উচ্চারণের উদার গাম্ভীর্য্য আপনাকে যে কতখানি আকর্ষণ ক'রেছে তার উৎকৃষ্ট প্রমাণ এটি। মধ্য যুগের

বৈষ্ণব কবিদের লঘুগুরু ছন্দে স্খলনের অভাব নেই। আপনি অতি সহজেই সেগুলিকে লঙ্ঘন ক'রে গেছেন। এমন নিখুঁৎ ভাবে সংস্কৃত উচ্চারণের বৈশিষ্ট্য রক্ষা করা সত্ত্বেও যে আপনি কবিতার অর্থ বজায় রাখ্‌তে পেরেছেন সেটা কম কৃতিত্বের কথা নয়।

আপনার "দরদী" কবিতাটি (২৩৫ পৃষ্ঠা) অতি চমৎকার হ'য়েছে ছন্দের তরফ থেকে। স্বরমাত্রিক "মদিরা" ছন্দ এর চেয়ে সুন্দর ও শ্রুতিমধুর হ'তে পারে ব'লে মনে হয় না। স্বরমাত্রিক ও লঘুগুরু ছন্দের সমাবেশও অভিনব হ'য়েছে —যেমন "প্রার্থনা" কবিতায় মাত্রাবৃত্ত ও লঘুগুরু সমাবেশও অভিনব। স্বরমাত্রিক ছন্দ রচনায় আপনার দক্ষতায় আমি যুগপৎ বিস্মিত ও আনন্দিত হ'য়েছি। এ ছন্দে সত্যেন্দ্রনাথ ছাড়া এমন নৈপুণ্য আর কেউ দেখাতে পারেন নি।

আপনার লঘুগুরু "শিব" ও "বাণী" কবিতা দুটিতেও আপনি লঘুগুরু ছন্দ রচনায় খুবই শক্তি ও নৈপুণ্যের পরিচয় দিয়েছেন এ ধরণের সংস্কৃত ছন্দ রচনা করা সহজসাধ্য ব্যাপার নয় তা আমি বেশ জানি। আপনার নূতন নূতন ছন্দ রচনার ও নূতন পথ আবিষ্কারের চেষ্টা এবং experiment আমাকে কম আনন্দ দেয় না।

কেবল একটি বিষয়ে দেখ্‌ছি আমাদের মধ্যে এখনও মতভেদ আছে। সেটি হ'চ্ছে "সংস্কৃতপন্থী মাত্রাবৃত্ত" বা "লঘুগুরু" ছন্দের classification সম্বন্ধে। এ মতভেদটা খুবই গুরুতর নয়। তবু আমার কথাটা বলি। বৈজ্ঞানিক জগৎ থেকে দুটি দৃষ্টান্ত নিলে আমার বক্তব্য বোধহয় বিশদ হবে। উদ্ভিদ বিজ্ঞানে বলে দূর্ব্বা ঘাস ও বাঁশ একই genusএর অন্তর্গত দুটি species মাত্র,—অর্থাৎ দূর্ব্বা এবং বাঁশ উভয়েই আসলে grass বিশেষ। বৈজ্ঞানিকদের চক্ষুতে উভয়ের গঠনের মধ্যে যথেষ্ট সাদৃশ্য আছে ব'লেই দূর্ব্বা এবং বাঁশকে একই grassএর পর্য্যায়ভুক্ত করা হ'য়েছে। কিন্তু আর্টিষ্টের চোখে এ দুয়ের আকৃতি ও রসের প্রভেদ খুবই বেশি।

তেম্‌নি আর্টের দৃষ্টিতে লঘুগুরু এবং বাংলা মাত্রাবৃত্তের মধ্যে রসের পার্থক্য প্রচুর, এত প্রচুর যে লঘুগুরুকে স্বতন্ত্র শ্রেণীর ব'লেই মনে হয়। কিন্তু তবু বিজ্ঞানের চোখে এই দুয়ের গঠন-প্রকৃতি এত ঘনিষ্ঠ, যে এদের এক পর্য্যায়ভুক্ত না ক'রেই উপায় নেই। ধরুন জয়দেবের—

	অহহ কল	য়ামি বল	য়াদি মণি	ভূষণং
ও রবীন্দ্রনাথের	বদন কার	দেখিতে পাই	কিরণে অব	গুণ্ঠিত

দুই-ই কি মূলতঃ এক প্রকৃতির ছন্দ নয়?—অর্থাৎ উভয়ই কি পঞ্চমাত্রিক মাত্রাবৃত্ত নয়! অথচ প্রথম লাইনটিতে দীর্ঘস্বরের দীর্ঘ উচ্চারণের দরুণ তার "রসের" স্বাতন্ত্র্য আছে—সে কথা আমি অস্বীকারও করিনি—কিন্তু form এবং principle উভয়েরই এক। মনে রাখ্‌বেন আমি যখন ওদের এক শ্রেণীভুক্ত করছি তখন ছন্দ-বৈজ্ঞানিক হিসেবেই ওদের দেখছি, কারণ ছন্দ-শাস্ত্রকে (prosodyকে) ভাষা তত্ত্বের (philologyর) মতো সায়েন্স ব'লেই আমি মনে করি।

আপনার "ভোগের ভঙ্গী" কবিতাটির* "পূর্ণ ভোগে বিলাস দেহী ইন্দ্রিয় মেলায় যেমন এমন" লাইনে "যেমন্ এমন" প'ড়তে হয় ছন্দ-সন্ধি ক'রে। † এ রকম দৃষ্টান্ত আরও মেলে যথা "বিরাট.গর্ব্ব। একটা সে যেন। মর্কট এবং। মর্কটীর" (সত্যেন্দ্রনাথ) বা "হত্যা নয় আজ। সত্যাগ্রহ। শক্তির উদ্বোধন।" (নজরুল ইস্‌লাম) লাইনে "টেবং" বা "নয়াজ"— ধ্বনিতে তবে এ ধরণের ছন্দসন্ধি ব্যতিক্রম হিসেবেই সচরাচর গণ্য হয় ব'লে এদের বেশি ব্যবহার হওয়া বাঞ্ছনীয় নয়।

এবার ছন্দ প্রসঙ্গে সত্যেন্দ্রনাথ সম্বন্ধে কিছু বলূব। তাঁর সম্বন্ধে আপনার মূল মন্তব্যটি আমি অস্বীকার করি নে। কিন্তু আমার আশঙ্কা আছে সত্যেন্দ্রনাথের আর একটি দিক্ আছে তার প্রতি লোকে হয়ত সুবিচার করবে না। কেন বলি? (এটুকু পড়বার আগে আমার কল্পনাকুমারকে লেখা পত্রটি পড়া ভালো)।

সঙ্গীতের সঙ্গে তুলনা ক'রে কাব্যছন্দ সম্বন্ধে আপনি বলেছেন যে যাঁরা একান্ত বাহ্য শ্রুতিমধুরতা তথা ঝোঁক-ওয়ালা ছন্দের আমদানী করেন তারা অনায়াসেই সাধারণ লোকের চিত্তহরণ করেন বটে, কিন্তু প্রকৃত সমঝদারকে গভীর তৃপ্তি দিতে পারেন না; এই রকম ছন্দ অতি সহজেই একঘেয়ে লাগে, আলুনি লাগে। পক্ষান্তরে যাঁরা তাল বিভাগের ও ছন্দলীলার স্পষ্টতাকে কমিয়ে দিয়ে গভীর ও চাপা মতন ছন্দের আশ্রয় নেন, তাঁরাই স্থায়ী রসের সৃষ্টি ক'রে প্রকৃত রসিকজনের পরিতোষ সাধন করতে পারেন। আপনার এই উক্তির মধ্যে আপনার সত্যকার ছন্দ-রসবোধের পরিচয় পেয়ে বিশেষ আনন্দিত হলুম। কারণ আমিও মনে করি যে, যেখানে ছন্দ-লীলার অতি-প্রাধান্যের কাছে কবির প্রকৃত রসানুভূতিকেই গৌণ ক'রে দেওয়া হয়, সেখানে আমাদের কাব্যরস-পিপাসা অতৃপ্তই থেকে যায়: পাঠক-চিত্ত নিজেকে বঞ্চিত মনে করে। কিন্তু তাই ব'লে কাব্যে ছন্দের প্রয়োজনীয়তার বিরুদ্ধেই যদি বিদ্রোহ করা হয় সেটা হবে আত্মঘাত। দেহটা প্রবল হ'য়ে আত্মাকে আড়াল ক'রে রেখেছে ব'লে যদি দেহের বিরুদ্ধে খড়্গহস্ত হ'য়ে কৃচ্ছ্র-সাধনের তপস্যায় ব্রতী হই তাহ'লে আত্মারও কল্যাণ সাধিত হবেনা। কাব্যে ছন্দই প্রধানতম বিষয় নয়, এটা একটা স্বয়ংসিদ্ধ উক্তি; কিন্তু ছন্দ যে কবিতার একটি অত্যাজ্য বাহন যার অভাবে কবিতাই হ'য়ে পড়ে অচল, সে কথাটিও মনে রাখা চাই। আরোহীর প্রাধান্য ঘোষণা করতে গিয়ে বাহনের প্রয়োজনীয়তাকে অস্বীকার করলে বাহনের চেয়ে আরোহীর পঙ্গুতাই প্রধান হ'য়ে দেখা দেবে। বাংলা কাব্য-সাহিত্যে সত্যেন্দ্রনাথ ছন্দকে অতি-প্রাধান্য দিয়ে কাব্যকে খর্ব্ব করেছেন, একথা আমি মূলতঃ মানি। কিন্তু সেটা সত্যেন্দ্রনাথেরই দোষ, তাঁর ছন্দের দোষ নয়। ছন্দ কাব্যকে ছাড়িয়ে গেলে, সেটা নিশ্চয়ই দোষের। কিন্তু ছন্দ যেখানে ভাবের সঙ্গে তাল রাখ্‌তে পারে না, (যেমন হয় অনেক অক্ষম কবির) সেটাও কি দোষের নয়? প্রকৃত পক্ষে ভাব ও ছন্দ যেখানে সমান তালে পরস্পরের মর্য্যাদা রক্ষা ক'রে একটা সুসঙ্গতির সৃষ্টি করে, সেখানেই আদর্শ কবিতার সাক্ষাৎ পাই। আমার মনে হয় ছন্দোবিলাসিতায় রবীন্দ্রনাথের সমান কেউ নয়, এমন কি সত্যেন্দ্রনাথও নয়। কিন্তু রবীন্দ্রনাথকে ছন্দলীলার জন্য অভিযুক্ত করিনে কেন?

---

* "অঞ্জলি" দ্রষ্টব্য পত্রগুচ্ছের শেষে। † ৩৩১ পৃষ্ঠায় "বনে আধ জাগা গোলাপও স্বর্ণ ঘরে"—তেও গোলাপো হ'য়ে ছন্দসন্ধি হ'য়েছে।

কারণ, তাঁর ছন্দের পক্ষীরাজের পৃষ্ঠে উড়ে চলেছে যে-কাব্যসুন্দরী—তার রূপসৌন্দর্য্যই আমাদের মনকে মুগ্ধ করে, বাহনের দিকে আমাদের নজর নেই। কিন্তু ঐ বাহনটি যদি খোঁড়া হ'তো তাহ'লে কাব্যসুন্দরীর অনেকখানি সৌন্দর্য্যই আমাদের কাছে ফিঁকে হ'য়ে যেতো না কি ? কিন্তু সত্যেন্দ্রনাথে এ-ধরণের রূপসৌন্দর্য্য পাইনে। তাঁর ছন্দের জড়োয়া গহনাই আমাদের দৃষ্টিকে আকৃষ্ট করছে, কারণ অলঙ্কৃতার কোনো স্বকীয় সৌন্দর্য্য নেই। ভূষণই যদি মনকে বেশি আকৃষ্ট ক'রে সেটা ভূষণের দোষ নয়, তাতে শুধু ভূষিতার অবিবেচনারই পরিচয় পাই। তা-ছাড়া, আরও একটা কথা। সত্যেন্দ্রনাথের কাব্যহীনতার কথা মেনে নিয়েও, তাঁর ছন্দোবিলাসকে acrobatismকে ব'লে মেনে নিয়েও, তাঁর ছন্দকে যথার্থ মূল্য দিতে যেন আমরা ভুল না করি। কারণ, acrobatismকে কাব্য বলা অন্যায় হ'তে পারে ; কিন্তু acrobatissmএরও একটা স্বকীয় মূল্য আছে। সেই মূল্যটা দিতেও যেন আমরা কৃপণতা না করি। 'ঝর্ণা' রচনায় কবিত্ব না-ও যদি থাকে তথাপি তার এই মূল্য আছে যে, বাংলা ভাষায় যে ও রকম ছন্দ সৌন্দর্য্যের সৃষ্টি হ'তে পারে সে কথাটি ওই রচনাটিতেই প্রথম প্রকাশ পেয়েছে। কবিতার কথা একেবারে ছেড়ে দিয়ে শুধু ভাষার তরফ থেকেও এটুকু বলতে চাই যে, রবীন্দ্রনাথের পরেই সত্যেন্দ্রনাথ দেখিয়েছেন বাংলা ভাষার ধ্বনিবৈচিত্র্য সৃজনের শক্তি কতখানি। এই আবিষ্কারটুকুর মূল্যও কম নয়, যদিও তাকে যথার্থ কবিত্বের মূল্য দিলে ভুল হবে। কিন্তু তবু ধ্বনিবৈচিত্র্যও যে কবিত্বের একটি প্রধান উপাদান সে কথা তো ঠিক্। ঐ সম্পদ্‌টুকু যদি কোনো শক্তিমান্ যথার্থ কবির হাতে পড়ে তাহ'লেই সত্যেন্দ্রনাথের এ দানের যথার্থ মূল্যটি বোঝা যাবে,—এখনও নয়। আজ যদি বাংলা সাহিত্যে ছন্দ-সৌন্দর্য্যের বিরুদ্ধে প্রতিক্রিয়া উপস্থিত হয় সেটা আমাদের সাহিত্যের পক্ষে কল্যাণকর হবেনা। আমাদের শক্তিমান্ কবিরা যদি বাংলা ভাষার এই ছন্দ-শক্তিকে তাঁদের কাব্যশিল্প-রচনার উপাদান স্বরূপ ব্যবহার করেন তাহ'লেই আর প্রাণহীন ছন্দের বিরুদ্ধে অভিযোগ করার কোনো কারণ থাকবে না। রবীন্দ্রনাথ ভাব ও রূপের পারস্পরিক সম্বন্ধ বিষয়ে যে কথা বলেছেন আমরা যদি তার যথার্থ মর্য্যাদা না বুঝি তাহ'লে আমাদের সাহিত্যের কলাসৌন্দর্য্য অকালক্ষয়ের পথেই অগ্রসর হবে। রবীন্দ্রনাথের উক্তিটি হচ্ছে এই—

ভাব পেতে চায় রূপের মাঝারে অঙ্গ,
রূপ পেতে চায় ভাবের মাঝারে ছাড়া।

অর্থাৎ ভাব ও রূপের পারস্পরিক সঙ্গতি চাই। এ-অনবদ্য সঙ্গতি ছাড়া কোনো সত্যিকার শিল্প হ'তে পারে না। শ্রীঅরবিন্দের কথাও ঠিক্ তাই—"There is no ground for belittling beauty or excellence of form, or ignoring its supreme importance for poetic prfection. Poetry is after all an art and a poet ought to be an artist of word and rhythm. even though necessarily,

like other artists he must also be something more than that, even much more." ইতি
২৮ চৈত্র, ১৩৩৮

প্রীতিবদ্ধ—
শ্রীপ্রবোধচন্দ্র সেন

শ্রীকল্পনা কুমারেষু

আপনি রসিক সুজন—তথা বন্ধু। তাই আপনার প্রশ্নগুলির উত্তর দেওয়ার মধ্যে আনন্দ আছে।

আপনার প্রথম প্রশ্ন—যেটি মামুলি-পন্থী বাবু আপনার কাছে তুলেছেন যে আমি গদ্যেরও কেন পদ্যানুবাদ করলাম! ওঁর প্রধান আপত্তি—আপনি লিখেছেন—যে মূল যেখানে গদ্য সেখানে অনুবাদ পদ্যে হওয়া উচিত নয়, যেহেতু তিনি মনে করেন যে মূল লেখক তাঁর ভাব প্রকাশে যে-ছন্দ বা যে-অলঙ্কারের প্রয়োগ করেন নি অনুবাদকও সে-ছন্দ বা সে-অলঙ্কারের প্রয়োগে অধিকারী ন'ন। কিন্তু একথার স্বপক্ষে যে কোনো যুক্তিই নেই তা একটু ভেবে দেখ্‌লেই প্রতীয়মান হয় না কি? এ-ধরণের মতামতের পিছনে যে-মনোভাবটি লুকিয়ে আছে সে কোনো অভিজ্ঞতা-প্রসূত রস-নির্ণয়ী মনোভাব নয় তার মূলে যা রয়েছে সে একটা প'ড়ে পাওয়া ধারণা বই আর কিছুই নয়। কেন না এ যুক্তি যদি সত্য হ'ত তবে এর উল্‌টো যুক্তিও সমান সত্য হ'ত—যে কথা শ্রীঅরবিন্দ তাঁর চিঠিতে লিখেছেন দেখ্‌তে পাবেন—যে পদ্যেরও গদ্যানুবাদ অসঙ্গত। অথচ এ কাজ শুধু যে রবীন্দ্রনাথ গীতাঞ্জলির অনুবাদে ক'রেছেন তাই নয়—বহু অনুবাদক নিত্যই ক'রে থাকেন ও কাব্যামোদীরা সে-অনুবাদে রস নিত্যই খুঁজে পেয়ে থাকেন।

আপনার দ্বিতীয় আপত্তি—যেটি প্রথানন্দীবাবু তুলেছেন—এ কাজ কেউ যখন করেনি তখন ইত্যাদি ইত্যাদি। প্রথমতঃ ফ্যাক্ট হিসাবে এ-কথাটা সত্য নয়, কারণ শ্রীঅরবিন্দ কালিদাসের বিক্রমোর্ব্বশীর গদ্যের অতি অপূর্ব্ব পদ্যানুবাদ ক'রেছেন তাঁর Hero and the Nymph-এ। কিন্তু যদি তা না-ও করতেন তাহ'লেই বা কী? কারণ হে প্রীতি-নিলয়, উদার-হৃদয় কল্পনাকুমার, একথায় আপনি নিশ্চয়ই সায় দেবেন না যে আর্টে শিল্পীকে প্রতিপদে নজীরের—precedent-এর—মুখ চেয়ে চল্‌তে হবে? তা যদি দেন তাহ'লে ললিত সৃষ্টিতে সব নূতন-পরিপন্থীদের সঙ্গেই আপনার হাতে হাত মিলিয়ে বল্‌তে হবে "যা নেই ভারতে—অর্থাৎ অতীতে—তা থাকা উচিত নয় ভারতে—অর্থাৎ ভবিষ্যতে।" ললিত সৃষ্টির একটা গোড়াকার কথা হচ্ছে অন্তরের তাগিদ—প্রেরণা। যাঁরা বড় সমালোচক, বড় রসজ্ঞ,—তাঁরা বড় অন্তঃপ্রেরণার সাথে একটি বড় নিকষ পাথর নিয়ে জন্মান। সে নিকষ পাথরটি হচ্ছে তাঁদের মুক্ত মন—রসান্বেষী প্রাণ—উদার হৃদয়। প্রথানন্দীবাবু বল্‌বেন অতীতের মাপকাটি কি তবে কিছুই নয়?—কিছুই নয় বলি না।

বিশেষ ক'রে রসবিচারে অতীতের সঞ্চিত অভিজ্ঞতা ও ঐতিহ্যের সাক্ষ্য আমি খুবই শ্রদ্ধার সঙ্গে শুনি। কিন্তু তাই বলে কি অতীত টিকীপন্থীদের মতন ভবিষ্যতের ঝাঁটি আগ্‌লে গতানুগতিকের পথেই চল্‌তে হবে আমাদের? বিশেষ ক'রে আর্টে অতীতের অভিজ্ঞতার সার্থকতাই তো এইখানে যে সে রসবোধকে বেশি ক'রে উদ্বুদ্ধ ক'রে মনকে বেশি ক'রে খোলা রাখ্‌বে, এই ঐতিহাসিক সত্যটির প্রতি আমাদেরকে সজাগ রাখ্‌বে যে অনাগতকে অভিবাদন করতে না পারলে কলাকারুর প্রবাহ নিঃস্রোত হ'য়ে ওঠেই ক্রমে ক্রমে। ষ্ট্রাকি সাহেব বেশ ব'লেছেন এই কথাটি তাঁর অপূর্ব্ব বই Books and characters-এ: "After all, art is not a superior kind of chemistry, amenable to the rules of scientific induction. Its components cannot be classified and tested, and there is a spark within it which defies foreknowledge···It is the business of the poet to break rules and baffle expectations."

গদ্যের পদ্যানুবাদের বেলায়ও ঐ কথা: দেখ্‌তে হবে, অনুবাদ কাব্য হ'ল কি না, সরস হ'ল কি না, প্রাণবন্ত হ'ল কি না। এমন কি মূলানুগামী হ'ল কি না দেখারও দরকার নেই। একসময়ে আমার মনে হ'ত—দরকার, কিন্তু ভেবে দেখলে কি মনে হয় না সে সূক্ষ্ম রসবিচারে এ দাবীও অযৌক্তিক? কারণ শান্তচিত্তে নিজের রসিক মনের কাছে যাচাই ক'রে বলুন তো—যে মন কলাকারুর কাছে কোন্ দানের জন্যে হাত পাতে? তার লক্ষ্যভূত কী—এক্ষেত্রে? —না, রস। সুতরাং ললিত-সৃষ্টিতে কোনো রচনা—তা অনুবাদ হোক, চাই না হোক্—যে-মুহূর্ত্তে একটি স্বয়ং-সম্পূর্ণ সৃষ্টি হ'য়ে ফুট্‌ল সে মুহূর্ত্তেই তার জীবনের দাবী স্বীকৃত হবেই—রসিক সমাজে। কেননা রসের মধ্যে সত্য ব'লে যদি কিছু মানি তবে এ-ও মান্‌তে হবে যে রসের চিরন্তন উৎসবসভায় কোনো রসনিটোল বস্তুই অপাংক্তেয় হ'তে পারে না। আর একথা যে আমার স্বকপোলকল্পিত থিওরি নয় তার দৃষ্টান্তের অপ্রতুল নেই। ফিটজেরাল্‌ড্ সাহেবের ওমরের অনুবাদই নিন না। আজও তো পারস্যবিৎরা রাগ করেন উনি হাফেজের মূলকে পদে পদে লঙ্ঘন ক'রেছেন ব'লে। কিন্তু তাই ব'লে কি ওর রসমূল্য এতটুকুও কমেছে? মূলবন্দীবাবু কী বলেন? পক্ষান্তরে আমাদের দেশে ওমরের তথাকথিত মূলানুগামী তর্জ্জমাও তো কতই বেরুলো! কিন্তু বলুন তো, ফিটজেরাল্‌ডের অনুবাদের সঙ্গে কি তাদের তুলনা হয়? চ্যাপম্যানের হোমারের অনুবাদ সম্বন্ধেও ঐ কথা। মূলানুগামী না হ'য়েও সে তো ইংরাজী কাব্যে অমর হ'য়ে রইল—যা প'ড়ে স্বয়ং কীট্‌স্‌ও উচ্ছ্বসিত সুরে গেয়েছেন তাঁর বিখ্যাত সনেটে:

Oft of one wide expanse had I been told
That deep-browed Homer ruled as his demesne:
Yet did I never breathe its pure serene
Till I heard Chapman speak out loud and bold;
Then I felt like some watcher of the skies
When a new planet swims into his ken... ইত্যাদি

হোমারের মূলানুগামী অনুবাদক তো কতই আছেন ; তাঁদের একজনের ভাগ্যেও এ-স্তুতির সিকির সিকি জুটেছে কি ? জুটবে কেমন ক'রেই বা ? তাঁদের অনুবাদ শুধু ভাষান্তরিত ব্যাখ্যামাত্রেই পর্য্যবসিত হ'য়েছে যে—সৃষ্টি তো হয় নি ; এবং ললিতকলায় সব চেয়ে বড় কথা এই সৃষ্টিই। অর্থাৎ তার সাত খুন মাফ হবেই যদি সে রসনিটোল সৃষ্টি হ'য়ে ফুটে উঠতে পারে।

বাস্তবিক বিশ্বাস করুন এ আমি মোটেই তর্কের খাতিরে বল্‌ছি না। এ আমার জীবনের একটি গভীর উপলব্ধির কথা। জীবনে প্রতিপদেই আমরা কুড়িয়ে-পাওয়া বীজকে আমাদের মনের মাটিতে লালন করি—রূপে রসে পল্লবিত করি—ফলেফুলে রূপান্তরিত করি। একটা সামান্য চিন্তার, আলোর, ভাবের প্রেরণায় জীবনে রসের কর্ম্মের সেবার বনস্পতি অনেক সময়েই বেড়ে ওঠে ; শুধু আর্টেই হবে উল্‌টো ? কোনো কবিতা বা রস যদি কারুর মনের মাটিতে বিশেষ রূপ-পরিগ্রহ করতে চায় তাকে বাধা দেবে অবান্তর তর্ক, বিচার, আপত্তি ? খৃষ্টের বাণী—যে গাছকে তার ফল দিয়েই বিচার করতে হবে—কি আর্টেই সব চেয়ে বেশি খাটে না ? তাই মামুলিপন্থীবাবু, প্রথানন্দীবাবু ও মূলবন্দীবাবুকে বল্‌বেন তাঁরা প্রতি অনুবাদকে যেন এই রসের দিক্ দিয়েই বিচার করেন। মনে রাখেন গেটের কথা যে : "Ubersetzer sind geschaftige Kuppler anzusehen, die uns eine halbverschleierte Schone als hochst liebenswurdig anpreisen; sie erregen eine unwiderstehliche Neigung nach dem Original." অর্থাৎ অনুবাদক হচ্ছেন আসলে নিপুণ ঘটক—যাঁর কাজ হচ্ছে অনুবাদের ছলে অনায়ত্ত "মূল"-সুন্দরীর গুণকীর্ত্তন করা—যাতে ক'রে সে-সব শুন্‌তে শুন্‌তে আমাদের মনে এক দুর্দ্দম আকাঙ্ক্ষা জন্মায় এ-অজ্ঞাতকুলশীলার সঙ্গে মালাবদল করতে।"

তবে ভাব্‌বেন না যেন যে, এসব ব'লে ক'য়ে আমি মূলানুগামী অনুবাদের প্রয়োজনীয়তাই অস্বীকার করতে চাইছি। মোটেই না। অনুবাদ যে মূলানুগ না হ'য়েও সৃষ্টির কোঠায় পড়তে পারে এইটুকুই শুধু বল্‌তে চেয়েছি। কিন্তু তার মানে নয় যে মূলানুবর্ত্তী অনুবাদের কোনো নিজস্ব দাম নেই। বস্তুতঃ এ-শ্রেণীর ভালো তর্জ্জমার মধ্যে দিয়ে যে মানুষ অনেক সময়েই মূলের মধ্যেও নতুন একরকম রস পায় তা বিশেষ ক'রে আজকের কস্‌মোপলিটান যুগের একটি অতি-পরিচিত সত্য। ধরুন, গেটের ফাউষ্টের প্রোলোগের সঙ্গে শেলিকৃত সুন্দর অনুবাদটি তুলনা ক'রে মূল পড়তে পড়তে একথা বোধহয় সকলেরই মনে হবে। আর সেই জন্যেই ত আমি অনামী-তে শুধু-যে প্রতি অনুবাদের পাশাপাশি মূল দিয়েছি তাই নয়, নিজের অনেক কবিতারও অন্য ভাষায় অনুবাদ দিয়েছি। এথেকে কি প্রমাণ হয় যে আমি অনুবাদের অনুবাদ হিসেবেও মূল্য দিতে গররাজি ? বস্তুতঃ, আজকের দিনে অনুবাদ প্রভৃতির এত বেশি প্রয়োজন আন্তর্জাতিকতার জন্যে—মানুষের মানুষকে বুঝবার জন্যে—সত্য সভ্য ও রসিক হবার জন্যে—যে মনে হয় গেটে একটুও অত্যুক্তি করেন নি যখন তিনি লিখেছিলেন : "Wer fremde Sprachen nicht kennt, weiszt nichts von

seiner eigenen." * হ্যাভেলক এলিসও তাঁর একটি প্রবন্ধে প্রকারান্তরে এই কথারই প্রতিধ্বনি ক'রেছেন: "The man who can never look at his own language from the outside and estimate by comparison its exact structure and force is unlikely ever to become a master of it."

একথা সত্যিই একটুও বাড়ানো নয়। মানুষের জ্ঞান আপেক্ষিক তো বটেই কাজেই নানা তুলনামূলক অভিজ্ঞতা তার একান্ত প্রয়োজন। কাজেকাজেই এক ভাবকে একাধিক ভাষার মধ্যে দিয়ে পেলে লাভ অনিবার্য্য। আর শুধু জ্ঞানের ক্ষেত্রেই নয় রসের ক্ষেত্রেও একথা সমান প্রযুজ্য। যেমন ধরুন কোনো বিদেশী ভাষায় কোনো স্বদেশী ভাবের তর্জ্জমার মধ্যে দিয়ে মূলের রসও নিবিড় হ'য়ে ধরা দেয়। রবীন্দ্রনাথেরই গীতাঞ্জলির ইংরাজী অনুবাদ প'ড়ে বাংলা গীতাঞ্জলি ফের প'ড়ে দেখ্‌বেন না একবার। তাহ'লে আমার দৃঢ় বিশ্বাস আপনার বাংলা কবিতার অনুবাদের সঙ্গে মূল একত্রে ছাপানো যে উচিত এ বিষয়ে সব সংশয়েরই নিরাকরণ হবেই হবে।

এটা আমার কথার কথা মাত্র নয়। আমার বিশ্বাস, আমার অন্যান্য কবিতাগুলির পাশাপাশি অনুবাদ ছাপানোতে উদারমনা রসগ্রাহীরা খুসি বই অখুসি হবেন না। কারণ ও-কবিতাগুলির রসমূল্য যদি কিছু থাকে তবে এ ভাষান্তরের মধ্যে দিয়ে সে-রস অন্ততঃ একটুখানিও তো বিচিত্রতর হ'য়ে তাঁদের কাছে পৌঁছবে—বিশেষ ক'রে এই জন্যে যে অনুবাদগুলির প্রত্যেকটি স্বয়ং শ্রীঅরবিন্দের দ্বারা সযত্নে সংশোধিত। কেবল হারীন্দ্রনাথের "কৃষ্ণ"গানটির অনুবাদ শ্রীঅরবিন্দ সংশোধন করেন নি।

আপনার এ প্রশ্নের উত্তরে তাই আর বেশি লেখার দরকার নেই। মোটকথা, যে কবিতাই হোক্ না কেন পাশাপাশি তার একটা ভালো অনুবাদের রস হাতের কাছে পেলে তাতে কবিতাটির রসগ্রহণে নিশ্চয়ই সহায়তা করে? আপনার মনে হয় না?

আপনার তৃতীয় জিজ্ঞাস্য—যা সনাতননন্দীবাবু আপনাকে জিজ্ঞাসা ক'রেছেন—"অনামী"র পরিশিষ্টে এত চিঠি ছাপালাম কেন?—যখন কাব্যের পরিশিষ্টে এভাবে কেউ চিঠি ছাপে নি।

এ সম্বন্ধে আমার প্রথম বক্তব্য এই যে সনাতনগন্ধী বাবুর একথাটিও ফ্যাক্ট হিসেবে সত্য নয়। সেদিন বদ্‌লেয়ারের বিখ্যাত Fleurs du Mal এর একটি বহু পুরোনো সংস্করণ চোখে পড়্‌ল। তাতে দেখ্‌লাম বদ্‌লেয়ার স্যাং ব্যভ্‌ প্রমুখ নানা মনীষীর চিঠিই ছাপিয়েছিলেন তাঁর বইটির সম্বন্ধে। বস্তুতঃ এই দেখেই আমার প্রথম মনে হয় যে যখন আমার কাছেও নানা মনীষী ও চিন্তাশীল রসিকসুজনের চিঠি র'য়েছে, তখন তাদেরকে এই ভাবে "অনামীর" শেষে জুড়ে দেই না কেন? তাছাড়া বদ্‌লেয়ারের দেওয়া চিঠিগুলি প'ড়ে তাঁর জীবনের ফিলসফি প্রভৃতি

* যে-লোক বিদেশী ভাষা কখনো শেখেনি সে তার নিজের ভাষারও কিছুই জানে না।

সম্পর্কে নানা প্রাসঙ্গিক কথা জেনে তাঁর কাব্য সম্বন্ধে অনেক বেশি অন্তর্দৃষ্টি লাভ ক'রেছিলাম—যাতে ক'রে তাঁর কাব্যের মধ্যে রসও বেশি পেয়েছিলাম। তাই মনে হ'ল এ-রকম পদ্ধতি বেশ তো।

তবে এ সম্পর্কে আরও একটু বল্‌বার আছে। আমি প্রথমে চিঠিগুলি বদ্‌লেয়ারের মতন "পরিশিষ্ট" নাম দিয়েই ছাপ্‌ব স্থির ক'রেছিলাম। কিন্তু তার পরে মনে হ'ল—তাহ'লে চিঠিগুলিকে একান্ত ক'রে "অনামী"-সংশ্লিষ্টই রাখ্‌তে হয়—ও তা রাখ্‌তে গেলে শ্রীঅরবিন্দ, কৃষ্ণপ্রেম, রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, ক্ষিতীশ সেন আশালতা প্রভৃতি অনেকের নানা সরস চিঠিই বাদ পড়ে। তাই স্থির করি যে পত্রগুলিকে আলাদা একটি বই হিসেবে গণ্য ক'রে আলাদা নাম দিয়েই অনামীর সঙ্গে জুড়ে দেওয়া ভালো। আশা করি এতে সনাতনপন্থী বাবুরও আপত্তি হবে না? অর্থাৎ বাস্তবিক পক্ষে "অনামী", "রূপান্তর" "পত্রগুচ্ছ" ও "অঞ্জলি", চারটি আলাদা বই একখণ্ডে গ্রথিত—একথা সনাতনপন্থী বাবুকে প্রাঞ্জল বাংলায় বুঝিয়ে দেবেন, কেমন? বল্‌বেন যে ওদেরকে একসঙ্গে গ্রথিত করা হ'ল ব'লে যেন তিনি মনে না করেন যে ওরা এক বইয়েরই চারটি ভাগ। এ-চারটি বইয়ের মধ্যে একটা সহজ যোগসূত্র আছে ব'লেই ওদেরকে এক খণ্ডে সম্বদ্ধ করা হ'ল—এই ভাবেই "অনামী," "রূপান্তর" "পত্রগুচ্ছ" ও অঞ্জলি-"কে দেখা বাঞ্ছনীয়।

আপনি ছন্দ সম্বন্ধে কয়েকটি প্রশ্ন তুলেছেন। সে সব প্রশ্নের উত্তর আমি অন্যত্র দিয়েছি। * কাজী নজরুলকে লেখা "ছন্দত্রৈরথ" চিঠিটি কয়েকপাতা পূর্ব্বেই ছাপা হ'ল—তাতেও রইল কিছু কিছু টেকনিকাল তর্ক। তাই তাদের ফের এখানে তোলার প্রয়োজন দেখি না। আর প্রবোধচন্দ্র গত বৎসরের এবং এ-বৎসরের বিচিত্রায় যে কয়টি অজ্ঞাত মূল্যবান্ ছন্দোনিবন্ধ সবিস্তারে লিখেছেন তাদের সার মর্ম্ম দেওয়াও এ চিঠিতে সম্ভব নয়। আমি শুধু তাঁর ছন্দোবিভাগ সম্বন্ধে মোদ্দা কথাটি খুব সংক্ষেপে একটু বল্‌ব—যেহেতু অনামীতে আমি তাঁর ছন্দোবিভাগ ও বিশ্লেষ প্রায় সর্ব্বথা গ্রহণ ক'রেছি—এক লঘুগুরু ছন্দের নামকরণ সম্বন্ধে ছাড়া। দুঃখের বিষয় ব্যাপারটা নিয়ে নানা তর্কের ফেনায় প্রবোধবাবুর মূল সিদ্ধস্বচ্ছ বক্তব্যটি ঝাপ্‌সা হ'য়ে প'ড়েছে—তবে আমার দৃঢ় বিশ্বাস এ তর্কের আঁধি কেটে যাবেই ও তখন প্রবোধচন্দ্রের কাছে কবি তথা ছান্দসিকরা সকৃতজ্ঞে ঋণস্বীকার করবেন ও তাঁর বিশ্লেষ পদ্ধতিই সানন্দে মেনে নেবেন—যেহেতু তাঁর বিশ্লেষ-বিভাগ শুধু যে (প্রায়ই) অত্যন্ত ঠিক্ তাই নয়—অত্যন্ত সহজও। আজকের দিনে কবি ও ছন্দোবিৎরা এ নিয়ে যে একটু চোখে ঝাপ্‌সা দেখ্‌ছেন তার কারণ শুধু তর্কের তির্য্যগ্ রশ্মি;—সাদাচোখে দেখ্‌লে ও সাদা কানে শুন্‌লে প্রবোধবাবুর ছন্দবিশ্লেষ হ'য়ে দাঁড়ায়—দ্বিজেন্দ্রলালের ভাষায়—রসগোল্লার চেয়েও সুবোধ্য।

আমি ব্যাপারটাকে আমার মতন ক'রে খুলে বলি এখন প্রবোধচন্দ্রের কথা রেখে। খুবই সরল ভাষায় বল্‌ব।

বাংলায় পাঁচ রকম ছন্দ আজকের দিনে প্রচলিত—চারটি প্রধান ছন্দ ও একটি উপছন্দ। যথা: (১) স্বরবৃত্ত;

---

* "পূর্ব্বাশা" ১৩৩৯ আশ্বিন, অগ্রহায়ণ। "বিচিত্রা" ১৩৩৯ পৌষ। প্রদীপ ১৩৩৯ পৌষ।

(২) মাত্রাবৃত্ত ; (৩) যৌগিক ; (৪) স্বরমাত্রিক ও (৫) লঘুগুরু বা (প্রবোধবাবুর পারিভাষিকে) সংস্কৃতপন্থী মাত্রাবৃত্ত।* এ বিভাগগুলির মূলনীতি প্রিন্সিপল্ প্রবোধবাবু তাঁর সহজ অন্তর্দৃষ্টির আলোয় আবিষ্কার ক'রেছেন ও আশ্চর্য সহজভাবে ব্যাখ্যা ক'রেছেন। এর চাবি বা key আছে যুগ্মধ্বনির হাতে।

এ যুগ্মধ্বনি কী বস্তু এ প্রশ্ন তাই স্বতঃই ওঠে। অতি নিরীহ সহজ বস্তু, যাকে ইংরাজীতে বলে closed syllable —অর্থাৎ অম্, আট্, ইক্, ঈশ্, কাৎ, কয়, জান্, বউ, ঐ, ঔ ভেউ, ধরণের স্বর বা ধ্বনি ; অযুগ্মধ্বনি বলে অ আ ক খ ত্র প্র ক্ষ ধরণের যুক্ত বা অযুক্ত বর্ণকে—অর্থাৎ open syllable ; অযুগ্মধ্বনি নিয়ে কোনো ছন্দেই গোল নেই, সবেই ওর ওজন এক unit বা ব্যাষ্টি। গোল বাধে ঐ যুগ্মধ্বনিরই ওজন নিয়ে।

যে-ছন্দে যুগ্মধ্বনির ওজন প্রায়শঃই এক unit—অর্থাৎ উচ্চারণ "সংশ্লিষ্ট" (প্রায়শঃ' বলছি, যেহেতু স্বরবৃত্তে এর ব্যতিক্রম আছে, যথা "তিন কন্তে | দান-"এ তিন কন্তে = তিন স্বর) অর্থাৎ যে-ছন্দে যুগ্মধ্বনিকে ঠেশে পড়া হয়।

---

* এ ছাড়া প্রবোধবাবু ১৩৪০ ভাদ্রের "উদয়নে" একটি প্রবন্ধে বড় সুন্দর ব'লেছেন আর এক ছন্দের কথা যে-ছন্দের প্রবর্তক অসামান্য ছন্দশিল্পী—দ্বিজেন্দ্রলাল। একে বলা যেতে পারে যৌগিক-স্বরবৃত্ত ছন্দ। স্বরমাত্রিককে যদি আলাদা ছন্দ বলা হয় তবে একেও আলাদা ছন্দ বললেই ভালো মনে হয় আমার—কিন্তু না হয় আপাততঃ একেও লঘুগুরুর মতন উপছন্দই বললাম। এই ছন্দেই দ্বিজেন্দ্রলালের "আলেখ্যের" কবিতাগুলি লেখা। ধরুন তাঁর "সত্যযুগ" কবিতায় :

"আমি দেখ্ছি | যেন দূরে | দূরন্তে অস্ | পষ্ট একটা | আলোকিত | স্থান
যেখানে সৌন্ | দর্য্য উৎস | উঠ্ছে ও ঝাং | কৃত হচ্ছে | অবিশ্রান্ত | গান

এখানে unit হচ্ছে syllable বা স্বর, অথচ এর মধ্যে স্বরবৃত্তের সঙ্গে সঙ্গে যৌগিকের কল্লোলও অতি স্পষ্ট। পর্ব্ববিভাগগুলি দেখলে একথা সবচেয়ে সহজে বোঝা যাবে। স্বরবৃত্তে এ ধরণের অস্থানে খণ্ডন শুদ্ধ নয়—(অস্, সৌন্, ঝাং-এর পরে)—অথচ আবার যৌগিকে এ ধরণের মৌখিক ক্রিয়াপদের ব্যবহার হয় না অপিচ সিলেবল্ যৌগিকের unit—বিকল্পে ; এখানে—সর্ব্বত্র। কিন্তু সর্ব্বত্র বললেও ঠিক বলা হবে না। কারণ এ ছন্দে যৌগিক কল্লোল থাকার দরুণ কখনো কখনো শব্দান্ত যুগ্মধ্বনিকে টেনে—বিশ্লিষ্ট ক'রে পড়া চলে, যথা দ্বিজেন্দ্রলালের রাখাল বালক কবিতায়—"নিদ্রাভেঙে | ধরারাণী | তুলি কোমল | বদনখানি | ইন্দীবর | চক্ষু দুটি | মেলে"-তে ইন্দীবর এর বর-এ উচ্চারণ বিশ্লিষ্ট, অর্থাৎ ওর ওজন দুই unit, স্বরবৃত্তের মতন এক unit নয়। এ ছন্দে এই দুই ধরণের স্বাধীনতার প্রসাদাৎ এমন একটা বৈশিষ্ট্য ও চমৎকারিত্ব এসে গেছে যে ফলে একে স্বরমাত্রিকের মতন একটা আলাদা প্রধান ছন্দ বলাই ভালো মনে হয়। বিশেষ ক'রে আরো এই জন্যে যে এ-ছন্দের অতি সুন্দর ভবিষ্যৎ বিকাশ সম্ভব—ভাবে, গাম্ভীর্য্যে, চলতি ক্রিয়াপদের স্বাভাবিকতার সহজ সম্ভ্রমে। অনামীর শেষভাগ "অঞ্জলি"র উৎসর্গ এই "যৌগিক-স্বরবৃত্তে" লেখা। তাতে আশীর্ব্বাদ আশে, শ্রদ্ধা তাহার | নাম বিবেকা | নন্দ, তবু এ প্রার | থনা-অর্ঘ্য | প্রভৃতি দ্রষ্টব্য। (আশীর্ব্বাদের "বাদকে" যৌগিকের ভঙ্গীতে পড়া হচ্ছে বিশ্লিষ্ট ক'রে) চলতি ক্রিয়াপদ তথা অস্থানে খণ্ডনের বরে এ ছন্দে কল্লোল তথা ওজস্ এনে দ্বিজেন্দ্রলাল যে কী অসামান্য ছন্দ নৈপুণ্যের পরিচয় দিয়েছেন, প্রবোধচন্দ্র তাঁর প্রবন্ধে দেখিয়েছেন অতি চমৎকার ক'রে! কেবল দুঃখ এই যে অদ্যাবধি এ ধরণের ওজস্বী ও কল্লোল-দীপ্ত ছন্দ এ-অতি লালিত ছন্দ প্রীতির যুগে তেমন আদর পায় নি। তবে পরে পাবেই।

তার নাম হচ্ছে স্বরবৃত্ত ছন্দ। এ হচ্ছে মুখ্যতঃ syllabic ছন্দ, যদিও গৌণতঃ এর মধ্যে চতুস্বর স্বরবৃত্তের একটা মাত্রিক (quantitative) দিক্ও আছে। (যেমন বৃষ্টি পড়েএ ও নদের এলোও ক'রে পড়লে ও পর্ব্বগুলিও ছয় মাত্রার হয়।)

বৃষ্‌টি পড়ে | টা পুর্ টু পুর্ | ন দেয়্ এ লো | বাণ্

এখানে প্রতি পর্ব্বে চারটি ক'রে স্বর বা ধ্বনি (=syllable)। চতুঃস্বর পর্ব্বিক স্বরবৃত্তই সব চেয়ে বেশি চলে আজকের দিনে, কিন্তু বাংলায় ত্রিস্বর পর্ব্বিক, ও ষট্‌স্বর পর্ব্বিক স্বরবৃত্তও আছে এবং পঞ্চস্বর পর্ব্বিক ছন্দ রচিত হওয়াও খুবই সম্ভব এবং আমি নিজে ক'রেছি। ত্রিস্বর পর্ব্বিক যথা : (সত্যেন্দ্রনাথের রচনা হাতের কাছে নেই তাই দৃষ্টান্ত রচনা করতে হ'ল।

কে বল্ মন্ | অ তু ক্ষণ্ | গগন্ চাঁদ্ | চায়
ধ রায়্ হায়্ | না পায় তায় | উড়েই মন্ | ধায়

পঞ্চস্বর পর্ব্বিক যথা :

কুঞ্জের্ মঞ্জীর মাঝ্ | সুর হীন্ স্বর্ পায় লাজ্ | (রূপান্তর ১৭৫ পৃষ্ঠা)

এ ছন্দটি আসলে স্বরমাত্রিক—কিন্তু এর স্বরবৃত্ত দিক্‌টাই আপাততঃ দেখাচ্ছি, সেই সূত্রে প্রমাণ ক'রে যে প্রতি পর্ব্বে পাঁচটি ক'রে স্বর বা Syllable রেখে বাংলা ছন্দ রচনা সম্ভব। ষট্ স্বর পর্ব্বিক (প্রথম দ্বিজেন্দ্রলালই এ ছন্দে কবিতা রচনা করেন। যথা :

পো লাও তো মার কা ছে | নয় ক তে মন স্বা দু |
যে মন এই শা কা ন্ন | আ মার কা ছে সু ধা | "আলেখ্য"—

(দ্বিজেন্দ্রলালের "আলেখ্য" কবিতা পুস্তকে "রাজা" ও "ভক্ত" কবিতা দ্রষ্টব্য)

( ) যে-ছন্দে যুগ্মধ্বনির ওজন বিশ্লিষ্ট, অর্থাৎ সর্ব্বত্রই দুই unit তার নাম হচ্ছে মাত্রাবৃত্ত। এর কোনো ব্যতিক্রম নেই। উদাহরণ নিষ্প্রয়োজন বঙ্গ আমার জননী আমার, মাথা নত ক'রে দাও হে তোমার প্রভৃতি অজস্র গান এ-ছন্দে রচিত হ'য়েছে। আজকের দিনে বাংলায় সবচেয়ে বেশি চল যে এই ছন্দের এ বিষয়ে সন্দেহ নেই। এর বৈশিষ্ট্য এই যে ২+৩, ৩+৪, ৩+৩, ২+২ নানা কদমে এর পর্ব্ব বাঁধা যায়। এ কথা সকলেই জানে, তাই দৃষ্টান্ত দিলাম না।

(৩) যৌগিক ছন্দ। এ ছন্দে শব্দ-মধ্যবর্ত্তী যুগ্মধ্বনি প্রায়শঃই এক unit (সংশ্লিষ্ট) ও শব্দপ্রান্তবর্ত্তী যুগ্মধ্বনি দুই unit (বিশ্লিষ্ট)

। । ।	। । । ॥	। ॥	। । ।
উড়িল	কলম্বকুল	অম্বর	প্রদেশে

এখানে ম্বুল = বর = দুই unit, লম্ = অম্ = এক unit ; এরও ব্যাখ্যা বা বর্ণনা নিষ্প্রয়োজন। চতুর্দ্দশ ও অষ্টাদশ ব্যষ্টির পয়ার এর সবচেয়ে প্রচলিত রূপ। কেবল একটা কথা বলার আছে: আগে তিনের কদমেও এ ছন্দে কবিতা লেখা হ'ত—কিন্তু আজকাল তিন পাঁচ বা সাতের কদমে রচিত কবিতা মাত্রাবৃত্তেই আমরা শুনতে ভালোবাসি। রবীন্দ্রনাথ ঠিকই বলেছেন তাঁর "প্রভু বুদ্ধ লাগি আমি ভিক্ষা মাগি"—ধরণের তিনের কদমে-রচিত কবিতায় যুগ্মধ্বনিকে এক unit ধ'রে তিনি অন্যায় ক'রেছেন। কারণ এ ছন্দে মাত্রাবৃত্ত ছাড়া অন্য ছন্দ আমাদের আধুনিক কালে ভারি শোনায়—যদিও আগে শোনাত না। *

(৪) স্বরমাত্রিক। এ ছন্দের প্রবর্ত্তন প্রথম করেন সত্যেন্দ্রনাথ দত্ত। এর বৈশিষ্ট্য এই যে এর এক পর্ব্বে যে-কয়টি যুগ্মধ্বনি ও যে-কয়টি অযুগ্মধ্বনি থাকবে পরের পর্ব্বগুলিতেও সেইমতনই হবে।

ওই | ফুট্‌ল গো | ফুট্‌ল দি | গন্ত ভ | রি (সত্যেন্দ্রনাথ)

এখানে প্রতি পর্ব্বে তিনটি ক'রে স্বর বা syllable ও চারটি ক'রে মাত্রা বা mora ; আমার "আশাপূরণ" (১৭৫ পৃষ্ঠা) ও "বিশ্বাস" (১৭০ পৃষ্ঠা) এ ছন্দে রচিত। আশাপূরণের প্রতি পর্ব্বে ৫টি ক'রে স্বর অথবা ১০টি ক'রে মাত্রা আছে। "বিশ্বাস" কবিতাটিতে প্রতি পর্ব্বে ৪টি ক'রে স্বর ও পাঁচটি ক'রে মাত্রা আছে ও প্রতি স্তবকের দ্বিতীয় ও পঞ্চম লাইনের পর্ব্বটিতে তিনটি ক'রে স্বর ও চারটি ক'রে মাত্রা আছে।

এ ছন্দটিকে আমি অত্যন্ত চিত্তাকর্ষক মনে করি কেন না ধ্বনি-তত্ত্বের একটি অত্যন্ত মনোহর ইঙ্গিত এতে মেলে। সে-ইঙ্গিতটি হচ্ছে এই যে বাংলা যুগ্ম ও অযুগ্ম ধ্বনির এভাবে সমাবেশ করা সম্ভব যাতে ক'রে তার স্বরবৃত্তত্বের 'কাটাছাঁটা' (stuccato) ভাব একটু 'মোলায়েম' (legato) হ'য়ে আসে, এবং মাত্রাবৃত্তের 'মোলায়েম' ভাব একটু

---

* যৌগিক ছন্দের একটা আধুনিক প্রবণতা গ'ড়ে উঠ্‌ছে—কোনো কোনো যৌগিক পর্ব্বে মাত্রাবৃত্তের ভঙ্গী আনার দিকে। রবীন্দ্রনাথের "পূরবীতে" অষ্টাদশ ব্যষ্টির পয়ারে একস্থলে তিনি লিখেছেন: "যুগান্তরের ব্যথা প্রত্যহের ব্যথার মাঝারে।" এখানে "যুগান্তরের" কে মাত্রাবৃত্ত বিশ্লিষ্ট ভাবে উচ্চারণ ক'রে আট মাত্রা পূরণ হ'য়েছে। সেদিন পাকজন্তে কবি এই ভাবেই মাত্রাসাম্য ক'রে লিখেছেন:

কালো মেঘ আকাশের তারাদের ঢেকে মনে ভাবে জিৎ হলো তার,
মেঘ কোথা মিশে যায় চিহ্ন না রেখে তারাগুলি রহে নির্ব্বিকার।

চিহ্ন না রেখে-তে যৌগিক পদ্ধতি মানা হয় নি, মাত্রাবৃত্ত ঢঙ এসে গেছে। আমি নিজেও কয়েকটি কবিতায় কয়েক স্থলে কানের সমর্থন পেয়ে এ-ঢঙ এনেছি: "বিশ্ববারা" কবিতায় (রূপান্তর ২০৮ পৃষ্ঠা) "পুরুষোত্তম সাথে মিলন মহিমা দীপ্রা" চরণে "পুরুষোত্তম"কে ৬ মাত্রা ধ'রে এবং "বৈরাগী" কবিতায় (২৩৩ পৃষ্ঠা) "রূপান্তরিত কান্তি—তাঁর ভাবে শুনি-"তে রূপান্তরিত-কে ৬ মাত্রা ধ'রে। এ ধরণের মাত্রাবৃত্ত পর্ব্ব এখনো পর্য্যন্ত যৌগিক পর্ব্বের সঙ্গে কাঁধ মেলানোর দৃষ্টান্ত বড় একটা মেলে না বললেই হয়—তবু এর উল্লেখ করলাম এ সম্ভাবনার প্রতি ছন্দজ্ঞদের দৃষ্টি আকর্ষণ করতে।

'কাটাছাঁটা' হ'য়ে আসে। ফলে এ শ্রেণীর ছন্দে একটা নতুন ধরণের রেশ (cadence) ও ধ্বনিতরঙ্গ (euphony) উৎপন্ন হয়—যা একটু অবহিত হ'য়ে শুন্‌লেই ধরা পড়ে। এটা আমি প্রথমে ধরতে পারি নি—কিন্তু এ ছন্দে দুএকটি কবিতা রচনা ক'রে ও প্রবোধবাবুর সঙ্গে দীর্ঘ পত্রালোচনা ক'রে এ ছন্দের মধ্যে একটি বিচিত্র সুন্দর সুরের রেশ শুন্‌তে পেয়েছি। তাকে খানিকটা সমন্বয়ের সুর বলা যেতে পারে। কিন্তু শুধু সমন্বয়ও নয়—এর মধ্যে আছে যথাযথভাবে বাংলা যুগ্ম ও অযুগ্মধ্বনির সুশৃঙ্খল সমাবেশের একটি নিপুণ কারুকলার সুর। রবীন্দ্রনাথের পূরবীতে "বেঠিক পথের পথিক কবিতার শেষ স্তবকটি বাদ দিলে দেখ্‌তে পাবেন যে বাকি কয়টি স্তবক নিখুঁৎ স্বরমাত্রিক ছন্দে লেখা। তাতে এ-ছন্দের সূক্ষ্ম পেলব্ সঙ্গীতধ্বনি-সম্পাতের অতি চমৎকার পরিচয় মেলে। প্রথম এ-ছন্দে কবিতা রচনা করতে গেলে একটু আড়ষ্টতা আসা খুবই স্বাভাবিক, কিন্তু—পুনরুক্তি মার্জ্জনীয়—একটু অভ্যাস করলেই ও এর ভিতরকার রসটির পরিচয় পেলে এ ছন্দের মধ্যে একটি অপরূপ সূক্ষ্ম ও পেলব রস পাওয়া যায়। দুঃখ এই সে-রস পাওয়া সম্ভব নয় একটু দরদী হ'য়ে এ-ছন্দ নিয়ে অল্প স্বল্প চর্চ্চা না করলে এবং এ-ছন্দের চর্চ্চা খুবই কম—এর কারুকলা একটু কঠিন হওয়ার দরুণ। তাই আপনাকে অনুরোধ করছি আপনি এ ছন্দে খুব হাত পাকান—তাহ'লেই দেখ্‌বেন 'হৃদয়গ্রন্থি' ভিন্ন হবে 'সর্ব্বসংশয় ছিন্ন' হবে।

(৫) লঘুগুরু বা সংস্কৃতপন্থী মাত্রাবৃত্ত। এই ছন্দের প্রবোধবাবুর নামকরণের সঙ্গে আমি একমত নই। সামান্য মতভেদ, তবুও বলার প্রয়োজন আছে।

এ ছন্দটি মাত্রাবৃত্তের সগোত্র সন্দেহ নেই, মানে গঠনপ্রকৃতিতে। কিন্তু রসে এ ছন্দ মাত্রাবৃত্ত থেকে এতই আলাদা যে একটা ভালো নাম এ দাবী করতে পারে ব'লেই আমার মনে হয়। প্রবোধবাবুও এর রসস্বাতন্ত্র্যের কথা স্বীকার করেন—তাঁর চিঠি দ্রষ্টব্য—কিন্তু তবু তিনি তাঁর বৈজ্ঞানিক কটমট নামটি রাখ্‌তে বদ্ধপরিকর। আমার বিশ্বাস যাঁরা রসিক তাঁর এমন সুন্দর ছন্দের অমন ভয়াবহ নামে ঘোরতর আপত্তি না ক'রেই পারবেন না। রবীন্দ্রনাথের নাম ক্ষুদিরাম হ'লে কাব্যানুরাগীর রাগ হওয়া নিশ্চয়ই উচিত ছিল।

এ-ছন্দটি কী নিশ্চয়ই জানেন? তবু বলি। এ হচ্ছে সংস্কৃত-ভাঙা ছন্দ। অর্থাৎ এতে শুধু যে যুগ্মধ্বনিই দুমাত্রার মর্য্যাদা পাবে তাই নয়, এতে গুরু স্বরবর্ণও—(আ ঈ ঊ এ ঐ ও ঔ)—টেনে দুমাত্রাকাল স্থায়ী হবে সর্ব্বত্র। অ ই উ—অর্থাৎ লঘু স্বরবর্ণ—অবশ্যই এতেও একমাত্রা। বাংলাভাষায় এ-ছন্দে লেখা সর্ব্বশ্রেষ্ঠ গান বোধকরি দ্বিজেন্দ্রলালের গঙ্গাস্তোত্র :

"পতিতোদ্ধারিণি গঙ্গে!
শ্যাম-বিটপিঘন-তট-বিপ্লাবিনি! ধূসর তরঙ্গ ভঙ্গে।
কত নগ নগরী তীর্থ হইল তব চুম্বি' চরণযুগ মায়ি!

কত নরনারী ধন্য হইল মা, তব সলিলে অবগাহি'…"

বহিছ জননি ! এ-ভারতবর্ষে কত শত যুগ যুগ বাহি'

করি' সুশ্যামল কত মরু-প্রান্তর শীতল পুণ্যতরঙ্গে ।

নারদ কীর্তন পুলকিত মাধব বিগলিত করুণা ক্ষরিয়া

ব্রহ্ম কমণ্ডলু উচ্ছলি' ধূর্জটি-জটিল-জটা 'পর ঝরিয়া…ইত্যাদি ।

আপনি একদিন দ্বিজেন্দ্রলালের এ-ছন্দে রচিত গানগুলি পড়তে পড়তে উচ্ছ্বসিত হ'য়ে উঠেছিলেন । তাঁর—

একি কোটি মুগ্ধ তারা !

একি নিখিল দৃশ্য প্লাবি বিশ্ব চন্দ্র কিরণ ধারা !

একি স্তিমিত নয়ন শিথিল শয়ন অলস বিভল শর্ব্বরী !

শশি- বাহু লগ্ন মুগ্ধ মগ্ন সুপ্ত স্বপ্ন সুন্দর ! !

শুনে উচ্ছ্বসিত হ'য়ে ব'লেছিলেন—বাংলায় এ ছন্দে আরও বেশি গান ও কবিতা কেন রচিত হয় না ? মনে আছে আপনি ও আমি একসঙ্গে কি রকম আনন্দ ক'রে ভারতচন্দ্রের অন্নদামঙ্গলে এ ছন্দে ভুজঙ্গ প্রায়তঃ পড়তাম :

। ॥ ॥ । ॥· ॥ । ॥ ॥ । ॥ ॥
ম হা রু দ্র বে শে ম হা দে ব সা জে

ভ ভ ম্ভম ভ ভ ম্ভম্ শি ঙা ঘো র বা জে

বা বিদ্যাসুন্দরে তাঁর তোটক

। । ॥ । । ॥ । । ॥ । । ॥
তু মি প ঙ্ক জি নী যু হি ভা স্ক র লো

ভ য় না ক র না ক র না ক র লো

এ ছন্দে রবীন্দ্রনাথের "জনগণ মন অধিনায়ক" বা "দেশ দেশ নন্দিত করি" "হিংসায় উন্মত্ত পৃথ্বী নিত্য নিঠুর দ্বন্দ্ব ঘোর কুটিল পন্থ তার লোভ জটিল বন্ধ" প্রভৃতি কবিতা আপনি বার বার পড়বেন কিন্তু অতঃপর । কারণ তাহ'লে বুঝতে পারবেন এ ছন্দ কী অপূর্ব্ব সুন্দর ! অথচ আধুনিক বাংলায় এ ছন্দে প্রথম শ্রেণীর কবিতা (এক রবীন্দ্রনাথ ও দ্বিজেন্দ্রলালের কয়েকটি বিখ্যাত গান ছাড়া) প্রায় নেই বল্‌লেই হয় । কিন্তু "কেন নেই—" ? আপনি জিজ্ঞাসা ক'রেছিলেন । প্রথমটায় আমি ভেবে পাই নি । প্রথম প্রথম মনে হ'ত যে সত্যেন্দ্রনাথই বুঝি ঠিক্ ব'লেছেন : যে, এ-ছন্দে বাংলা কবিতা রচনা স্বাভাবিক শোনাবে না—বাংলায় দীর্ঘস্বরের প্রচলন উঠে যাওয়ার দরুণ । কিন্তু আজকাল মনে হয় সত্যেন্দ্রনাথের এ-বিশ্লেষণ অসার । বাংলা ভাষায় এখনো দীর্ঘস্বরকে যথাযথ ভাবে বিন্যাস করতে পারলে চমৎকার শোনায় । এ জন্যে চাই শুধু কবিদের দরদ ও শ্রদ্ধা । তাহ'লে দেখা যাবে এ ছন্দে নানা রকম মিশ্রণও চল্‌তে পারে ।

আমার "দরদী" (২৩৫ পৃষ্ঠা) ও "প্রার্থনা" (২৩৯ পৃষ্ঠা) কবিতায় এ-মিশ্রণের দু একটি মাত্র সম্ভাবনা দেখাবার চেষ্টা পেয়েছি। বস্তুতঃ সংস্কৃত গুরুস্বর অতি অপূর্ব্ব কল্লোল আনে। কিন্তু কল্লোল সত্যেন্দ্রনাথ বুঝতেন না। তাই তিনি স্বরমাত্রিকের যুগ্মধ্বনিকে সংস্কৃতের দীর্ঘ স্বরবর্ণের বদ্‌লি হিসেবে চালাতে চেয়েছিলেন। কিন্তু বলুন তো, তাতে কি সংস্কৃত ছন্দের প্রতিরূপটি এসেছে ? ঠাট এসেছে মানি, কিন্তু উদাত্তধ্বনি—ডমরুরোল—গাম্ভীর্য্য ?—আস্‌তেই পারেনা। কেন পারে না ? কারণ সংস্কৃতের দীর্ঘস্বরবর্ণের দরাজ আওয়াজের 'পরে ওর অনেকখানি সৌন্দর্য্যই নির্ভর করে। সত্যেন্দ্রনাথের স্বরমাত্রিকে একটা নতুন ধরণের রস এসেছে মানি—কিন্তু তাঁর "পিঙ্গল বিহ্বল ব্যথিত নভতলে"র মধ্যে যেমন "কশ্চিৎকান্তা বিরহ গুরুণা"র মন্দাক্রান্তা কল্লোলিত হ'য়ে উঠ্‌তে পারে নি—তেম্‌নি তাঁর "মহৎ ভয়ের মূরৎসাগর বরণ তোমার তমঃশ্যামল" এতেও কখনোই "সুরাঙ্গনাভবল্লরীকরপ্রপঞ্চচামর-"র মেঘমন্দ্র বেজে ওঠে নি। ওঠে নি যে, তা সবচেয়ে স্পষ্ট হ'য়ে ওঠে তাঁর বাংলা শার্দ্দূলবিক্রীড়িত সংস্কৃত শার্দ্দূল বিক্রীড়িতের ডমরু-নির্ঘোষের পাশে ধর্‌লে। দেখুন—

॥ ॥ ॥ । । ॥ । ॥ । । । ॥ ॥ ॥ । ॥ ॥ । ॥
গো বি ন্দং প্র ণ মো ত্ত মা ঙ্গ র স নে তং ঘো ষ য়া হ নি শম্
সি ন্ধুর রোল্ মে ঘে ভিড়্ল আজ্ গ র জে বাজ্ বি দ্যুৎ বি লোল র ক্ত চোখ্

এবং মনে হয় না কি বাংলা স্বরমাত্রিকে শার্দ্দূল বিক্রীড়িত-র হয়েছে শুধু প্যারডি ?

অথচ তবু সত্যেন্দ্রনাথ ভারতীতে "ছন্দ সরস্বতী" প্রবন্ধে লিখেছিলেন যে এইভাবে বাংলা যুগ্মধ্বনিকে গুরু ব'লে গণনা ক'রেই সংস্কৃত ছন্দের রস বাংলায় আনা চাই—কেননা কেবল এতে ক'রেই বাংলাভাষার উচ্চারণ-প্রকৃতির সঙ্গে সংস্কৃত দীর্ঘস্বরের একটা সত্য রফা সম্ভব হবে। সংস্কৃত দীর্ঘ স্বর বাংলাছন্দে আনা চলে না, কারণ সেটা "অস্বাভাবিক" শোনাবে এই ছিল তাঁর প্রধান যুক্তি। তাই এ-যুক্তির বিপক্ষে কিছু যুক্তি দেব।

প্রথম কথা এই যে বাংলায় গুরু স্বরের দীর্ঘ উচ্চারণ মোটেই বাংলার মেজাজের প্রতিকূল নয়। বাংলা কাব্যে গুরুস্বরের গুরু উচ্চারণ ভারতচন্দ্র কেন তাঁরও বহু আগে বৈষ্ণবকবি বিদ্যাপতি, চণ্ডীদাস, গোবিন্দদাস, ঘনশ্যামদাসের সময় থেকে আদর পেয়ে আস্‌ছে ; বাঙালীর কোন তাতে আপত্তি করা দূরে থাকুক আজও সে সব ধ্বনিতে গভীর আনন্দ পায়। দু একটি মাত্র দৃষ্টান্ত দেই—

আরল ঋতুপতি রাজ বসন্ত
ধারল অলিকুল মাধবপন্থ (বিদ্যাপতি)

এ সখি রসময় অন্তর হার
শ্যাম সুনাগর গুণগণ আগর কোধনি বিছুরয় পার (গোবিন্দদাস)

কেলি কদম্ব পুনহি পুন হেরসি ঘন ঘন তেজসি শ্বাস (ঘনশ্যামদাস)

ভারতচন্দ্রে ত ভূরি ভূরি—(তূণক ছন্দে)

ভূতনাথ ভূতসাথ দক্ষযজ্ঞ নাশিছে
যক্ষরক্ষ লক্ষ লক্ষ অট্ট অট্ট হাসিছে।

(অন্নদামঙ্গল)

এতগুলি উদাহরণ দিলাম শুধু দেখাতে যে বাংলা কাব্যে এ-রকম দীর্ঘস্বরের দ্বিমাত্রিক ব্যবহার যথেষ্ট প্রচলিত। আর্টে ঐতিহ্যের দাম খুব বেশি বই কি। কাজেই এ-ছন্দে বাংলায় কবিতা রচনা হ'লে কারুরই পড়তে বাধার কথা নয়। তবু কেন যে সত্যেন্দ্রনাথ ও তৎপরবর্ত্তী কবিগণ লঘুগুরুর মতন অপূর্ব্ব ছন্দকে এড়িয়ে চ'লেছেন বলা মুস্কিল, তবে আমার মনে হয় এর একটা কারণ নিশ্চয়ই মাত্রাবৃত্তের অভ্যুদয়। মানে, মাত্রাবৃত্তে সংস্কৃত যুগ্মধ্বনির দ্বিমাত্রিকতার ঝঙ্কার পেয়ে বাঙালী এতই খুসি হ'য়ে উঠ্‌ল যে এদিকে নানারকম এক্‌স্‌পেরিমেণ্ট করতে গিয়ে ভুলে গেল তার একটি সহজলব্ধ উত্তরাধিকারের গরিমা—লঘুগুরুর সৌন্দর্য্য। বোধহয় তাই বিজয়চন্দ্র, রবীন্দ্রনাথ ও দ্বিজেন্দ্রলালের পরে কেউ সংস্কৃত ছন্দে কবিতা রচনার চেষ্টা পান নি। কেবল শ্রীভুজঙ্গধর রায়চৌধুরী জয়দেবের জয় জগদীশ হরে -র লঘুগুরুতে অনুবাদ ক'রেছিলেন, যদিও নিখুঁৎ উচ্চারণ হয় নি।

দ্বিতীয় কথা, বাংলা যুগ্মধ্বনির প্রকৃতি অনুসারে রচিত ছন্দের মানে মাত্রাবৃত্তের—মূল্য বা সৌন্দর্য্য অস্বীকার না ক'রেও বলা চলে যে লঘুগুরু ছন্দের কল্লোল বাংলা ছন্দে আনার খুব গুরুতর প্রয়োজনীয়তা রয়েছে। বিশেষ করে এই জন্যে যে গুরু স্বরবর্ণের দরাজ আওয়াজে ছন্দের মধ্যে একটা অপূর্ব্ব পৌরুষ ও ওজস্‌ জাগে—যাতে বাংলা কাব্য এখনো পর্য্যন্ত খুব বড় হ'তে পারে নি। যৌগিকের মধ্যে পৌরুষ মেলে মানি, কিন্তু ওজস্‌ ও কল্লোলে লঘুগুরুর মধ্যে এমন একটা স্বকীয়তা আছে, বৈশিষ্ট্য আছে যা অন্য কোনো ছন্দেই নেই। তাছাড়া যদি আজ এ-ছন্দে কবিতা একটু অস্বাভাবিকও ঠেকে (যদিও তা ঠেকে না) তাহ'লেও তাতে ক'রে কিছুই প্রমাণ হয় না। চিত্রে ছন্দে সঙ্গীতে stylisation এর মূল্য খুবই বেশি, অভ্যাসে নিত্য নব সুন্দর রস আহরণ করার সুপ্ত শক্তি জেগে ওঠে। কাজেই বাংলা স্বরবর্ণকে টেনে পড়লে কৃত্রিম শোনাবে এ সহজপন্থী যুক্তির প্ররোচনায় শুধু বাঙলার যুগ্মধ্বনি দিয়েই সর্ব্বত্র কাব্য রচনা করতে হবে একথা মানা কোনমতেই চলে না। সব নতুন অভ্যাগমের পথেই প্রথমটায় নানা বাধার উদয় হয়। ধরুন না কেন, মাত্রাবৃত্তে যে সময়ে রবীন্দ্রনাথ রচনা সুরু করেন সে সময়ে অধিকাংশ পয়ারী কবিদেরই কাছে তা কৃত্রিম শোনাত না কি? কিম্বা যখন মধুসূদন প্রবহমান অমিত্রাক্ষরের সৃষ্টি করেন তখন কি তা অধিকাংশের কানে অস্বাভাবিক ঠেকৃত না? আজকের দিনেও সত্যেন্দ্রনাথের স্বরমাত্রিকের ভিতরকার রসটি কয়জনের কানের মধ্যে দিয়ে মরমে পশে? কাজেই আমার বক্তব্য এই যে প্রথম দিক্‌কার বাধার যুক্তি উপেক্ষা ক'রেই আজকালকার কবিদের সজ্ঞানে ও সপ্রেমে কবিতা লেখা উচিত লঘুগুরু ছন্দে।

তৃতীয় কথা, বাংলা ছন্দে এধরণের গুরুধ্বনির কল্লোলে যে নতুন গাম্ভীর্য্য আসবে তাতে ভবিষ্যতে বাংলা ভাষার বিশেষ লাভ হবে ব'লে মনে করার অনেক কারণ আছে। প্রধান কারণ, এ শ্রেণীর ছন্দে কথার ঠাসবুনানি একটু কম থাকার জন্যে সুর একটু ছাড়া পায়। প্রবোধবাবু এই জন্যেই আমাকে লিখেছেন যে এ ছন্দে গানই রচিত হওয়া সম্ভব—কিন্তু কবিতা নয়।

কিন্তু একথাটি সত্য কিনা ভেবে দেখার দরকার আছে। মানি গানে লঘুগুরু ছন্দ বিশেষ লাগসৈ, কেন না গায়ক মাত্রেই জানেন যে দীর্ঘস্বরে সুর যোজনার অবসর একটু বেশি থাকেই ;—কিন্তু তাই ব'লে বলা চলে না যে এতে কবিতা হয়ই না। বস্তুতঃ (প্রবোধবাবুকেই যে কথা আমি একটি পত্রে লিখেছিলাম) বিশেষ ক'রে গান ও বিশেষ ক'রে কবিতার মধ্যে তফাৎ সহজেই চোখে পড়ে বটে, কিন্তু তাই ব'লে এমন সব গান আছে যা প্রায় কবিতার কোঠায় পড়ে—ও এমন কবিতাও আছে যা সহজেই সুরে গাওয়া চলে। আমার "কৃষ্ণ" বা "রাধা" কবিতা দুটি আমি উভধর্ম্মী মনে করি। ওরা গানও—কবিতাও, এবং ওদের গেয়ে আমি নিবিড় আনন্দ পাই। রবীন্দ্রনাথের "দেশ দেশ" বা দ্বিজেন্দ্রলালের "পতিতোদ্ধারিণি" সম্বন্ধেও ঐ কথা। এ থেকে আমি প্রমাণ করতে চাইছি যে ও ছন্দে কবিতা রচনার যথেষ্ট অবসর আছে। তাই এ-ছন্দটির একটি আলাদা নামকরণ হওয়া উচিত।

চতুর্থ কথা, প্রবোধবাবুর "সংস্কৃতপন্থী মাত্রাবৃত্ত" নামটি মোটেই সুবিধের নয়। তার কারণ ওতে ক'রে এ-ছন্দকে একটু অবজ্ঞার চোখেই দেখা হয় যেন। তাছাড়া এ ছন্দটি মাত্রাবৃত্তের সগোত্র হ'লেও এর রসের ও কল্লোলের সঙ্গে মাত্রাবৃত্তের ততখানিই তফাৎ যতখানি তফাৎ স্বরবৃত্তের সঙ্গে যৌগিকের। ছন্দ বিচারে রসের প্রসঙ্গকে ফেলা যায় না। দেখুন না রাগ ও রঙ্গ। মাত্রাবৃত্তে ও দুয়ের মূল্য এক নয়। রাগ দুমাত্রা, রঙ্গ তিন। কিন্তু লঘুগুরু ছন্দে এ দুয়ের ওজন এক। কিন্তু তবু (এখানেই এ ছন্দের গৌরব) মাত্রিক সাম্য সত্ত্বেও এ দুটি শব্দের রসের মধ্যে কতখানি ভেদ জন্মে যায় বলুন দেখি—ঐ এক রা-র উদাত্ত দ্বিমাত্রিক স্থায়িত্বের জন্যে! এ নিয়ে বেশি বলা অনাবশ্যক, তবু আর একটি মাত্র উদাহরণ দেই। দ্বিজেন্দ্রলালের পতিতোদ্ধারিণি গঙ্গের শেষ লাইনটি নিন :

"মা ভাগীরথি! জাহ্নবি! সুরধুনি! কলকল্লোলিনি গঙ্গে"-কে মাত্রাবৃত্তে ফেল্‌লে এর কি রূপ হয় দেখুন :

হে জননি ভাগীরথি! জাহ্নবি! সুরধুনি! কলকল্লোলিনি মা গঙ্গে! কল্লোলের কতটুকু রইল বলুন তো ?

তাই আমি ঈষৎ আক্ষেপ করি মাঝে মাঝে ভেবে যে লঘুগুরু ছন্দের এমন মহিমা, গাম্ভীর্য্য ও কল্লোল থাকা সত্ত্বেও ওকে আমরা যথেষ্ট পরিমাণে স্বীকার করি নি। আমার দৃঢ়বিশ্বাস ভবিষ্যতে এ-ছন্দ বাংলা ভাষাকে পুনরায় সমৃদ্ধ করবে। আমার কেবল দুঃখ বৈষ্ণবকবিদের তথা ভারতচন্দ্রের দীর্ঘস্বর প্রীতি আমাদের মধ্যে একেবারে লুপ্ত হ'তে বসেছে বাংলা যুগ্মধ্বনিগুলির নানারকম ফুলঝুরির চটকে। মনে করবেন না যেন এটা আমি নিন্দাচ্ছলে বল্‌লাম। আমি একথা বল্‌ছি শুধু এইজন্যে যে সত্যেন্দ্রনাথের যুগ্মধ্বনি দিয়ে সংস্কৃত গুরুস্বরের ওজন রাখার চেষ্টাকে আমি

বন্ধ্যা মনে করি। ওতে সংস্কৃত ছন্দের "সিংহের" সেই "শরীর" লাভ হবে যাকে খানিকটা সিংহের মতন দেখালেও সংস্কৃত সিংহবীর্য্য সমন্বিত হবে না—সহজেই ওকে গাভীতে ভক্ষণ" করতে পারবে।

লঘুগুরু ছন্দ সম্বন্ধে আরও অনেক কথা বল্‌বার ছিল, তবে উপস্থিত সে সব না বলাই ভালো। কারণ কাব্যে যুক্তি বা ব্যাখ্যার চেয়ে ঢের বেশি জোরালো জিনিষ হচ্ছে—দৃষ্টান্ত, হাতে কলমে ক'রে দেখানো। পতিতোদ্ধারিণি গঙ্গে বা দেশ দেশ নন্দিত কবি-র মতন একটি গান হাজারো তর্ক কণ্টকিত বিরুদ্ধ যুক্তির মহড়া নিতে সক্ষম। শুধু আর একটি কথা এ সম্পর্কে ব'লেই ক্ষান্ত হব।

অনেকের মুখে এই যুক্তি শোনা যায়—সংস্কৃতের কাছে কেন বাংলা হাত পাততে যাবে?—তার কি নিজস্ব মহিমা নেই, আত্মসম্ভ্রম নেই? কিন্তু বলুন তো, এ শ্রেণীর মনোভাবকেই কি Parochialism বলে না? এ-ধরণের যুক্তিবাদীর সঙ্গে আমি খুবই পরিচিত। এঁদেরই official নাম হচ্ছে—ultra-modern, জপমন্ত্র হচ্ছে অতীতকে প্রাণভ'রে গালাগালি করা, যেহেতু অতীতকে স্বীকার করার নাম নাকি স্থবিরত্ব, তার ঋণ স্বীকার করার নাম নাকি নূতন-বিরাগ—ইত্যাদি ইত্যাদি। হা কপাল! এঁরা—গোটাকতক সাময়িক ধুয়োর মোহে প'ড়ে এই সহজ সত্যটিও ভুলে যান যে অতীত বর্ত্তমানের অস্থিমজ্জায় গাঁথা; সে কবি-কল্পনাও নয়, কুসংস্কারও নয় সে আছে—এবং আছে ব'লেই বর্ত্তমানও আছে। ভুলে যান যে মানুষের জীবনে, চিন্তায়, বৈদগ্ধ্যে, সৌকুমার্য্যে—অতীতের ফল্গুস্রোতই প্রাণের প্রবাহ আনে, রসধারা সঞ্চারিত করে, সমৃদ্ধি দেয়—এককথায় অভিজ্ঞতার সঞ্চিত অবদানে পরিপূর্ণ সুষমা সামঞ্জস্য আনে। আমি এ-শ্রেণীর অতীতনিন্দক মডার্নিটির উপাসক নই। আমি বিশ্বাস করি বড়র কাছে নীচু হ'য়েই তবে ছোট বড় হয়; আমি বিশ্বাস করি অতীতকে পূজা করতে জান্‌লে তবেই ভবিষ্যতের পথের ইঙ্গিত মেলে; আমি বিশ্বাস করি গীতার কথা "যো যচ্ছ্রদ্ধঃ স এব সঃ"—যাকে আমরা শ্রদ্ধা করি আমরা তার সত্তা কম বেশি পাইই পাই। তাছাড়া সংস্কৃত ভাষা ছন্দ ভাব প্রভৃতির সঙ্গে বাংলার নাড়ীর সম্বন্ধ—একথা রবীন্দ্রনাথ সেদিনও সংস্কৃত কলেজের অভিভাষণে ব'লেছেন। কিন্তু না, এসব যে সেকেলে মনোভাব। আজকাল সবদেশেই এ ধরণের মনোভাবকে সেকেলে ব'লে ব্যঙ্গ করাটা যে হ'য়ে দাঁড়িয়েছে সবচেয়ে হালের ফ্যাশন—ultra-modernity-র এই উদগ্র উপাসনায়। সেদিন ইংলণ্ডের বিখ্যাত ভাবুক ব্যঙ্গনিপুণ শিল্পী আলডুস হাক্‌স্‌লিও Do What You Will বইটিতে এই ধরণেরই মনোভাবের প্রতি বড় চমৎকার কটাক্ষ পড়ছিলাম: "There was a time when I should have felt terribly ashamed of not being up-to-date. I lived in a chronic apprehension lest I might so to speak, miss the last bus, and so find myself stranded and benighted in a desert of demodedness, while others, more nimble than myself, had already climbed on board, taken their tickets and set out towards those bright but, alas, ever-receding goals of Modernity and Sophistication. Now, however, I have grown shameless, I have lost my fears. I can

watch unmoved the departure of the last social-cultural bus—the innumerable last buses, which are starting at every instant in all the world's capitals."

কিন্তু ভুল বুঝবেন না যেন এ-আক্ষেপকে। আমি একবারও বল্‌ছি না আধুনিক ছন্দ প্রভৃতির দাম নেই—বা বাঙলা ছন্দের কোনো নিজস্ব বৈশিষ্ট্য নেই। আমি শুধু বল্‌ছি—সত্যকার বৈশিষ্ট্য অতীতের স্বীকারে খর্ব্ব হয় না—বরং সমৃদ্ধতরই হ'য়ে ওঠে। নইলে বাঙলা ছন্দ সংস্কৃত-ছন্দ-নিরপেক্ষ হ'য়ে নতুন নতুন দিকে দিগ্বিজয় করবে—এ কে না চাইবে বলুন? আমি নিজেও এদিকে সাধ্যমত চেষ্টা ক'রেছি দেখতে পাবেন।

তাছাড়া সত্যেন্দ্রনাথ সম্বন্ধেও ভুল বুঝবেন না আমাকে। আমি সত্যেন্দ্রনাথের ছন্দ-নৈপুণ্যেরও গুণগ্রহণের বিরোধী নই।' তাঁর ভাব না থাকুক ছন্দের গঠন-নৈপুণ্য ছিল অসামান্য। ছন্দের নানা ধ্বনি-সমাবেশ প্রভৃতি নিয়ে তাঁর নানা এক্সপেরিমেণ্ট থেকে অনেক শিখেছিও আমি নানা সময়ে—যেজন্য সকৃতজ্ঞে তাঁর কাছে ঋণস্বীকার করব বরাবরই। বিশেষ ক'রে বাংলায় স্বরমাত্রিক ছন্দের সৃষ্টি করার দরুণ তাঁকে আমি ছন্দনিপুণ ও কর্ণকুশলী হিসেবে সম্মান দেখিয়ে গৌরব বোধ করব নিশ্চয়ই। আমার কেবল বক্তব্য এই যে সত্যেন্দ্রনাথের ছন্দের টেক্‌নিকের কৃতিত্ব থেকে আমাদের অনেক কিছু শেখার আছে ব'লেই যেন তাঁর কবিত্বের আদর্শ আমাদের কিছুমাত্রও প্রভাবিত না করে। কারণ তাহ'লে বাংলা কাব্যের ক্ষতি হবে।

কেন ক্ষতি হবে তা একটু খুলে বল্‌বার সময় এসেছে। কারণ সত্যেন্দ্রনাথ বড় কবি ছিলেন একথা আজকাল বেশি শোনা যাচ্ছে—তাঁর ভাবহীন, প্রেরণাহীন, অভিজ্ঞতাহীন, চকমকিদীপ্তিকে অনেকে 'অচলা-চপলা'র অবিনাশী দ্যুতি ব'লে প্রচার করছেন। এতে সত্য কাব্যানুরাগীর আপত্তি করা উচিত ব'লে আমি মনে করি—যেহেতু কাব্যের আদর্শের ক্ষতি একটা জাতীয় ক্ষতি। নেপোলিয়ন যখন স্যাঁৎ ব্যভকে ব'লেছিলেন:—"But where is there not charlatanism?" তখন সে-বিখ্যাত সাহিত্যিক উত্তর দিয়েছিলেন দীপ্ত ভঙ্গীতে: "Yes, in politics that is perhaps true. But in the order of thought, in art, the glory, the eternal honour is that charlatanism shall find no entrance; herein lies the inviolableness of that noble portion of man's being." ছন্দজ্ঞ হিসেবে না হ'লেও কবি হিসেবে সত্যেন্দ্রনাথ ছিলেন এই শার্লাটান-জাতীয়। কেবল ভয় হয়, একথা ব'লে পাছে অজ্ঞাতে কারুর কারুর মনে আঘাত দিয়ে বসি,—পাছে কেউ ভুল বোঝেন যে সত্যেন্দ্রনাথের কবিশক্তির নিন্দা করায় আমার কোনো ব্যক্তিগত স্বার্থ আছে। (জানেনই তো আমাদের দেশ বিশেষ ক'রেই দলাদলির দেশ—যেখানে কেউ তার স্বাধীন মত সরল ভাষায় জানালেও তাই নিয়ে কত ব্যক্তিগত বিদ্রূপ ও সস্তা হাসি-তামাশার ধূলো উড়তে থাকে—যাতে সব অনাবিষ্ট বিচারের দৃষ্টিকেই ক'রে দেয় আবিল)

কথাটা বল্‌তে হ'লে একটু গোড়া থেকেই সুরু করতে হয় যা আমার মনে এসেছে প্রধানতঃ সঙ্গীতের রস থেকে।

সেকথা নামান্তরে "গ্রাম্যমামের দিনপঞ্জিকায়" ব'লেছি। এখানে কাব্যচর্চ্চা করতে গিয়ে নতুন ক'রে আবিষ্কার করলাম যে কাব্য সম্বন্ধেও তা খাটে। ভাগ্যক্রমে আপনি সঙ্গীতের টেকনিকেও পাকা—তাই মস্ত সুবিধে হ'য়েছে—ঠিক্ যেদিক্ থেকে যেভাবে ব্যাপারটাকে আমি দেখেছি—অর্থাৎ সঙ্গীতের দিক্ থেকে—সেই দিক্ থেকে সেই ভাবেই সুরু করি।

আপনি জানেন আমাদের দেশে দুরকম গাইয়ে বাজিয়ে আছেন: একদল একান্ত বাহ্য শ্রুতিমধুরতা তথা ঝোঁকওয়ালা ছন্দের আমদানী ক'রে খুব তাড়াতাড়ি সাধারণ শ্রোতার চিত্তহরণ ক'রে থাকেন—যেমন পিয়ারা সাহেব, কেরামতুল্লা খাঁ, বিশ্বনাথ রাও, মহম্মদ হুসেন, গহরজান;—আর একদল আনেন গভীর সুর, গভীর তান, মন্দ্র তাল—যেমন অনুপম গুণী ৺রায় বাহাদুর সুরেন্দ্রনাথ মজুমদার, আবদুল করিম, হাফেজ আলি আলাউদ্দীন তিমিরবরণ, মোতি বাই। নিছক্ তালজ্ঞানের দিক্ দিয়ে প্রথম দল দ্বিতীয় দলের চেয়ে কম নিখুঁৎ নন একথা মানতেই হবে। কিন্তু তবু শেষোক্ত দলের গুণীর গুণপনার সঙ্গে এঁদের তুলনাই হয় না। শেষোক্ত দলের তালের বাহ্য টেকনিকটা একটু অনুধাবন করলে দেখ্‌তে পাবেন এঁদের গান বাজনায় (মানে শ্রেষ্ঠ তান কর্ত্তবে) এঁরা তালবিভাগের স্পষ্টতা কমিয়ে দেন—যাকে ইংরাজীতে বলা যায় rounding off the corners. কিন্তু টেকনিকের বাহ্য পদ্ধতিটাই এ তালরূপের চরম কথা নয়। আসল কথাটা হ'ল রসের। এখন রসের ক্ষেত্রে ছন্দ কাব্য চিত্র প্রভৃতির স্বচ্ছ টেকনিকের অতি সুবোধ্য সস্তা রসটুকু সব দেশেরই গণমনকে আকৃষ্ট করলেও গভীর সুররসিকরা দেখেছেন যে এধরণের মিষ্টতা অতি সত্বরই একঘেয়ে হ'য়ে আসে। দুনতোদুন জলদবাঁট তেলানা প্রভৃতি কতক্ষণ শোনা যায় বলুন? তাই যাঁরা এই সস্তা পদ্ধতিতে চটু ক'রে মনভোলান তাঁদের চেয়ে গুণজ্ঞ সমাজ তাঁদেরকেই আদর করেন বেশি যাঁরা ছন্দের গভীরতর প্রচ্ছন্নতর লয়টি তাঁদের গুণপনায় ফোটাতে পারেন। করা উচিতই বই কি। কারণ এই শ্রেণীর গুণীর কৃতিত্ব যে শ্রেষ্ঠতর শ্রেণীর কৃতিত্ব—কেন না এ শুধু গঠনকারুর কৃতিত্ব নয়,—সেই সত্য সুরপ্রেরণার কৃতিত্ব যা শুধু গভীর সুরশিল্পীর হৃদয়েই ফোটে।

কবিতায়ও ঐ কথা। যাঁরা শুধু ছন্দসর্ব্বস্ব—অর্থাৎ প্রকৃত কবি নন (যেমন পোপ, টেনিসন বা সত্যেন্দ্রনাথ*) তাঁরা সঙ্গীতের এই প্রথমোক্ত দলের সঙ্গে খানিকটা তুলনীয়। কালিদাস, শেলি, এ-ই প্রভৃতি এই হারীন্দ্রনাথ শেষোক্ত দলের সঙ্গে তুলনীয়। দু'একটা উদাহরণ দিলে হয়ত কথাটা বেশি পরিষ্কার হবে।

টেনিসনের বিখ্যাত hocksley Hall প'ড়েছেন তো? প্রথমটায় বেশ লাগে যখন পড়ি:—

---

* অবশ্য টেনিসনকে সত্যেন্দ্রনাথের সঙ্গে তুলনা ক'রছি না। কারণ টেনিসনের মধ্যে স্থানে স্থানে সত্য কবিত্বও ছিল—তাঁর সস্তা ছন্দ সত্ত্বেও—যেখানে সত্যেন্দ্রনাথের ছিল শুধু এই অতি স্পষ্ট ঝোঁকওয়ালা ছন্দের কৃতিত্ব—শুধু টেকনিকের উপর কর্ত্তৃত্বের আশুফলপ্রদ চটক। তা ছাড়া সত্যেন্দ্রনাথ মন্দ পোদ্দার প্রমুখ অত্যন্ত অসুন্দর কথা অসঙ্কোচে কবিতায় ব্যবহার করতেন যা টেনিসন ভুলেও করতে পারতেন না। আমি এখানে শুধু ছন্দের বাহ্য গঠন-নৈপুণ্যের দিক দিয়ে এঁদের সাদৃশ্যের কথা বলছি।

In the spring a livelier iris changes on the burnished dove ;
In the spring a young man's fancy lighly turns to thoughts of love...

কিন্তু খানিকক্ষণ পড়তে না পড়তে ক্লান্তি আসে। আসবেই। কারণ সস্তা আবেদনের সংজ্ঞাই যে ঐ : সুকুমারমতি গ্রহীতার কাছে বেশিক্ষণ ভালো লাগেনা—লাগতে পারে না। ছন্দের ঝোঁকের অতি স্পষ্টতা (obviousness) দ্রুত লয়কারী তানালাপ প্রভৃতির মতনই : রুচি যাদের সূক্ষ্ম নয় তাদেরকেই খুসি করে। যেমন ধরুন টেনিসনের In Memorium-এ :

The leaf has perished in the green,
And while we breathe beneath the sun
The world which credits what is done
Is cold to all that might have been.

টেনিসন এ-শ্রেণীর লাইন অজস্র রচনা ক'রে গেছেন সত্যেন্দ্রনাথেরই মতন নির্ভুল ছন্দে, এবং এ জন্যেই তাঁর প্রতিপত্তি এত বেশি হ'য়েছিল প্রথমটায়। কিন্তু আজ সর্ব্বত্রই টেনিসনকে রসিকেরা ছোট কবি বলেন যে-কারণে ঠিক্ সেই কারণেই পরে সত্যেন্দ্রনাথও ছোট কবি বলে গণ্য হবেন। সে কারণটি এই যে এ-শ্রেণীর কবিতার বা সঙ্গীতের মধ্যে কোনো গভীর ছন্দের দোল নেই কোনো নিবিড় ভাবের অন্তঃপ্রেরণা নেই। প্রথমটায় এ-শ্রেণীর ছন্দ পড়তে ভালো লাগলেও, প্রথমটায় এ ছন্দের অতি-সুঠাম অতি-লালিত ঝঙ্কারে পা-মিলিয়ে নাচ্‌তে নাচ্‌তে চল্‌তে ইচ্ছে হ'লেও মুস্কিল এই (যে কথা আপনিও লিখেছেন) যে এ-ছন্দের বেগে চল্‌তে না চল্‌তে গতি আসে শ্লথ হ'য়ে, মন ফোলায় ঠোঁট, প্রাণ সাভিমানে বলে : "আমি চেয়েছিলাম মনের প্রাণের খোরাক, কিন্তু তুমি হ'চ্ছ শার্লাটান, কানকে ঘুষ দিয়েই আমাকে ভোলাবার মৎলব দেখি।" তাই এ-ধরণের কবিতার পরেই যখন সে শোনে (অনামী ৪২ পৃষ্ঠা, এ-ইর "কৃষ্ণ" কবিতা) :

"I paused beside the cabin-door and saw the King of Kings at play...

কিম্বা যখন সে শোনে সত্যিকার ভাবপ্রণোদিত ছন্দোরাজ কবি হারীন্দ্রনাথের :

The Mother's Voice out of the darkness springs
"Lo, I am Beauty among beautiful things,—
In the deep stillnesses the world discovers
That I am the Love of its loved ones and lovers.
I am the round rich Silence of the sky,
I am the Flight of all the birds that fly,
The music in their throats, the honey-wild
Wanderings of bees, the hunger of the child
Veiling the deeper Hunger which has wrought
These burning naked marvels of the Nought.

তখন সে খুসি হ'য়ে বলে : "হাঁ, এই-ই বটে, এই-ই তো চাইছিলাম আমি কবিতা দেবীর কাছে।"

পত্রগুচ্ছ

আপনি লিখেছেন টেনিসন পোপ ড্রাইডেন সত্যেন্দ্রনাথের এ-তারল্য বা গাঢ়তা ঠিক্‌ ছন্দজ নয়—ভাবজ অর্থাৎ ভাব গভীর হ'লে তথাকথিত তরল ছন্দেও অনেক সময়ে গভীরতা আনা যায়। একথা যে খানিকটা সত্য তাতে সন্দেহ নেই—কারণ একই মালিনী বা ইন্দ্রবজ্রা বা অনুষ্টুপ ছন্দ কালিদাস বা ভবভূতির হাতে প'ড়ে যে-রূপ নিয়েছে তার সঙ্গে দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীর সংস্কৃত কবির রচিত এ ছন্দের নিকৃষ্ট রূপের তুলনা করলে বোঝা যায় যে প্রতিভা "touches nothing that it does not adorn" একথাটা প্রতিভাপূজকের উচ্ছ্বাস মাত্র নয়। বস্তুতঃ তরলভাব অনেক ক্ষেত্রেই ছন্দকে তার গগনবিহার থেকে টেনে নামায় ধরণীর ধুলো-বালিতে। ঔরঙ্গজেবের সময় জগন্নাথ ব'লে একজন সত্যিকার ভালো কবি ছিলেন। তাঁর কোনো কোনো অপূর্ব্ব সুন্দর ভাবপূর্ণ কবিতার পাশে শ্রীরূপ গোস্বামীর "উজ্জ্বল নীলমণির" কোনো কোনো তরল কবিতা পড়তে পড়তে প্রবোধচন্দ্রের এই কথাই মনে হচ্ছিল বার বার যে সত্যেন্দ্রনাথের ছন্দ এত একঘেয়ে হ'য়ে প'ড়েছিল তাঁর ছন্দের কোনো intrinsic দোষে না—তাঁর ভাবের দৈন্যে ফলে—যাকে Wordsworth অন্যভাবে ব'লেছেন "the matter expressed is superlatively contemptible"; সত্যি কথা। দু'একটা দৃষ্টান্ত দেই।

শ্রীরূপ গোস্বামীর একটি এমনিধারা superlatively contemptible matter ভরা কবিতা কী রকম বাজে দাঁড়িয়েছে—দেখুন মালিনীর মতন সুন্দর ছন্দেও: শ্রীকৃষ্ণ বলছেন সখা সুবলকে:

রচিতশিখরশোভারম্ভমম্ভোরুহাক্ষী
স্বসিতপবনদোলাদোলিনা মৌক্তিকেন
পুটযুগমতিফুল্লং বিভ্রতী নাসিকায়া
মম মনসি বিলগ্না দর্শনাদেব রাধা।

তবু সংস্কৃত ছন্দের এমন একটা সম্ভ্রম dignity আছে যে এ ভাবও তত খারাপ শোনায় না—ওর মেঘমন্দ্র কল্লোলের গুণে। কিন্তু খানিকটা সত্যেন্দ্রনাথী ছন্দে এর অনুবাদ করতে গেলেই বোঝা যায় এ ধরণের কবিতা আসলে কী বাজে—মেকি! এর অনুবাদ হবে:

সখে	কমল নয়ন	রাধার মোহন	নাসায় কেমন ভায়
	গজমৌক্তিক	নোলক মাণিক	দাড়িম বীজের প্রায়
	রক্তশোভায়!	নিঃশ্বাসে তায়	উঠ্‌তে দুলে দুলে
	দেখেই বারেক	আর তো তিলেক	থাক্‌তে নারি ভুলে!

সত্যিই—ওয়র্ডস্‌ওয়র্থের ভাষায়—superlativly contemptible নয় কি? অমন যে মালিনী ছন্দ তাতেও কী দাঁড়ালো বলুন তো কবিতাটা? যেমন বাজে ভাব—তেমনি namby-pamby উচ্ছ্বাস!

দিলীপ

এখন এর সঙ্গে তুলনা করুন পণ্ডিত জগন্নাথের ভামিনীবিলাসের একটি মধুর মন্দ্রকল্লোলিত ভাবপূর্ণ কবিতা (শার্দ্দূলবিক্রীড়িতে)

রে চেতঃ কথয়ামি তে হিতমিদং বৃন্দাবনে চারয়ন্
বৃন্দং কোঽপি গবাং নবাম্বুদনিভো বন্ধুর্ন কার্য্যস্ত্বয়া ।
সৌন্দর্য্যামৃতমুদ্গিরদ্ভিরভিতঃ সংমোহ্য মন্দস্মিতৈর্
এষ ত্বাং বল্লভাংশ্চ বিষয়ানাশু ক্ষয়ং নেষ্যতি ॥

ওরে   অবোধ চিত্ত, শোন্
তোরে   কহি এ-হিতবচন
নব   অম্বুদনিভ বরণ যাহার—চরায় যে ধেনুবৃন্দ—বৃন্দাবনে,
যেন   ভুলেও মিতালি তার
নাহি   যাচিস্ একটিবার
এই   রীতি তার—সুধালাবণী-বিজুরি ছুরিয়া—মোহিয়া মনে
হাসি'   মন্দ মধুর হাস
তোর   সাধিবে সর্ব্বনাশ :
হবে   ক্ষয় তোর প্রেয় বিষয়বাসনা পলকে অলথ ক্ষণে ।

কী আকাশ-পাতাল তফাৎ বলুন তো ! নয় ?

সত্যেন্দ্রনাথের ছন্দের মধ্যেও পাই ঐ রাধার নোলক-পরা মূর্ত্তির উচ্চ গুণকীর্ত্তন ধরণের কবিতা—ভাব, অনুভূতি, চিন্তা—সবই তরল, মেঠো। একটা চমৎকার টেকনিকাল কৃতিত্বের চটক আছে মানি—কিন্তু শুধু ওতে কবিতা হয় না। আর দুটো মাত্র উদাহরণ দিয়ে এ পত্রের সমাপ্তি টানি—

সত্যেন্দ্রনাথের বিখ্যাত ঝর্ণা কবিতাটিই নেওয়া যাক্ :

এসো তৃষ্ণার দেশে এসো কলহাস্যে
গিরি-দরী-বিহারিণী হরিণীর লাস্যে
ধূসরের ঊষরের করো তুমি অন্ত
শ্যামলিয়া ও-পরশে করো গো শ্রীমন্ত ;
ভরা ঘট এসো নিয়ে ভরসায় ভর্ণা ;—ঝর্ণা !

ঠিক্‌ পোপের সস্তা ভাবহীন ছন্দ নয়? প্রথমটায় মাতিয়ে তোলে—কিন্তু একটু পরেই মন কেমন যেন নৈরাশ বোধ করে: কই, কোনো গভীর রসের তরঙ্গ তো মনের তটে আছড়ে প'ড়ে মনকে দুলিয়ে তুল্‌ল না!

কিন্তু আপনার ও কথার মধ্যে অনেকখানি সত্যি আছে যে, ওটা এ "ঝর্ণা" কবিতার ছন্দের দোষে হয়নি, যেহেতু ভিতরে ভাব থাক্‌লে অতি পরিচিত মামুলি ছন্দেও বিদ্যুৎ ওঠে জেগে। যেমন ধরুন ভাওয়াল কবি গোবিন্দচন্দ্র দাসের নানা সুন্দর কবিতা। অতি পরিচিত ছন্দে লেখা তাঁর প্রায় সব কবিতাই। কিন্তু তবু কবিত্বের প্রেরণা যেখানেই তাঁর সত্য হ'য়েছে সেখানেই মনকে তিনি স্পর্শ করতে পেরেছেন তাঁর শত ত্রুটি সত্ত্বেও। তাঁর "আমার ভালোবাসা" কবিতাটি থেকে একটু বেশি ক'রেই উদ্ধৃত করি; কারণ বুদ্ধদেবের সঙ্গে সায় দিয়ে আমিও আক্ষেপ করি যে, আজকের দিনে অনেকের মন এমনই অতি লালিত ছন্দের অনুরাগী হ'য়ে প'ড়েছে যে, কারুকার্যের ঠুন্‌কো ফুলকাটা না দেখ্‌তে পেলে তাঁরা দীপ্তিই দেখ্‌তে পান না—ভাব শক্তিমত্তা ওজস্‌ কল্লোল প্রভৃতি বড় বড় কাব্যগুণে মুগ্ধ হ'তেই পারেন না। আর পারেন না ব'লেই আমাদের দেশে গোবিন্দচন্দ্র দাস (তাঁর নানা ত্রুটি সত্ত্বেও) সত্য কবি হ'য়েও তেমন আদর পান নি (দেশবন্ধু চিত্তরঞ্জন, দ্বিজেন্দ্রলাল, বিজয়চন্দ্র বুদ্ধদেব প্রমুখ কয়েকজন মুষ্টিমেয় রসজ্ঞের কাছে ছাড়া) যেমন আদর সত্যেন্দ্রনাথ সত্য কবি না হ'য়েও পেয়েছেন। গোবিন্দচন্দ্র দাসের নানা সরস সুন্দর কবিতা পড়তে পড়তে আমার মনে বিস্ময় জাগে এই ভেবে যে সত্য সুরবোধ থাক্‌লে অতি আটপৌরে ছন্দেও কী রসপ্রেরণাই না বইয়ে দেওয়া যায়! যেমন ধরুন তাঁর "আমার ভালোবাসা" কবিতাটি:

আমি তারে ভালোবাসি অস্থিমাংস সহ;
বুঝি না আধ্যাত্মিকতা দেহ ছাড়া প্রেম কথা—
কামুক লম্পট ভাই, যা কহ তা কহ!
কোথায় স্থাপিয়ে মূল ফোটে প্রেম পদ্মফুল?
আকাশ কুসুম সে যে কল্পনা-কলহ!
আত্মায় আত্মায় যোগ? বুঝি না সে উপভোগ
অদেহী আত্মারে আগে কিসে ছুঁয়ে লহ?
আমি তারে ভালবাসি অস্থিমাংস সহ!
ধরার মানুষ আমি আমি তাই মহাকামী
আমার আকাঙ্ক্ষা সে যে মহা ভয়াবহ!
আলিঙ্গনে ভাঙে চুরে শ্বাসে হিমালয় উড়ে
চুম্বনে চূর্ণিত হয় গ্রহ উপগ্রহ!

আমি তারে ভালবাসি অস্থিমাংস সহ
আমি নাহি বুঝি পাপ নাহি বুঝি অভিশাপ
কনকের গৃহে কিসে নরক-সংগ্রহ।
জড় কিসে নীচ তুচ্ছ আত্মা কিসে মহা উচ্চ—
আমি তো বুঝি না ভেদ—তোমরাই কহ।

মানি, গোবিন্দচন্দ্র দাসের কবিতার মধ্যে অনেক ক্ষেত্রেই খাদ আছে, সৌকুমার্য্যের অভাব আছে, ব্যঞ্জনার পরিমার্জ্জনার সুক্ষ্মতার অভাব আছে—যে সব ত্রুটির দরুণ তাঁর কবিতা যা হতে পারত তা হয় নি। মানি, এ সব ত্রুটি সামান্য ত্রুটিও নয়—কাব্যকে সর্ব্বাঙ্গসুন্দর করবার আদর্শকে অনুসরণ করতে হ'লে প্রচুর সাধনা চাই, প্রকাশত্রুটির সম্বন্ধে সজাগ সুক্ষ্মবোধ চাই, প্রতিপদে প্রকাশের বাধাকে জয় করবার অদম্য প্রাণশক্তি চাই। গোবিন্দচন্দ্র দাস বহুক্ষেত্রেই কাব্যের আদর্শ থেকে স্খলিত হ'য়েছেন একথা তাই সদুঃখে স্বীকার করতেই হবে। কিন্তু তবু বলব যে তাঁর সব ত্রুটি সত্ত্বেও তিনি ছিলেন—কবি—মনেপ্রাণে কবি—যা সত্যেন্দ্রনাথ ছিলেন না। কারণ সত্যেন্দ্রনাথের যে-দীপ্তি সে হচ্ছে গিল্‌টি দীপ্তি—চিকণ, পরিপাটি, শ্রবণরঞ্জন—যেখানে গোবিন্দচন্দ্র দাসের ছিল সোনার দীপ্তি—খাদে তার ঔজ্জ্বল্য ঢাকা প'ড়েছে অনেক স্থলেই—তবু সে খাঁটি সোনাই—নকল নয়। তাঁর ছিল যে অন্তরের সহজ আবেগ, গাঢ় উচ্ছ্বাস ও সর্ব্বোপরি—ছন্দের আত্মপ্রকাশের দুর্ণিবার স্পন্দন। আর সত্যেন্দ্রনাথের? সন্দেহ নেই যে তাঁরও ছিল অনেকগুলি সুন্দর জিনিষ—প্রশংসনীয় গুণ। ছিল সাম্যবাদ, ছিল আদর্শবাদ, ছিল সাহিত্যানুরাগ, ছিল ছন্দপ্রীতি—গবেষণার উৎসাহ। * কিন্তু হ'লে হবে কি—কবি হবার পক্ষে তাঁর আসল জিনিবটিই যে ছিলনা। ঐ "ঝর্ণা" কবিতাটিই দেখুন না—যাকে অনেকে বলেন অপূর্ব্ব কবিতা!!" ওর উচ্চনিনাদী সস্তা অনুপ্রাস প্রভৃতির কথা দেখুন না একটু ভেবে। বলুন তো, ওতে "ভর্ণাকে" বসানো হ'য়েছে কি বেচারী অসহায় ঝর্ণার দোসর হবার জন্যেই না।

"তুল্ তুল্ টুক্ টুক্ টুক্ টুক্ তুল্ তুল্ তার তন তার মন কাঞ্চন ফুলবন"

—এসব কি কবিতা! অথচ সত্যেন্দ্রনাথের এই সব jazz-ছন্দী কবিতার গুণকীর্ত্তনে কত কাব্যামোদীকেই না আত্মহারা হ'য়ে উঠ্‌তে দেখা যায়! বস্তুতঃ এই ধরণের অত্যন্ত সস্তা ঠমক-চমকের পায়েই কি তিনি পদে পদে

* পত্রগুচ্ছের মধ্যে আমার ভাবুক সত্যনিষ্ঠ বন্ধু সুরহর্ষ্দির চিঠিটি (৩১৬ পৃষ্ঠা) মন দিয়ে পড়বেন—যেটিতে তিনি লিখেছেন যে তাঁর কবিতার অধিকাংশই তিনি লিখে গেছেন literary culture থেকে—spiritual experience থেকে নয়। আমার বিশ্বাস বেঁচে থাকলে একদিন না একদিন সত্যেন্দ্রনাথকেও এই কথাই স্বীকার করতে হ'ত তাঁর নিজের কবিতার সম্বন্ধে। কবিতা কখনো তিনি experience লিখবেন না এবং সেই জন্যেই কবি হিসেবে তিনি শিরোপা পেতে পারেন না, যদিও ছন্দকারুবিৎ হিসেবে পারেন।

আত্মসমর্পণ করেন নি—যার ফলে তাঁর কবিত্বের হ'য়েছে ভরাডুবি ? সাধে কি বুদ্ধদেব একটি চিঠিতে সেদিন আমাকে লিখতে বাধ্য হ'য়েছিলেন যে সত্যেন্দ্রনাথের কবিতাগুলো শুধু মিথ্যে কথা সাজিয়ে মিথ্যে ঝঙ্কারের সৃষ্টি করা "merely aesthetic—পিছনে কোনো আবেগ নেই, কোনো passion নেই, তাঁর musical effect গুলি শিশুদের খেলনা জলতরঙ্গের মতন সস্তা ঠুনকো। ঝর্ণা! ঝর্ণা! তরলায় ভর্ণা! এ কি সঙ্গীত! এ কি কোনো একটা অনুভূতি থেকে লেখা ? বস্তুতঃ কোনো subtle rhythm সত্যেন্দ্রনাথের ধারণার বহির্ভূত ছিল। তাঁর যে কোনো ছন্দের সঙ্গে তুলনা করুন রবীন্দ্রনাথের—

এ নহে সাগর বনমর্মর গুঞ্জিত এ যে অজাগর গরজে সাগর ফুলিছে
কিম্বা ঐ আসে ঐ অতি ভৈরব হরষে
কিম্বা আজি আসিয়াছো ভুবন ভরিয়া গগনে ছড়ায়ে এলোচুল।

He would not have been able to write a line like this to save his life.

সত্যেন্দ্রনাথের মধ্যে এ ধ্বনি তরঙ্গ উঠ্‌তেই পারত না, কারণ কোনো বড় অন্তঃপ্রেরণা—inner wrge—সে তরঙ্গের সৃষ্টি করে নি, রবীন্দ্রনাথ যে কবিত্ব রস দিয়েই ছন্দ তৈরি ক'রেছেন—ছন্দ দিয়ে কবিতা নয়। ছন্দের সে গুহ্য তত্ত্বটাই সত্যেন্দ্রনাথ কখনো টের পান নি।"

বুদ্ধদেবের এসব অভিযোগ যে মূলতঃ সত্য এ কথা কি অস্বীকার করা যায়! আপনিই বলুন। এবং সেই জন্যেই আমার মনে হয় সত্যেন্দ্রনাথের ছন্দনৈপুণ্যের তারিফ ক'রে শীলতাসম্মত ভাবে চুপ ক'রে গেলে অন্যায় হ'ত: তাঁর অতি লালিত ঝঙ্কারপন্থাকে খর্ব্ব করার সময় এসেছে। জোর ক'রে বলার সময় এসেছে যে সত্যেন্দ্রনাথের এতখানি ছন্দোনৈপুণ্য মাঠে মারা গেল যে কাব্যাদর্শের দরুণ সে-আদর্শ বড় সর্ব্বনেশে জিনিষ—সে আলেয়া, যার কাজ স্বল্পশ্রুতি কাব্যামোদীকে পথ-হারা করা। বলার সময় এসেছে যে কবিত্বে ছন্দের গভীর কল্লোল অন্তঃস্মিত প্রসন্নতা বাইরের চূর্ণতরঙ্গের হাবভাবে চটুল কটাক্ষে মেলে না।

তবে হয়ত বল্‌বেন যে পপুলার আর্ট ও সত্যিকার আর্ট এ-উভয়ের মধ্যে মূল প্রভেদই তো এই খানে: যাতে অত্যন্ত-সহজে-উপভোগ্য কিছু পাওয়া যায় সে যে একটু চটকদার হবেই এতো জানা কথা;—পক্ষান্তরে যা "আপূর্য্যমান অচলপ্রতিষ্ঠ" তাকে বুঝতে হ'লে অন্তরের নানা গভীর অভীপ্সাকে বিকশিত ক'রে তোলার সাধনা চাই। জীবনে শুধু প্রকৃতিদেবীই তো মায়াময়ী ন'ন—বীণাপাণিও যে।

একথা মানি। কিন্তু মুস্কিল কি জানেন ? এ গণতন্ত্রের যুগ যে: কথায় কথায় এ-স্লোগানটি শুন্‌তে পাই—যে-ধুয়ো রুষ দেশে উচ্চণ্ড হ'য়ে উঠেছে এবং আমাদের দেশেও প্রতিধ্বনিত হ'তে সুরু হ'য়েছে—যে, যা

বহুলোকে এখুনি এখুনি বুঝবে তাই হচ্ছে শ্রেষ্ঠ আর্ট। একথার উত্তর দিতেও ইচ্ছা করে না। তাই একজন চিন্তাশীল ইংরাজ লেখকের একটি কথা উদ্ধৃত ক'রে ইতি করি :

"And all wise and experienced persons know, that bad and mean writings, of particular tendencies, will secure tenfold the number of readers of good and high productions. Popular authors cannot bear to admit or hear this. But how can it be otherwise? Will the uncultivated mind admire what delights the cultivated? Will the rude and coarse enjoy what is refined? Do the low endure the reasonings which justify subordination? Will the butterflies of fashion encourage any marks of distinction but their own gay colours?"

ইতি।

প্রীতিমুগ্ধ

শ্রীদিলীপকুমার রায়

Almora. 1932

My dear Dilip,

You ask if I have ever had doubts. Well, not now—to any serious extent. I came to see that the root cause of my doubts was simply that things weren't going as I wished them to go. When I ceased to expect that things should go as I wished, the doubts vanished. I don't mean by the above that I consider that I have attained the stage of ceasing to want things to go my way. All I mean is that I have ceased to make it a prerequisite of faith that these should so do. Since then I am not worried in any serious manner. I believe that desire to have one's own way is the root cause of all doubt. My own position is something like this: It is well known that there are three main sources of proof—Pratyaksha, Anuman and Shabda (or Apta bachan). Now common opinion starts by assuming that Pratyakhsa is the most valid—'seeing is believing' as they say, then Anuman, and lastly authority or Aptabachan. This view leads almost inevitably (if courageously followed) to Russell-ism. On the contrary the great seers of the past, of all schools of thought, have taken quite the contrary view. They agreed that inasmuch as our senses are notoriously liable to error and supernormal experiences notoriously liable to misinterpretation, Pratyaksha praman is defective. Inference (Anuman) being dependent on Pratyaksha is liable to the same defects and the best basis for belief is Aptabachan whether in the form of Gurubakya or of Shastra—the two are fundamentally the same thing. They then reversed the ordinary order and by so doing arrived not at Russellism but at spiritual experience and Divine realisation. Hence I hold that one must at all costs start from

the right end if one is to get the right result. One must give up the stupid belief that the world is what it seems to be. It isn't, and the sooner we realise that, the better for us. Incidentally, why do you keep harping on Russell ? I quite agree that he is a fine man in many ways and a fine thinker of his own sort, but why do you keep hoping that your Gurudeva or someone else will answer his sceptical arguments ? *If you accept Russell's premisses you will be forced into his conclusions*, but then why accept his premisses ? He is no muddle-headed thinker whose conclusions are at fault with his premisses. Quite the reverse. If you set foot on an escalator you will automatically be carried to the top of it, so don't set foot on it when you see it is going in the wrong direction.

How do we know that the Shastra is true ? How do we know that the Grand Trunk Road leads to Delhi ?—Because thousands and thousands have passed along it and reached the goal described. Has anyone yet been known to reach God through Russellism ? "By their fruits shall ye know them." No one has yet reached God by reliance on sense-testimony alone.

The next point you raise is about the concreteness of Sri Krishna. You use the term 'sarupya' as equivalent to 'milan'. This is not quite clear to me. In Vaishnava terminology 'sarupya' means merely having a similar form to that of Sri Krishna and is not used for Radha Bhava. However, that is a mere matter of names. I am myself utterly certain that Sri Krishna can be experienced in perfect concreteness. As I think I once said before, He is the concrete of concretes and no mere misty abstraction or imagined form. He is no semi-imaginary projection out of a formless Brahman, but is the reality which supports all else. I am not denying the reality of experience of the Nirvishesha Brahman but saying that the latter is like seeing the sunlight while to see Krishna is to see the sun itself.

I quite agree with you that love of Sri Krishna is far more satisfying than any mere impersonal Ananda and one who has once reached the level even of desiring such love can never be satisfied with less. But on the other hand I do also feel that one must make no demands on Him that He should show Himself to receive our love. There is *no doubt whatever* that He both can and does do so, and that too in as concrete a form as anyone could desire, but I feel that one must leave that entirely to Him and—if it is His will—be content to love Him without any return or even any Darshan. Till then our love is tainted with selfishness. Gopi-prem is not the desire to *enjoy* Krishna but the desire to serve and *be enjoyed by* Him. One must make no demands and no bargain. But at the same time

that does not mean, as some 'adhyatmikisers" teach that love of Krishna is thus merely a *means* to establish in an easy manner the state of unselfishness and that when that is attainted there is no further need of the personal Krishna at all. It is quite the other way round. Unselfishness is the means to attain Him and at his own time He does accept the love of His bhakta in as personal and real a form as can be desired and a great deal more real than we can conceive. He is more real, more vivid than 'sunlight on the retina' as you put it. We have got so used to consider spiritual realities as vague and unsubstantial that we quite fail to realise that whatever 'reality' and 'vividness' is to be found in our sense-perceptions is but a faint shadow of His vividness. Krishna's embraces are no mere damned allegory about purusha and prakriti. And for God's sake Dilip, remember that Krishna's feet are more real than yours.

You write that you have sometimes criticised Sri Aurobindo. You shouldn't have. Of course he will not mind. He sees jewel in the lotus and can smile at your criticism,—but *you* mustn't do it. *Even in thought yon mustn't criticise him.* It all springs from desire to have things one's own way. He is your Guru and first, it is sheer ingratitude to criticise one who has shown you the light, and secondly, Guru is inseparable from Krishna. He is the one who has shown you the light, and your whole life can be no repayment for such a gift. Even if you were to spend the rest of this life with no further 'experiences' at all you would be utterly wrong if you refused to give yourself to him. As far as I know he does not ask for blind obedience from his chelas (at least so I gather from his letters) but one must never criticise even when one can't follow. If one could understand everything one's Guru said, then there wouldn't be a deal of need for a Guru at all. *

You say you wonder why doubts persist even in the face of experience. Well, I think one reason is because we do not see the full causal system of spiritual experiences. Our ordinary life is a linked series of causes and effects and the persistence of the visible effects assures us of the reality of their causes. Thus the reality of the interview I had with a carpenter yesterday or last month is testified to by the reality of the piece of work he brought me to-day. But in spiritual experience the ordinary sâdhak is not aware of the whole cause-and-effect series and therefore these experiences seem to come without any 'before and after'. In fact they come in from another dimension and as such we tend to doubt them afterwards. But this also happens with sense-experience when the causal series is not perceived. A friend of mine once saw a ship sink suddenly in mid-occan as a result of a

torpedo from an unseen submarine and assured me that when it had sunk and left no trace whatever, he found it almost impossible to believe that there had even been a ship there at all.

Why do you doubt that Krishna will respond to you? Because you feel you are unworthy? So are we all. We are no Rukminis that we can write to Krishna saying as she did that "I have such and such good qualities and only *you* are worthy of them." We have nothing to recommend us to Krishna except our desire for Him. That is why the Brajawasis must be our Gurus and not Rukmini, and the queens of Dwarka. He Himself is full of all good qualities and powers. Will you try to dazzle a jeweller with a handful of imitation diamonds or astonish a Yogi with a few conjuring tricks? All we can offer Him is our love and that He will never reject. Would to God we had more of it......

I think that it is most important that we should always remember the distinction between our outer personalities and our inner selves, as Sir Airobindo so beautifully exPounds in his letter (p. 257) those selves which Krishna describes as 'Eternal portions of Himself' and which Vaishnava doctrine refers to as Krishna's Nitya Das. By that inner self one must dominate the outer one or, if one is not always strong enough to do that, one must at least *detach* oneself from the outer, float on the outer self as the lotus floats on the water, surrounded by it but quite untouched. Faith in Krishna and love for Him is really the property of this inner self. The ordinary mental or emotional attitudes that we ordinarily call belief (or doubt) are merely shadows of this inner faith cast on the outer mind and emotions. That is why they are fleeting while the inner faith is unwavering. When one acts from that inner self one is utterly free whatever one may be doing but when one acts from the outer so-called self one is bound even when one thinks one is freely indulging one's 'own' desires. In reality one is simply mechanically following the play of the three gunas in one's own (lower) nature. Nevertheless I am not urging that what is sometimes called 'self-realisation' is the goal. It can be had quite certainly and is equally certainly a state of ananda but it is not the full ananda. For that, the self which is anandakan (আনন্দকণ) must enter into relation with Krishna who is anandghan. (আনন্দঘন) That is why the final word of the Gita is not Atmagnan self-knawledge but "Manmana bhaba madbhakto" (Be thov-my dovstee) and that is why the Bhagwat describes faith in Amtagnan as sattwic but faith in 'Krishna seva' as 'nistraigunya'.

I think I can sum up my 'creed' (wouid it were my practice ! but action always lags behind vision) in four words : "Seek nothing ; give everything." At one time I passionately desired 'experiences' and if one really desires them Krishna is no niggard, but now I feel that love of Him must be independent of all 'experiences' which will come and go at His will and to serve His purpose. It must be something like the air we breathe which may, no doubt, sometimes be perfumed with scent of flowers but is no less essential to us when it has no perceptible scent.

Some people describe Him as formless or as having thousands of hands and feet but two feet are enough for me. And what feet ! If one misses them no Bramhananda and no Mukti can be enough to compensate for the loss, I suppose some people would call this anthopomorphism, but what does it matter what they call it. Facts are facts and I reject this modern notion that the abstract alone is true. Just as there could be no ananda anywhere if Krishna were not anandamaya so there could be no concreteness anywhere if *He* were not concrete and no form anywhere if He had no form. At one time, as you know I worshipped the Buddha, and deeply too ; but that was before I knew Sri Krishna, and now, when I look down the vistas of the past, among all the host of shadowy phantom figures I see only that one Divine form gleaming with supernatural light. But why the past ? Past, present and future, there is nothing but Him, The curves of His body are worth more than all the Infinites and Eternals and Absolutes. All the worlds are within the pores of His skin, and yet there He remains, no shadowy cosmic figure, but the eternal cowherd, in yellow dhoti peacock feathers, maddening the soul with the melody from a bamboo flute. Krishnat param kimapi tattwam aham na jane (What truth can there be beyond Krishna— I do not know.)

You see Dilip, I am quite lost. Jagadish Chatterji wanted me to write a book on Sri Krishna for his American school of Vedic studies, but what can I write ? I can't write grave philosophy like Woodroffe about mantra-shakti and ishta-devata and absolute being, nor delve into the dubious uncertainties of history like Bhandarkar, and I can't, to a Western public at any rate, simply recount how Krishna held up Mount Govadhan on his little finger. They would want to know what it all "meant". I am weary of all "meanings". It means just Krishna.

Love always, Dilip, from your ever affectionate

Krishnaprem.

(I must apologise to Krishnaprem for publishing this letter, as he had asked me not to do so. But as it is so beautiful, and as Sri Aurobindo wrote about it to me :

"Dilip, Krishnaprem's letter is sound throughout as usual ; he has, very evidently, a living spiritual consciousness and spiritual knowledge ;"—I have not been able to resist the temptation. I ask his pardon also for adding at the tail-end of this—the last part of his letter on page 311, as that portion was somehow omitted, and there seemed to me to be no other way of rectifying the oversight...Dilip)

অঞ্জলি

ন ধনং ন জনং ন সুন্দরীং
কবিতাং বা জগদীশ কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে
ভবতাদ্ ভক্তিরহৈতুকী ত্বয়ি ॥

……শ্রীশ্রীচৈতন্যদেব

নহে ধন জন যশো গান,
বল্লভ-মালাদান,
কল্পনা কবিতার
বরণারতি :
শুধু জনমে জনমে প্রাণ
প্রার্থে নিরভিমান
ভকতি অহৈতুকী
শরণাগতি।

উৎসর্গ

স্নেহের আশালতা,

নেই অজানা তোমার কাছে "মা-জননী"র চিন্তা-সাধন-কথা ;
কৃতজ্ঞ উচ্ছ্বাসে
"কথামৃত"-পানে তাঁহার পাঠাও প্রেমের অঞ্জলি সর্ব্বদা
আশীর্ব্বাদ-আশে।

তোমার আধুনিকী মনে অস্ত-ভারত-তপন আজো ভায়
অস্ফুট কলি-পারা—
"শ্রদ্ধা" তাহার নাম : বিবেকানন্দ যাহার অপার মহিমায়
হ'তেন আত্মহারা !

"মা-জননী"র পূত দীপ্ত অগাধ অন্তরের এ-সিন্ধুবাণী
শুনবে তোমার মত
কয়জনা এ-যুগে ?—বৈজ্ঞানিকী ব্যঙ্গ বাক্য-হানাহানি
আজ যে বিশ্বব্রত !

তবু এ-প্রার্থনা-অর্ঘ্য সবায় নিবেদিতে আমি আজ
দুঃসাহসী কেন ?
বাস্তবের মরুভূমি পরে কভু আশা-লতার সাজ
তাই ভরসা হেন।

দিলীপদা।

The Rishi কবিতাটি শ্রীঅরবিন্দের ও অনুবাদ বন্ধুবর ক্ষিতীশ সেন কৃত। অনুবাদ সম্পূর্ণ নয়।

THE RISHI

(King Manu in the former ages of the world, when the Arctic continent still subsisted, seeks knowledge from the Rishi of the Pole, who after long baffling him with conflicting side-lights of the knowledge, reveals to him what it chiefly concerns man to know.)

MANU : Rishi who trance-held on the mountains old
Art slumbering, void
Of sense or motion, for in the spirit's hold
Of unalloyed
Immortal bliss thou dreamst protected ! Deep
Let my voice glide
Into thy dumb retreat and break that sleep
Abysmal. Hear !
The frozen snows that heap thy giant bed
Ice-cold and clear,
The chill and desert heavens above thee spread
Vast, austere,
Are not so sharp but that thy warm limbs brook
Their bitter breath,
Are not so wide as thy immense outlook
On life and death :
Their vacancy thy silent mind and bright
Outmeasureth.
But ours are blindly active and thy light
We have forgone.

RISHI : Who art thou, warrior arméd gloriously
Like the sun ?
Thy gait is as an empire and thine eye
Dominion.

MANU : King Manu, of the Aryan peoples lord,
Greets thee, Sage.

RISHI : I know thee, King, earth to whose sleepless sword
Was heritage.
The high Sun's distant glories gave thee forth
On being's edge :
Where the slow skies of the auroral North
Lead in the morn
And flaming dawns for ever on heaven's verge
Wheel and turn,
Thundering remote the clamourous Arctic surge
Saw thee born.
There 't was thy lot these later Fates to build,
This race of man
New-fashion. O watcher with the mountains wild,
The icy plain,
Thee I too, asleep, have watched both when the Pole
Was brightening wan
And when like a wild beast the darkness stole
Prowling and slow
Alarming with its silent march the soul.
O King, I know
Thy purpose ; for the vacant ages roll
Since man below
Conversed with God in friendship. Thou, reborn,
For men perplexed
Seekest in this dim aeon and forlorn
With evils vexed

ঋষি

(ভূতযুগে মহারাজ মনু উত্তরমেরুতে অভিযান করিয়াছিলেন মহাঋষির কাছে। তিনি অগ্রে মনুকে জ্ঞানের নানা গৌণ দিক্ দেখাইয়া শেষে চিরন্তন রহস্য উদ্‌ঘাটিত করেন।)

মনু : সমাধি-বিলীন ঋষি! যুগসাক্ষী পর্ব্বত চূড়ায় সুষুপ্তি-মগন!
ইন্দ্রিয়-সম্বিৎ-হারা অচঞ্চল নির্ব্বাণ-শয্যায় অমল-কিরণ
মৃত্যুহারা আনন্দের মাঝে! যেথা তব ধ্যানস্থল নীরব গোপন,
এ কণ্ঠ পশুক সেথা, ভাঙুক সে পাতাল অতল নিদ্রা তব; শোন!
স্তূপীভূত যে-তুষার রচে তব পর্য্যঙ্ক-গৌরব স্বচ্ছ শৈত্যঘন
যে-উদাত্ত রুদ্ধশ্বাস নভ বিথারিছে ঊর্দ্ধে তব যেন মরু কোনো,
নহে হিম তিগ্ম হেন যে সহে না অঙ্গ তব খর নিঃশ্বাস তাহার,
নহে ব্যোম সুবিশাল যথা তব জন্ম-মৃত্যু-'পর দৃষ্টির প্রসার।
তাদের শূন্যতা হ'তে ঊর্দ্ধে ভায় মৌন উজ্জ্বলতা তব প্রতিভার,
যোদের মুখর চিত্ত অন্ধগতি; আদিম শুভ্রতা তার আজি ম্লান।

ঋষি : কে আসিলে যোদ্ধবেশে ল'য়ে দীপ্ত সজ্জা-অরুণিমা ভাস্কর সমান—
আধিপত্য পদক্ষেপে?—বিকীরায় সাম্রাজ্য-মহিমা যাহার নয়ান?

মনু : হে মুনীন্দ্র! মনুরাজা আর্য্যকুল-সম্ভব নৃপতি তোমারে প্রণমে।

ঋষি : জানি তোমা, অতন্দ্রিত অসি তব ব্যাপ্ত বসুমতী জিনেছে বিক্রমে
সুদূর গরিমারাশি সবিতার দিয়েছে তোমায় জনম প্রথমে
শ্লথচ্ছন্দ দীপ্রাকাশ যেথা পথ প্রভাতে দেখায় স্বর্ণাভ উত্তরে,—
অগ্নিবর্ণ উষা যেথা চিরকাল চক্রসম ফেরে স্বর্গপ্রান্ত 'পরে,—
নন্দিল নির্ঘোষে দূর-সাগরোর্ম্মি তব জনমেরে যেথা বজ্রস্বরে—
আপন সুকৃতিবলে সেথা নিয়ন্ত্রিলে ধরিত্রীর মূর্ত্তি অভিনব,
সৃজিলে মানবে; হিম উপত্যকা, ভয়াল অদ্রির হে সাক্ষী নীরব!
তব সাক্ষী ছিনু—সুপ্তি গর্ভে…যবে জ্বলিল মেরুর পাণ্ডুর বৈভব
অম্বেষু শ্বাপদ-ছদ্মপদে যবে…মন্থর…নিষ্ঠুর এল অন্ধকার
শব্দহারা ছন্দে হানি আত্মামাঝে ভীতিশিহরণ; উদ্দেশ্য তোমার
জানি আমি; শূন্যগর্ভ যুগ যুগ আবর্ত্তে রাজন্— বহি' ব্যর্থভার,—
নর নাহি ভাবে আর ভগবানে সুহৃৎ সমান। যে আলো বিগত
আজি, তারে দিশাহারা নরতরে করিছ সন্ধান সন্তাপ-বিব্রত

The vanished light. For like this Arctic land
To sleep, our being's summits cold and grand,
Repel the tread of thought. I too, O King,
Have sought Him, and in armies thundering,
Over whole nations. Action, thought and peace
And waking, but I had no joy of these,
And pity was not sweet enough, nor good
Often I found Him for a moment, stood
It fell from me. I could not hold the bliss,
My brothers. Beauty ceased my heart to please,
Recalled the vision of the light that glows
I hated the rich fragrance of the rose ;
I tired of the suns and stars ; then came
To heal me of the rash devouring flame
And sojourned with this mountain's summits bleak,
King, the blind dazzling snows have made me meek,
Pride could not follow, nor the restless will
My mind within grew holy, calm and still

MANU : O thou who wast with chariots formidable
Voiceless and white the cold unchanging hill,
A mightier presence, deeper mysteries
The warm low hum of crowds, towns, villages,
The village maidens to the water bound,
The fluting of the shepherd lads, the sound
Speak these not clearer to the heart, convey
Here is but great dumb night, an awful day
The many's voices fill the listening ear,
The One is silence ; on the snows we hear

Death has annexed
Where God abides,
In winds and tides
And where Death strides
Were questioned, sleep,
Nor ponderings deep,
My will could keep.
Astonished, then
The force for men,
Brightness in vain
Suns behind :
Weary and blind,
With broken mind
The dull disease,
These frozen seas.
Cooled my unease,
Come and go ;
Like the snow.
And with the bow !
Has it then
Than human men ?
The sun and rain,
The happy herds,
Myriad of birds,
More subtle words ?
Inert and dead.
Distract the head :
Silence tread.

এ-অন্ধ নিরাশ যুগে। যেরূপম আজি মরণের স্পর্শে ম্রিয়মাণ
আমার বিরাট্ হিম চূড়াবলি, সেথা ঈশ্বরের নিত্য পীঠস্থান,
রোধে তারা চিন্তা-অভিযান। তাঁরে আমিও রাজন্, করেছি সন্ধান
বন্যায় সাগরস্রোতে, সৈন্য দর্পে মন্তোলি-নিস্বন, মৃত্যু ভ্রাম্যমাণ
যেথা বহুজাতি মাঝে। শুধায়েছি করমে ধ্যানেরে শান্তি জাগরণে
নিদ্রায়—এসবে তবু লভি' নাই কভু আনন্দেরে ; ধীর বিবেচনে,
করুণায়—স্থৈর্য্য লভি নাই। ইচ্ছা পারেনি রুধিতে শিবের মূর্চ্ছনে
ভাষাহীন কতবার হেরি' তাঁর ভাস আচম্বিতে— র'য়েছি দাঁড়ায়ে
সে-আনন্দ নরত্বরে হায়, ধরি পারিনি রাখিতে ফেলেছি হারায়ে
পরক্ষণে। মধুরিমা পারে নাই মরমে পশিতে, স্মরণ করায়ে
দিত আলো বৃথা মোরে কোটি-রবি-অপর-পারের অপরূপ জ্যোতি ;
বিতৃষ্ণা জাগিল মনে ফুলবাসে স্নিগ্ধ গোলাপের ; ভ্রান্ত অন্ধমতি—
চন্দ্র সূর্য্য তারকায় জাগিল বিতৃষ্ণা…ভগ্নচিতে থমকিল গতি…
এল জ্বালা-উপপ্লব…সে-সবারে চাহিল জিনিতে বৈরাগ্য তুরাশী ;
নিষ্কৃতি দিল না দাহ…ধু ধু শৈল বন সিন্ধু সনে রহি' সহবাসী—
যতদিন দীপ্র হিম সতি নৃপ, না শিখালো—মনে অতৃপ্তি বিনাশি'।
রুদ্ধ হ'ল অহঙ্কার…অন্তর-এষণা সন্নুক্ষিত লভিল নির্ব্বাণ…
গহন মানস লোক হ'ল পূত…শান্ত…সমাহিত… তুষার সমান।
মনু : ধনুষ্পাণি বীর্য্যরথী ছিলে ঋষি একদিন, ঐশ্বর্য্য-বিতান
আজি মূক হিম স্থাণু নগপরে কার ধ্যানলীন ?… আছে কি হেথায়
রহস্য গভীরতর—মানবের চেয়ে মহীয়ান্ সত্তা কেহ ভায় ?
পল্লী ও নগর, রৌদ্র বর্ষা, কম্র, উষ্ণ কলতান চল জনতায়,
জল-আহরণরতা শুচিস্মিতা পল্লীবালাগণ, ধেনু গোধূলির
রাখাল বালকদের বংশীধ্বনি, মধুর কূজন অযুত পক্ষীর…
কহে না কি কথা ওরা স্পষ্টতর, আনে না পরশ আরো সুনিবিড় ?
হেথা শুধু রাজে মহারাত্রি—স্তব্ধ, করাল দিবস মৃত্যু-শবাসন,
ঋষি : বহুর মুখর স্বর করে নিত্য বধির শ্রবণ ক্ষুব্ধ করে মন
অখণ্ড নৈঃশব্দ্য-চির—শুনি তাই তুষারে বিজন মৌনের চরণ

Le 24 Novembre 1931

O mon Seigneur, mon doux Maître, pour accomplir Ton Oeuvre j'ai sombré dans les profondeurs insondables de la matière, j'ai touché du doigt l'horreur de l' in-conscience et du mensonge—lieu d'oubli obscurité suprême ! Mais dans mon coeur était le Souvenir, et de mon coeur jaillit l'appel qui parvint jusqu'à Toi :

"Seigneur, Seigneur, Tes ennemis semblent triompher de toute part ; le mensonge est le souverain du monde ; la vie sans Toi est une mort, un enfer perpétuel ; le doute y a pris la place de l' Espérance et la révolte celle de la Soumission ; la Foi y est tarie, la Gratitude n'ést pas née ; les passions aveugles, les instincts meurtriers, la faiblesse coupable ont violé, etouffé Ta douce loi d' Amour. Seigneur, permettras-Tu à Tes ennemis, le mensonge, la laideur, la souffrance, de triompher ? Seigneur, donne l'ordre de vaincre et la Victoire se produira. Je sais que nous sommes indignes, je sais que le monde n'est pas prêt. Mais je crie vers Toi dans ma foi absolue en Ta Grâce et je sais que Ta Grâce nous sauvera."

24th November 1931

O my Lord, my sweet Master, for the accomplishment of Thy work I have sunk down into the unfathomable depths of Matter, I have touched with my finger the horror of the falsehood and the inconscience, reached the seat of oblivion and supreme obscurity ! But in my heart was the Remembrance, from my heart there leaped the call which could arrive to thee : "Lord, Lord, everywhere Thy enemies appear triumphant ; falsehood is the monarch of the world ; life is without Thee a death, a perpetual hell ; doubt has usurped the place of Hope and revolt has pushed out Submission ; Faith is spent, Gratitude is not born ; blind passions and murderous instincts and guilty weakness have covered and stifled Thy sweet law of Love. Lord, wilt Thou permit Thy enemies to prevail, falsehood and ugliness and suffering to triumph ? Lord, give the command to conquer and Victory will be there. I know we are unworthy, I know the world is not ready. But I cry to thee with an absolute faith in thy Grace, and I know that Thy Grace will save".

অঙ্গীকার

হে বসন্ত সুকোমল!
অমৃত সহস্র দল!
তব সেবা তরে
মৃত্তিকা-জড়িমা চিরি'
নামিলাম ফিরি' ফিরি'—
পরশিয়া করে
কদর্য্য কুহেলি-পারা
অসত্য—সম্বিৎহারা,
অমেয় আঁধার,
শুধু এই অনুরাগী
চিত্তে তব স্মৃতি জাগি'
ছিল অনিবার।
হিয়া হ'তে উদ্বেলিয়া
আবেদন বিমূর্চ্ছিয়া
পড়ি' তব পায়
কহে: "ওগো অরিন্দম!
তব অরি নিরমম
হ'ল জয়ী, হায়!
"মিথ্যা এ-ব্রহ্মাণ্ড 'পরে
আজি রাজদণ্ড ধরে
বিহনে তোমার!
"এ জীবন জীবন্মৃত
অন্ধ—রসাতল-ভীত
নৈরাশে অপার!
"সংশয় বিশ্বাসে দলি'
হ'ল ছত্রপতি—ছলী
দ্রোহী চমূ ওই
"লাঞ্ছিল শরণাগতি
ভূলুণ্ঠিত শ্রদ্ধারতি
কৃতজ্ঞতা—কই?

"ক্রন্দিত অবনীতলে
উচ্চণ্ড দানব-দলে
আনে তমিস্রার
"ঘাতক হিংস্রতা যত
দুর্ব্বলতা স্বার্থরত—
গুণ্ঠিয়া তোমার
"প্রেমের পেলব গান,
সহিবে এ-অভিযান
লেলিহ—দুর্ভর?
"অসুন্দর মায়া ব্যথা
হ'বে কি বিধানদাতা
আজি বিশ্ব 'পর?
"আজ্ঞা দাও হে মহান্,
সবে হ'তে আগুয়ান্,
বৈজয়ন্তী তবে
"উড়িবে পলকে, নাথ!
জানি লক্ষ অপরাধ
করি মোরা ভবে।
"জানি আজও ধূলি-ধরা
তব দীপ্তি জ্যোতিস্বরা
পারে না সহিতে,
"তোমার উদ্দেশে তবু
আর্ত্ত ডাকে কহি: প্রভু,
এসো এ-মহীতে।
"তোমার করুণা কম
নিখিল নিঃশ্বাস সম
তাই জানি আমি—
"ত্রাণিতে ভূলোক কালো
নামিবে দ্যুলোক-আলো
তব প্রাণারামী।"

Ainsi, ma prière s'élança vers Toi ; et des profondeurs de l'abîme, je Te vis dans Ta rayonnante splendeur ; Tu parus et Tu dis :

"Ne perds pas courage, sois ferme et confiante—JE VIENS."

Le 15 Octobre 1917

J'ai crié vers Toi, Seigneur, dans mon désespoir et Tu as répondu á mon appel.

J'aurais tort de me plaindre des circonstances de mon existence, ne sont-elles point conformes à ce que je suis ?

Parce que Tu m'as menée jusqu'au seuil de ma splendeur et que Tu m'as fait jouir de Ton harmonie, je pensais avoir atteint le but ; mais à vrai dire Tu as regardé l'instrument dans la pleine clarté de Ta Lumiére et Tu l'as replongé dans le creuset du monde, afin qu'il soit à nouveau refondu et purifié.

A ces heures d'extrême et angoissée aspiration, je me sens, je me vois entrainée par Toi avec une rapidité vertigineuse sur le chemin dc la Transformation et tout l'être vibre du conscient contact avec l' Infini.

C'est ainsi que Tu me donnes la patience et la force afin de surmonter la nouvelle épreuve.

Thus, my prayer rushed up towards Thee ; and, from the depths of the abyss, I beheld Thee in Thy radiant splendour ; Thou didst appear, Thou saidst to me : "Lose not courage, be firm, be confident—I COME".

15th October 1917

I cried to Thee in my despair, O Lord, and Thou hast answered my call.

I have no right to complain of the circumstances of my existence, for are they not in consonance with what I am ?

Because Thou ledst me to the threshold of Thy splendour and gavest me the joy of Thy harmony, I thought I had reached the goal ; but, regarding Thy instrument in the perfect clarity of Thy light, Thou hast plunged it back into the crucible of the world that it may be melted anew and purified.

In these hours of an extreme and anguished aspiration, I see, I feel myself drawn by Thee with a dizzy rapidity along the road of transformation, while the whole being vibrates to the conscious contact with the Infinite.

It is so that Thou givest me patience and the strength to overcome in this new ordeal.

উচ্ছ্বসি' প্রার্থনা মম
উত্তরিল সর্ব্বোত্তম।
তোমার সকাশে,
নিভৃত কন্দর হ'তে
আচম্বিতে দিব্যরথে
হেরিনু বিভাসে

কান্তি কোটি-সূর্য্য-ভাতি,
কহিলে ঝলকি' রাতি :
"নাহি ভয় আর,
অচল প্রত্যয়ে বাঁধ্
বুক—ঘুচি' অবসাদ...
যেতেছি এবার।"

ধৈর্য্য

উচ্ছসি' নৈরাশে ডাকিনু প্রেমভরে—
অমনি দিলে সাড়া তোমার গূঢ় স্বরে।...

বেদন-বেষ্টনী চরণে যদি বাজে
তাহে কি অনুযোগ প্রিয় গো, মোর সাজে ?
রচিলে মোরে যাহে লভে সে সঙ্গতি
জীবন-পরিধির সঙ্গে নিরবধি।...

তোমার গরিমার তোরণে পিপাসিত
আমারে হাত ধরে করিলে উপনীত ;
তোমার সুষমার অতুল স্বাদ স্বামি,
কত না মুরছনে দিয়েছ, তাই আমি
ভাবিনু মনে : তব পরমতম দেশে
চিরাশ্রয় বুঝি মিলিল অবশেষে !
সে-খনে বুঝিনি তো তোমার খরধার
দিব্যালোকে এই আধার সেবিকায়
পরীক্ষিয়া পুন ধরণী-দ্রোণী মাঝে

রাখিতে চাহিলে গো ডুবায়ে কোটি কাজে,
গলায়ে দুখ দাহে, শোধিয়া অমলিন
করিতে সংগ্রাম-অনলে অনুদিন।...

মথিত বেদনার সুধা-অভীপ্সায়
আজিকে নাথ মোর মরমে উথলায়
নিগূঢ় অনুভব : নিরখি আপনার
পরাণ তনু মন কে যেন অনিবার
তোমার পানে টানে অসহ বেগময়
রূপান্তর-পথে...নিয়ত মনে হয় :
প্রতিটি অণুমম কাঁপিছে ঝঙ্কারে
দীপ্র চেতনায় পরশি' অসীমারে !...

এমনই কত ছলে ছলি' হে দাননিধি'
শিখালে ধৈরয—আশীষি' মোরে নিতি
শকতি দুর্ব্বারে—তরিতে পারি যায়
নূতন বাধা যত সরণী আগুলায় !

Le 12 Juillet, 1918

Soudain, devant Toi, toute ma fierté est tombée. J'ai compris à quel point, devant Toi, il était futile de vouloir se surmonter soi-même···et j'ai pleuré, j'ai pleuré abondamment, sans contrainte, les plus douces larmes de ma vie···Ah oui, comme elles furent reposantes, calmantes et douces, ces larmes que j'ai versées devant Toi sans honte ni contrainte ! Etait-ce comme une enfant dans les bras de son Père ? Mais quel Père ! Quelle sublimité, quell magnificence, quell immensité de compréhension ! Et quelle puissance, quelle plénitude dans la réponse ! Oui, ces pleurs étaient comme une rosée sainte. Est-ce parce que ce n'était point sur ma propre peine que je pleurais ? Ah, quelles douces, quelles bienfaisantes larmes qui ont ouvert mon coeur sans contraint devant Toi, ont fait fondre en un miraculeux instant tout ce qui restait d'obstacles pouvant me séparer de Toi !

Peu de jours auparavant. j'avais su, j'avais entendu : "Si tu pleures sans contrainte et sans fard devant Moi, bien des choses changeront, une grande victoire sera gagnée." Et c'est pourquoi lorsque les larmes sont montées de mon coeur vers mes yeux, je suis venue m'asseoir devant Toi pour les laisser couler en offrande, pieusement. Et que l'offrande fut douce et récomfortante !

Et maintenant encore que je ne pleure, plus, je Te sens si proche, si proche que tout mon être en frémit de joie !

Laisse-moi balbutier mon hommage :

Dans ma joie d'enfant j'ai crie vers Toi :

"O Toi, le Suprême, l'vnique Confident qui sait d'avance tout ce qu'on Te dira. puisque Tu en es l'auteur.

"O Toi, le Suprême, l'-Unique Ami, qui nous acceptes et nous aimes et nous comprends tels que nous sommes, puisque c'est Toi-meme qui nous fis ainsi,

12th July, 1918

Suddenly, In front of Thee, all my pride fell down. I understood how futile it was in Thy presence to wish to surmount oneself, and I wept ; I wept abundantly and without constraint the sweetest tears of my life...Ah how restful, how calm and sweet they were, those tears that I shed before Thee, without shame, without constraint ! Was it like a childs in the arms of its father ? But what a father was here ! What a sublimity, what a magnificence, what an immensity of comprehension ! What a power and plenitude in the response ! Yes, my tears were like a holy dew. Is it because it was not for my own sorrow that I wept ? Oh how sweet how helpful were those tears—for they opened my heart without constraint before Thee, they melted in one miraculous moment all the obstacles that still were there to keep me from Thee !

Some days before, I had known it ; I had heard : If thou weepest without constraint or disguise before me, much will change, a great victory will be won. It was therefore that when the tears rose from my heart to my eyes, I came and sat before Thee to let them flow as an offering, religiously. And how comforting and sweet was the offering !

And now although I weep no more, I feel Thee so near, so near that my whole being quivers with joy.

Let me falter out my homage :

I have cried in the joy of a child towards Thee :

"O Supreme and only Confidant, who knowest beforehand all we shall say to Thee, because Thou Thyself art its Source !

"O Supreme and only Friend, who acceptest, who lovest, who understandest us just as we are, because it is Thyself who hast so made us !

অশ্রু

সহসা সম্মুখে তব গর্ব্ব মম হ'ল বিলুণ্ঠিত···
বুঝিনু বল্লভ, সেই মাহেন্দ্র লগনে—মোরা হায়,
বিফল প্রযত্ন কত করি—বৃথা আত্মজয় তরে !

নামিল নয়নাসার···নামিল অঝোরে দুর্নিবার
কী মধু ঝর্ঝরে !···বুঝি তেমন মধুর মন্দ্রে কভু
ঝরে নি জীবনে !···
সত্য, কী সান্ত্বন···তৃপ্তি সুধাস্বাদ
আনিল সে বহি'—যবে তারে তব পাদবেদীমূলে
সিঞ্চিনু নিলাজ নির্ঝরিত ধারে !
আপনারে যেন
মনে হ'ল শিশুসম—লভেছে যে পরম আশ্রয়
পিতৃবাহুবন্ধ-নীড়ে ! পিতা ! না না—পিতা হ'তে পিতা
তুমি যে করুণাধিপ ! কী মহিমা...অনন্ত বিভূতি···
সীমাহীন অনুকম্পা !···কী ঐশ্বর্য্য···সাড়া ঢল ঢল
কূলে-কূলে-ভরা-কান্তি !···
সত্য, মনে হ'ল—যেন মোর
আঁখিমুক্তা উষাস্নাত শিশিরের সম সুনিটোল
পুণ্য শুভ্র !—কেন ? বুঝি ঝরে নাই বলি' সে আমার
একান্ত আমারই ব্যথাধারে ! তাই লোর মম তার
কল্যাণ-পরশে নন্দে তনু মন অমৃত ঝঙ্কারে !
হিয়ার আগল যবে খুলিনু অকুণ্ঠে তব পাশে
সেই ইন্দ্রজালী লহমায় গ'লে গেল নেত্রনীরে
যত কিছু অন্তরায় তুলেছিল স্পর্দ্ধিত আড়াল
তোমার আমার মাঝে।

জানিতাম···শুনেছিনু যে গো
কয়দিন আগে : "যদি বৎসে মোর, পারিস্ কাঁদিতে
নির্বাধ সরলোচ্ছ্বাসে আমার সকাশে—অঘটন
ঘটিবে পলকে—মহাজয় এক জিনিবি জীবনে।"

তাই দেব, যবে মোর রুদ্ধাবেগ উঠিল উথলি'
হৃদি হ'তে চক্ষু পানে,—দিনু সেই নৈবেদ্য আমার
ভক্তিপূত কম্প্র করে চরণে তোমার অঞ্জলিয়া···
কী শান্তি-মেদুর গন্ধ অশ্রুঝারি ঝরালো অন্তরে !

কান্তবর্ষ ক্ষণে এবে মনে হয় কত কাছে তুমি !
এত কাছে !···ভাবিতেও শিহরণ জাগে রোমে রোমে !
রসনা কি উচ্চারিতে পারে—যাহা কৃতজ্ঞ উদ্বেল
আনন্দে কহিতে চাই ?
কহি শুধু অর্দ্ধস্ফুট বোলে :
"ওগো সর্ব্বোত্তম, মম মরমের সাথী সুগোপন,
একক সুহৃদ্ ! তুমি পূর্ব্ব হ'তে জানো তো সকলই
হিয়া যা কহিতে চাহে অন্তর্যামী ! ভাষা যে তোমারি
বিনির্ম্মিত ওগো বাণীশ্বর !
"ওগো রাজরাজ, সখা
অদ্বিতীয় ! স্বীকারিলে আমাদের, বাসিলে হে ভালো,
বুঝিলে—রচিত মোরা কোন্ উপাদানে দেহাধারে,
আপনি গ'ড়েছ যে গো সে-আধার হে শিল্পি নিপুণ,
একান্তে বসিয়া সযতনে !

"O Toi, le Suprême, l'Unique Guide, qui ne contredis jamais notre volonté supérieure. puisque c'est Toi-même qui veux en elle ; ce serait folie de chercher ailleurs qu'en Toi à être ecouté compris, aimé, guidé—puisque Tu es toujours là pour le faire et que Tu ne nous failliras jamais.

Tu m'as fait connaître les joies suprêmes, les joies sublimes, de la parfaite confiance, de la pleine sécurité, du total abandon sans réserve ni fard, sans effort ni contrainte.

"Et joyeuse comme une enfant, j'ai souri et pleuré à la fois devant Toi, O mon Bien-Aimé...

Le 22 Juin 1920

Après m'avoir octroyé la joié dépassant touta expression, ô mon Seigneur bien-aimé, Tu m'as envoyé a preuve, la lutte, et je lui ai souri à elle aussi, comme à l'un de Tes précieux messagers. Autrefois je redoutais le conflit, il froissait en moi l'amour de la paix et de l'harmonie, Mais maintenant, ô mon Dieu, je l'accueille avec joie : il est une des formes de Ton action, un des meilleurs moyens pour remettre en lumière les éléments de l'oeuvre qui autrement eussent pu être oubliés ; il apporté avec lui une perception d'ampleur, de complexité et de puissance. Et de même que je T'ai-vu, resplen dissant, susciter le conflit, de même c'est Toi aussi que je vois débrouiller l'enchevêtrement des événements et des tendances contradictoires, et finalement remporter la victoire sur tout ce qui s'essaie à voiler Ta Lumière et Ta Puissance ; car de tout cela, c'est une plus parfaite réalisation de Toi-même qui doit surgir.

"O Supreme and only Guide, who never gainsayest our highest will, because it is Thyself who willest in it !

"It would be folly to seek elsewhere than in Thee for one who will listen, understand, love, guide, since always Thou art there ready when we call and never wilt Thou fail us.

"Thou hast made me know joys supreme the sublime joys of perfect confidence and absolute security, surrender total and without reserve or disguise, free from effort, without constraint.

"Joyful like a child I have smiled and wept at once before Thee, O my well beloved !

22 June 1920

After Thou hadst granted to me the joy which surpasses all expression, Thou hast sent me, O my beloved Lord, the struggle, the ordeal and on this too I have smiled as on one of Thy precious messengers. Before, I dreaded the conflict, for it hurt in me the love of harmony and peace. But now, O my God, I welcome it with gladness : it is one among the forms of Thy action, one of the best means for restoring to light some elements of the work which otherwise might have been forgotten, and it brings with it a sense of amplitude, of complexity, of power. And even as I have seen Thee, resplendent. exciting the conflict, so also it is Thou whom, I see unravelling the entanglement of events and jarring tendencies, and gaining in the end the victory over all that strives to veil Thy light and Thy power : for out of their struggle it is a more perfect realisation of Thyself that must arise.

"হে মহান্ মর জীবনের
একক দিশারী! তুমি অন্তরের ঊর্দ্ধ এষণার
কভু নাহি করো অপমান, প্রেমি! করিবে কেমনে?
আপনি নহ' কি নাথ, সর্ব্ব এষণার উৎস-চির?
মূঢ় মোরা—তাই খুঁজি তোমারে ছাড়িয়া নিত্য হায়,
দরদী বন্ধু শ্রোতা সারথী—বাহিরে, যবে তুমি
সকল অভাব মর পরাণের চাহিছ মিটাতে
নিরন্তর—যবে তোমা পানে বন্ধু, চাহিলে বারেক
তিলেকও না যাও ছাড়ি' এ-পথ, চলায়।

"দেব দেব!
জ্যোতির্ম্ময় মহত্তম আনন্দ-আস্বাদ মোরে তুমি
দিয়েছ অশেষ রসে—পরিপূর বিশ্রব্ধ আশ্বাস,
ভরসা-পাথেয়—আত্মবিস্মরণী স্বত-উৎসারিত
নিষ্প্রয়াস, অকুণ্ঠিত, প্রশ্নহীন পরম শরণ।

হে দয়িত! শিশুসম স্বতঃস্ফূর্ত্ত মহানন্দে আজ
নিরখি তোমারে আমি—দ'য়ে মুখে হাসি···চোখে জল!

দ্বন্দ্ব

দানেশ! মোরে দিলে কী মহানন্দ পারহীন
মহিমা যার পরকাশিতে পারে না ভাষা দীন!
পাঠালে পরে দ্বিধার দোল পরীক্ষা ব্যথায়,
হাসিনু আমি তাহারও পানে চিনিনু যে গো তায়
অগ্রদূত-কান্তি তব—তোমারি অবদান,
বন্দি' তারে নন্দিল অশঙ্কিত পরাণ।

এমন দিন বন্ধু, ছিল—সংগ্রামে যেদিন
ঝরিত মোর প্রেমের ফুল, সুষমা অমলিন.
শান্তিকলি মুদিত দল—আজিকে হৃদয়েশ,
উলসি' অভিনন্দি তারে, নিরখি অনিমেষ—
ছন্দে তার তোমারই রাগরঙ্গ অতুলন!
কত না ছলে করিছ দান বুঝিল আজি মন!

নর্ম্ম-তব কর্ম্ম তব দ্বন্দ্ব-দাহনায়
কেমনে খচি' তুলিলে দেব, বিচিত্র বিভায়!
সৃজন-কারু যত না ছিল গহনে লুকায়ে
অসহতম বেদনভায় সবারে ফুটায়ে
তুলিলে খর আলোকপাতে!—নহিলে হিয়া হায়,
ভুলিত যে গো তোমার দান, নিপুণ মহিমায়।

দ্বন্দ্ব-দাহে চেতনা মম বিকশে অনুদিন
বিম্বি' তব ব্যাপ্তি, বর বিভূতি, সুকঠিন
জটিল লীলা; হেরিনু তোমা দুঃখ দীপিতে
চলার পথে যদি—অমনি শিখালে লখিতে:
কুটিল পাকে ফুলিলে বাধা—বিনাশি' কেমনে
নিকষ-কালো গ্রন্থি তুমি খুলিছ জীবনে!

দেখালে গুণি: রণের শেষে কেমনে কী স্রোতে
বিজয়চল নামাতে হয়—যাহারা বিরোধে
শকতি তব জ্যোতিবিভব ঢাকিতে সদা চায়
কেমনে যানে তাহারা হায়,—তোমার প্রতিভায়
ঘূর্ণ্যমান তন্ত্রী শত অঙ্কি' যতনে
পরম তব স্বরূপ-ভাতি মেলিলে মিলনে।

Le 24 Septembre, 1917

Tu m'as soumise à une dure discipline ; degré après degré, j'ai gravi l'échelle qui méne jusqu' à Toi ; et au sommet de l'ascension, Tu m'as fait goûter les joies parfaites de l'Identification. Puis, obéissant à Ton ordre, degré après degré, je suis redescendue vers les activités et les consciences extérieures, rentrant en contact avec ces mondes que j'avais quittés pour Te découvrir. Et maintenant que je suis redescendue jusqu'en bas de l'échelle, tout est si médiocre, si neutre, en moi et autour de moi, que je ne comprends plus...

Qu'attends-Tu donc de moi ; et à quoi servait cette lente et longue préparation si c'est pour aboutir à un résultat que la majorité des êtres humains atteignent sans avoir été soumis à aucune discipline ?

Comment se peut-il, qu'après avoir vu tout ce que j'ai vu, expérimenté tout ce que j'ai expérimenté, après avoir été menée jusqu'au sanctuaire le plus sacré de Ta Connaissance et de Ta communion, Tu fasses de moi un instrument aussi complètement banal dans des circonstances aussi ordinaires ? Vraiment. Seigneur. Tes fins sont insondables et dépassent mon entendement...

Pourquoi aussi, alors que Tu as déposé dans mon coeur le pur diamant de Ta parfaite Félicité, permets-Tu á la surface de refléter les ombres qui viennent du dehors, et ainsi de laisser insoupconné et il semble, inefficace le trésor de Paix que Tu m'as octroyé ? En vérité tout cela est bien mystérieux et confond ma compréhension...

24th September, 1917

Thou hast subjected me to a hard discipline ; rung after rung, I have climbed the ladder which leads to Thee ; and at the summit of thc ascent, Thou madest me taste the perfect joys of indentity with Thee. Then, obedient to Thy command, rung after rung, I have descended returning to external states of consciousness and re-entered into contact with these worlds that I left to discover Thee. And now that I have come back to the bottom of the ladder, all is so dull, so mediocre, so neutral, in me and around me, that I understand no more...

What is it Thou awaitest from me, and to what use then that slow long preparation, if all is to end in a result to which a majority of human beings attain without being subjected to any discipline ?

How is it, that having seen all that I have seen, experienced all that I have experienced, after I have been led up even to the most sacred sanctuary of Thy knowledge and of communion with Thee, I have been made by Thee so common an instrument in such ordinary circumstances ? In truth, O Lord, Thy ends are unfathomable and they pass my understanding...

Why, when Thou hast placed in my heart the pure diamond of Thy perfect Felicity, allowest Thou its surface to reflect the shadows which come in from outside, and so leave unsuspected and, it would seem ineffective, the treasure of Peace that Thou hast granted me ? Truly all this is a mystery and confounds my understanding...

স্বীকার

সুকঠোর তপস্যায় হে পাবন, শোধিলে আমারে···

ধীর পদক্ষেপে বাহি' তব সোপানের আরোহণী
উত্তরিনু শ্রীচরণে।···
শিখরের তুঙ্গতম চূড়ে
প্রেমের সাযুজ্যে তব আমার মমত্ব হ'ল লয়···

তার পরে ধরি' শিরে অনুজ্ঞা তোমার এনু নামি'
ধীরপদক্ষেপে পুন বাহি' অবতারণী—যেথায়
কোটি কর্ম্ম উতরোল···চেতনা যেথায় বাহ্যমুখী।

আসিনু ফিরিয়া সেই কল্লোলিত বেলাভূমে—যারে
ছাড়ি' বাহিরিয়াছিনু অভিসারে হে প্রচ্ছন্ন প্রিয়,
লইতে তোমারে চিনি'!

শুধু দেব, অধিরোহিণীর
পাদমূলে অবতরি' আজি সবই অতি সাধারণ
নিষ্প্রভ পাণ্ডুর সম ভাতে···যত কিছু চারিধারে
হেরি!···নাহি বুঝি কেন?···

মোর কাছে কোন্ অর্ঘ্য তুমি
চাহো নাথ?   কোন্ সেবা?—বহুবর্ষব্যাপী এ-উদ্যোগে
কেন মোরে নিয়োজিলে—যদি তার পরিণামে হেন
জীবন যাপিব—যাহা নিত্য যাপে লক্ষ নরনারী—
বিনা কোনো তপস্যা সাধনা?···

আজি শুধাই তোমারে:
যত কিছু নিরখিনু···অনুভবি' বরিনু পরাণে···
জ্ঞানের প্রেমের তব পুণ্যতম মিলন-মন্দিরে
হাত ধ'রে ল'য়ে গিয়ে যত কিছু দেখালে দিশারী,—
সে-সবার পরে আজি কেন মোরে দীন দৈনন্দিন
যন্ত্রিকার রূপে বিনির্ম্মিলে?
ওগো যন্ত্রি!   সত্য করি'
কহি আজি:   লীলা তব প্রহেলিকা সম প্রতিভাতে
বুদ্ধি যার দিশা নাহি পায়!

আরো জিজ্ঞাসি তোমারে:
রাখি' সঙ্গোপনে মোর অন্তরের অম্বুধি-অতলে
আনন্দের পদ্মরাগমণি—কেন উদাসীন সম
রহো—যবে তার চূর্ণ ঊর্ম্মিমালা বাহিরের কালো
গ্লানি-ছায়া প্রতিফলে?
হায়, আজি মনে লয় মম:
তোমার শান্তির দিব্য অমূল্য কৌস্তভ-রত্ন মোরে
দিয়া দান—পরে তারে লোকচক্ষু-অন্তরালে রাখি'
করিলে তাহারে মন্ত্রহারা বাণীহীন।
হে অমেয়!
বিচিত্র তোমার লীলা!   সত্য,—চির-রহস্য গুণ্ঠিত···
মন তার নাহি পায় তল!···

Pourquoi, m'ayant donné ce grand silence intérieur, permets-Tu à la langue de tant s'exercer et à la pensée de s'occuper de si futiles choses ? Pourquoi ?...Je pourrais indéfiniment questionner et probablement toujours en vain.

Je n'ai qu'à m'incliner devant Ton décret, et à accepter sans mot dire ma condition.

Je ne suis plus qu'un spectateur regardant le dragon du monde dérouler ses anneaux sans fin.

Le 25 Novembre 1917

O Seigneur, á une heure de cruelle détresse, parce-que dans la sincérité de ma foi j'ai dit : "Que Ta volonté soit faite," Tu es venu revêtu de Ta gloire. A Tes pieds alors je me suis prosternée, puis sur Ton sein j'ai trouvé abri. Tu as rempli mon être de Ta divine clarté et Tu l'as inondé de Ta félicité. Tu m'as réaffirmé Ton alliance et m'as assuré de Ta constante Présence. Tu es l'ami sûr qui ne faillit point, le Pouvoir, le Soutien et le Guide. Tu es la Lumiére qui dissipe les tenèbres et le Conquérant qui assure la victoire. Depuis que Tu es là, tout s'est clarifié ; dans mon coeur affermi, Agni s'est rallumé ; et sa splendeur rayonne embrasant l'atmosphère en la purifiant...

Mon amour pour Toi, si longtemps comprimé, a jailli de nouveau, puissant, irrasistible, souverainement decuplé par l'épreuve subie. Il a trouvé la force dans la réclusion, la force d'émerger à la surface de l'être, de s'imposer en maître à la conscience entière, d'engloutir toute chose en son flot débordant···

Tu m'as dit : "Je reviens pour ne plus te quitter."

Et le front sur le sol j'ai rec u Ta promesse..

Why, when Thou hast given me this great inner silence, sufferest Thou the tongue to be so active, the thought to be occupied with things so futile ? Why···I could go on questioning indefinitely and, to all likelihood, always in vain···

I have but to bow to Thy decree and accept without a word my condition.

I am no more than a spectator who watches the dragon of the world unrolling, its coils without end.

25th November 1917

O Lord, because in an hour of cruel distress I said in the sincerity of my faith : "Let Thy will be done," Thou camest garbed in Thy raiment of glory. At thy feet I prostrated myself, on Thy breast I found my refuge. Thou hast filled my being with Thy divine light and flooded it with Thy bliss. Thou hast reaffirmed Thy alliance and assured me of Thy constant presence. Thou art the sure friend who never fails, the power, the support, the Guide. Thou art the light which scatters darkness, the Conqueror who assures the victory. Since Thou art there, all has become clear. Agni is rekindled in my fortified heart ; and his splendour shines out and sets aglow the atmosphere and purifies it···

My love for Thee, compressed so long, has leaped forth again, powerful, sovereign, irresistible—increased tenfold by the ordeal it has undergone. It has found strength in its seclusion, the strength to emerge to the surface of the being, impose itself as master of the entire consciusness, absorb everything in its overflowing stream···

Thou hast said to me : "I have returned to leave thee no more."

And with my forehead on the soil, I have received Thy promise.

আরো প্রশ্ন জাগে :   কেন
অন্তরে লভিয়া মোর অন্তর্লীন নৈঃশব্দ্য মহান্
রসনা আন্দোলি' তোলো ?—সহো বা কেমনে যবে মোর
চিত্ত উঠে চঞ্চলিয়া রুদ্ধ ব্যর্থ চিন্তার লাঞ্ছনে ?
কেন ?—কেন ?—হায় !   আমি পারি হেন প্রশ্ন অন্তহীন
পুছিতে তোমারে নাহি লভিয়া উত্তর।

যা না হোক্
ব্রত মম প্রশ্নহীন, সর্তহীন···তব প্রত্যাদেশ
পালিব কৃতজ্ঞে নমি'—স্বীকারিব নীরব গ্রহণে
যে-বেষ্টনী মাঝে মোরে এ-জীবনে রাখিবে ভূতলে।···
সূত্রধার !   সাক্ষীসম হেরি আজি লীলাসূত্রে তব
যত অপরূপ ভঙ্গ তরঙ্গিছে অপাঙ্গ লহরে !

অবিস্মরণীয়

নাথ হে মম !   নিঠুরতম বেদন-লগনে
কহিনু যবে নির্ভরের সরল স্তবনে :
"ইচ্ছা তব পূর্ণ হোক্"—অমনি যাদুকর !
মহিমময় কী জ্যোতিবেশে উদিলে মনোহর !
লুটিয়া তব চরণে আমি যাচিনু বরাভয়
বক্ষে টানি' বন্ধু, দিলে সুচির-আশ্রয়।

সত্তা মম স্বরগোপম কিরণে কৃপাময়,
প্লাবিল, সে-আনন্দে ব্যথা মানিল পরাজয় !
সখ্যলিপি স্বাক্ষরিলে অঙ্গীকারে হে,
ঝরালে তব সঙ্গসুধা অঝোর ধারে যে !
দয়িত তুমি হে ধ্রুবসাথী, দিশারী !   পাথারে
ভাতিছে আলো-স্তম্ভ সম দলিয়া আঁধারে !

নহে সে-আলো ছায়া-করাল, দুরিত দূরে সে
নির্ঘোষিয়া জয়ের বাণী পরাণপুরে হে !
যেদিন হ'তে উরিলে—হ'ল নিখিল নিরমল,
জ্বলিল হৃদে প্রেমের পূত অগ্নি অচপল,
অর্চি তার উদ্ভাসিয়া ছাইল গগনে
পুণ্য হ'ল ম্লানিমা মোহ ধন্য শরণে !

কত না দিন···মরমে প্রেম বন্দী ছিল যে
আচম্বিতে আজি সে পুন নন্দি' মিলনে
উচ্ছলিল উন্মুখরা—দুঃখ-দাহনে
নিযুতগুণ শকতি লভি' নির্ঝর স্বননে
অন্তরালে মৌন অবরুদ্ধ বেগ তার
রচিতেছিলে চেতন-ঢেউয়ে স্ফুরিতে দুর্ব্বার !

ছত্রপতি হ'ল হৃদয়-রাজ্যে তব প্রেম
বন্যাধারে ভাসায়ে গ্লানি—অশিব করি' ক্ষেম,
কহিলে তুমি :   "এসেছি ফিরি' আজিকে আরবার
রহিতে তোর সঙ্গে—ছাড়ি' যাব না কভু আর।"
নমিয়া শির পৃথ্বী'পরে কহিনু :   "রাজরাজ !
ভরসা তব বোধনে নব ধরিনু মাথে আজ।"

Le 7 Mars 1915

C'est l'exil hors de tous les bonheurs spirituels, et, de toutes les épreuves, Seigneur, c'est certes la plus douloureuse que Tu puisses imposer. Surtout le retrait de la Volonté qui semble être un signe de si totale désapprobation. Forte est l'impression croissante du rejet ; it faut toute l'ardeur d'une foi inlassable pour que la douleur n'envahisse pas irrémédiablement la conscience extérieure ainsi abandonnée à elle-même···

Mais elle ne veut pas désesperer, elle ne veut pas croire au malheur irréparable ; elle attend avec humilité, dans l'effort et la lutte obscurs et cachés, que la souffle de Ta joie parfaite la pénètre à nouveau. Et, pent-être, chacune de ses modestes et secretes victoires est elle une aide véritable apportée à la terre.

S'il était possible de sortir définitivement de cette conscience extérieure, de se réfugier dans la conscience divine...Mais cela Tu l'as interdit. et Tu l'interdit constament : pas de fuite hors du monde ; le fardeau d'ombre et de laideur doit être porté jusqu'au bout, même si l'aide divine semble s'être retirée ; au sein de la nuit it faut rester et marcher, même sans boussole, sans phare, sans guide intérieurs...

Je ne veux même pas implorer Ta miséricorde, car ce que Tu veux pour moi, je le veux aussi ; et toute mon énergie se tend uniquement pour avancer, avancer toujours, un pas après l'autre, malgré la profondeur

7th March 1915

It is a banishment from every spiritual happiness, and of all ordeals that thou can impose O Lord, this surely is the most painful. But most of all the withdrawal of thy Will which seems to be the sign of so total a disapprobation. Strong is the growing sense of rejection, and it needs all the ardour of an untiring faith to save the external consciousness thus abandoned to itself from invasion by an irremediable sorrow.

But it refuses to despair, it will not believe in an irreparable misfortune ; it waits with humility in an obscure secret effort and struggle for the breath of thy perfect joy to penetrate it anew. And perhaps each of its modest and hidden victories is a true help brought to the earth···

If it were possible to go definitely out of this external conscio . ness, to take refuge in the divine consciousness !...But that Thou has forbidden and still and always Thou forbidst it. No flight out of this world !—The burden of its darkness and ugliness must be borne to the end and even if all divine help seems to be withdrawn, I must remain in the heart of the might, and I must walk through it without a compass, without a beacon-light, without an internal guide.

I will not even implore Thy mercy ; for what Thou willest for me, I too will. A my energy is strained solely to advance step after step, in spite he depth of the

আত্মদান

বঞ্চিত হে বন্ধু, করো যখন মোরে তব গো
গহন সুখ অমৃত বৈভবে,
যবে পরীক্ষাও আসে না আর হায়,—
তখনই তব তীব্রতম বিরহে পরাভব গো
মিলন মানে—ইচ্ছা তব যবে
তার চিহ্ন মুছি' সংসারে মিলায়।

সে-দিন এই যাত্রাপথে তোমার বিমুখতা গো
ঘনায় যে নীরন্ধ্র অমা সম,
বুকে দুর্নিরোধ নিরাশা উঠে ফুলে
কূলপ্লাবী বন্যাধারে···কে কহে কানে সদা গো :
ঠেলিলে পায় অর্ঘ্য তুমি মম,—
শ্বসে সে-ব্যথা-ঢেউ আছাড়ি' প্রাণকূলে।

সে-খনে···যবে বহির্মুখী চেতনা মুরছায় গো
কর্ণহারা তরণীসম ঝড়ে
দেয় অকূলে গূঢ় বিশ্বাসে বিদায়—
জ্বালিয়ো জ্যোতি ক্লান্তিহারা নির্ভর-বিভায় গো
বিভাসে যার—বিষাদ ক্ষণতরে
আর ঘেরিতে নারে হৃদয় নিরাশায়।

নিরাশা ?—না না—চেতনা মোর তারে তো নাহি চায় গো,
দুর্যোগেও মানিতে সে না জানে—
যার তুফান হ'তে তারণ নাহি আর,
প্রতীক্ষে সে প্রণমি'—ছায়া-বন্দ দুরাশায় গো
যেদিন তব পূর্ণ অবদানে
তুমি মরমে পশি' ঝঙ্কবে আবার।

হয়ত···হেথা একেলা রণে জিনি পরাণপণে গো
অলখ যত অখ্যাত বিজয়—
শুধু আমারই তরে তাদের লভি মা···
প্রতি বিজয় হয়ত তনে নিতি-নূতন স্বনে গো
ধরায় নিতি-নূতন বরাভয়,
তাই তুহিনে যেন তামসই জপি মা।

বহির্মুখী চেতনা হ'তে যদি বা চাহে মন গো
শান্তিময় বিরাম বিজনে,
পরা প্রজ্ঞাছায় বিরচি' চিরনীড়,—
অমনি তুমি সে-পথ-বাঁক আগুলি' অনুখণ গো
নিষেধ করো ছাড়িতে ভুবনে—
চল জনতা মাঝে শিখাও—হ'তে ধীর।

কহিলে তুমি : বহিতে হবে গ্লানি আলোকহারী গো
হোক্ না গুরুভার···দীরঘ দিন···
মোর এমনও যদি কখনও মনে হয় :
দেবতা শুভ সহায় তাঁর নিলেন অপসারি' গো—
নিশার বুকে দিশারী-, তারা-হীন
হ'য়ে চলিব তবু না মানি' পরাজয়।

করুণা ? আমি তারেও আর প্রার্থিব না আজি গো,
আমার তরে যাহাই তুমি চাও—
চাই আমিও তা-ই জীবনে মরণে,
শকতি যত অগ্রসারী মন্ত্রে নিতি বাজি' গো
উঠুক্ মম—নিষ্ঠা-ব্রত দাও :
যাহে চরণ-পাছে ফেলিয়া চরণে

des ténèbres et les obstacles du chemin ; quoi qu'il arrive, Seigneur, c'est avec un amour fervent et invariable que Ta décision sera accueillie. Et même si Tu as trouvé l'instrument impropre à Te servir, l'instrument ne s'appartient plus, it est Tien··· Tu peux le détruire ou le magnifier ; mais lui n'existe pas en lui-même et ne veut et ne peut rien sans Toi...

darkness, in spite of the obstacles of the way ; whatever may come O Lord, Thy decision will be welcomed with a fervent and unvarying love. And even if thou findest the instrument unfit to serve Thee, the instrument belongs to itself no more, it is Thine...Thou canst destroy or magnify it ; it exists not in itself, it wills nothing, it can nothing without Thee.

Le 7 Avril 1917

Une grande concentration s'est emparée de moi et je me suis aperc,ue que je m'identifiais avec une fleur de cerisier ; puis à travers cette fleur avec toutes les fleurs de cerisier ; puis descendant plus profondément dans la conscience, en suivant un courant de force bleutée, je devins tout à coup le cerisier lui-même, dressant vers le ciel, comme autant de bras, ses innembrables branches chargées de leur offrande fleurie. J'entendis alors distinctement la phrase suivante :

"Ainsi tu t'es unie à l'âme des cerisiers et tu as pu de la sorte constater que c'est le Divin qui fait au ciel l'offrande de cette prière des fleurs."

Lorsque je l'eus écrit, tout s'éflac,a ; mais maintenant le sang du cerisier coule dans mes veines, et avec lui une paix et une force incomparables ; quelle différence y-a-t-il entre le corps humain et le corps d'un arbre ? Aucune vraiment, et la conscience qui les anime est bien identiquement la méme.

Puis le cerisier m'a glissé à l'oreille : "C'est dans la fleur de cerisier qu'est le remdé des maladies de printemps"

7th April, 1917

A deep concentration seized me, and I percived that I was identifying myself first with a single cherry-blossom, then through it with all the cherry-blossoms, and as I descended deeper into the consciousness, following a stream of bluish force, I became suddenly the cherry-tree itself, stretching towards the sky like so many arms its innumerable branches laden with their floral offering. And I heard distinctly this sentence :

"Thus hast thou united thyself to the soul of the cherry-trees and canst take note that it is the Divine who makes the offering of this flower-prayer to heaven."

When I had written it, all was effaced ; but now the blood of the cherry-tree flows in my veins and with it there flows an incomparable peace and force. What difference is there between the human body and the body of a tree ? In truth, there is none : the consciousness which animates them is identically the same.

Then the cherry-tree whispered in my ear : "It is in the cherry-blossom that lies the remedy for the disorders of the spring."

চলিতে পারি বুঝি' অশিব বাধা-বাহিনী সাথে গো
যাহারা রুখে সরণী—দাও বল
গাঢ় তিমিরে মরু-পাথার তরিতে ;
যাহাই দিবে জীবনে—তব বিধান বলি' মাথে গো
ধরিব—স্বত-উৎসারী অটল,
প্রেমে শিখিব সবে সাদরে বরিতে।

যদি···হে প্রিয়, এ-দেহাধার যোগ্য নাহি হয় গো
সেবিতে তোমা সঁপিয়া আপনায়—
জেনো আমার আর নহে তো সে-আধার,
তোমারই সে যে—ফুটাতে চাহো ফুটায়ো, নহে লয় গো
করিয়ো তার—সে কিছু নাহি চায় :
তার শকতি কোথা—যে নহে আপনার ?

ঐক্য

নিবিড় খেয়ানে যেন মোর মনে হ'ল হেন :
ফুলে করবীর
আমার চেতনাখানি এক হ'ল আত্মদানি'
মিলনে নিবিড় ;
পলকে তাহার পর ফুল হ'তে ফুলে ভর
করিয়া মিলিনু
লক্ষ ফুল সনে তার··· পরে আরও চেতনার
গহনে নামিনু !

পরে···আচম্বিতে···কার নীলাভ প্রেরণা-ধার
প্রেমে অনুসরি—'
করবী-বিটপী-রূপে রূপান্তরিনু চুপে
আপনা পাসরি' ;
কোটি শাখা—হ'ল মনে— বিস্ফারিয়া সে-লগনে
উঠিল পরাণে
বাহু হ'য়ে কুসুমিয়া, তাহাদের বিথারিয়া
দিনু ব্যোমপানে।

শ্রুতিপথে অনন্তর মন্দ্রিল গভীর স্বর
প্রদীপ্ত প্রস্বনে :

"করবী-মরম সাথে হেন ফুলশয্যা রাতে
দেখিলি মিলনে—
আপনি ত্রিভুবনেশ অনম্বরে অনিমেষ
মেলিছেন তাঁর
প্রশ্ন-প্রার্থন-আঁখি গন্ধিত আরতি-রাখী
পরি' বসুধার।"

লিখিতে লিখিতে···সেই নভোবাণী—কই! নেই
কোথাও সে আর !
শুধু ধমনীতে মম করবীর নিরুপম
বহে রক্তধার !
সে-তরঙ্গে উথলিল শান্তি শক্তি অনাবিল
অতুল বৈভবে,—
পুছিল দেহের অণু : "দেহীর তরুর তনু
এক কি গো তবে ?"

এক···এক···বিশ্বরাগে একই চেতনায় জাগে
সবে নিরবধি,
করবী মর্মরি' কহে : "মোর দলতলে রহে
অশোক ঔষধি।"

Le 31 Mars 1917

Chaque fois qu'un coeur tressaille à Ton souffle divin un peu plus de beauté semble née sur la terre, l'air s'embaume d'un doux parfum, tout devient plus amical.

Quelle puissance est la Tienne, O Seigneur de tout être, qu'un atome de Ta joie suffise à effacer tant d'ombres et de douleurs, qu'un rayon de Ta glorie puisse ainsi éclairer le caillou le plus terne, la conscience la plus noire !

Tu m'as comblée de Tes faveurs, Tu m'as dévoilé bien des secrets, Tu m'as fait goûter bien des joies inattendues inespérées, mais aucune de Tes grâces ne peut égaler celle que Tu m'octroies quand un coeur tressaille à Ton souffle divin......

A ces heures bénies la terre tout entiére chante un hymne d'allégresse, l'herbe frissone de plaisir, l'air vibre de lumière, les arbres dressent vers le ciel leur prière plus ardente, le chant des oiseaux devient un cantique, les vagues de la mer se gonflent d'amour, le sourire des enfants raconte l'infini, les âmes des hommes apparaissent dans leurs yeux.

Dis-moi : m'accorderas-Tu le pouvoir merveilleux de faire naître cette aurore dans les cœurs attentifs, d'éveiller les consciences à Ta sublime Présence, dans ce monde si triste et si démantelé de susciter un peu de Ton vrai paradis ? Quels bonheurs, quelles richesses, Quelles puissances terrestres peuv.

31st March 1917

Each time a heart leaps to the touch of thy divine breath, a little more beauty seems to be born upon the earth, the air is embalmed with a sweet perfume, all becomes more friendly.

How great is thy power, O Lord of all existences, that an atom of thy joy is sufficient to efface so many darknesses and a single ray of thy glory can light up thus the dullest pebble, illumine the darkest consciousness !

Thou hast heaped thy favours upon me ; thou hast unveiled to me many secrets, thou hast made me taste many unexpected and unhoped-for joys, but no grace of thine can be equal to this thou accordest to me when a heart leaps at the touch of thy divine breath.

At these blessed hours all earth sings a hymn of gladness, the grasses shudder with pleasure, the air is vibrant with light, the trees lift towards heaven their most ardent prayer, the chant of the birds becomes a canticle, the waves of the sea billow with love, the smile of children tells of the infinite and the souls of men appear in their eyes.

Tell me : wilt thou grant me the marvellous power to give birth to this dawn in expectant hearts, to awaken the consciousness of men to thy sublime presence and in this bare and sorrowful world to awaken a little of thy true paradise ? What happiness, what riches,

যখনই অন্তর কারো

প্রতিবার···যখনই অন্তর কারো উঠে মর্মরিয়া
দিব্য পরিমল তব নিঃশ্বাস-বীজনে—
সেই ক্ষণে বসুন্ধরা কালো
নবতন সৌন্দর্য্যের আগমনী গাহে···সুরভিয়া
স্নিগ্ধতর হয় গন্ধবহ···জনে জনে
আসে কাছে···বাসে আরো ভালো।

আশীষ-মঞ্জুল এই লয়ে গাহে নিখিল ভুবন
প্রসন্ন স্তবন···তৃণ শিহর-দোদুল···
কাঁপে বায়ু আলো টলমল···
ক্রমদল উৎসারিত স্বরগ্রামে ঊর্দ্ধে নিবেদন
করিছে প্রার্থনা···যত বিহঙ্গ আকুল
কূজনিছে স্তবন-উচ্ছল !

কী ঐশ্বর্য্য তব অখিলেশ !—যার আনন্দ-নন্দন
সমুজ্জ্বলে একটি পরাগ-কণিকায়
যুগ-যুগান্তের তমিস্রারে,—
মুছি' পুঞ্জ ব্যথা—যার মহিমার একটি কিরণ
উদ্ভাসে বিবর্ণতম পাষাণ—জাগায়
জড়তম মর চেতনারে।

ঊর্ম্মিল নীলাম্বু-ভঙ্গ উচ্ছ্বসিয়া উঠে দুলে দুলে···
পারে না সে বুঝি আর বাঁধিয়া রাখিতে
উদ্বেলিত প্রেমরাশি তার !···
শিশু-কলহাস্যে ঝুরে অসীমার বাণী···দুলে দুলে
নরনারী নয়ন তারায় উথলিতে
চাহে রাগ—অতল আত্মার !

অজস্র প্রসাদবর হে বরদ, দিয়েছ আমারে···
কত গূঢ় রহস্য-গুণ্ঠন উন্মোচিয়া
মুঞ্জি' আশা-স্বপ্নাতীত দোলে···
শুধু, হেন কৃপা তব নাই—পারি উপমিতে যারে
সে-রোমাঞ্চ সাথে যাহে ঝঙ্কে কারো হিয়া
তব দিব্য নিঃশ্বাস-হিল্লোলে।

কহো দাতা ! দিবে না কি মোরে সেই আশ্চর্য্য শকতি
আনে যেই তব ঊষা—প্রতীক্ষারমান
লক্ষ জ্বলি-দিবলয় বাটে ?—
মানব-চেতনা জাগে যে-অরুণোদয়ে জ্যোতির্ব্রতী
তব মহীয়ান্ রশ্মিরাগে···এই ম্লান
শ্রান্ত ধরণীর খেয়াঘাটে

ent égaler ce don souverain ?

O Seigneur, jamais en vain je ne T'ai imploré, car c'est Toi-même en moi qui parles à Toi-même...

Goutte à goutte Tu laisses tomber en une pluie fécondante la flamme vivante et rédemptrice de Ton amour tout puissant. Lorsque ces gouttes de lumière éternelle tombent doucement sur notre monde d'obscure ignorance, on dirait qu'une à une pleuvent sur la terre les étoiles dorées du sombre firmament...

Et tout s'agenouille en muette dévotion devant ce miracle toujours renouvelé.

what terestrial powers can equal this wonderful gift ?

O Lord, never have I implored thee in vain, for that which speaks to thee is thyself in me.

Drop by drop thou lettest fall in a fertilising rain the living and redeeming flame of thy almighty love. When these drops of eternal light fall softly on our world of obscure ignorance, one would say a rain upon earth of golden stars from sombre heavens...

And all kneels in mute devotion before this ever-renewed miracle.

Le 30 Mars 1917

Il y a une royauté souveraine à ne point s'occuper de soi. Avoir des besoins, c'est affirmer sa faiblesse ; réclamer quelque chose prouve que l'on manque de cette chose. Désirer, c'est être impuissant, c'est reconnaître ses limites, avouer son incapacité à les surmonter.

Sans autre point de vue que celui d'une légitime fierté, l'homme, par noblesse, devrait renoncer à tout désir. Quelle humiliation de demander quelque chose pour soi-même à la Vie et à la Conscience Suprême qui l'anime ! Quelle humiliation pour nous, quelle offensante ignorance pour Elle. Car tout est à notre portée et seules les limites égoïstes de notre être nous empêchent de jouïr de tout l'univers aussi complètement et concrètement que de notre propre corps et de son entourage immédiat.

30th March 1917

There is a sovereign royalty in taking no thought for oneself. To have need is to assert a weakness ; to claim something proves the lack of what we claim. To desire is to be impotent : it is to recognise limitations and confess an incapacity to overcome them. If only from the point of view of a legitimate pride, man should be noble enough to renounce desire. How humiliating to ask something for oneself from life or from the Supreme Consciousness which animates it ! How humiliating for us, how offensively ignorant towards Her !

For all is within our reach ; only the egoistic limits of our being prevent us from enjoying the whole universe as completely and concretely as we possess our own body and its immediate surrondings.

সোনার তরণী তব আনিবে না বাহি' কি তোমার
স্বর্গের পসরা শুভ্র—করুণা-বিলাসে ?
আছে কোন্ নর দিগ্বিজয়,
সুখ, শান্তি, ধন, কান্তি, উষ্কাবুরি বিক্রম-বাহার—
পাণ্ডুর না হয় যাহা ও-সম্পদ পাশে
রাজকীয়—শাশ্বত-সঞ্চয় ?

কল্পতরু ! ডাকিনি তোমারে কভু বৃথা এ-জীবনে !
আপনি যে বসি' তুমি মরম-গহনে
কহো কথা আপনার সাথে !

বিন্দু বিন্দু ক্ষরে তুমি ক্ষেমঙ্করী ধারা বরিষণে
ঝরালে তোমার প্রেম জীবন্ত পাবনে
সর্ব্বজয়া বিভূতি-সম্পাতে।

চিরন্তনী সে-জ্যোতির বিন্দুগুলি যবে শব্দহারা
ছন্দে ঝরে নিঃস্পন্দনী ছায়া-ধরা'পর—
মনে হয় : যেন কৃষ্ণ নভ
ঝরায় বসুধাবুকে একে একে স্বর্ণময়ী তারা
জানু পাতি' মৌন প্রেমে নমে চরাচর
সনাতন ইন্দ্রজাল তব···নিত্য পুনর্ণব !

ভোগের ভঙ্গী

নিজেরে শুধু কেন্দ্র করি' চলিবে প্রদখিণ
কি অনুদিন ?
ছত্রপতি-ছত্র শিরে তার—না রহে যে
আপনা-লীন।
চাহিলে কিছু সঘন স্বনে—বুঝি না কেন—তার
অভাব-ভার
মর্ম্মতলে যতনে বহি ? কামনা ?—সহে সে
নিয়ত যার

সীমাঙ্কিত স্বখাত-নীরে পূর্ণ মনোরথ,
চলার পথ
বাধাঙ্কিত হ'লে না চাহে তরিতে—মানি' লয়
যে ক্লীববৎ।
গরব যার সত্যভাতি অন্তরে উছল—
বাসনা-দল
উন্মূলি' সে-বীর্য্য-ব্রতী হেলায় জিনি' জয়
রহে অটল।

লজ্জা নাই ? কেমনে হিয়া আপন-তরে চায়
বরদ-পায়
কাঙাল সম বন্ধ্যা বর—না চাহি' মহীয়ান্
সে-দেবতায় ?
অগৌরবে পড়ে না মাথা নুয়ে কি ধূলিদীন
হেন মলিন
চাওয়াতে করি' চিন্ময়ী চেতনার অপমান
আঁখি-বিহীন ?

কেবল বাহু মেলিলে মিলে সবই যে জীবনে—
আনমনে
পাসরি' প্রাণ—অন্ধ—শুধু অভিমানেরই চায়
এ-বাঁধনে !
মোদের বারে বন্ধনই তো ভুঞ্জিতে ভুবন,
দেহে যেমন
পূর্ণভোগে বিলসে দেহী—ইন্দ্রিয় মেলায়
যেমন এ-মন।

1st February, 1914

I turn towards Thee who art everywhere and within all and outside all, intimate essence of all and remote from all, centre of condensation for all energies, creator of conscious individualities ; I turn towards Thee and salute Thee, O Liberator of the worlds, and identified with Thy divine love I contemplate the earth and its creatures, this mass of substance put into form perpetually destroyed and renewed, this swarming mass of aggregates which are dissolved as soon as constituted, of beings who imagine that they are conscient and permanent individualities and who are as ephemeral as a breath, always alike, or almost the same in their diversity, repeating indefinitely the same desires, the same tendencies, the same appetites, the same ignorant errors.

But from time to time Thy sublime light shines in a being and radiates through him over the world, and then a little wisdom, a little knowledge, a little disinterested faith, heroism and compassion penetrates men's hearts, transforms their minds and sets free a few elements from that sorrowful and implacable wheel of existence to which their blind ignorance subjects them.

But how much greater a splendour than all that have gone before, how marvellous a glory and light would be needed to draw these beings out of the horrible aberration in which they are plunged by the life of cities and so-called civilisations ! What a formidable and, at the same time, divinely sweet puissance would be needed to turn aside all these wills from the bitter struggle for their selfish, mean, foolish satisfactions, to snatch them from this vortex which hides death behind its treacherous glitter, and turn them towards Thy conquering harmony !

O Lord, Eternal Master, enlighten us, guide our steps, show us the way towards the realisation of Thy law, towards the accomplishment of Thy work,

I adore Thee in silence and listen to Thee in a religious concentration.

দিব্যদৃষ্টি

তোমার আশ্রয় মাগি-লো বিশ্বব্যাপিনী
বিশ্বহিয়া-অধিষ্ঠাত্রী—ওগো বিশ্বাতীতা,
বিশ্বরস-উৎসা !—যেই রহো বিশ্ব ঘেরি' !
যত শক্তি স্ফুরে ভবে—কেন্দ্রে তুমি রাজি'
গলায়ে সবারে মাগো, প্রবাহো ভূতলে ;
সচেতন সত্তা যত সৃজিলে তুমিই ;
তোমার আশ্রয়কামী—প্রণমি তোমারে
ত্রিভুবন মুক্তি-দাত্রী ! তব দিব্য প্রেমে
মিলন-সারূপ্য লভি' আজি মনে হয় :

মর্ত্ত্যভূমি, জৈবলীলা, বস্তু-পুঞ্জ যত
ধরে রূপ—নিরন্তর লভিতে বিলয়
পরক্ষণে, কল্লোলিনী জনতা ফাটিয়া
বুদ্বুদের সম হয় মুহূর্ত্তে বিলীন ;
কল্পনা-কুহকে জীব গণে আপনারে
চেতনা-ভাস্বর—চিরস্বাতন্ত্র্য-গরবী !—
আমি হেরি তারে—মলয়-মর্ম্মর সম
ক্ষণজীবী, ঢালা এক ছাঁচে, শুধু হায়,
বাহিরে বিচিত্র তারা—অন্তরে সকলে
সাজহীন বেশে গায় ফিরি' ফিরি' সেই
একই বাসনার গাথা—একই প্রবণতা
একই ক্ষুধা—একই অন্ধ বিভ্রান্তি-বিলাস !

শুধু রহি' রহি' মাগো, তব অভ্রংলিহ
আভা যবে জ্বলে কোনো মহৎ আধারে—
ধরা হয় স্নিগ্ধ বিম্বি' প্রতিভাস তব
সে-মুকুরে ; সেই ক্ষণে জনমে হেথায়
প্রজ্ঞার কণিকা, জ্ঞান-বারতা বরদ,
শ্রদ্ধা আত্মভোলা, অনুকম্পা, বীর্য্যবিভা
হয় হৃদে ওতপ্রোত : ; রূপান্তরিত

হয় বুদ্ধি, চিন্তা তাহে ; যাতনা-জর্জ্জর
অলক্ষ্য জীবনচক্রে রহে সবে বাঁধা
অজ্ঞানের নাগপাশে—তাহ'তে তাহারা
লভে মুক্তি ক্ষণতরে সে-আলো-সম্পাতে।

কিন্তু মা, মহিমা তব এই বসুধায়
উঠেছে বিভাতি' যত প্রতিভা-প্রদীপে—
তা সবার হ'তে কত ঊর্দ্ধতর জ্যোতি
বিস্ময়-গরিমা ভরে পিয়াসী ধরণী—
উদ্ধারিবে যেই দীপ্তি নরে নাগরিক
ভ্রষ্টলক্ষ্য সভ্যতার অন্ধকূপ হ'তে !
কী-বিপুল বিভূতির আজি প্রয়োজন
মন্দাকিনী-মধুসিক্ত—আহ্বানে যাহার
কামনা-উন্মত্ত নিষ্করুণ আত্মরত
ক্রূর কাড়াকাড়ি ছাড়ি' লক্ষ্য প্রাণগতি
চাহিবে ফিরিয়া তব পানে !—যেই বাণী
মুগ্ধ জীবে ছিনি' ল'য়ে মৃত্যুগর্ভ এই
মায়া-ঝিকিমিকি-ভরা ঘূর্ণ্যাবর্ত্ত হ'তে
ফিরাবে তোমার স্নিগ্ধ সুষমা-মণ্ডিতা
সর্ব্বজয়া মূর্ত্তি পানে !

শাশ্বত ঈশ্বরি !
দাও দিশা ; প্রতিপদে করো নিয়ন্ত্রিত ;
শিখাও—তোমার দিব্য বিধান কেমনে
জীবনে শুনিতে হবে ; দেখাও সে-পথ—
যে-পথে তোমার সৃষ্টি পূর্ণতম সুরে
ঝঙ্কারিবে নর্ম্মে কর্ম্মে।

নীরবে তোমারে
পূজি আমি তোরে মাগো নিথর ধেয়ানে !

Le 24 Janvier 1914

O Toi, unique réalité de notre être, Toi, sublime Maître d'amour, rédempteur de la vie, laisse-moi n'avoir plus conscience que de Toi seul, à chaque instant et en toute chose. Quand je ne vis plus uniquement de ta vie, j'agonise, je m'éteins lentement car Tu es ma seule raison d'être, mon seul but, mon seul soutien. Je suis comme l'oiseau timide, qui n'est pas sûr encore de ses ailes et hésite à s'envoler, laisse-moi prendre mon essor pour m'identifier définitivement à Toi.

24th January, 1914

O Thou who art the sole reality of our being, O sublime Master of love, Redeemer of life, let me have no longer any other consciousness than of Thee at every instant and in each being. When I do not live solely with Thy life, I agonise, I sink slowly towards extinction ; for Thou art my only reason for existence, my one goal, my single support. I am like a timid bird not yet sure of its wings and hesitating to take its flight ; let me soar to reach definitive identity with Thee.

শরণাগতি

মম পরাণে একেশ্বর
সত্যভাতি !—
মহা- মহিম প্রেমে
এসো হৃদয়-ছত্রপতি !
দুরিত-রাতি
ঝলি' স্বর্ণ ক্ষেমে ।
যেন প্রতি-খণে প্রতি কাজে
চেতনা মম
তব স্পন্দে শুধু
রহে ঝঙ্কৃত—রহি যবে
রণোত্তম !—
তোমা বিহনে—ধূ ধূ
মরু- জর্জ্জর শ্লথ ম্লান
মরণে নিভি,
একা তুমিই প্রিয় !—
মোর জীবন-সার্থকতা,
ভাতিছ দীপি'
দিশা অদ্বিতীয় !
কোথা সহায় তোমার সম
বিধুর চিতে ?—
ভীরু পাখীটি আমি :
নারি আজিও পর্ণে মম
নির্ভরিতে,
তাই কুণ্ঠি স্বামি !—
তব স্মরণে সঞ্চরিতে,
যাচি অকূলে :
যেন উধাও মনে
সঁপি' নিঃশেষে আপনারে
চরণ-মূলে,
লয় লভি মিলনে ।

শুদ্ধিপত্র

পৃষ্ঠা	স্তম্ভ	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৪	১	১৪	গন্ধ বহে	গন্ধবহে
৪	১	১৬	পরাণ-মোহে	ছন্দমোহে
৮	২	৪	অাঁখিতারা	নয়ন-তারা
৮	২	১১	ছাঁয়া	ছায়া
৯	২	১৫	চিরঞ্জীবী	চিরঞ্জীবী
১১	২	১	এমন	এ-মন
১২	২	৮	নদীর	কূলের
১৫	২	৮	সব	না সবে
১৫	২	১০	তাল	তান
১৬	১	২	সঁপিব	স্বপিব
১৭	১	৭	সৈকতা	সৈকত
২৪	১	২৪	তাহার	তার
২৫	১	১৩	অমর তার	অমর তার,
৩১	২	১	বুঝিবার	বুঝ্‌বার
৩২	১	৩	মায়া	মায়ায়
৩২	১	১৬	শিখিতে	শিখ্‌তে
৩৪	১	১২	চন্দ্রিমার	চন্দ্রমার
৩৪	২	২	রইছি টিঁকে	চাই মিতালি
৩৪	২	৭	সাবধান হে তাই	সাবধান তাই
৪২	১	৮	of pure	of the pure
৪৪	১	১০	wondrous,	wondrous yet,
৪৪	১	১২	grow less	decrease
৪৪	২	২০	পার্থিব	মৃন্ময়
৪৪	২	২১	আসি	আজি
৪৭	২	৩	দীর্ঘছন্দা	দীর্ঘচ্ছন্দা
৪৭		১৮	তুলি আজ	ভুলি আজ
৪৮	২	১৩	পক্ষ-তালে	পঙ্ক-তালে
৪৮	২	২৩	জালল	জ্বালল
৫৩	১	১০	ere the mind is	the mind ere it is
৫৩	২	৫	কার গো আভাষ	কার সে-আভাষ
৫৩	২	১১	পরভাগে	পুরোভাগে
৫৫	২	১	শক্তিরূপিনী	শক্তিরূপিণী
৬১	২	১৭	লোথের	লোকের
৬৫	১	১১	আকাশ	অম্বর
৬৬	২	১০	আকুতি	আকৃতি (সর্ব্বত্রই ভ্রমক্রমে আকুতি ছাপা হ'য়েছে—দ্রষ্টব্য)
৬৭	১	৪	Locked in	Locked in the
৬৭	২	১০	জ্যোতিষ্মান্ ··প্রতিফলি	জ্যোতিষ্মান্···প্রতিফলি'
৬৮	২	৪	রাতি	রতি
৭১	২	৪	তারাঙ্কুত	তারাঙ্কিত
৭৪	২	১৮	কিঙ্কিনী কম্পনে	কিঙ্কিণী-কম্পনে
৮৯	২	৬	ফুলদল	ফুলদল-
১০৬	১	৩	ময়ুখ	ময়ূখ
১২৩	২	১৩	চাহে	বাহে
১২৩	২	২০	ক'বে	ক'ব
১৩০	১	১৮	বিস্তুতে মা চাই	প্রসারিতে চাই
১৩১	১	১৮	দীপ্তে মা তোর	উচ্ছলে তোর
১৩৩	২	১৫	মুখের	মুখর
১৩৪	২	১ ও ৩	আজি···কালি	আজ ··কাল
১৪১	২	৩	রোহি রাগে	আরোহিয়া

পৃষ্ঠা	স্তম্ভ	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৪৩	১	৭	নির্বাধা	নির্বাধ
১৪৮	২	১০	ধরণীর	বসুধার
১৬০	১	৩	আর্দ্রমূলে	আর্দ্রিমূলে
১৬৪	১	৫	যেন মদ	ফেন মদ
১৬৪	২	১২	অতল	অতলে
১৬৫	১	১৯	ঘোর	মোর
১৬৬	১	২	ভাতে না তো তার	ভাতে না তাহার
১৬৮	১	২	কহিতে	করিতে
১৭০	২	১৫	সুকণ্ঠ চাহি	কণ্ঠ চাহি
১৭০	২	২৪	বিশাল	বিশ্বাস
১৭৩	২	৬	অপেক্ষিয়া	অপেখিয়া
১৭৪	১	৯	hand	band
১৭৫	১	১৭	ঘোর টুট্‌ল	ঘোর ছুট্‌ল
১৭৫	১	১৮	বাঁধ ছুট্‌'ল	বাঁধ টুট্‌ল
১৭৬	১	৭	দূরভিসারিণী	দুরভিসারিণী
১৮০	১	১১	উৎপেক্ষিয়া	উৎক্ষেপিয়া
১৮২	২	৮	স্বপ্ন-'আশা-ভঙ্গ	স্বপ্ন-আশা-ভঙ্গ
১৯৩	১	৫	seigneur	Seigneur
১৯৩	১	১	এর ভার	এর ভাব
১৯৮	২	৫	ভারি	তরি
২১৯	১	৮	নিরন্ধ্র	নীরন্ধ্র
২২৫	১	১৬	সিংহশৌর্য্যে	সিংহশৌর্য্য
২২৮	১	২১	ভ্রান্তি-সর	ভ্রান্তি-সরসী
২৩২	২	১৬	কুশ	দণ্ড
২৩৪	১	১৩	নম্র	ভগ্ন
২৩৫	১	৭	হৃদ্‌পুরে	হৃৎপুরে
243		8	of the contraay	on the contrary
259		26	but	that
279		Last line	claims	who claims
293		6	instrument	instrument of
299		10	wehere	where
317		10	spirituality of concreteness	concreteness of spirituality
321		22	love	lore
৩৬০		১	নেশাই	পেশাই
৩৬৭		১১	চিন্‌চিনে	ঝিন্‌ঝিনে
৩৬৮		১	architec-tures	architectonics
৩৭৫		৩	চিঠি	বিধি
৩৭৫		১৮	অজিত	অচিন
৩৭৫		২১	পেলবতা।	পেলবতা ?
৩৮৯		২২	রেম্পন্সের	রেম্পান্সের
৩৯৫		১৩	বৈশ্লিষ্ট উচ্চারণ কাল	বিশ্লিষ্ট উচ্চ[illegible] কাল

— দ্বিজেন্দ্রলাল রায় প্রণীত —

১। দুর্গাদাস—(মিনার্ভায় অভিনীত) … … … ১॥০
২। তারাবাই—(মিনার্ভা, ক্লাসিক ও ইউনিকে অভিনীত) … … ১৲
৩। নুরজাহান—(মিনার্ভায় অভিনীত) … … … ১৲
৪। মেবার পতন—(মিনার্ভা ও ষ্টারে অভিনীত) … … ১৲
৫। সাজাহান—(মিনার্ভা, ষ্টার, মনোমোহন ও নাট্যমন্দিরে অভিনীত) … ১৲
৬। বিরহ—(নাটিকা) (ষ্টারে অভিনীত) … … … ॥০
৭। প্রায়শ্চিত্ত—(প্রহসন) (ক্লাসিকে অভিনীত) … … ॥০
৮। পাষাণী—(গীতি নাটিকা) নাট্যমন্দিরে অভিনীত) … … ।০
৯। সোরাব-রুস্তম—(নাট্য রঙ্গ) (মিনার্ভায় অভিনীত) … … [illegible]
১০। সীতা—(নাট্যকাব্য (নাট্যমন্দিরে ও মনোমোহনে অভিনীত) … … ১৲
১১। মন্দ্র ও ত্রিবেণী—(কবিতা) … … … ২৲
১২। আলেখ্য—(কবিতা) … … … ১৲
১৩। আষাঢ়ে—(হাস্য কবিতা) … … … ॥০
১৪। হাসির গান— … … … … ১৲
১৫। চন্দ্রগুপ্ত—(মিনার্ভা, মনোমোহন, ষ্টার ও নাট্যমন্দিরে অভিনীত) … ১৲
১৬। পুনর্জ্জন্ম—(প্রহসন) ঐ ঐ অভিনীত) … ।০
১৭। পরপারে— ষ্টারে অভিনীত … … … ১॥০
১৮। ভীষ্ম—(নাটক) … … … … ১॥০
১৯। ত্র্যহস্পর্শ—(প্রহসন) … … … … ।৵০
২০। কালিদাস ও ভবভূতি—(সমালোচনা) … … … ১৲
২১। গান— … … … … … … ২৲
২২। সিংহল বিজয়—(মিনার্ভায় অভিনীত) … … … ১॥০
২৩। বঙ্গনারী—(মিনার্ভায় অভিনীত) … … … ১৲
২৪। রাণাপ্রতাপ—(ষ্টার ও মিনার্ভায় অভিনীত) … … … ১॥০

দ্বিজেন্দ্র-গীতি স্বরলিপি—প্রথম খণ্ড ১॥০ দ্বিতীয় খণ্ড ১॥০

গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স—২০৩।১।১, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা